नवविधानम् ।

নব বিধানম্ ।

Samanvaya Series

BY PANDIT GOUR GOVIND RAY UPADHYAYA

गीता-समन्वयभाष्यम्	५)
श्रीमद्गीताप्रपूर्त्तिः	३॥०
वेदान्तसमन्वयः (यन्त्रस्थ)	५)
नवसंहिता	॥०
नवविधानम्	/०
नवयोगसूत्रम्	।०
विश्वासविवृतिः	।०
भाष्यसङ्गमनो १म खण्डम्	१\

Publishers, 3 Romanath Mzoomdar's Street &
86-2, Harrison Road, Calcutta.

मङ्गलगञ्जमिशनप्रेसे मुद्रिता

१८२५ शाके ।

नवविधानमतसारः।

१। ईश्वरस्त्वेकः।

२। शास्त्रञ्चैकम्।

३। मण्डली चैका।

४। आत्मा पुनरमरः, नित्यकालोन्नतिभाक्, गणनादानसाध्यो नानाविधानां कर्त्तव्यानां निर्व्वाहस्य, पुण्यस्य पापस्य च हेतोरिह परत्र च दण्डपुरस्कारविचारभाक्, अधिकारी पुनर्विज्ञानविवेकयोगेन लब्धायां नैसर्गिक्यां विशेषायां साधारण्याञ्च प्रेरणायामालोकार्पकब्रह्मविज्ञाने च, रचितो नियतं सर्व्वेषां परित्राणकारणेन भगवत्प्रेम्णा तत्-साधारणविशेषविधातृत्वेन च, इहैव च स्वर्गभाक् तस्मिन् जीवन-धारणेन।

५। ऋषिभिः साधुभिश्च योगः।

६। भगवतः पितृत्वं मातृत्वञ्च, मानवमानवीनां भ्रातृत्वं भगिनीत्वञ्च।

७। स्वीकरणं पुभरीकाधारतायाः प्राचीनज्ञानानां नवीनविज्ञानानाञ्च, समञ्जसत्वस्य च सर्व्वेष्वृषिषु साधुषु च, एकत्वस्य च निखिलशास्त्रेषु, क्रमयोगतायाश्च विधानेषु, परिहार्य्यत्वस्य च भेदसाधनानां, महिम्नश्च शान्तेश्चैकतायाः, समञ्जसतायाश्च ज्ञानविश्वासयोर्योगभक्त्योर्वैराग्यकृत्यो-श्चाह्लादावश्ययोः।

८। राजभक्तिः।

नवविधानलक्ष्यम् ।

१ । समञ्जसं धर्म्ममतं विधातुं सर्व्वं विवादास्पदमत्र संसृतौ ।

२ । प्राच्यं प्रतीच्यन्त्वविभक्तमेकं समाजमीशस्य च सार्व्वभौमिकम् ॥ १ ॥

३ । एकत्वमुद्दिष्टुमनेकधस्य विधानजातस्य च प्राक्तनस्य ।

४ । नवीनप्राचीनमहर्षिसङ्घान्वयञ्च सन्यायनिबद्धयोगम् ॥ २ ॥

५ । सत्यान्यवश्यं विविधश्रुतानां नित्ये श्रुते पर्य्यवसातुमत्र ।

६ । समूलमुत्पाट्य च जातिभेदं भ्रातृत्वमावस्तुमपेतसीमम् ॥ ३ ॥

७ । महात्मचित्तप्रभवानुभावाः प्रोत्खियतां सम्प्रति लब्धवन्तः ।

क्रियासु लिङ्गेषु च यासु येषु यथायथञ्चार्पयितुं तदर्थम् ॥ ४ ॥

८ । निर्म्मातुमालम्ब्य तुलानयञ्च सद्धर्मविज्ञानमथैकमत्र ।

९ । इहैशसत्ता स्थापयितुञ्च दिष्टं यत् स्वर्गराज्यं हि पुरोपनेतुम् ॥ ५ ॥

१० । धर्म्मोर्म्मनं ध्वंसयितुं प्रकामं सजीवनं भावमवोऽवकाश्य ।

११ । व्याख्यानतोऽन्वेतुमथैकवादमद्वैतवादं बहुवादमत्र ॥ ६ ॥

१२ । रहस्यमुद्घाटयितुं त्रिमूर्त्तेस्तथैकतां दर्शयितुञ्च तत्र ।

१३ । प्राचीनविश्वासनवीनविज्ञानयोर्विधातुं मिलनं समग्रम् ॥ ७ ॥

१४ । देवेरणाया अपि दर्शनस्य

१५ । वैराग्यभावस्य च सभ्यतायाः ।

१६ । ऐशासधर्म्मस्य च भारतार्य्यधर्म्मस्य शुद्धस्य समञ्जसत्वम् ॥ ८ ॥

१७ । प्राच्यञ्च प्रत्यञ्चमिरीपमासियां चित्ते समुन्वेतुमनूननूने ।

१८ । प्रोद्घाटितं द्वारमथावरचितुं तत् प्रेरणायाः परदेवतायाः ॥ ९ ॥

१९। सुदृढूपरि स्थापयितुं हि नूवमूलस्य योगिरथयोर्मतानि ।
प्रेष्यान्वयर्थ्यन्वयमावतारणास्तव्रजाभान्तिसुनिष्क्रयाणाम् ॥ १० ॥

२०। बाह्याङ्गतेभ्यो हृदयं नराणामाकष्टुं मन्तःकरणोद्भवेभ्यः ।

२१। निन्द्यं ह्यधःकर्त्तुमथ प्रकामं विज्ञानजातैरनिसर्गवादम् ॥ ११ ॥

२२। ईशासमन्येषु महाजनेषु पूर्व्वोत्तरेष्वेषु यथैकपूरुषम् ।
पुनश्च प्रोद्घोषयितुं परस्य विराजमानं निखिलेषु नित्यम् ॥ १२ ॥

२३। सक्रेटिसं मोषसमञ्च बुद्धं मोहम्मदं गौरतनुञ्च सम्यक् ।
गूढात्मदृष्टे रतिप्रवनीतेर्निर्व्वाणमार्गस्य च तत्त्वतोऽत्र ।
एकत्ववादस्य च प्रेमभक्तेर्द्रष्टारमामानयितुं यथार्हम् ॥ १३ ॥

२४। नरश्च नारीश्च विनेतुमेभ्यो दिव्यं प्रदातुं मधुरं गृहञ्च ।

२५। घनप्रदेशाम्बरनित्यकृत्ये धर्म्मं समानेतुमिह क्षितौ च ॥ १४ ॥

२६। समानगुह्यत्वमहो विधातुं देवालयेनालयकोषयोश्च ।

२७। निरासितुं सर्व्वविधञ्च पापं समेधितुं प्रार्थिबलेन पुण्यम् ॥ १५ ॥

२८। मताद्विशुद्धिं वचनाच्च तत्त्वं भावं चिरं प्रार्द्दयितं तथाचरात् ।
धातुः प्रसादादवनौ नवोऽयमुदेति शुभ्रोऽङ्ग विधानचन्द्रमाः ॥ १६ ॥

आदर्शचरित्रम्।

१। नारीमात्रे ब्रह्मकन्यात्वेनाहं * प्रीतिं वहामि सम्मानञ्च, न जातु तामुद्दिश्यासतीं चिन्तां प्रवृत्तिञ्चाभिनन्दामि।

२। शत्रुष्वहं प्रीतिं वहामि मर्षयामि च तान्, न जातु तैरुद्विग्नोऽपि क्रुद्धोऽस्मि।

३। परेषां भूतिष्वहं हृष्यामि, न जातु तेभ्य ईर्ष्यामि, न वा तान् द्वेष्मि।

४। विनम्रो विनीतोऽस्मि। गर्व्वो वा ऽहमिका वा स्पर्द्धा वा धन-जनजन्मकर्म्मविद्यासामर्थ्यादिषु नावकाशं लभते मम हृदये।

५। विरागी ; नाहं श्वस्तनार्थोद्विग्नोऽस्मि। नान्विष्यामि न च स्पृशामि पार्थिवधनम्। यदेव विधातुरागच्छति तदेव केवलं स्वीकरोमि।

६। मद्रक्षणे न्यस्तानहं यथाशक्ति परिचरामि, पत्नीं प्रजाश्च प्रयते विनेतुमुपास्तौ धर्म्मे च।

७। न्यायानुगतोऽस्मि, यच्छामि च प्राप्यमन्यस्मै। मूल्यञ्च द्रव्याणां भृतिञ्च भृत्यानां समयमनतिक्रम्य ददामि।

८। सत्यं वदामि, नान्यत् सत्यं विना। सर्व्वविधमनृतं मे जुगुप्सितम्।

९। दरिद्रान् प्रति दयावानहम्। व्याकुलोऽहं दुःखमोचनाय। यथाशक्ति यथानियमं यच्छामि धनं दानसङ्कल्पे।

---

* नारी चेत् साधनरता सा पुनः—नरमात्रे ब्रह्मतनयत्वेन तमुद्दिश्येति च पाठपरिवर्त्तनं कुर्य्यात्।

१०। नाहमात्मपरः; परेषु प्रीतिं दधामि, समग्रमानवजातिमङ्गल-वर्द्धनाय च श्रमं स्वीकरोमि।

११। लग्नं मे हृदयमीश्वरे तदीयविषये च। नाहं संसारमग्नमना अस्मि।

१२। एकस्मिन्नीश्वरे विश्वसिमि, सर्व्वतोऽपि नानाचार्च्चनां नाभिनन्दामि।

१३। विश्वसिम्यहं मानवमात्रस्य भ्रातृत्वे, अतो नाभिनन्दामि वर्णभेदम्।

१४। सर्व्वसम्प्रदाय-सर्व्वशास्त्रगतानि सत्यान्यहमाद्रिये परिगृह्णामि च। अतीतोऽहं साम्प्रदायिकत्वप्रपञ्चात्। न पुनर्विश्वसिमि यत् सत्यञ्च पुण्यञ्च मण्डलीविशेषस्यानन्यगामि।

१५। यांश्च यांश्च विधीनाश्रित्य यांश्च यांश्च साधुमहाजनानाविर्भूय काले काले सर्व्वान्तरात्मा स्वाभिप्रायानभिव्यानक्, तेषु तेषु चाहं विश्वसिमि।

१६। विज्ञानमीश्वरस्याभिप्रायानभिव्यनक्तीति विश्वसिम्यतो हि यत् किञ्च तद्विरुद्धं जुगुप्सितं तन्मे।

१७। ज्ञानञ्च कर्म्म च भक्तिश्च योगश्च वैराग्यञ्च यस्मिन् नवे विधावैकता-माप्य सामञ्जस्यं भजन्ते नियतं तद्धर्म्मसाधनरतोऽहम्। नाहमेकं तेषु परिगृह्णामि शिष्टं परिहृत्य।

१८। दृढविश्वस्तोऽहमीशाःप्रमुखेषु महाजनेषु। तेन च विश्वासेन स्वहृदयोत्थमनुरागं सम्भ्रमञ्च तेषु बिभर्म्मि।

१९। धर्म्मविज्ञानस्य—निखिलमतसामञ्जस्यस्य साम्राज्यं स्वस्मिन्निखिलेषु च स्थापयितुं नियतं प्रयत्नवानस्मि।

२०। अद्यावमहं ममेश्वरमभीप्सव तस्य वाणीं तस्मिन्नहमतिमात्रमान-न्दितोऽस्मि।

কেশবচন্দ্র কোথায় * ?

১

আজ কেশবচন্দ্রের জন্মদিন। জন্মদিনে আজ এই জিজ্ঞাসা উত্থিত হইতেছে, কেশবচন্দ্র কোথায়? সকলের এ কথা মনে রাখা উচিত, আমরা পূর্ব্বদেশবাসী, আসিয়াস্থ লোক, পশ্চিম-দেশবাসী নহি। আসিয়াস্থ লোকদিগের ভাব পর্য্যালোচনা করিলে দেখিতে পাই, তাঁহারা বাহিরের বিষয়ে সন্তুষ্ট নহেন, তাঁহারা সকল বিষয়ে মূলে গিয়া উপস্থিত হইতে চান। বাহির ছাড়িয়া মূলে গিয়া উপস্থিত হওয়ার যত্নের এই ফল হইয়াছে যে, অদ্বৈতবাদে অবতারবাদে এদেশ ডুবিয়াছে। কেশবচন্দ্র কোথায়? এ জিজ্ঞাসা উত্থাপন করিলে সহজে লোকের মনে এই ভাব আসিতে পারে, আমরা কেশবচন্দ্রকে অবতার করিয়া তুলিতে অগ্রসর।

এ দেশে অনেক মহাজন জন্মিয়াছেন, তাঁহাদিগের প্রতি লোকের সম্ভ্রম ও সম্মাননার এতদূর বাড়াবাড়ি হইয়াছে যে, তাঁহারা যে মানুষ, তাঁহাদেরও যে রক্ত মাংসের সহিত সম্বন্ধ আছে, তাহারা তাহা ভুলিয়া গিয়াছে। এমন কি, যে সম্ভ্রম ও সম্মাননা ঈশ্বরের প্রাপ্য, ঈশ্বরের সিংহাসন স্পর্শ করিবার যোগ্য, তাহা তাঁহাদিগকে অর্পণ করা হইয়াছে। পতঞ্জল ঈশ্বর স্বীকার করিয়াছেন। তাঁহার মতে ঈশ্বর গুরু। অনাদি কাল হইতে যিনি

* কেশবচন্দ্রের জন্মদিনে উপাধ্যায়-প্রদত্ত বক্তৃতার সার। ১৮১৩ শক।

জীবকে ধর্ম্মোপদেশ দান করিয়া আসিতেছেন, তিনিই ঈশ্বর। পতঞ্জলের এ মতের ফল এই হইয়াছে যে, এ দেশে যিনি যাঁহার গুরু, তিনি তাঁহার ঈশ্বর। এইরূপে গুরুবাদ এ দেশে অতি প্রাচীনকাল হইতে প্রচলিত। নবীন শিক্ষার প্রাদুর্ভাবে কয়েক দিন গুরুবাদের প্রাবল্য মন্দীভূত হইয়া আসিয়াছিল, আবার দেখিতেছি, পুনরায় উহার প্রচার আরম্ভ হইয়াছে, পুনরায় গুরুবাদ লইয়া আন্দোলন উপস্থিত। চারিদিকে যেরূপ লক্ষণ দেখা যাইতেছে, তাহাতে মনে হইতেছে, আবার ভারতবর্ষ গুরুবাদের অধীন হইয়া পড়িতে চলিল। হিন্দুধর্ম্মের তো কথাই নাই, ব্রাহ্মধর্ম্ম পর্য্যন্ত গুরুবাদের আশ্রয় গ্রহণ করিতে অগ্রসর। সূক্ষ্মরূপে আলোচনা করিয়া দেখিলে দেখিতে পাওয়া যায়, খ্রীষ্টধর্ম্মে অন্যান্য ধর্ম্মে পর্য্যন্ত এই গুরুবাদের প্রাবল্য।

যে গুরুবাদ এ দেশ হইতে অন্তর্হিতপ্রায় হইয়াছিল, তাহার পুনরভ্যুদয় হইল কেন? যাঁহারা পূর্ব্বে হিন্দুধর্ম্মে অনাস্থাবান্ হইয়াছিলেন তাঁহারা আবার মৃত হিন্দুধর্ম্মে নবীন ভাব মিশাইয়া হিন্দু হইতে যাইতেছেন কেন? ব্রাহ্মধর্ম্মের প্রভাবে খ্রীষ্টধর্ম্ম নির্জ্জীব হইয়া পড়িয়াছিল, আবার খ্রীষ্টধর্ম্ম জাগিয়া উঠিতেছে কেন? ব্রাহ্মদের দল হইতে পর্য্যন্ত গিয়া লোকে খ্রীষ্টধর্ম্ম আলিঙ্গন করিতেছে কেন? এমন কি রোমাণ কাথলিক পর্য্যন্ত হইতেছে। এ সমস্তের জন্য কে দায়ী? আমি বলি যদি কাহারও উপরে এ বিষয়ে দোষারোপ করা উচিত হয়, তবে কেশবচন্দ্রের উপরে। কেন? তাঁহার উপরে দোষারোপ করা উচিত কেন? তিনি নবধর্ম্ম স্থাপন করিতে গিয়া যখন যে ধর্ম্মের বিষয় বলিয়াছেন, তাহার চূড়ান্ত সীমা পর্য্যন্ত গিয়া উপস্থিত

হইয়াছেন। য়িহুদীধর্ম্ম, খ্রীষ্টধর্ম্ম, মুসলমানধর্ম্ম, হিন্দুধর্ম্ম, বৌদ্ধ-ধর্ম্ম, এ সকল ধর্ম্মের যিটি যখন তিনি লক্ষ্যস্থলে আনিতেন তাহার সম্বন্ধে এত কথা বলিয়াছেন যে, লোকে কখন তাঁহাকে খ্রীষ্টান, কখন হিন্দু, কখন মুসলমান বলিয়া স্থির করিয়াছে। তিনি গুরু-বাদের প্রতিবাদ করিয়াছেন সত্য, কিন্তু গুরুবাদের মূল সংশোধন করিতে গিয়া তিনি এমন একটি সূক্ষ্মমত উদ্ভাবন করিয়াছেন যে, তাহাতে অধ্যাত্মনয়নহীন লোকেরা পুনরায় গুরুবাদ তাঁহারই কথা হইতে প্রতিপন্ন করিবে। আমি এখন যখনই প্রকাশ্যে কিছু বলি, সাক্ষাৎসম্বন্ধে কেশবচন্দ্রের কথা বলিয়া থাকি। ইহাতে কি লোকের মনে এরূপ সংস্কার জন্মান স্বাভাবিক নয় যে, এদেশীয়-গণের দুর্ব্বলতার অধীন হইয়া আমি কেশবচন্দ্রকে গুরুপদে স্থাপন করিতে যত্ন করিতেছি, গুরুবাদের প্রতিবাদ না করিয়া আমি গুরুবাদকে দৃঢ়মূল করিতেছি।

এদেশে গুরুর মহিমা বাড়াইবার জন্য মিথ্যা কাহিনী রচনা করা লোকে ধর্ম্মসঙ্গত মনে করিয়া থাকে। আর একদিন আমার একজন বন্ধু একজন মুসলমান সাধকের বর্ণিত কাহিনী আমায় বলিলেন, তাহাতে আমি বুঝিলাম, মিথ্যা আশ্রয় করিয়া গুরুর মহিমা বাড়ান এদেশের লোকের কেমন প্রবল প্রবৃত্তি। এই মুসলমান সাধক আমার বন্ধুকে বলিলেন, 'তাত (চাচা), আমার গুরুর মহিমার কথা কি বলিব ? একদিন আমি তাঁহার পদসেবা করিতেছিলাম, দেখি তাঁহার পৃষ্ঠ হইতে দর দর ধারে রক্ত পড়িতেছে। জিজ্ঞাসা করিলাম, গুরো, এ কি ? তিনি উত্তর দিলেন, আমার অনুরাগী অমুক শিষ্যের নৌকা বিপন্ন হইয়া পড়িয়াছিল। কি করে, আমায় স্মরণ করিল ; আমি

গিয়া নৌকার তলায় পৃষ্ঠ দিয়া নৌকা রক্ষা করিলাম। নৌকার তলায় একটি পেরেক ছিল, সেই পেরেক পৃষ্ঠে লাগিয়া রক্তপাত হইয়াছে। গুরু এই কথা বলিতেছেন, এমন সময়ে যে ব্যক্তির নৌকা বিপন্ন হইয়াছিল, সে আসিয়া গুরুজীর পদবন্দনা করিল, এবং তাঁহাকে স্মরণ করিয়া কি প্রকারে বিপদ হইতে উদ্ধার পাইয়াছে সকল বৃত্তান্ত বলিল।' আমার বন্ধু সেই সাধককে বলিলেন, 'তাত (চাচা), আপনার গুরুতো যেখানকার সেইখানেই বসিয়াছিলেন, তাঁহার আত্মা গিয়া নৌকা বিপদ হইতে রক্ষা করিল, চিন্ময় আত্মাতে পেরেক লাগিল কিরূপে? আর সেখানে আত্মায় পেরেক লাগিল, এখানে পিঠ ফুটিয়া রক্ত বাহির হইল, এ কি রকম কথা?' তাহাতে মুসলমান সাধক উত্তর দিলেন, 'তাত (চাচা), সাধারণ লোকের গুরুর উপরে শ্রদ্ধা আকর্ষণ করিবার জন্য গল্প রচনায় কোন পাপ নাই। তাহাতে সাধারণ লোকের মন বিশ্বাস করিয়া আমার গুরুর আশ্রয় লইবে, এই উপায়ে আল্লাকেও স্মরণ করিবে।'

যখন দেখিতেছি, হিন্দু মুসলমান সকলের মধ্যে এই দুর্ব্বলতা একান্ত প্রবল, তখন কেশবচন্দ্রসম্বন্ধে কিছু বলিতে গিয়া পাছে বা ঐ দোষে পড়িতে হয়, এজন্য আমি পূর্ব্ব হইতেই সাবধান। লোকদিগকে ঈশ্বরের সন্নিধানে যাইতে কোথায় সাহায্য করিব, তাহা না করিয়া কোন একজন মানুষের পদতলে আনিয়া উপস্থিত করিতে যত্ন করিব, এরূপ দুশ্চেষ্টা যেন আমার কখন না হয়। আমি ভ্রান্ত গুরুবাদের প্রতিবাদকারী, প্রতিপোষক নহি! কেশবচন্দ্রের সহিত আমার আত্মার অতি গূঢ় সম্বন্ধ, ধর্ম্মের অনেক গূঢ় সত্য তাঁহার সহবাসে আমি লাভ করিয়াছি।

এ সকল কথা স্বীকার করিয়াও যাহা বিজ্ঞানবিরোধী, যাহা সত্যের বিরোধী, যে সকল কথা তিনি আপনি বলেন নাই, সে সকল কথা বলিয়া আমি কেশবচন্দ্রের প্রশংসা করিতে প্রস্তুত নহি। অনেক সম্প্রদায়ের লোকেরা তাঁহাদের গুরুকে সর্ব্বব্যাপী বলিয়া বিশ্বাস করেন, আমি কি বলিব, কেশবচন্দ্র সর্ব্বত্র বিদ্যমান আছেন, তিনি ঈশ্বরের ন্যায় সর্ব্বব্যাপী? ঈশা মূষা চৈতন্য প্রভৃতির নাম ধন্য হউক, কিন্তু তাঁহাদের কাহাকেও সর্ব্বব্যাপী বলিব না। খ্রীষ্টবাদীরা ঈশাকে ঈশ্বরের স্থানে অভিষিক্ত করিয়াছেন। চৈতন্যসম্প্রদায়ের লোকেরা চৈতন্যকে সর্ব্বঘটে বিদ্যমান বলিয়া বর্ণনা করিয়া থাকেন। ইঁহারা সর্ব্বঘটে বিদ্যমান আমি এ কথা বলি না। কেশবচন্দ্র সর্ব্বত্র বিদ্যমান আমি এ কথার প্রতিবাদ করি। যদি আমি ইঁহাদিগকে সর্ব্বব্যাপী না বলি, অথচ ইঁহারা মরেন নাই ইহাও বলি, তবে এ সম্বন্ধে গূঢ়তত্ত্ব কি আমার প্রকাশ করিয়া বলা উচিত।

একটি বিষয় সকলের মনে রাখা উচিত। যখন যিনি নব ধর্ম্মস্থাপনের জন্য পৃথিবীতে আগমন করিয়াছেন ও তদুপযোগী বিষয় সকল প্রচার করিয়াছেন, তখন তাঁহার মধ্যে একটি বিশেষ ভাব নিহিত ছিল। ঈশ্বরের অভ্যন্তরে যে ভাব বিদ্যমান, তাহা বিশেষ বিশেষ সময়ে বিশেষ বিশেষ ব্যক্তির মধ্য দিয়া প্রকাশ পায়। ইঁহারা বিধানের পর বিধান লইয়া পৃথিবীতে আইসেন। ঈশ্বরের অনন্তকোটী ভাব। এক সঙ্গে এক সময়ে ঐ সকল ভাব নরনারীগণের নিকট প্রকাশ হইতে পারে না। সে সমুদায় তাহা-দিগের নিকটে প্রকাশ পাইতে অনন্তকালের প্রয়োজন। আজ

পর্য্যন্ত ঈশ্বরের স্বরূপ ও ভাব যতদূর নরনারী জানিয়াছে, তাহা হইতে পৃথিবীতে উন্নতি হইতে উন্নতি প্রবাহিত হইতেছে। এ ক্রমিক উন্নতির কোন দিন অবসান হইবে না। কেশবচন্দ্র কি ভাব লইয়া পৃথিবীতে আসিয়াছিলেন সে কথা বলিবার পূর্ব্বে একবার অন্বেষণ করিয়া দেখা যাউক, তিনি কোথায়?

কেশবচন্দ্র যদি সর্ব্বব্যাপী নন, তবে তিনি কোথায়? কেশবচন্দ্রকে আমরা কোথায় অনুসন্ধান করিব? যেখানে পর্ব্বতশিখরে যোগিগণ ধ্যানস্তিমিতনয়নে যোগারূঢ় হইয়া রহিয়াছেন, নানা তীর্থস্থানে যাঁহারা পরব্রহ্মের সাধনে নিমগ্ন হইয়া রহিয়াছেন, যাঁহারা যোগী নামে খ্যাত হইয়াছেন, তাঁহাদিগের মধ্যে কি কেশবচন্দ্র বিদ্যমান? তাঁহাদিগের মধ্যে কি তবে আমরা তাঁহাকে অনুসন্ধান করিয়া পাইব? আমাদের পূর্ব্বতন যোগী মহর্ষিগণ ব্রহ্মসত্তায় বিলীন হইতেন। ভগবান্ তাঁহাদের ভিতরে যে ভাবে প্রকাশিত হইতেন, সেই ভাবে ইঁহারা বিভোর হইয়া রহিয়াছেন। ইঁহাদিগের মধ্যে শুভ্রশ্মশ্রুধারী সেই পূর্ব্বতন ঋষিগণ বিদ্যমান। এখানে কেশবচন্দ্র কোথায়? তিনি যে যোগী ছিলেন। যাঁহারা যোগধর্ম্ম আশ্রয় করিয়া যোগে প্রবিষ্ট হইয়া রহিয়াছেন, তাঁহাদিগের মধ্যে কি আমাদের যোগীকে দেখিতে পাইব না? কেশবচন্দ্র এখানে নাই। যদি এই যোগীদিগের মধ্যে কেশবচন্দ্রকে দেখিতে না পাইলাম, তবে চলিলাম খ্রীষ্টজগতে। খ্রীষ্টজগতে গিয়া তাঁহাকে অনুসন্ধান করি। খ্রীষ্টের শিষ্যগণ লোকের দুঃখ ক্লেশ মোচন করিবার জন্য প্রান্তরে মরুভূমিতে জীবনক্ষয় করিতেছেন, অকাতরে দেহের শোণিতপাত করিয়া নানা উপায়ে পতিত

জনদিগের উদ্ধার সাধন করিতেছেন। বহু ত্যাগ স্বীকার করিয়া ঘোর অসভ্যজাতিমধ্যে অস্বাস্থ্যকর জলবায়ুর ভিতরে পরের উপকার সাধন করিতেছেন, নিতান্ত বর্ব্বরজাতিদিগের ভিতরে গিয়া তাঁহারা ধর্ম্মপ্রচার করিতেছেন, ধর্ম্মের জন্য অকাতরে প্রাণপর্য্যন্ত বিসর্জ্জন দিতেছেন। এখানে মহর্ষি ঈশা বিদ্যমান। এখানে কেশবচন্দ্র নাই ইঁহাদিগের মধ্যে মহর্ষি ঈশাই বিদ্যমান। তবে এখন বৌদ্ধদিগের মধ্যে তাঁহাকে অন্বেষণ করি। দেখিলাম ধ্যানস্তিমিতলোচনে প্রশান্তচিত্ত শ্রমণগণ ইন্দ্রিয় সংযম করিয়া গৈরিক বসন পরিধান করিয়া নির্ব্বাণপথ অনুসরণ করিতেছেন। জিজ্ঞাসা করিলাম, হে শ্রমণগণ, কেশবচন্দ্র কি এখানে আছেন? তাঁহারা বলিলেন, 'না তাহাকে আমরা চিনি না, তিনিতো আমাদের এ পথের প্রবর্ত্তক নন। আমরা বুদ্ধের অনুগামী; বুদ্ধ আমাদের পথেক প্রবর্ত্তক। আমরা ইন্দ্রিয়সকলকে নিরোধ করিয়া, কামনাসকলকে বিসর্জ্জন দিয়া নির্ব্বাণপথ অবলম্বন করিয়াছি।' চলিলাম বৈষ্ণবসম্প্রদায়-মধ্যে। যেখানে হাস্য ক্রন্দন বিদ্যমান, যেখানে নৃত্য গীত প্রমত্ততা ও হরিনাম, সেখানে গিয়া কেশবের কথা জিজ্ঞাসা করিলাম। তাঁহারা বলিলেন, 'আমরা কেশবচন্দ্রকে জানি না। আমরা ভক্তিপথের পথিক। আমরা নিত্যানন্দের দাস, আমরা জানি চৈতন্যকে।' তৎপরে গেলাম পঞ্জাবদেশে শিখদিগের নিকট। যাঁহারা শিখধর্ম্মাবলম্বী তাঁহারা শিষ্যব্রত পালন করেন, সাধু-দর্শনে প্রীত হন, ভক্ত দেখিলে তাঁহারা ভূমিষ্ঠ হইয়া প্রণাম করেন। তাঁহারা সকলেই উদার ও বিনীত। একজন গৈরিক বসনপরিধায়ী উপস্থিত হইলেই, মহাত্মা আগমন করিয়াছেন বলিয়া

তাঁহারা তাঁহার পদধূলি গ্রহণ করেন, কত উদারভাব প্রদর্শন করেন। সেই নানকসম্প্রদায়ের মধ্যে তাঁহাকে অনুসন্ধান করিলাম। জিজ্ঞাসা করিলাম, হে ভাই শিখগণ, এখানে কি কেশবচন্দ্র আছেন? তাঁহারাও বলিলেন, 'আমরা তাঁহাকে চিনি না, আমরা নানককে চিনি ও জানি।'

যে সমুদায় সম্প্রদায় পৃথিবীতে বিদ্যমান, তাহারা পরস্পরকে পরস্পরের গৃহ হইতে বহিষ্কৃত করিয়া দিয়াছে। এক সম্প্রদায় অন্য সম্প্রদায়কে বহিষ্কৃত করিয়া দিল কেন? তাঁহাদিগের মধ্যে সাম্প্রদায়িক বিদ্বেষ কোথা হইতে আসিল? আমি পূর্ব্বে বলিয়াছি, এক একটি বিশেষ ভাব লইয়া ধর্ম্মপ্রবর্ত্তকগণ পৃথিবীতে আগমন করেন। সেই বিশেষ ভাবে তিনি জনসমাজে বিরাজমান। যে জাতি বা যে সকল লোক সেই সেই ধর্ম্মপ্রবর্ত্তককে গ্রহণ করিলেন, তাঁহারা সেই বিশেষ ভাবে আকৃষ্ট হইয়া রহিলেন; অন্য ভাব তাঁহারা গ্রহণ করিলেন না, ধর্ম্মের অঙ্গ বলিয়া স্বীকার করিলেন না। এক এক সম্প্রদায় এক এক বিশেষ ভাব মধ্যে যখন বদ্ধ আছে, তখন কেশবচন্দ্র এই সকল সম্প্রদায়-মধ্যে কি প্রকারে থাকিবেন। তিনি কোন সম্প্রদায় বিশেষের ভাবের মধ্যে বদ্ধ থাকিতে পারেন না। সে সকল সম্প্রদায়ের নিকটে গিয়া 'কেশবচন্দ্র কি তোমাদিগের মধ্যে?' এ প্রশ্ন উত্থাপন করা বৃথা।

যদি মহর্ষি ঈশাকে অন্বেষণ করিতে হয়, যাও খ্রীষ্টানদিগের ভিতরে গিয়া তাঁহাকে দেখ। শ্রীচৈতন্যকে দেখিতে হইলে বর্ত্তমান বৈষ্ণবদিগের মধ্যে কথঞ্চিৎ পরিমাণে তাঁহাকে দেখিতে পাইবে। বুদ্ধদেবকে দেখিতে হইলে নির্ব্বাণপথাবলম্বী সংযতেন্দ্রিয় শ্রমণ-

দিগের মধ্যে তাঁহাকে বিদ্যমান দেখিবে। শ্রীনানককে দেখিতে হইলে শিখদিগের নিকটে গমন কর। কেশবচন্দ্রকে দেখিতে হইলে কি তবে কোন নির্দ্দিষ্ট সম্প্রদায়ের নিকটে যাইতে হইবে? কেশবচন্দ্রের এমন কোন নির্দ্দিষ্ট সম্প্রদায় নাই যাহার মধ্যে তাঁহাকে দেখিতে পাইবে। হইতে পারে কাহারও কাহারও মধ্যে তাঁহার কোন কোন ভাব আছে, কিন্তু তাহাতে তিনি আছেন কি প্রকারে বলিব? এখন জিজ্ঞাস্য, কেশবচন্দ্রকে কি তবে তাঁহার মণ্ডলীর ভিতর পাওয়া যায়? আমি প্রকাশ্যরূপে ইহা অস্বীকার করিতেছি। কেন অস্বীকার করিতেছি তাহার কারণ পরে বলিব। তুমি কি মনে কর, তাঁহার কোন একটি নির্দ্দিষ্ট সম্প্রদায় আছে? তবে কি তিনি আপনার একটি সম্প্রদায় গঠন করিয়া পৃথিবীর সম্প্রদায়সংখ্যা বাড়াইতে আসিয়াছিলেন? আমাদের মধ্যে তিনি আছেন, এরূপ মত পোষণ করিয়া আমি এখানে আসি নাই। তিনি জন কয়েক লোকের মধ্যে আবদ্ধ আছেন, এ কথা বলিতে আমি কুণ্ঠিত। যেমন বলিলাম, ঈশাকে যদি দেখিতে চাও খ্রীষ্টানগণ মধ্যে তাঁহাকে অন্বেষণ কর; বুদ্ধকে পাইবার জন্য যদি বাসনা থাকে, শ্রমণগণ মধ্যে তাঁহাকে দেখিতে পাইবে; চৈতন্যের সম্প্রদায় মধ্যে গিয়া দেখ, সেখানে ভক্তচূড়ামণি চৈতন্য বিদ্যমান; সেইরূপ কি বলিতেছি, কেশবচন্দ্রের সঙ্গে এমন কতক গুলি লোক জন্মিয়াছেন, যাঁহাদিগের ভিতরে খুঁজিলে তাঁহাকে কথঞ্চিৎ দেখিতে পাওয়া যায়? যদি সেখানে তাঁহাকে না পাওয়া যায়, তবে কেশবচন্দ্র কোথায়? এ প্রশ্নের উত্তর কি এই বুঝিতে হইবে যে, তিনি গিরিকন্দরে, বৃক্ষ লতায়, চন্দ্র সূর্য্যে, গ্রহ নক্ষত্রে, সমস্ত নর নারীতে বিদ্যমান? না, একথা মুখে আনিও না। তিনি

কি ঈশ্বরের ন্যায় সর্ব্বব্যাপী? কখনই নহে। তবে তিনি কোথায়? তিনি কোথায়, একবার তাহা নির্দ্ধারণ করিতে প্রবৃত্ত হওয়া যাউক।

কেশবচন্দ্রের জীবনের মূল মন্ত্র কি? বিয়োগ ও সংযোগ। প্রথমে বিয়োগ তারপর সংযোগ। তাঁহার প্রথম জীবনে বিয়োগ প্রধান ছিল। তিনি হিন্দু বৌদ্ধ খ্রীষ্ট সম্প্রদায় হইতে বিচ্ছিন্ন হইলেন, স্বতন্ত্র হইয়া দাঁড়াইলেন, তাঁহার বিয়োগপ্রধান জীবনে কেবল বিবেক ও বৈরাগ্য প্রকাশ পাইল। বৈরাগ্য সকল প্রকার আসক্তির বন্ধন ছিন্ন করিয়া দিল। তিনি কোন গ্রন্থে কোন সম্প্রদায়ে আপনাকে বদ্ধ করিয়া রাখিতে পারিলেন না। বিবেক তাঁহার নিজের অবস্থার প্রতি অসন্তুষ্ট করিয়া তুলিল, সুতরাং তাঁহার আপনাতে সন্তুষ্ট থাকাও ঘটিল না। বৈরাগ্য ও কঠোর নীতি লইয়া যিনি জীবন আরম্ভ করিলেন, তাঁহার জীবনে বিয়োগ ভিন্ন সংযোগের ব্যাপার কি প্রকারে দেখিতে পাওয়া যাইবে? যদি তিনি সংযোগের পথ প্রথমেই অবলম্বন করিতেন, তাহা হইলে নিশ্চয়ই তিনি কোন এক সম্প্রদায়ে মিশিয়া যাইতেন। তিনি বলিলেন, 'বাইবেল আমি তোমায় ভালবাসি বটে, কিন্তু তোমাতে আমি কখন আবদ্ধ হইয়া থাকিব না।' তিনি বেদান্তকে বলিলেন, 'বেদান্ত, আমি তোমাকে প্রাণের সহিত সম্মান করি, কিন্তু আমি তোমাতে সন্তুষ্ট থাকিব না।' তিনি বলিলেন, 'লোকে কোন একটি সম্প্রদায়ে ভুক্ত হইয়া সেই সম্প্রদায়ের গুণকীর্ত্তন করে, আমি কোন সম্প্রদায়ভুক্ত হইব না, ক্রমান্বয়ে সেই সম্প্রদায়ের গুণ-কীর্ত্তন করা আমার দ্বারা হইবে না।' তিনি দেখিলেন, যৌব-

নের প্রারম্ভে ইন্দ্রিয়প্রাবল্যবশতঃ শত শত যুবা সংসারে মগ্ন হইয়া পড়িয়াছে, সুতরাং তিনি ইন্দ্রিয়সংযমে ব্রতী হইলেন, বিবেক ও বৈরাগ্য আশ্রয় করিয়া সংসারের মায়া কাটাইলেন। এ সময়ে বিবেক ও বৈরাগ্য তাঁহার মূল মন্ত্র ছিল। "বিবেক বৈরাগ্য দুই সহায় সাধনে" ইহাই তাঁহার তৎকালে উপদেশের বিষয় ছিল। বন্ধুবর্গের মধ্যে যাহাতে নীতির সাম্রাজ্য স্থাপিত হয়, তাহারই জন্য তিনি যত্ন করিলেন।

তাঁহার জীবনে বিয়োগের ব্যাপার প্রথমে দৃষ্ট হইল, কিন্তু তাঁহার জীবনে কেবল বিয়োগ ছিল তাহা নহে, তন্মধ্যে সংযোগের বীজ প্রচ্ছন্ন ছিল। তিনি এক অবস্থায় কোন কালে স্থির থাকিতে পারিতেন না। তাঁহার জীবন নিয়ত পরিবর্তনশীল ছিল। তিনি কোথাও আবদ্ধ থাকিবেন না, আসক্তিনিবন্ধন কিছুতে মুগ্ধ হইয়া তাহাকেই সর্ব্বস্ব করিবেন না, এজন্য জীবনের প্রথম ভাগে তাঁহার জীবনে বিবেক ও বৈরাগ্যের অভ্যুদয় হইয়াছিল, এই দুই তাঁহাকে ধর্ম্মপথে অগ্রসর করিতে লাগিল। ক্রমে তাঁহার জীবনে সংযোগের ব্যাপার আসিয়া উপস্থিত হইল। যখন তাঁহার জীবনে সংযোগের ক্রিয়া দেখা দিল, তখনই আদি সমাজের সহিত সংঘর্ষণ ঘটিল। তিনি স্থির না থাকিয়া ক্রমান্বয়ে চলিতে প্রবৃত্ত হইলেন, সামাজিক সংস্কারের ক্রিয়ায় অগ্রসর হইলেন, মহর্ষি ঈশার সহিত তাঁহার জীবনে সাক্ষাৎকার হইল। তিনি "Jesus Christ, Europe and Asia" বিষয়ে বক্তৃতা দিলেন। তিনি খ্রীষ্টদলে মিশিবেন অনেকের মনে আশঙ্কা হইল। খ্রীষ্টান পাদ্রিগণ স্বস্বসম্প্রদায়ভুক্ত করিবার জন্য ব্যস্ত সমস্ত হইয়া পড়িলেন। কেহই কেশবচন্দ্রকে চিনিতে পারেন

নাই। যখন পাদ্রিগণ দেখিলেন, তিনি মহাজনমাত্রের পক্ষপাতী, তখন তাঁহারা বিরক্ত হইলেন, তাঁহার প্রতি আশা ছাড়িয়া দিলেন।

কেশবচন্দ্রের জীবনে ভক্তির সঞ্চার হইল। যখন ভক্তি আসিল, তখন বিয়োগের কঠোর ভাব চলিয়া গেল, কীর্ত্তন আরম্ভ হইল। ব্রীষ্টসমাজে এখন যে কীর্ত্তনের রোল উঠিয়াছে তাহার মূল কে? কেশবচন্দ্র। যাঁহারা সংকীর্ত্তনের ভয়ানক বিরোধী ছিলেন তাঁহাদিগের ভিতর সংকীর্ত্তন প্রবর্ত্তিত হইল দেখিয়া অনেকে বলিতে লাগিলেন, ইহা কেবল বিকৃত মস্তিষ্কের কার্য্য বই আর কিছুই নয়। যখন সংকীর্ত্তন প্রথম প্রবর্ত্তিত হয়, তখন তাঁহার নিজ দলস্থ লোকদিগের নিকট হইতে পর্য্যন্ত প্রতিবাদ হইয়াছিল। যখন তাঁহার মনে সংকী-র্ত্তনের ভাব আসিল, তখন তিনি গোপনে একখানি খোল ক্রয় করাইলেন, একজন বৈষ্ণবকে আনাইয়া সংকীর্ত্তন শুনিলেন। সে সময়ে কলুটোলাস্থ ত্রিতল গৃহে উপাসনা হইত। যখন উপাসনার সময়ে খোল বাজাইবার প্রস্তাব বন্ধুবর্গের নিকটে তিনি উপস্থিত করিলেন, তখন প্রায় সকলেই উহার প্রতিবাদ করিলেন। কেহ কেহ বলিলেন, যদি একান্তই কীর্ত্তন করিতে হয় উপাসনার পরে যেন করা হয়, যাঁহাদিগের থাকিতে হয় থাকিবেন যাঁহাদের ইচ্ছা না হয় চলিয়া যাইবেন। যদিও আমি এই প্রস্তাবের প্রতিবাদ করি নাই এবং সংকীর্ত্তন সময়ে উপস্থিত থাকিতাম, তবু আমার বলিতে লজ্জা হইতেছে যে, আমি বৈষ্ণবসমাজের লোক হইয়াও কীর্ত্তনের সময়ে যখন খোল করতাল বাজিত ও নাচিয়া নাচিয়া কীর্ত্তন হইত, তখন উহা দেখিয়া শুনিয়া আমার

হাসি পাইত। আমাদের পরিবার গোঁড়া বৈষ্ণব পরিবার। এমন কি আমাদের পরিবারের লোকে মৃত্যুর পর শ্রাদ্ধাদি পর্য্যন্ত করিতে কুণ্ঠিত। বৈষ্ণবগণ স্বভাবতঃ কীর্ত্তনপ্রিয়, সেই বৈষ্ণব-সম্প্রদায়ের লোক হইয়াও আমি এতদূর পূর্ব্বসংস্কার-পরিভ্রষ্ট হইয়াছিলাম যে, কীর্ত্তনে হাসি পাইত। এখন আর সে হাসি নাই! এখন হাসির পরিবর্ত্তে দেশ সংকীর্ত্তনময় হইয়া গিয়াছে। খ্রীষ্টসম্প্রদায় পর্য্যন্ত কীর্ত্তনে মাতিয়াছেন। তিনি যে কোন কার্য্য আরম্ভ করিতেন, প্রথমে লোকে তাঁহাকে তৎসম্বন্ধে নিন্দা করিত, পরে যাহারা নিন্দা করিত, তাহারাই আবার সেই সকল কার্য্য নিজেরা করিত।

কেশবচন্দ্রের প্রথম যোগ ঈশার সঙ্গে, দ্বিতীয় যোগ চৈতন্যের সঙ্গে। বিবেক ও বৈরাগ্য প্রথম যোগে সহায়তা করিল; দ্বিতীয় যোগে নূতন ভাব তাঁহাতে সংযুক্ত হইল। তিনি বৈষ্ণবগণের ন্যায় শূন্যপদে পথে পথে কীর্ত্তন করিতে লজ্জিত হইলেন না। কেশবচন্দ্র একভাবে বদ্ধ থাকিবার লোক নহেন, তিনি এত ভক্তিপ্রমত্ততার সময়ে ইংলণ্ডে যাইতে কৃতসংকল্প হইলেন। সেখানে গিয়া উৎসাহ সহকারে প্রভুর কার্য্য নির্ব্বাহ করিলেন। দেশে ফিরিয়া আসিলেন। আসিবার পর কি হইল? কর্ম্মযোগের প্রাবল্য। ইণ্ডিয়ান মিরর প্রথম পাক্ষিক, তৎপর সাপ্তাহিক হয়, এখন একেবারে দৈনিক পত্রিকায় পরিণত হইল। ভারতাশ্রম, ছাত্রনিবাস, ভারতসংস্কার সভা, এবং তৎসংক্রান্ত বিবিধ সংস্কারের কার্য্য প্রবলবেগে প্রবাহিত হইতে লাগিল। কার্য্যের স্রোত এত দূর বাড়িয়া উঠিল যে দিবারজনী কার্য্য ভিন্ন আর কিছুই ছিল না। এখন এ কার্য্যের স্রোত

অবরোধ করে কাহার সাধ্য? কেশবচন্দ্রের মন, এ সময় বিপরীত দিকে ধাবিত হইল। তিনি বৃক্ষতলে বসিয়া যোগারম্ভ করিলেন। প্রথমে চক্ষু মুদিলেন না, চক্ষু খুলিয়াই যোগে প্রবৃত্ত হইলেন। এরূপ যোগে প্রবৃত্ত হইয়া সর্ব্বত্র সকল বস্তুতে তিনি ব্রহ্ম দর্শন করিতে লাগিলেন এবং প্রাচীনকালের ঋষি মহর্ষি-দিগের সহিত তাঁহার যোগ হইল।

এই সময় দুইজন বন্ধুকে তিনি যোগ ও ভক্তির জন্য মনোনীত করিলেন, তৃতীয় ব্যক্তিকে জ্ঞানপথের পথিক করিলেন। ভক্তি ও যোগ সম্বন্ধে তিনি এ সময়ে যে সকল উপদেশ দান করিয়াছেন, তাহাই ব্রহ্মগীতোপনিষৎ নামে প্রসিদ্ধ হইয়াছে। এ সময়ে নির্জ্জন বাস ধ্যান চিন্তা নিতান্ত প্রবল হইয়া উঠিল। ইংলণ্ড হইতে আসিবার পর যেমন কর্ম্মযোগের বাড়াবাড়ি হইয়াছিল, তেমনি এখন ধ্যানযোগের বাড়াবাড়ি উপস্থিত। কলুটোলার ত্রিতল গৃহে কেশবচন্দ্রের বন্ধুগণ চক্ষু মুদ্রিত করিয়া ধ্যানে প্রবৃত্ত। কেহ পাঁচ ঘণ্টা সাত ঘণ্টা চক্ষু মুদ্রিত করিয়া বসিয়াই আছেন। কেশবচন্দ্র তাঁহাদের সহিত চক্ষু মুদ্রিত করিয়া বসিয়া থাকিতেন না। নিশীথসময় তাঁহার যোগের অনুকূল সময় ছিল। কেশবচন্দ্রের বাহিরে কোন বাড়াবাড়ি ছিল না; কিন্তু তাঁহার বন্ধুগণের অল্পেতেই সেকালে বাড়াবাড়ি হইত। এ বাড়াবাড়ির দলস্থ আমিও একজন।

কেশবচন্দ্রে ক্রমান্বয়ে সংযোগের ব্যাপার চলিতে লাগিল। তাঁহার বন্ধুগণের জীবনে সে সংযোগের ব্যাপার চিরকাল চলিবে কি প্রকারে? ভিতর হইতে সংযোগক্রিয়া উপস্থিত না হইলে বাহির হইতে যাহা আইসে তাহা কয়দিন জীবনে স্থান পায়?

সুতরাং ক্রমিক সংযোগব্যাপার বন্ধুগণের সঙ্গে তাঁহার বিচ্ছেদের কারণ হইল। কেশবচন্দ্রের সঙ্গে যিনি সেই ভাবে দৌড়াইতে পারিলেন না, চলিতে চলিতে পথে দাঁড়াইয়া পড়িলেন, তাঁহার সঙ্গে তাঁহার যোগ কাটিয়া গেল। যিনি যেরূপ সম্বন্ধে তাঁহার সহিত সম্বন্ধ হউন না কেন, যখনই যিনি বলিয়াছেন, আর আমি তোমার সহিত দৌড়াইতে পারিব না, তখনই তাঁহার সহিত তাঁহার বিচ্ছেদ ঘটিয়াছে। আমি কাহারও নিন্দা প্রচার করিবার উদ্দেশে এ কথা এখানে উল্লেখ করিতেছি না, কেবল এইটি দেখাইবার জন্য বলিতেছি যে, যিনি হউন না কেন, পথে দাঁড়াইয়া পড়িলে তাঁহার সঙ্গে তাঁহার যোগ কাটিয়া যাইত।

কেশবচন্দ্রে যে সংযোগের ব্যাপার চলিতে আরম্ভ করিল, এ সংযোগের ব্যাপার কোথা হইতে উদ্ভূত? অনন্ত হইতে। অনন্তের সঙ্গে সংযুক্ত হইয়া অনন্ত উন্নতির পথে অগ্রসর হওয়া কেশবচন্দ্রের ধর্ম্ম। কেশবচন্দ্র জীবনে কোন দিন স্থগিতগতি হন নাই, ক্রমান্বয়ে দৌড়িয়াছেন। তিনি কেবল এ পৃথিবীতে দৌড়াইয়াছেন তাহা নহে, তিনি অনন্তকাল দৌড়াইবেন, এই প্রতিজ্ঞাপাশে বদ্ধ। তাঁহার সঙ্গে যোগ কাহাদের? যাঁহারা জীবনে ক্রমান্বয়ে দৌড়াইতেছেন। এ জীবনে তাঁহার বন্ধুগণের সঙ্গে বিচ্ছেদ ঘটিল কেন? তিনি পৃথিবী হইতে যাইবার বেলা এ কথা বলিয়া গেলেন কেন, আমার একটিও লোক রহিল না, কয়েকখানি গ্রন্থমাত্র রহিল? কেহ তাঁহার সঙ্গে দৌড়াইল না এই জন্য। আমি যে ইতঃপূর্ব্বে বলিয়াছি, যাঁহারা তাঁহার বন্ধু বলিয়া পরিগণিত, যে মণ্ডলী তাঁহার নামে পরিচিত, তাহার মধ্যে কেশবচন্দ্রকে দেখিতে পাওয়া যায় না, তাহার কারণ এই

তাঁহার বন্ধুগণের সঙ্গে বিচ্ছেদ ঘটা আর একটা বিচিত্র কি? ধর্ম্মপিতা দেবেন্দ্রনাথের সহিতও এই কারণে বিচ্ছেদ তাঁহার ঘটিয়াছিল। আমি আমাদের ভক্তিভাজন ধর্ম্মপিতার নিন্দা ঘোষিত করিবার জন্য এখানে এ কথার উল্লেখ করিতেছি না, কোথায় কেশবচন্দ্রকে পাওয়া যাইবে, তাহা দেখাইবার জন্যই আমি এ কথার উল্লেখ করিতেছি। অনেকে বোধ হয় অবগত নহেন যে, কলিকাতা ব্রাহ্মসমাজের সহিত কেশবচন্দ্রের বিচ্ছেদের কারণ কি। ইহার কারণ মহর্ষি ঈশা আমি পূর্ব্বে বলিয়াছি। যখন মহর্ষি ঈশার সহিত তাঁহার সংযোগ হইল, তখনই কলিকাতা সমাজের সহিত তাঁহার বিয়োগ হইল। কেশবচন্দ্র যখন কলিকাতা সমাজে ছিলেন, তখন ধর্ম্মপিতা দেবেন্দ্রনাথকে তিনি এরূপভাবে আকর্ষণ করিয়াছিলেন যে, কেশবচন্দ্র যাহা বলিতেন তাহাই হইত, দেবেন্দ্রনাথ তাহাতে কিছু আপত্তি করিতেন না। এই সময়ে কেশবচন্দ্র অসবর্ণ বিবাহাদির সূত্রপাত করেন। মহর্ষি দেবেন্দ্রনাথের প্রাচীন বন্ধুগণ দেখিলেন যে, যুবক কেশবচন্দ্র যাহা বলিতেছেন, মহর্ষি দেবেন্দ্রনাথ তাহারই অনুমোদন করিতেছেন। বন্ধুগণ ভীত হইয়া দেবেন্দ্রনাথকে বলিলেন, "আপনি কি করিতেছেন? এক জন যুবকের কথায় চলিয়া প্রাচীন রীতি নীতি সমস্ত বিনষ্ট করিতেছেন। এরূপ করিলে কি জাতীয় ভাব রক্ষা পাইবে? ক্রমান্বয়ে বিজাতীয় ভাব আসিয়া যে ব্রাহ্মসমাজ মধ্যে প্রবেশ করিতে লাগিল।" দেবেন্দ্রনাথ বন্ধুদিগের এই কথায় ভুলিলেন। তিনি কেশবচন্দ্রের সংযোগের পথে অগ্রসর হইতেছিলেন; প্রাচীন বন্ধুদিগের কথায় কর্ণপাত করিয়া আর পারিলেন না। তিনি বলিলেন

"কেশব, আমি দাঁড়াইলাম, আর তোমার সঙ্গে যাইতে পারিলাম না।" এ কথার ফল কি হইল? তৎসহ বিচ্ছেদ।

যাঁহারা অগ্রসর হইবেন না, তাঁহাদের সহিত তাঁহার সম্বন্ধ নাই। "তোমাদের স্বর্গস্থ পিতা যেমন পূর্ণ তোমরাও তেমনি পূর্ণ হও।" তিনি ঈশার এই বাক্য গ্রহণ করিলেন। এই বাক্য গ্রহণ করিবার ফল এই হইল যে, অনন্ত কেশবচন্দ্রের কেশাকর্ষণ করিলেন, অনন্তের ঘূর্ণাচক্রে তিনি পড়িলেন। তিনি থামিবেন কি প্রকারে? তিনি অনন্তের পথে ছুটিতে লাগিলেন। তিনি বলিলেন, "আমি ক্রমান্বয়ে দৌড়াইব।" এ কথার অর্থ কি জান? এ পৃথিবীতে যাঁহারা ক্রমান্বয়ে দৌড়াইবেন, এক দিনের জন্যও আপনাদের গতি স্থগিত করিবেন না, পৃথিবীতে জ্ঞান বিজ্ঞানাদির উন্নতির সঙ্গে সঙ্গে আপনারাও উন্নত হইতে থাকিবেন, সর্ব্ববিধ উন্নতি আত্মস্থ করিবেন, কেশবচন্দ্র তাঁহাদের মধ্যে বাস করিবেন, কেশবচন্দ্রকে তাঁহাদিগের মধ্যে সকলে দেখিতে পাইবেন। তিনি স্বর্গে আরোহণ করিলেন, পৃথিবীতে যে ক্রমিক উন্নতি হইবে তাহার সঙ্গে তাঁহার সম্বন্ধ কি? সম্বন্ধ আছে বৈ কি। অনন্তস্বরূপের মহিমা ও গৌরব দেখাইবার জন্য যিনি আসিলেন, অনন্তের অনন্তলীলার সঙ্গে যিনি আপনার জীবনকে মিলিত করিলেন, ইহলোক পরলোকে অনন্তের যখন যে লীলা জীবনসন্নিধানে প্রকাশ পাইবে, তৎসহ তাঁহার একতা অপরিহার্য্য। অনন্তের দিকে ক্রমান্বয়ে দৌড়ান যখন তাঁহার জীবন, তখন এ পৃথিবীর ক্রমিক উন্নতির সঙ্গে যে তাঁহার অবিচ্ছিন্ন যোগ থাকিবে, এবং ক্রমিক উন্নতিতে আপনাদিগকে যাঁহারা ছাড়িয়া দিবেন, তাঁহাদের সঙ্গে তিনি অভিন্নভাবে স্থিতি করিবেন, তাহাতে আর বিচিত্র কি?

দুঃখের সহিত বলিতে বাধ্য হইলাম, আমাদের কেশবচন্দ্রের সহিত বিচ্ছেদ তাঁহার স্বর্গারোহণে হয় নাই; তাঁহার সহিত আমাদের সেই দিন বিচ্ছেদ হইয়াছে, যে দিন আর পারিব না বলিয়া আমরা থামিলাম। যাহা হইবার হইয়াছে, এখন কি আর তাহার সংশোধনের উপায় নাই? আছে বৈকি। আছে বলিয়াই, তিনি কোথায়, অন্বেষণে প্রবৃত্ত। এই অন্বেষণে প্রবৃত্ত হইয়া দেখিতেছি, কেশবচন্দ্রের ভিতরে ঈশা চৈতন্য বুদ্ধ রহিয়াছেন, কিন্তু ঈশা প্রভৃতিতে তিনি আপনাকে বদ্ধ রাখিতে পারেন নাই। তিনি বলিলেন, যদি কেবল ঈশাকে গ্রহণ করি, তবে আমার জীবনে কেবল কর্ম্মযোগ প্রবল হইবে। যদি নির্ব্বাণের নিবৃত্তিযোগ অবলম্বন করি তবে প্রবৃত্তিযোগ আমাতে কিরূপে আসিবে? যদি কেবল ভক্তিযোগে ডুবিয়া যাই তবে কর্ম্ম ও নিবৃত্তিযোগ আমাতে কিরূপে সম্ভবিবে? এই জন্য তিনি ক্রমে তিনকেই গ্রহণ করিলেন। এই তিনকে গ্রহণ করিয়া কি তিনি স্থগিত হইলেন? কখনই নয়। ঈশা বুদ্ধ চৈতন্য প্রভৃতির প্রতি প্রগাঢ় ভক্তি তাঁহাকে তাঁহাদিগেতে আবদ্ধ রাখিতে পারে নাই, তিনি তাঁহাদিগকে জীবনের আদর্শ করিয়া তাঁহাদিগের ঐহলৌকিক জীবনের সীমাতে আপনার উন্নতির সীমা স্থাপন করেন নাই। অনন্ত ঈশ্বর তাঁহার আদর্শ, সুতরাং কোথাও বদ্ধ থাকিবার তাঁহার সামর্থ্য কি? তবে কি আমি ভিতরে ভিতরে কেশবচন্দ্রকে মহর্ষি ঈশা প্রভৃতি হইতে বড় করিয়া জনসমাজে উপস্থিত করিবার জন্য দুশ্চেষ্টা করিতেছি? যদি আমার এ দুশ্চেষ্টা থাকে, তাহা কখন সিদ্ধ হইবে না, কেননা তিনি আপনি উঁহাদের চরণতলে আপনার স্থান নির্দ্দিষ্ট

করিয়াছেন। ঈশ্বর আপনার যে স্বরূপে যে সন্তানকে গঠন করিলেন, তিনি সে স্বরূপের প্রতিনিধি চিরদিন থাকিবেন, সে স্বরূপসম্ভূত গৌরব কেহ তাঁহা হইতে কোন কালে হরণ করিতে পারিবে না। 'অনন্তমন্ত্রে দীক্ষিত' করিয়া তিনি যাঁহাকে পাঠাইলেন, তিনি পূর্ব্ব পূর্ব্ব মহাজন মহর্ষিগণ হইতে বড়, এ কথা আসিতেছে না, কেন না সকল স্বরূপের মধ্যেই অনন্ত আছেন। অনন্তে সমুদায় স্বরূপকে অন্তর্ভাবিত করিবার জন্য যিনি অনন্তমন্ত্রে দীক্ষিত হইলেন এবং সেই দীক্ষার প্রভাবে আপনার গতি স্থগিত করিতে পারিলেন না, অনন্ত উন্নতির সঙ্গে আপনাকে মিশাইয়া ফেলিলেন, ভূত বর্ত্তমান ভবিষ্যতের অন্তর্ভাবন বিনা তাঁহার আর কি কার্য্য হইতে পারে? যে স্বরূপ কেশবের জীবনীশক্তি, সে স্বরূপ যদি কোথাও তাঁহাকে আবদ্ধ থাকিতে না দেয়, ক্রমান্বয়ে বিয়োগ সংযোগের * ভিতর দিয়া উর্দ্ধভূমিতে টানিয়া তুলিতে থাকে, তাহা হইলে তাঁহার পূর্ব্ব মহাজন মহর্ষিবর্গের সহিত প্রতিযোগিতা হইল কোথায়? বরং তাঁহারা যে যে স্বরূপের বিকাশস্থল ছিলেন, সেই সেই স্বরূপের আনন্ত্যের অন্তর্ভূত হইয়া গিয়া তাঁহাদিগের সম্বন্ধে তিনি আপনার

* কেশবচন্দ্রের প্রথম জীবন বিয়োগপ্রধান, শেষ জীবন সংযোগপ্রধান হইলেও প্রথম জীবনের বিয়োগ মধ্যে সংযোগ ছিল, শেষ জীবনের সংযোগ মধ্যেও বিয়োগ ছিল বলিতে হইবে। তবে এ বিয়োগ এক অবস্থা হইতে অবস্থান্তরে উত্থানের পর সে অবস্থা আর নাই, ইহারই দ্যোতক। বিয়োগ দুই প্রকার; (১) অসারপরিহার, (২) সারাংশের পরিবৃদ্ধিতে পূর্ব্বের পরিমাণ ছাড়াইয়া অধিক পরিমাণে উত্থান।

যে স্থান নির্দ্দিষ্ট করিয়াছেন, সেই স্থানেই আপনাকে দৃঢ়রূপে স্থাপন করিলেন।

কেশবচন্দ্রকে অনন্ত টানিলেন তাহার প্রমাণ কি? তাঁহার জীবনে তাহার যথেষ্ট প্রমাণ আছে। তিনি কি কোন দিন আপনাকে কোন বস্তুর বা ব্যক্তির মায়াতে আবদ্ধ রাখিয়াছেন? তিনি ঋষিগণের প্রতি সমাদরবশতঃ গৈরিক ও ব্যাঘ্রচর্ম্ম গ্রহণ করিলেন, কিন্তু তাহাতে কি কোন দিন বদ্ধ হইয়াছেন? তিনি জীবনপথে অনেক ধর্ম্মবন্ধু লাভ করিলেন, কিন্তু তিনি কি কোন ধর্ম্মবন্ধুর মায়াতে আপনার ধর্ম্মকে কিছুমাত্র খর্ব্ব করিয়াছেন? যদি করিতেন তাহা হইলে তাঁহাদিগের সহিত কখন বিচ্ছেদ ঘটিত না। তিনি কোন দিন কাহাকেও কি গুরুপদে বরণ করিয়াছেন? কাহাকেও গুরুপদে বরণ করিতে তাঁহার ভয় হইত। কোন শাস্ত্রকে তিনি অভ্রান্ত বলিয়া গ্রহণ করেন নাই, অথচ জীবন-গ্রন্থকে অনন্ত ঈশ্বরের অনন্ত লীলাভূমি জানিয়া তৎপ্রতি সমাদর করিতে কি তিনি অবহেলা করিয়াছেন? কোন ধর্ম্মবিশেষে কেশবচন্দ্র কি আবদ্ধ হইয়াছেন? কখনই নহে। আবদ্ধ হইলেন না এইজন্য যে, অনন্ত উন্নতির ধর্ম্ম কখন স্থগিতগতি হইতে পারে না।

কেশবচন্দ্রকে কোথায় পাওয়া যায়, তাহা নির্দ্ধারণ করিয়া আমি পুনরায় বলিতেছি, কেশবচন্দ্র সর্ব্বব্যাপী নহেন; তিনি ঈশ্বরের গৌরবাপহারী গুরু হইয়া আসেন নাই। পরন্তু তিনি গুরুবাদের প্রতিবাদ করিবার জন্য, গুরুবাদের প্রকৃত মর্ম্ম বুঝাইবার জন্য আসিয়াছিলেন। এখন সে কথা যাউক, বর্ত্তমানে কেশবচন্দ্রকে কোথায় অন্বেষণ করিয়া পাইব? অবশ্য সেইখানে যেখানে সংযোগের ব্যাপার চলিতেছে, যেখানে উৎসাহ ও

উদ্যমের স্রোত প্রবাহিত। তিনি বলিতেন, ৮০ বৎসরে যে যুবার ন্যায় পরিশ্রম করিতে না পারিবে, রাত্রি ১টা পর্য্যন্ত জাগিয়া কাজ করিতে না পারিবে, সে আমার দলের লোক নয়। যে ব্যক্তি লোহার কড়াই খাইয়া হজম করিতে না পারিবে, সে আমার লোক নয়। সাধনে, ভজনে, যোগে, ঈশ্বরের কার্য্যে পরিশ্রান্ত হইলে সে আমার পথে চলিতে পারিবে না। তাঁহার এই সকল কথা শুনিয়া, কে আর এ সিদ্ধান্তে উত্তীর্ণ হইবে না, অনন্ত সংযোগের ভিতর তিনি অবস্থান করেন? এই সংযোগের ব্যাপার কেশবচন্দ্র আসিবার পর হইতে চলিয়াছে, না পূর্ব্ব হইতে ছিল? পূর্ব্ব হইতে ছিল না এ কথা কে বলিবে? হিন্দুধর্ম্ম হইতে যখন বৌদ্ধধর্ম্মের অভ্যুদয় হইল, তখন বৌদ্ধধর্ম্ম কি কেবল বিয়োগের পথে ধাবিত হইল? উহা কি হিন্দুধর্ম্মের সারভূত বিষয় গুলি আপনার ভিতরে অন্তর্ভূত করিয়া লইল না? খ্রীষ্টধর্ম্ম যখন য়িহুদীধর্ম্মের সার আপনাতে সংযুক্ত করিয়া বিদেশে গমন করিল, তখন কি বিদেশীয়গণের ধর্ম্মের সার আপনার সঙ্গে সংযুক্ত করিয়া লইল না? গ্রীকগণের দর্শনশাস্ত্র, রোমীয়গণের বহুদেববাদ পর্য্যন্ত খ্রীষ্টধর্ম্মের অঙ্গীভূত হইল। পিটর, পল এবং অন্যান্য খ্রীষ্ট ঋষিগণ রোমের দেবদেবীগণের স্থান অধিকার করিলেন। সংযোগের ভাব চিরদিন বিদ্যমান আছে, সংযোগ চিরদিন চলিতেছে। যাহা ঈশ্বরেতে আছে, তাহার ক্রিয়া সর্ব্বকালেই প্রকাশ পাইবে। তবে সে কালের সংযোগ-ব্যাপার গূঢ় প্রচ্ছন্ন, অজ্ঞাতসারে নিষ্পন্ন, এ কালে তাহার ক্রিয়া স্পষ্ট স্বীকৃত, এবং অনন্তের অনন্তলীলার ব্যাপারের সঙ্গে সম্মিলিত। যে সংযোগ পূর্ব্বে নিগূঢ় ছিল, কেশবচন্দ্রে

সেই সংযোগ প্রকাশিত হইয়াছিল। কেশবে এ সংযোগ অনন্ত সংযোগের ব্যাপার, তাই পূর্ব্ব পূর্ব সংযোগব্যাপার হইতে ইহার বিশেষত্ব। অনন্ত সংযোগের ভাবে যদি আমরা ভাবুক হই, তবে আমরা কেশবচন্দ্রের সহিত একতা অনুভব করিতে পারি।

ভাবেতে একতাই একতা। যখন মহর্ষি ঈশার ভাব আমাতে দেখি, তখন মহর্ষি ঈশাকে আমার মধ্যে দেখি এবং ভগবান্ সেই ভাব আমাদিগের নিকট উজ্জ্বল হইতে উজ্জ্বলতর করেন। যখন প্রেমে মত্ত হইয়া ভক্তিভাবে হাসি কাঁদি, তখন চৈতন্য আমাদিগের ভিতর প্রকাশিত হন। যখন নির্ব্বাণপথে চলি, তখন বুদ্ধের সঙ্গে যোগ হয়। ক্রমান্বয়ে সাধন, ভজন, যোগ, উৎসাহ, কার্য্য, সর্ব্বদা নব নব জীবনের জন্য ব্যাকুলতা, এই সকল যাঁহাদিগের ভিতরে আছে, তাঁহাদিগের ভিতরে কেশবচন্দ্র। আমাদিগের ভিতরেও যদি ঐ সকল ঐ ভাবে ক্রমান্বয়ে চলিতে থাকে, নিশ্চয় আমাদিগের ভিতরে কেশবচন্দ্রকে দেখিতে পাইব। চারিদিকে গুরুবাদের যেরূপ প্রাবল্য হইয়াছে তাহাতে কেহ যেন মনে না করেন যে, কেশবচন্দ্রকে গুরুপদে বরণ করিয়া আমি তাঁহার প্রশংসার জন্য এই সকল কথা বলিতেছি। গুরুর মিথ্যা প্রশংসা আমি অতিমাত্র ঘৃণা করি। যাহা সত্য তাহাই আমি বলিতেছি। আমি গুরুবাদের প্রতিবাদ করিয়া বলা আরম্ভ করিয়াছি, গুরুবাদের প্রতিবাদেই আমি বলা শেষ করিতেছি। বলা শেষ করিবার পূর্ব্বে আমার একটি বিষয় সকলের নিকটে উপস্থিত করা প্রয়োজন হইয়াছে। আমি বলিয়াছি, কেশবচন্দ্রকে তাঁহার বন্ধুগণের মধ্যে পাওয়া যায় না, তাঁহার মণ্ডলী বলিয়া যাহা প্রসিদ্ধ তন্মধ্যেও তাঁহাকে খুঁজিয়া পাওয়া সুকঠিন। তবে কি ইহাই

বুঝিতে হইবে, কেশবচন্দ্র বন্ধুগণের নিকট হইতে, মণ্ডলীর নিকট হইতে চিরদিনের জন্য বিদায় গ্রহণ করিয়াছেন? তিনি যখন শেষ সময়ে বন্ধুগণের নিকটে দুঃখের সহিত বিদায় গ্রহণ করেন, তাঁহার ভাবে কেন ভাবুক হইলেন না, যেদিন ভগবানের হাতে সমুদায় ছাড়িয়া দেন, তখন কি তিনি মনে করিয়াছিলেন, আর বন্ধুগণের সঙ্গে মণ্ডলীর সঙ্গে তাঁহার পুনর্ম্মিলন হইবে না? কখনই নহে। তিনি বিদায় গ্রহণের সময় যে সকল প্রার্থনা করিয়াছেন তাহার ভিতরে পুনর্মিলনের আশা ভূয়োভূয়ঃ উল্লিখিত রহিয়াছে। সে পুনর্মিলন পরলোকে নহে, ইহলোকেই। কেশবচন্দ্র বিদায় লইলেন কেন? তাঁহার ভাবে ভাবুক হইবার নিমিত্ত তিনি তাঁহার বন্ধুবর্গকে যে চারিটী ব্রত দিলেন, সেই ব্রত তাঁহারা অগ্রাহ্য করিলেন, এই জন্য। সে চারি ব্রত সকলেই অবগত আছেন। (১) বৈরাগ্য ব্রত, (২) প্রেম ব্রত, (৩) পুণ্যব্রত, (৪) উদারতা ব্রত।* এই ব্রতচতুষ্টয় কেশবচন্দ্রের সহিত মিলিত হইবার উপায়, আর অন্য উপায় নাই।

---

* বৈরাগ্য—বিয়োগ; প্রেম—সংযোগ; পুণ্য—বিবেক; উদারতা—অনন্তে অন্তর্ভাবন। সুতরাং এই চারিটি ব্রতের মধ্যে যে কেশবচন্দ্রের ভাবে ভাবুক হইবার উপায় কৌশলে নিবিষ্ট রহিয়াছে, ইহা সকলেই বিলক্ষণ হৃদয়ঙ্গম করিতে সমর্থ হইবেন। যাঁহাদিগের জীবনে বিবেক নেতা, বিয়োগ ও সংযোগ ক্রিয়া এবং সংযোগমধ্যে অনন্তে অন্তর্ভাবনের ব্যাপার—অন্য কথায়—অনন্তের লীলা আত্মসাৎ করা বিদ্যমান, তাঁহাদিগের সঙ্গে কেশবের সমভাবত্ব।

কেশবচন্দ্রের আরূঢ়াবস্থা

কেশবচন্দ্রের আরূঢ়াবস্থা *।

কেশবচন্দ্র যে বাস্তবিক আর্য্যের আর্য্য ছিলেন, তাহা এই প্রমাণে প্রমাণিত হয়।

বিদ্যাবিনয়সম্পন্নে ব্রাহ্মণে গবি হস্তিনি।
শুনি চৈব শ্বপাকে চ পণ্ডিতাঃ সমদর্শিনঃ॥
ইহৈব তৈর্জ্জিতঃ সর্গঃ যেষাং সাম্যে স্থিতং মনঃ।
নির্দ্দোষং হি সমং ব্রহ্ম তস্মাদ্ব্রহ্মণি তে স্থিতাঃ॥

এই সাম্য প্রথম হইতে তাঁহার জীবনের মূল ছিল। অন্যান্য ব্যক্তিগণ পাপী ও সাধুতে সমভাবে ব্রহ্মের আবির্ভাব দর্শন-করেন না, ইনি কিন্তু প্রাচীন ভক্ত আর্য্যগণের দৃষ্টিতে দৃষ্টিমান্ ছিলেন বলিয়া ব্রহ্মদর্শনবিষয়ে কিছুমাত্র ইতরবিশেষ করিতেন না। তিনি প্রার্থনা করিয়াছেন †, "পৃথিবীর ঘোলা জল ব্রহ্ম-সমুদ্রে মিশিয়া এক হইয়া গেল। আমার ব্রহ্মকে ইঁহাদের ভিতরে আমি পূজা করিব। এই সকল আধারে মা তুমি বসিয়া আছ। তুমি জাবন্ত দর্শন দিলে ইঁহাদের ভিতরে আমি ইঁহাদের অগ্রাহ্য করিতে পারি না, কলহ করিতে পারি না, বিচার করিতে পারি না। ইঁহারা ঘোর ব্যভিচারী নরহত্যাকারী হইলেও তথাপি দেবতা। ইঁহাদের পশুর দিক্ দেখা যায় না, দেবতার দিক্ দেখা যায়। ইঁহাদের ভিতর ব্রহ্মজ্যোতি আনন্দহিল্লোল। ইঁহারা পাপী তা

* উনসপ্ততিতম জন্মোৎসবোপলক্ষে উপাধ্যায়প্রদত্ত বক্তৃতামূলক।

† মুখে যে সকল প্রার্থনার উল্লেখ হইয়াছিল নিবন্ধনকালে সে গুলি উদ্ধৃত হইল। এইরূপ অন্যত্র।

কি জানি না? তথাপি দেবত্বের সম্মান আমি করিব। ইহা-দের অর্চ্চনা করিয়া আমি সহজে স্বর্গলাভ করিব।" এ কথা কি তাঁহার সাময়িক না সকল সময়ের জন্য ছিল? তিনি পরিষ্কার লিখিয়া গিয়াছেন, কোন ব্যক্তি যদি তাঁহার নিকটে আসে তিনি দেখেন স্বয়ং ব্রহ্ম সেই ব্যক্তির সঙ্গে তাঁহার নিকটে আসিয়াছেন। তিনি কোন লোককে কোন দিন ছোট জ্ঞান-করেন নাই। সকলকেই এক এক খানি শাস্ত্র বলিয়া তিনি গ্রহণ করিয়াছেন। ইহার তুল্য আর্য্যভাব আর কি আছে? শিশু ভূমিষ্ঠ হইবামাত্র 'বেদোহসি ত্বম্' এই বলিয়া যে আর্য্যপ্রধান দেশে তাহার নামকরণ হইত সে দেশে জন্মগ্রহণ করিয়া ঈদৃশ ভাব আজন্ম দৃষ্ট হইলে তাঁহাকে আর্য্যের আর্য্য না বলিয়া আর কি বলা যাইতে পারে? ছিন্নবস্ত্রপরিধায়ী এক জন অতি দীন দরিদ্র হইতেও শিক্ষালাভ করিতে যিনি সঙ্কুচিত হন নাই, শিষ্য প্রকৃতি যাঁহার স্বভাবমধ্যে নিহিত ছিল, তাঁহার সর্ব্বত্র সমদৃষ্টি অস্বীকার করে, কাহার সাধ্য? তিনি আপনাকে ব্লটিং পেপার বলিতেন, কেহ তাঁহার নিকটে আসিলে তাঁহাতে তাহার দেব-ভাবের ছাব পড়িতই পড়িত। তিনি আপনার সম্বন্ধে আপনি যাহা বলিয়াছেন, আমরা তাঁহার সে কথাকে অতিক্রম করিয়া অন্য দৃষ্টিতে তাঁহাকে দেখিতে পারি না, অন্যভাবে লোকের নিকটে উপস্থিত করিতে পারি না। এইরূপ করিয়াই যখন বিধানে ভূত কালে বিকার উপস্থিত হইয়াছে, এ কালেও বিকার ঘটিবে, তখন এ বিষয়ে আমাদিগকে নিতান্ত সতর্ক হইতে হইয়াছে। যিনি যাহা তাঁহার সম্বন্ধে বলুন, দীর্ঘকালে তাহা দাঁড়াইবে না, ভবিষ্যতে সকলে তাঁহার নিজের কথা প্রমাণ বলিয়া গ্রহণ করিবে,

অন্য কাহারও কথা নহে। সুতরাং তিনি আপনি নিরাপদ, কিন্তু আমরা নিরাপদ নহি। নিরাপদ হইতে গেলে তাঁহার কথাই আমাদের পুঙ্খানুপুঙ্খরূপে অনুসরণকরা কর্ত্তব্য। তিনি প্রার্থনায় বলিয়াছেন :—"আমরা যতই এ ধর্ম্মের কথা ভাবি, বুঝি যে পৃথিবীর জন্য এ ধর্ম্ম অত্যন্ত প্রয়োজন। আমরা যতই এ ধর্ম্মের মহত্ত্ব দেখি, বুঝি যে আমরা কত অক্ষম। হে ঈশ্বর, এমন কঠিন ধর্ম্ম সামান্য লোকদের হাতে দিলে, স্বর্গের ব্যাপার কেন এমন অযোগ্য পাত্রে আসল? অসাধুদের হস্তে অতি কঠিন স্বর্গের ধর্ম্ম ন্যস্ত হইল। কেন এরূপ হইল? কে বলিতে পারে? তোমার জ্ঞান লইয়া কে বিবাদ করিতে পারে? পিতা, আমরা তোমার নিগূঢ় তত্ত্ব জানি না, ভবিষ্যৎ ইতিহাস তাহা বুঝাইয়া দিবে। হয়তো তোমার অভিপ্রায় এই যে, সামান্য লোক দ্বারা বড় কাজ কি প্রকারে সম্পন্ন হয় তাই দেখাইবে। বড় বড় থামের উপর বড় বড় এমারৎ হয়। বড় বড় লোক বড় বড় ধর্ম্মের স্তম্ভ হয়। এবার তাঁদের পদরেণু মাথায় নিতে পারে না এমন সামান্য দুর্ব্বল লোকের উপর বড় স্বর্গের ভবন স্থাপন করিলে এই এক অলৌকিক ব্যাপার। যারা নিজে খেতে পায় না, তারা অন্যকে ভাল সামগ্রী খাওয়াবে। নিজে যারা শাস্ত্র জানে না, অপরের পক্ষে হয়ত তারা শাস্ত্র হবে। হয়তো বিধির নববিধির এই বিধি যে, সামান্য লোক দ্বারা বড় বড় ব্যাপার ঘটাবে। পৃথিবীর লোক বলিবে যোগী কৈ, ভক্ত কৈ, ঋষি কৈ? এত বড় ধর্ম্ম কে আনিল? মহাদেব কি মুটের মাথায় স্বর্গের রত্ন পাঠাইলেন? এ অনিয়ম এবার কেন হইল? পিতা, তোমার লীলা কে বুঝিবে? হরি, তোমার কাছে এই

নিবেদন, দয়া করে তোমার নিগূঢ় তত্ত্ব বুঝিতে দাও। যদি অসার বস্তু থেকে সার বস্তু কেমন করিয়া বাহির হয়, মুটের মাথায় স্বর্গের রত্ন কেমন করে থাকে তা দেখাবার জন্য মানস করে থাক তবে তাই কর। তবে আমাদের ক্ষুদ্র জীবন হইতে এমন প্রকাণ্ড কাণ্ড সকল বাহির কর যে পৃথিবীর জ্ঞানীরাও আশ্চর্য্য হবেন।" তিনি এক দিনের জন্য এ প্রার্থনা করিয়াছিলেন তাহা নহে, তাঁহার সমগ্র জীবনে এই একই ভাব। তিনি কোন কালে আপনাকে লোকাতীত পুরুষগণের দলভুক্ত করেন নাই। তাঁহাকে কেহ লোকাতীত পুরুষ বলিলে তিনি তাহাকে মিথ্যাবাদী বলিয়া ঘোষণা করিতে ত্রুটি করেন নাই। জীবনবেদের 'অনৃত খণ্ডন' পরিচ্ছেদে তিনি বলিয়াছেন "পৃথিবীর শ্রদ্ধেয় ভক্তিভাজন ঈশ্বরপ্রেরিত মহাপুরুষদের সঙ্গে, পুণ্যের প্রবর্ত্তক, মুক্তির সহায় ঈশা গৌরাঙ্গের সঙ্গে এই নরকের কীটকে যাঁহারা এক শ্রেণীভুক্ত করিলেন, এই বেদী তাঁহাদিগকে মিথ্যাবাদী বলিতে কুণ্ঠিত নহেন।" এরূপ বলিয়াও তিনি যে প্রত্যাদিষ্ট, ঈশ্বরের নিকট হইতে সাক্ষাৎসম্বন্ধে জ্ঞান প্রেম পুণ্য শান্তি নিত্য লাভ করিতেন, এ কথা মুক্তকণ্ঠে বলিতে কুণ্ঠিত হন নাই। ঈশ্বরের বাণী-শ্রবণ ও তাঁহার দর্শনে তিনি যে অপর লোক হইতে শ্রেষ্ঠ হইলেন এ কথার তিনি নির্ব্বন্ধসহকারে প্রতিবাদ করিয়াছেন। তিনি বলিয়াছেন, "ঈশ্বরদর্শন অসাধারণ পুরুষত্বের পরিচয় নয়। ঈশ্বরের কথা শ্রবণ অসামান্ত নয়। যেমন বাহিরের জড় বস্তু সকল দেখা, ঈশ্বরকে দেখা তেমনি। তিনি যেমন ভাবান তেমনি ভাবি, যেমন বলান তেমনি বলি, যেমন প্রচার করিতে বলেন তেমনি প্রচার করি, তাঁহার সঙ্গে অতি সহজ যোগ। আর

যদি কোন গূঢ় দর্শন থাকে তাহা হয় নাই।" "এ ব্যক্তি আপনাকে চালাইবার জন্য কোন চাকরী করিল না, কোন ব্যবসায় লইল না, বরাবর ঈশ্বর স্বয়ং চালাইয়াছেন আজও চালাইতেছেন। ইহা যাঁহারা অলৌকিক পুরুষের লক্ষণ বলিয়া নির্দ্দেশ করেন, তাঁহারা মিথ্যাবাদী। যেমন আমি আমার জীবনকে ঈশ্বরের হাতে দিয়াছি, তেমনি লক্ষ লক্ষ ভক্ত ঈশ্বরবিশ্বাসী ঈশ্বরের হাতে জীবন ছাড়িয়া দিয়াছেন। ইহা অলৌকিক নয়।" তিনি এক দিন আমার নিকট বলিতেছিলেন "আমি যখন ইংরাজীতে বক্তৃতা দি তখন আমার মনে হয় যেন আমি সবই ভুল বল্‌ছি। আমি যে ইংরাজী জানি ইহা আমার কিছুতেই মনে হয় না। তবে আমি এ কথা মনে করি না যে, বাড়ীর বুড়ো ঝির চেয়ে ইংরাজী কম জানি।" তিনি আপনি জীবনবেদে বলিয়াছেন, "এখনকার সামান্য এক জন বিদ্বান্ যাহা জানেন, আমি সত্যসাক্ষী করিয়া বলিতেছি, তাহা জানি না।...এক জন জ্ঞানী আমার বাড়ীতে থাকেন, আমার দৃষ্টি তাঁহার উপর থাকে। সেই শাস্ত্রীর কথা শুনিয়া আমি বিদ্যাসম্বন্ধে যত অভাব মোচন করি।" তাঁহার জীবনের মূল তাৎপর্য্য এই :—"ব্রহ্ম আমার ধন, ব্রহ্মই আমার বিদ্যা ও জ্ঞান, ব্রহ্মই আমার মান ও প্রতিপত্তি।" "নিজের দ্বারা কিছু হয় নাই, হরি চরণ ব্যতীত আর কোথাও জ্ঞান ও শান্তি পাওয়া যায় না ; হরিচরণই সর্ব্বস্ব।"

এখন কথা এই, তিনি আপনাকে এমন করিয়া সামান্য লোকের দলভুক্ত করিলেন কেন ? এ বিধানের যদি এইরূপই তাৎপর্য্য না হইবে, তবে আপনাকে তিনি কখন এরূপ করিতেন না। তিনি সত্যবাদী, আগাগোড়া তাঁহার সত্যে পূর্ণ, সত্য বলিতে লজ্জা কি

তাঁহা তিনি জানিতেন না, বৃথা বিনয় তাঁহার নিকটে অতিশয় ঘৃণিত ছিল। তিনি আপনি যাহা তাহা বলিতে কদাপি কুণ্ঠিত হইতেন না, আপনার সম্বন্ধে কত কথাই বলিয়া গিয়াছেন, এই এক কথা বলিলে তাঁহার কি হইত? বিধানের অভিপ্রায় কি, স্বয়ং ভগবান্ তাঁহাকে তাহা শিখাইয়াছিলেন, সুতরাং তাঁহার পক্ষে অণুমাত্র ভগবদভিপ্রায় অতিক্রম-করা এক সত্যেরই অনুরোধে অসম্ভব ছিল। এক জন মানুষের জীবনে প্রথম হইতে শেষ পর্য্যন্ত কি হইতে পারে, তাহাই দেখান তাঁহার জীবনের কার্য্য ছিল। সাধারণ লোকদিগের জীবনের অধিকার কি, আপনি সাধারণ লোক না হইলে তাহা কি প্রকারে তিনি প্রদর্শন-করিবেন? আমি অসাধারণ অলৌকিক মানুষ, ইহা কখন তাঁহার মনে হয় নাই, এই নিমিত্তই তিনি প্রথম হইতে জীবন আরম্ভ-করিলেন,—প্রার্থনায়। এমন কোন্ ব্যক্তি আছে, যাহার প্রার্থনাকরিবার অধিকার নাই? প্রার্থনায় জীবন আরম্ভ করিলে ভগবৎপরিচালনায় জীবন ক্রমান্বয়ে উচ্চ হইতে উচ্চে আরোহণ করে। এইরূপে আরোহণ করিতে করিতে এ জীবনে যত দূর উচ্চতালাভ হইতে পারে, জীবন তত দূর উচ্চে আরোহণ করে। তখন সেইটি হইল জীবনের আরূঢ়াবস্থা। কেশবচন্দ্রের জীবনে যে তাহাই ঘটিয়াছিল তাঁহার জীবনবৃত্ত সংস্কারমালিন্যবর্জ্জিত হইয়া পাঠ করিলে সকলেই দেখিতে পান। তিনি প্রথম হইতে এক ভগবান্‌কেই আশ্রয় করিয়াছিলেন। তিনি কোন ধর্ম্মসম্প্রদায়ভুক্ত হন নাই, কোন শাস্ত্র বা গুরু আশ্রয়-করেন নাই। তাঁহার শাস্ত্র মন্ত্র গুরু সকলই এক ঈশ্বর ছিলেন। কোন কথা জিজ্ঞাসা করিতে হইলে তিনি তাহা

ঈশ্বরকেই জিজ্ঞাসা করিতেন। ঈশ্বরই তাঁহার সৎপরামর্শদাতা ছিলেন। প্রার্থনা করিতে হইবে,এ কথা আর কেহ তাঁহাকে শেখায় নাই, স্বয়ং পরমেশ্বরই তাঁহাকে উহা শিখাইয়াছিলেন। কোন কথা ভগবান্‌কে জিজ্ঞাসা করিয়া তিনি উত্তরের প্রতীক্ষায় থাকিতেন, উত্তর না লইয়া নিবৃত্ত হইতেন না, উত্তর পাইয়া আর এদিক্ ওদিক্ করিতেন না, ঠিক তাহারই অনুসরণ করিতেন। তাঁহার জীবন যে ক্রমান্বয়ে আরোহণ করিয়াছে, কোন দিন নীচে নামে নাই, তাহার গূঢ় কারণ এই। যিনি এইরূপে জীবন চালাইয়াছেন,তাঁহারই যে এরূপ হইয়াছে, এ সাক্ষ্য দিতে কাহারও কুণ্ঠিত হইবার কারণ নাই। ভগবান্‌কে দেখা ভগবানের কথা শুনা এ কিছু অসাধারণ ব্যাপার নয়, কেশবচন্দ্র যে এ কথা বলিতে পারিয়াছেন, তাহারও গূঢ় কারণ এই। সকলেরই জীবন ঈশ্বরদর্শন ও ঈশ্বরের বাণী-শ্রবণে আরম্ভ হইতে পারে, এরূপ নির্দ্ধারণ তাঁহার আত্মজীবন হইতে তিনি করিয়াছেন। সাধারণের সঙ্গে যদি তিনি এক দলস্থ না হইয়া অসাধারণের দলস্থ আপনাকে মনে করিতেন, তাহা হইলে কখন কেশবচন্দ্র 'আশার চন্দ্র' হইতে পারিতেন না। তিনি তাঁহার একটী প্রার্থনাতে (তাঁহার শেষ মাঘোৎসবের প্রার্থনা) বলিতেছেন :—

"প্রেমস্বরূপ, আমরা কি প্রমাণ দেখিয়াছি যে, এক জন কেউ আমাদের মধ্যে ঈশা শ্রীগৌরাঙ্গের মত হয়েছে? নববিধানের নিশান আকাশে উড়ে, নববিধানের মানুষ কি পৃথিবীতে বেড়ায়? এমন কি এক জন কেউ আমাদের ভিতর হয়েছে যাঁর বুকে হাত দিয়ে বলিতে পারিবে লোকে, ইহাঁর ভিতর চারি বেদ এক হয়েছে? ঈশা মুষা গৌরাঙ্গের বিধানে যে, লোকে জীবন

দেখেছে, এবারও মানুষ চাই যারা ভগবানেতে আনন্দ পেয়েছে, যাদের চক্ষু মুখ কর্ণ দিয়ে অমৃত পড়িতেছে। এমন লোক কি নববিধানে হয়েছে? হরি, মানুষ নাই? জীবন্ত দৃষ্টান্ত আমাদের ভিতর নাই? ভগবান্ বল এই বেলা, মানুষ যদি না হয়ে থাকে কেউ নববিধানের ভিতর, তবে সব মিথ্যা। সব ফেনার মত দুই চারি বছর পরে চিহ্নও থাকিবে না। দোহাই হরি, দৃষ্টান্ত দাও, মানুষ দেখাও। গরিব বলিতে চায় যে, ঈশা মুষার বিধানের সঙ্গে এ বিধান মিলেছে, যদিও স্বতন্ত্রতা আছে। এ গরিব বলিতে চায়, কাল পাপী বাঙ্গালী সিদ্ধ হইয়া আসে নাই, মহাপুরুষদের সঙ্গে কিছুতেই তুলনা হয় না, কিন্তু সে অপ্রেমিক ছিল প্রেমিক হইল, সাম্প্রদায়িক ছিল হইল সার্ব্বভৌমিক, কাল মলিন ছিল ক্রমে জ্যোতির্ম্ময় হইল, কঠিন ছিল কোমল হইল। এ পাপীর জীবন যেন এমন হয় যে, তা দেখে লোকের আশা হয়। সাধুদের পদধূলি শরীরে মুখে সে মেখেছে, তোমার প্রসাদে তোমার নববিধানের প্রসাদে অনেক সাধন করে, অনেক কেঁদে, অনেক কষ্ট করে নববিধান পেয়েছে, লোকে যেন ইহা বলে। আমি যে কঠিন ভাবে সাধন করিতাম, এখন আমার মত সুখী কে হরি? আমার বাগানের মত ফুল কার বাগানে? এই জন্ত আমি সুখী যে আমি নববিধানে সব ধর্ম্মের সমন্বয় মিলন দেখিতেছি। আমি ত সিদ্ধ হইয়া জন্মি নাই। আমি অবিশ্বাসী পাপী অপ্রেমিক ছিলাম। পরিবর্ত্তিত পাপী এই বিধানে কেবল দেখা যায়, অন্য বিধানেত তা হয় নাই। প্রেম ভক্তি ছিল না, ভক্তদের জানিত না, ক্রমে সে নববিধানের প্রসাদে পরিবর্ত্তিত জীবন পাইল; সকলের আশা হইবে। সকলকে বুঝাইয়া বল,

আমার চেয়ে খারাপ আর কে হবেন? তবু আমার এ পথে তিনি আসিতে পারেন। আমার জীবনে যেমন নববিধানের বিরোধ ছিল এমন আর কার জীবনে আছে? কিন্তু হরি প্রেম চাই। প্রেম ভিন্ন কিছু হয় না। হে মাতঃ, তোমার মঙ্গল হস্ত ভাইদের মাথায় রেখে বল, তোমরা প্রেমিক হও, প্রেমিক হও। সকল দেশের সকল ধর্ম্মের মিলন কেবল প্রেমেতে। হে ঈশা শ্রীগৌরাঙ্গ, সকলের কাছে এস। আর কিছু না, আর কিছু না, হরি, প্রেম বাঁচাবে পাপীকে। আর কিছু চাই না। প্রত্যেক ভাই মৌমাছির চাক হয়ে পৃথিবীতে বসিবেন, যত লোকে খোঁচা দেবে, মধু দেবেন। খোঁচা না দিলেত মধু বেরয় না, প্রেম পড়ে না। প্রেমসিন্ধু, দলপতি হয়ে এই বালককে যদি একটি দল দাও, প্রেম দাও তাদের। আমার জীবনের পরিবর্ত্তন সকলের পক্ষে আশাপ্রদ, আমি নিশ্চয় বলচি আমার জীবন দেখ, বিপদ অন্ধকারে কেশবচন্দ্র চন্দ্র হবে। নারকী উদ্ধার হতে পারে এ যদি দেখিতে চাও, তবে ভাই এই বন্ধুক লও, সঙ্গে রাখ। জগৎ সংসারকে ভালবাসিব, বিরুদ্ধ ধর্ম্মশাস্ত্রকে এক করে নেব, সমস্ত সাধুদের হৃদয়ে রাখিব, ক্ষমা প্রেম দেব। তোমরা যাও পঞ্জাবে, যাও উড়িষ্যায় ফিরে, কিন্তু এক জন ভাই তোমাদের সঙ্গে থাকিবে। পাপ শয়তান যদি আগে চলে, সেই লোকটা পাপ শয়তানের সঙ্গে যুদ্ধ করে শেষেতে নববিধান পেলে, তবে আমি পাব না কেন? আমিত মরি নাই, আমার রোগ হইয়াছে কত বার। প্রায় শেষ হয় হয় এমন হয়েছে, কিন্তু আমার যে জোর বল বেড়েছে। কত ভয়ানক বিপদ দারিদ্র্য সম্মুখে ছিল, তবুত কাঁদি নাই; পাছে আমার ভাই কাঁদে! আমি যদি এক গেলাস মদ খাই, ভাইরা যে

বোতল বোতল খাবে। আমি যদি দুর্ব্বল হই, আমার ভাইরা আরো দুর্ব্বল হয়। হরির দাসত্ত ভগ্নহৃদয় হয় না। শত্রুদের আক্রমণ আমার মত কে সয়েছে? এমন এক জন আছে, যাকে ক্রমে শত্রুরা আরো আক্রমণ করিবে। করুক! আমার কেউ কিছু করিতে পারিবে না, কখন পারে নাই! আমার প্রাণের রক্ত বুকের রক্ত তুমি। আমায় কে কি করিবে? আমি যে তোমার কাছে শিখে নিয়েছি ভালবাসিতে। আমি যে ক্ষমা করেছি প্রেম দিয়েছি। আমি যখন আছি, কারো ওজর নাই। হরি, আমি আছি তোমার গোলাম, আমি প্রমাণ করে দেব যে, আমি জঘন্য হতভাগা পাপী, আমারত যোগ ভক্তি ছিল না। এখন কি আমার লাভ হয় নাই? আমার যোগ ভক্তি প্রেম বড় হয়েছে, আমার প্রেমে আমি সাঁতার দি। আমার জ্ঞান ছিল না, জ্ঞান হয়েছে; আমি বুঝিতে পারি। বাইবেল পর্য্যন্ত আমি বুঝ্‌চি, সন্ন্যাস ধর্ম্মের গূঢ় তত্ত্ব বুঝেছি। আর তোমার জন্য বড্ড খাটি। নাথ হে, যদি কেউ বলে কর্ম্ম করি বলে বোধ হয় না, তাঁরা আমার জীবন দেখুন। হরি, আমার শরীর থাকিতে থাকিতে কারো কিছু উপকার করে লও। এঁদের বন্ধু দরকার, একটা বন্ধু এঁরা সঙ্গে নিয়ে যান। এঁদের যখন বড় খিদে পাবে, একটা মেঠাইয়ের দানা আমাকে কর। সর্ব্বাঙ্গ সুন্দর নববিধানের দৃষ্টান্ত দেখাতে চাই। আমি কেবল মেলাবার চেষ্টায় আছি। স্বদেশ বিদেশকে, হিন্দু মুসলমানকে, তেল জলকে, সকল ধর্ম্মকে মিলাইতে চাই। আমি পাপী হয়ে পুণ্যাত্মা হতে চাই না, আমি সিদ্ধ হয়ে জন্মেছি তা বল্‌চি না। আমি এই একটা আশার কথা বলিতে চাই যে, একটা খুব পাপী ছিল, মার প্রসাদে তার জীবনে খুব পরিবর্ত্তন হয়েছে।

হয়নি যা তা হবে, অসম্ভব যা তাও হবে। একটা কাল ছেলে সুন্দর হয়েছে, একটা ছেলে তোমার কাছে দৌড়ে যাচ্চে, এই আশার কথা শুনিব আর সকলে ভাল হয়ে যাব, মা দয়া করে এই আশীর্ব্বাদ কর।”

এই প্রার্থনা দেখাইয়া দিতেছে তিনি কি জন্য আপনাকে অলৌকিক পুরুষগণের দলস্থ মনে করিতে পারেন নাই। যদি তিনি তাঁহাদের শ্রেণীভুক্ত হইতেন তাহা হইলে সমুদায় মনুষ্যজাতির সঙ্গে একাত্মা হইয়া—সমশ্রেণীভুক্ত হইয়া—সাধারণ সকলের পক্ষে আপনি দৃষ্টান্ত হইতে পারিতেন না। পাপীর সঙ্গে পাপী, অভক্তের সঙ্গে অভক্ত, অযোগীর সঙ্গে অযোগী, অপ্রেমিকের সহিত অপ্রেমিক, যে কোন ব্যক্তি যে কোন অবস্থাপন্ন হউক না কেন তাহার সহিত তদবস্থাপন্ন হইয়া আত্মজীবন দ্বারা তাহাদের আশার স্থল হইতে পারিতেন না। মুটের মাথায় দিয়া বর্ত্তমান বিধান ভগবান্ প্রেরণ করিয়াছেন কেন, তাঁহার এই শেষ প্রার্থনায় তাহা পরিষ্কাররূপে ব্যক্ত হইয়াছে। যিনি পাপী থাকিয়া পুণ্যাত্মা হইলেন, অভক্ত থাকিয়া ভক্ত হইলেন, অযোগী থাকিয়া যোগী হইলেন, অপ্রেমিক থাকিয়া প্রেমিক হইলেন, সাম্প্রদায়িক থাকিয়া অসাম্প্রদায়িক হইলেন, তিনিই বলিতে পারেন, আমি কি ছিলাম কি হইয়াছি, আমায় দেখিলে আর কখন তোমাদিগকে নিরাশ হইতে হইবে না, আমাতে যাহা সম্ভব হইয়াছে, তোমাদিগেতে তাহা অবশ্য সম্ভব হইবে। আমি বলিতেছি আর তোমরা নিরাশ হইও না।’ আশ্চর্য্য এই যে তিনি সমুদায় জীবনই অপরের আশাবর্দ্ধন করিয়াছেন। ঘোর রোগের অবস্থায় যখন রোগের যন্ত্রণায় ছট্‌ফট্ করিতেন, তখন আমি তাঁহাকে জিজ্ঞাসা

করিয়াছিলাম, আপনাতে যখন ভক্তিসঞ্চার হয় নাই, তখন আপনি যাতনায় মূর্চ্ছিত হইয়াও উঃ আঃ করেন নাই, এখন ক্রমাম্বয়ে উঃ আঃ করিতেছেন, ইহাতে কি আপনার মনে হয় না, ভক্তিতে আপনাকে কোমলহৃদয় করাতে আপনার ক্ষতি হইয়াছে। তিনি উত্তর দিলেন, 'হাঁ, হয়তো সে বিষয়ে ক্ষতি হইয়াছে।' রোগের যাতনায় যখন তিনি যোগে হাস্য ও রোদন করিতেন, তখন আমি তাঁহাকে জিজ্ঞাসা করিয়াছিলাম, আপনার জীবনে তো কখন এরূপ হাসি কান্না দেখি নাই এখন এরূপ হইল কেন? তিনি এ কথা বলিলেন না যে আমি যোগের উচ্চভূমিতে উঠিয়াছি; কিন্তু এ প্রশ্নের এই উত্তর দিলেন যে, 'এ রোগের যোগ, রোগ চলিয়া গেলে এ যোগ থাকিবে কি না, তাহা আমি জানি না।' রোগের যাতনার ভিতরে তিনি আমায় জিজ্ঞাসা করিলেন, 'তোমরা আমার চিকিৎসাসম্বন্ধে কি কর্ত্তব্য তাহা কি তাঁহার নিকটে শুনিয়াছ?' যখন উত্তর দিলাম, না, তখন তিনি আরোগ্য-সম্বন্ধে নিরাশ হইয়া বলিলেন, 'মা এবার হাতী দঁকে পড়িয়াছে।' এ সকল কথা এই দেখায় যে তিনি সর্ব্বদা সাধারণ লোকদের দলভুক্ত হইয়া থাকিতে আপনি অভিলাষী হইতেন। এ বিষয়ে প্রমাণ আরও যথেষ্ট আছে। তিনি আপনার বন্ধুগণের সঙ্গে আপনাকে সর্ব্বদা এক শ্রেণীভুক্ত করিয়া চলিতেন, এ জন্য পরিষ্কার ভাষায় আত্মসম্বন্ধে লিখিয়া গিয়াছেন, সমুদায় অবয়বের সম্মান কর, একটি অঙ্গের সম্মান করিও না (Honour not a limb but the whole body)। আমরা বা কোন কালে আমাদিগকে অসাধারণ শ্রেণীভুক্ত মনে করি এ ভয় তাঁহার বিশেষ ছিল। এ সম্বন্ধে সতর্ক করিতে তিনি ত্রুটি করিতেন না। তিনি আমি আর

কেউ নয় একা কমলকুটীরের উপরের বারাণ্ডায় ছিলাম, সে সময়ে তিনি আমায় বলিলেন, "দেখ গৌরগোবিন্দ, কুইনভিক্টোরিয়া হইতে আরম্ভ করিয়া যত যত বড় লোক ইহাদের সঙ্গে আমার আলাপ পরিচয় হইল। এ পরীক্ষা আমার জীবনে হইল, দেখিও তোমাদের জীবনে যেন এ পরীক্ষা না হয়।" একবার গোবরডাঙ্গা হইতে আসিবার পথে আমি আর তিনি গাড়ীতে আসি। পথে জীবনের পরীক্ষাবিষয়ে কথাবার্ত্তা হইতেছিল। তিনি বলিলেন, "দেখ আমি যদি মেয়েদের সঙ্গে মিশি আমার নিজের কোন অনিষ্ট হইবার সম্ভাবনা নাই, কিন্তু তোমাদের জন্য আমি সে অধিকার পরিত্যাগ করিয়াছি, কেন না আমি জানি যদি আমার দৃষ্টান্ত তোমরা গ্রহণ কর, বিধানধর্ম্ম বিপদ্‌গ্রস্ত হইবে।" রাস্তায় গাড়োয়ানেরা গাড়ী বদলাইতেছিল। এক খানি ভাঙ্গা গাড়ী হইতে আর এক খানি ভাঙ্গা গাড়ীতে তুলিয়া দিতেছিল। আমরা দুজনেই সমান, ইহার আর কোন প্রতিবাদ করিতে পারিলাম না। দমদমায় আসিয়া এক খানি দ্বিতীয় শ্রেণীর গাড়ীতে শেষ গাড়োয়ান যখন তুলিয়া দিল, সে গাড়ীখানি বাড়ীর গাড়ীর মত ঝক্‌ঝকে। সে সময়ে কমলকুটীরের দ্বারে সিপাহী পাহারা, গৃহে মহারাণীর বাস। ভাঙ্গা ছেক্‌ড়া গাড়ীতে গৃহে প্রবেশ একটা লজ্জার কথা, কিন্তু সে লজ্জা পাইতে হইল না। পথে এই উপলক্ষ করিয়া কেশবচন্দ্র আমায় বলিতে লাগিলেন, "দেখ আমরা ভাল গাড়ী চাই নাই। যখন যে গাড়ী আসিল, তাহাতেই রাজি হইয়া চলিতেছিলাম। এখন দেখ আমরা চাই নাই বলিয়া এমন ভাল গাড়ী মিলিল। জীবনের পথে এইরূপই ঘটে। কোন কিছু না বলিয়া ভগবান্ যখন যে অবস্থায় স্থাপন করেন আমাদের

তাহাতেই সন্তুষ্ট থাকা উচিত। তিনি জানেন, আমাদের পক্ষে কখন কি চাই। তাঁহার প্রতি যে ভার দেয়, আপনার বলিয়া কিছু রাখে না, তাহার সম্বন্ধে তিনি এইরূপই করেন। দেখ, আমি জীবনে তাঁহাকে ছাড়া কিছু চাই নাই, আমি উচ্চপদের ভিখারী ছিলাম না। চাই নাই বলিয়া আজ আমি কি হইয়াছি, বড় বড় লোকের সঙ্গে আমার এখন পরিচয়, কিন্তু ইহাতে আমার এই জন্য অহঙ্কার হয় না, কেন না আমি জানি এ সকল কিছুই আমার জন্য নয়, ভগবানের জন্য, আমার ইহাতে গৌরব করিবার কি আছে?" এ সকল কথা তিনি কেন প্রকাশ্যে বলিতেছিলেন? দীনতা, অকিঞ্চনতা, আমি কিছু নই, আমার সকলই ঈশ্বরের ঈশ্বর হইতে, এইটি আমাদের মনে মুদ্রিত করিয়া দেওয়ার জন্য তাঁহার প্রাণগত যত্ন ছিল। তিনি যাহাতে জীবনে সম্পন্ন হইয়াছেন, আমরাও তাহাতে সম্পন্ন হই, এই তাঁহার মনের ব্যাকুলতা ছিল বলিয়া তিনি এ সকল কথা বলিয়াছেন, কি জানি বা আমরা তাঁহার সমকক্ষ হই, এ ভয়ে এ সকল কথা বলেন নাই। তাঁহাতে ঈর্ষা অসম্ভব। ভগবন্নিদেশে তিনি আমাদের যাঁহার জীবনের যে কার্য্য নির্দ্দেশ করিয়া গিয়াছেন, আমরা মন্দ হইয়া গেলেও আমাদের জীবনে সেই কাজগুলি অবশভাবেও আমাদিগকে করিতে হইতেছে, এবং আমরা অবশভাবে সে সকল করিতেছি বলিয়া আমাদের যাহা কিছু বিশেষত্ব। তিনি এ বিষয়ে এক জন ভবিষ্যদর্শী এ কথা বলিলে কিছু দোষ হয় না, কেন না তাঁহার জীবনের কার্য্যের এ গুলি অন্তর্গত। স্বয়ং ভগবানই তাঁহার এ সকল বিষয়ে বিজ্ঞানদৃষ্টি দান-করিয়াছিলেন। একটি আশ্চর্য্যের কথা এই, ঈদৃশ বিজ্ঞানদৃষ্টিমান্ হইয়াও তিনি বন্ধুগণকে উপেক্ষা

করিতেন না। তিনি যাহা দেখিতেছেন, বন্ধুগণ তাহা দেখিতেছেন কি না, সেটি জানিবার নিমিত্ত কোন একটি বিশেষ কার্য্য করিবার পূর্ব্বে তিনি যেমন বন্ধুগণের অভিমত বুঝিতেন, তেমনি তাঁহাদিগের বিশেষ বিশেষ ভাব কি তাঁহা নিবন্ধ করিবার পূর্ব্বে আমায় তাঁহাদিগের বিশেষ বিশেষ ভাব লিখিয়া দিতে বলিয়াছিলেন। আমি যাহা লিখিয়া দি তিনি তাহা দেখিয়া বলিলেন, 'এখনও এ সকল ফোটে নাই।' তিনি যে দলের সকলকে মান্য করিতেন, তাহার প্রধান প্রমাণ এই যে, তিনি এই দলের অধীনে থাকিয়া আপনাকে নিরাপদ মনে করিতেন। তিনি পরিস্কার ভাষায় বলিয়াছেন, 'আমি বেঁচেছি তোমামোদে দলের হাত থেকে। যখন এ দলে আছি, তখন কোন দিন বিলাসী হইবার সম্ভাবনা নাই।' তিনি কোন প্রস্তাব উপস্থিত করিলে যদি একজনও উহার প্রতিবাদ করিতেন, অমনি সে প্রস্তাব সরাইয়া লইতেন আর দ্বিরুক্তি করিতেন না। তিনি যে বলিয়াছিলেন, আমি তিন স্থানে আত্মবিক্রয় করিয়াছি, 'ঈশ্বরের নিকটে, মণ্ডলীর নিকটে, দেশের নিকটে' এ কথা যে তাঁহার মুখের কথা নয়, জীবনে তাহার ভূরি ভূরি প্রমাণ দিয়া গিয়াছেন। আমাদের মধ্যে কে তাঁহার নেতৃত্ব স্বীকার করে না? কিন্তু তিনি কোনকালে নেতৃত্বের অভিমানে কোন কার্য্য করেন নাই। জীবনের শেষ সময়ে তিনি এমন কতকগুলি প্রার্থনা করিয়াছেন, যাহাতে মনে হয় জীবনের শেষভাগে তাঁহাতে নেতৃত্বের অভিমান জাগিয়াছিল, কিন্তু সে সকল যে সত্যের অনুরোধে তিনি বলিয়াছিলেন তাহাতে কেহ সংশয় করিতে পারেন না। এ সকল কথার মধ্যে একটী কথা অতিশয় ভয়ানক বলিয়া মনে হয় এবং সে কথায় নববিধা-

নের মূলমত পর্য্যন্ত কাটিয়া যায়। সে কথাটা এই, একটি মধ্য-বিন্দুতে দশ জন এক হইবে, এক হইয়া সকলে ভগবানেতে মগ্ন হইবে। দশ জন এক মন না হইলে ভগবানে মগ্ন হওয়া যায় না, এ বিধানের বিশেষত্ব এই। যে দেশে একা একা ভগবানের সঙ্গে যোগসাধন পূর্ব্ব হইতে চলিয়া আসিয়াছে, সে দেশে এ কথা নূতন। এক জন উপাসনা করিতেছেন, শত জন তাঁহার সহিত একহৃদয় হইয়া ভগবানের সন্নিধানে গমন করিয়াছেন, যেখানে এ দৃশ্য দৃষ্ট হইবে সেখানে একটি মধ্যবিন্দুতে দশ জন শত জন এক হইয়া ভগবানে মগ্ন হইবে এক কথা সিদ্ধ হইল। কেশবচন্দ্র এটি কিরূপে হয় তাহার দৃষ্টান্ত উৎসবে বহু হৃদয়ের একত্বে দিয়াছেন। এই এক দৃষ্টান্তেই বিষয়টি কি তাহা সকলে হৃদয়ঙ্গম করিতে পারেন। যদি কেহ বলেন এ মধ্যবিন্দু কেশবচন্দ্র আপনাকেই করিয়াছেন, কেন না তিনি আপনাকে নবদুর্গার নবসন্তান বলিয়া উপস্থিত করিয়াছেন, আপনার শত শত হস্ত শত শত চক্ষু শত শত কর্ণ কল্পনা করিয়াছেন, এমন কি পরিষ্কার বলিয়াছেন, যে ব্যক্তি সদল স্বর্গে ছিল তাহাকে বেদল করা কাহার সাধ্য, তাহা হইলে তিনি আপনাতে যে একত্ব (organic unity) দেখিতেন, প্রত্যেক সাধকের হৃদয়ে সেই একত্বের অবতরণ তিনি আকাঙ্ক্ষা করিতেন, এ কথা কে অস্বীকার করিতে পারে? দলের এক জনকে ছাড়িলেও তাঁহাকে গ্রহণ করা হয় না কেবল তিনি এই কথা বলিয়াছেন তাহা নহে, দলকে তিনি মধ্যবর্ত্তী করিয়া উপস্থিত করিয়াছেন। কাহারও ভিতর দিয়া জ্ঞান আসিতেছে, কাহারও ভিতর দিয়া বিশ্বাস আসিতেছে, কাহারও ভিতর দিয়া দেশানুরাগ আসিতেছে,

কাহারও ভিতর দিয়া বৈরাগ্য আসিতেছে, ইহাদের কাহাকেও অগ্রাহ্য করিয়া জীবনপথে অগ্রসর হইবার উপায় নাই। আশ্চর্য্য এই তাঁহার মুখে কোন দিন কাহারও নিন্দা শুনা যায় নাই। যে ব্যক্তিগণ তাঁহার নিন্দা ও কুৎসা করিত, তাহাদিগের বিষয় বলিতে গেলে তিনি তাহাদিগের ভাল দিক্ দেখিয়া তাহাদের সম্বন্ধে কথা বলিতেন। এক সময়ে এক ব্যক্তি তাঁহাকে অবমান-সূচক এক খানি পত্র লিখিয়াছিল, তিনি তাহা পাঠ করিয়া তাঁহার পার্শ্বস্থ বন্ধুকে বলিয়াছিলেন, দেখ লেখা কেমন সুন্দর! তিনি লোককে সমাদর করিতে জানিতেন অনাদর করিতে জানিতেন না। সকল লোকের ভিতরে যিনি কেবল দেবত্বের দিক্ দেখিতেন, তিনি কাহাকেও কি প্রকারে অনাদর করিবেন। সকলেই জানে তিনি বিশেষ করুণার মত প্রচার করিয়াছেন। এ মতে ঈশ্বরের পক্ষ-পাত ঘটে, ইহা দেখিয়া তিনি আপনি মীমাংসা করিয়াছেন যে, ঈশ্বরে পক্ষপাত নাই, তিনি সকলকেই সমান করুণা করিতেছেন, যে জন তাঁহার যত গুণ করুণা ধরিতে পারে, সে তাঁহার তত গুণ করুণা বোঝে। যে বুঝিল দশগুণ তাহার প্রতি দশগুণ, যে বুঝিল শত গুণ তাহার প্রতি শত গুণ, যে বুঝিল সহস্রগুণ তাহার প্রতি সহস্র গুণই তিনি করুণা করেন। তাঁহার করুণা প্রতিজনের প্রতি অজস্র বহিয়া চলিয়াছে, প্রতি ব্যক্তির করুণা ধরিতে পারার উপর উহার বিশেষত্ব নির্ভর করে।

আমরা সকলেই জানি, তিনি সর্ব্বপ্রথমে কোন সাধু বা মহাজনের আশ্রয়গ্রহণ করেন নাই, এক ঈশ্বরকেই তাঁহার জীবনের সর্ব্বস্ব করিয়াছিলেন। ভগবান্ যখন তাঁহাকে এক এক জন সাধুর সঙ্গে পরিচিত করিয়া দিলেন, তিনি তাঁহাদিগকে

গ্রহণ করিতে লাগিলেন, এবং পরিশেষে নববিধানে তাঁহারা ভক্তি-সূত্রে গ্রথিত হইয়া পড়িলেন। তাঁহার প্রকাশ্য জীবন দেখিয়া মনে হয়, মহর্ষি ঈশাকে তিনি সর্ব্ব প্রথমে গ্রহণ করিয়াছিলেন, কিন্তু দেখিতে পাই যখনই প্রকাশ্যে ঈশার বিধানের কথা বলিতেন তখনই তৎসহ মুষাকে গ্রথিত করিতেন। আমার মনে হয় ঈশার পূর্ব্বে মুষা তাঁহার জীবনে প্রকাশ পান, এবং সেই সময়ে তাঁহার জীবনে নীতির প্রাধান্য ছিল, এবং তাহাতেই সঙ্গতের উদয় হয়। মুষার নীতির সঙ্গে ঈশার উন্নততম নীতি যতই তাঁহার জীবনে উদিত হইতে লাগিল, তত মুষা ও ঈশার প্রভেদ বিলুপ্ত হইয়া ঈশাই তাঁহার জীবনে প্রাধান্যলাভ করিলেন। প্রথম প্রথম তিনি নিবৃত্তিযোগী ছিলেন, কিন্তু ঈশ্বরের ইচ্ছাপালনে জীবনে যত তৎপ্রতি অনুরাগ বাড়িতে লাগিল তত প্রবৃত্তিযোগ সম্যক্ প্রকারে তাঁহাকে অধিকার করিল; শ্রীচৈতন্যের সহিত সম্বন্ধ ঘনিষ্ঠ হইয়া উঠিল। কোন্ সময়ে শাক্য তাঁহার জীবনকে অধিকার করিলেন বলিতে পারা যায় না, কিন্তু সকল দুঃখের নির্ব্বাণ শাক্য হইতে হয় ইহা যে তিনি বিশ্বাস করিতেন তাঁহার রোগ-শয্যায় ইহার তিনি বিশেষ প্রমাণ দিয়াছেন। ঘোর যন্ত্রণার সময়ে 'বুদ্ধের মা শাক্যের মা, নির্ব্বাণ দাও নির্ব্বাণ দাও।' এই প্রার্থনা এই বুঝায় যে, তিনি সকল মহাপুরুষদিগকে আপনার হৃদয়ে গাঁথিয়া রাখিয়াছিলেন, যখন যাঁহার প্রয়োজন তখন তাঁহার সহিত এক হইয়া ঈশ্বরের শরণাপন্ন হইতেন, তাঁহাদিগের ভাব তাঁহার নিত্য ভাব ছিল। তিনি প্রত্যাদেশসম্বন্ধে যেমন বলিয়াছেন—"যাঁহাদের এখন এক প্রকার প্রত্যাদেশ আর এক সময়ে আর এক রকম, আমি তাঁহাদের মধ্যে নাই। আজ যাহা বলা

হইবে চিরকাল তাহা বলা হইবে।”—তাঁহার জীবনসম্বন্ধেও সেই একই কথা। তাঁহার জীবনে যে সকল সোপান প্রকাশ পাইয়াছে, সে সকল তাঁহার অনন্ত উন্নতির ধর্ম্মের কোন এক বিভাগে ছিল না, সকল বিভাগেই উহার অধিকার চির দিন ছিল। প্রেম ছিল না প্রেম আসিল, ভক্তি ছিল না ভক্তি আসিল, যোগ ছিল না যোগ আসিল, কিন্তু এ সকলই অনন্ত বলিয়া ইহাদের উচ্চ হইতে উচ্চতর প্রকাশ কোন কালে জীবনে অবরুদ্ধ হয় নাই। রোগজর্জ্জরিত শরীরে নির্ব্বাণের নিমিত্ত প্রার্থনা এই দেখাইয়া দেয় যে, নির্ব্বাণের ক্রিয়া তাঁহার জীবনে এক দিনে শেষ হয় নাই, কিন্তু যখনই প্রয়োজন তখনই তিনি উহার আশ্রয় গ্রহণ-করিতেন। শেষ সময়ে রোগের মাত্রা তাঁহাতে এত দূর বাড়িয়াছিল যে এক যোগের সহায়তায় তিনি রোগের দারুণ যন্ত্রণা অতিক্রম-করিতেন। এ যোগকেও কিন্তু তিনি রোগের যোগ বলিয়া বিশ্বাস করিতেন, রোগ গেলে উহা থাকিবে কি না তাহা তিনি জানিতেন না। এ সকলই দেখাইয়া দেয় তাঁহার জীবনের অবস্থাভেদে যোগাদির নব নব আবির্ভাব ও তিরোভাব ঘটিত। তিরোভাব চিরতিরোভাব নহে, কিন্তু পুনরায় নব আকারে আবির্ভাবের নিমিত্ত অবকাশ-দান। তিনি আরূঢ় অবস্থাতেও আপনাকে সকলের সঙ্গে সম-ভূমিতে রাখিতেন, কখন এ কথা বলিতেন না আমি যে ভূমিতে আরোহণ করিয়াছি সে ভূমিতে আরোহণ করিতে আর কাহারও অধিকার নাই। যদি তিনি এরূপ ভাবিতেন, তাহা হইলে তিনি যে জন্য জীবনধারণ করিয়াছিলেন তাহাই বিফল হইয়া যাইত। যদি তিনি বলিয়া থাকেন, আমার এ কথার যাহারা অনুসরণ করিবে না তাহাদের অধঃপতন নিশ্চয়, তাহা হইলে তিনি আপ-

যাকে অলৌকিক পুরুষ মনে করিয়া এ কথা বলিয়াছেন তাহা নহে। ঈশ্বরের নিকটে তিনি যাহা শুনিতেন তাহাই বলিতেন, আপনি কোন কথা রচনা করিয়া বলিতেন না। ঈশ্বরের কথা শুনিয়া তাহা প্রচার, এটিকে তিনি অসাধারণতার পরিচয় বলেন নাই। ইহা যে অসাধারণতার পরিচয় নয় তাহা সত্য। যিনি Uncle Thom's Cabin লিখিয়াছিলেন, তাঁহাকে এক ব্যক্তি জিজ্ঞাসা করিয়াছিলেন, আপনিই না Uncle Thoms Cabin লিখিয়াছেন? তাহাতে তিনি উত্তর দিয়াছিলেন,'কৈ আমিতো লিখি নাই।' জিজ্ঞাসু ব্যক্তি আশ্চর্য্য হইয়া পুনরায় বলিলেন,সকলেই বলে আপনি লিখিয়াছেন, আপনি কেন বলিতেছেন আমি লিখি নাই? তিনি ইহার উত্তর দিলেন, আমি কোন দিন দক্ষিণ আমেরিকায় যাই নাই, আমার ঘরে বসিয়া আমি উহার যে ছবি দেখিয়াছি, তাহাই লিখিয়া গিয়াছি, সুতরাং আমি কিরূপে বলিব, আমার উহা লেখা। "যাহা কহে গৌরচন্দ্র তাহা মুঞি গায়, কাষ্ঠের পুতুলি যেন কুহকে নাচায়" "হৃদিগতজগদীশাদেশমাসাদ্য সদ্যঃ" এ সকল প্রাচীন কথা ঐ কথাই বলে। বর্ত্তমান কালের বিজ্ঞান-বিদ্‌গণও এ সত্যের সাক্ষ্য দেন। তাঁহারা বলেন, মনকে পূর্ব্ব-সংস্কারবর্জ্জিত করিয়া এক খানি সাদা কাগজের মত করিলে, উহাতে আপনি আসিয়া সত্য অবতরণ করে। কেশবচন্দ্র এই কথাই বলিয়াছেন। হৃদয়ের দ্বার খুলিয়া দিলে, সত্যের আলোক আসিয়া উহাতে আপনি প্রবেশ করে, এ কথা তিনি অনেকদিন পূর্ব্বে বলিয়াছেন। যে সকল কথা তিনি ঈশ্বরের নিকটে শুনিয়া বলিয়াছেন, সে সকল কথা যে ব্যক্তি অগ্রাহ্য করিবে তাহার যে অসদ্গতি হইবে, ইহা বলিতে তাঁহার কুণ্ঠিত হইবার কোন কারণ

ছিল না। তিনি একা আপনাকে প্রত্যাদিষ্ট মনে করিতেন, আর কাহারও প্রত্যাদেশ হয় না, যদি এ মত পোষণ করিতেন, তাহা হইলে তিনি আপনাকে অলৌকিক পুরুষ করিতেন তাহাতে আর সংশয় কি? তিনি যখন বলিয়াছেন,—"নববিধানের মধ্যে এ প্রকার (সাক্ষাৎপ্রত্যাদিষ্ট) লোক ৫০জন থাকিতে পারিবে। কাহারও পাঁচ বিষয়ে কাহারও পঞ্চাশ বিষয়ে প্রত্যাদেশ থাকিবে। আমি এই প্রকার লোকদিগের মধ্যে এক জন।"—তখন তিনি আপনাকে অলৌকিক পুরুষ করিয়াছেন, এ কথা বলে কাহার সাধ্য? তিনি যে তাঁহার বন্ধুগণকে অতি সম্ভ্রমের সহিত দেখিতেন তাহার প্রমাণ এই যে, আমি এক সময়ে তাঁহাকে জিজ্ঞাসা করিয়াছিলাম, ইঁহারা সকলেই অতি শ্রেষ্ঠ ব্যক্তি অথচ ইঁহারা কেন বলেন, আমাদের ঈশ্বরদর্শন হয় না? তদুত্তরে তিনি বলিয়াছিলেন, "আমাদের অল্পেতে সানায় ইঁহাদের অল্পেতে সানায় না।" কৈ তিনিতো আপনা হইতে কাহাকেও অধঃকরণ করিলেন না, বরং আপনা হইতে শ্রেষ্ঠ বলিয়াই স্বীকার করিলেন। ইহা এক দিনের কথা নয়। তিনি তাঁহার ইংরাজী প্রার্থনায় ঈশ্বরের নিকটে তাঁহার বন্ধুগণকে আপনাপেক্ষা শ্রেষ্ঠ লোক বলিয়া জানাইয়াছেন, তবে তাঁহারা তাঁহার মত সাহসী নন বলিয়া তাঁহাদের হইয়া তিনি নিকটে আসিয়াছেন, এই কথা বলিয়াছেন। তিনি আপনার বন্ধুগণকে শ্রেষ্ঠ বলিয়া গ্রহণ করিয়াছেন, বাহিরের লোকদিগকে করেন নাই এ কথাই বা কি প্রকারে বলিব? যিনি কেন হউন না প্রত্যেক সাধক ভক্তদিগকে তিনি সম্মান করিতেন এবং জন কয়েকেতে প্রেরিতত্ব বদ্ধ না রাখিয়া ভবিষ্যতে বহুসংখ্যক প্রেরিতের আগমনের পথ উন্মুক্ত রাখিয়াছেন। যে

কোন ব্যক্তি বিশেষ বেদ শিখাইতে আসিবেন, তিনি আপনি তাহা স্বীকার না করুন, তিনি তাঁহাকে প্রণত হইয়া প্রেরিত বলিয়া গ্রহণ করিবেন, এ কথা বলা কিছু সহজ নহে। তিনি যে অতিশয় নিরভিমান এতদপেক্ষা আর তাহার বিশেষ প্রমাণ কি হইতে পারে? যত দিন আমরা তাঁহার ভাবাপন্ন না হইতেছি, তত দিন আমরা যে এ বিধানের লোক তাহা কিছুতেই স্বীকার করিতে পারিতেছি না। তিনি প্রার্থনাতে জীবন আরম্ভ করিয়া একবারও স্খলিত না হইয়া উচ্চ হইতে উচ্চ অবস্থায় আরোহণ করিলেন, পরিশেষে এমন ভূমিতে আসিয়া উপস্থিত হইলেন যেখান হইতে আর নামিবার সম্ভাবনা নাই, এই এক ব্যাপারই তাঁহার নিরভিমানতা দেখাইয়া দিতেছে। আমি কিছুই নই ঈশ্বরই সব, এইটি যাঁহাতে হইয়াছে তাঁহারইতো আরূঢ়াবস্থা। পৃথিবীর যে কোন লোককে ঈশ্বরের অনন্ত করুণার পাত্র এবং তাঁহার প্রিয় জন, আপনি তাহাদের ক্ষুদ্র সেবক, এই দৃষ্টিতে যে ব্যক্তি আপনাকে দেখে, সেইতো মানবধর্ম্মে সিদ্ধ। কেশবচন্দ্রে এ দুইই সিদ্ধ হইয়াছিল বলিয়া তাঁহাকে আরূঢ়াবস্থার লোক বলিতেছি। এই আরূঢ়াবস্থা কেমন করিয়া সকলে জীবনে লাভ করিতে পারেন তাহা তিনি দেখাইয়া গিয়াছেন, তাই কেশবচন্দ্রকে 'আশার চন্দ্র' বলিতেছি। তিনি যে পাপী তাপী সকলেরই আশার চন্দ্র, এ কথার আর কোন প্রতিবাদ নাই। ঈশ্বর করুন, আমাদের প্রতিজনের জীবনে কেশবচন্দ্র জন্মগ্রহণ করিয়া তাঁহার আরূঢ়াবস্থায় আমাদিগকে উত্তোলন করুন, আমরা নববিধানের লোক হইয়া কৃতার্থ হই। এক দিকে ঈশ্বরসর্ব্বস্ব অন্যদিকে সমগ্র মানবমণ্ডলীর সেবক—সকল অভিমান পরিহার করিয়া—

সকলের সঙ্গে এক হইয়া— যত দিন না এ উভয় আমাদের জীবনে সিদ্ধ হইতেছে তত দিন আমরা কেবচন্দ্রের ধর্ম্মজীবন গ্রহণ-করিয়াছি এ কথা কিছুতেই বলিতে পারি না। যাহাতে আমাদের জীবন তাঁহার জীবন বলিয়া প্রমাণিত হয়, ইহাই আমাদের হৃদ্গত প্রার্থনা।

বর্ত্তমান যুগধর্ম্ম ।

বৰ্ত্তমান যুগধৰ্ম্ম।*

ব্রাহ্মধর্ম্ম এবং ব্রাহ্মসমাজ এখন সর্ব্বত্র প্রসিদ্ধ। যেখানে সভ্যতার আলোক প্রবিষ্ট হইয়াছে, সেখানেই ইহার নাম সকলে অবগত। এই ব্রাহ্মধর্ম্ম এবং ব্রাহ্মসমাজের সঙ্গে তিনটি নামসংযুক্ত রহিয়াছে, এ তিন নাম আর এখন কাহারও অবিদিত নহে। পিতামহ রাজা রামমোহন রায়, পিতা দেবেন্দ্রনাথ ঠাকুর এবং কেশবচন্দ্র সেন, এ তিন ব্যক্তি সকলের সমান আদরণীয়। এক জন পিতামহ, এক জন পিতা, আর এক জন পুত্রস্থানীয়, ইহা বলা বোধ হয় কোনপ্রকারে অত্যুক্তি নহে। যিনি শেষোক্ত ব্যক্তি, আজ তাঁহার জন্ম দিন; সেই দিন উপলক্ষে আমরা এখানে সকলে সমবেত হইয়াছি। এ দিনে "বর্ত্তমান যুগধর্ম্ম" বিষয়ে কিছু বলা নিতান্ত সঙ্গত, কেন না আজ যিনি জন্মিয়াছিলেন, তিনি বর্ত্তমান যুগধর্ম্মের সহিত বিশেষভাবে সংযুক্ত।

"বর্ত্তমান যুগধর্ম্ম" এই শব্দটি শুনিবামাত্র আমাদের মনে প্রশ্ন উপস্থিত হয়, যুগধর্ম্ম কি? ধর্ম্ম কিছু আজ কালিকার পদার্থ নহে, ইহাতো নিত্যকালই আছে; তবে আর ইহার সঙ্গে পুরাতন যুগ, বর্ত্তমান যুগ, এ প্রকার বিশেষণ যোগ করিবার প্রয়োজন কি? ধর্ম্ম নিত্যকাল আছে তাহাতে আর সন্দেহ কি? কিন্তু মানবসমাজে

---

* শ্রীমৎ কেশচন্দ্র সেনের সপ্তপঞ্চাশত্তম জন্মোৎসব দিবসোপলক্ষে প্রদত্ত বক্তৃতার সার।

ধর্ম্মের প্রকাশের কি তারতম্য নাই? সকল কালে সকল দেশে কি ধর্ম্ম চির দিন একই আকারে ব্যক্ত হইয়াছে? ধর্ম্মসম্বন্ধে জনসমাজের কি নিত্য অবস্থা পরিবর্ত্তন ঘটিতেছে না? এক সময়ে যে ধর্ম্মে লোকে অণুমাত্র সংশয় প্রকাশ করে নাই, সময়ে আবার সেই ধর্ম্মের উপরে লোকের সংশয় উপস্থিত হয়। কেবল সংশয় উপস্থিত হয় তাহা নহে, ধর্ম্মাধর্ম্মবিচার বিলুপ্ত হইবার উপক্রম হয়। এই যে সঙ্কট সময়, যে সময়ে ধর্ম্ম ও অধর্ম্মের সংগ্রাম উপস্থিত, এই সময়ে ধর্ম্মের নবভাবের বিকাশের প্রয়োজন হইয়া পড়ে, অন্যথা লোকের মনের সংশয় তিরোহিত হয় না। সংশয় হয় কেন? প্রচলিত ধর্ম্ম মনুষ্যসমাজকে যত দূর উন্নত করিয়াছে, তদপেক্ষা আরও উহাকে উন্নত করিতে অসমর্থ, অথচ জনসমাজের এমন অবস্থা পরিবর্ত্তন হইয়াছে যে, উহাকে প্রচলিত ধর্ম্ম পূর্ব্বাবস্থায় বদ্ধ করিয়া রাখিতে পারে না। সুতরাং উপস্থিত উন্নতির সঙ্গে তৎকালসিদ্ধ ধর্ম্মের বিরোধ ঘটে। এ বিরোধ একেবারে ধর্ম্মের উপরেই সংশয় আনিয়া উপস্থিত করে। এই সংশয় নিরসন করিয়া দূরতর ভবিষ্যতের উন্নতির বীজ বক্ষে লইয়া যে ধর্ম্মের অভ্যুত্থান হয়, সেই ধর্ম্মকে সেই যুগের ধর্ম্ম বলিয়া পণ্ডিতেরা নির্দ্দেশ করেন। বর্ত্তমান সময়ে যদি জনসমাজের তাদৃশ অবস্থা উপস্থিত হইয়া থাকে, এবং সে অবস্থা নিরসন পূর্ব্বক দূরতর ভবিষ্যতে [illegible]স্থার উপযোগী কোন ধর্ম্ম পৃথিবীতে অবতরণ করিয়া থ[illegible] হইলে উহাকে "বর্ত্তমান যুগধর্ম্ম" এই আখ্যা অর্পণ করা [illegible]।

পৌরাণিকেরা বলিয়া থাকেন, যখন ধর্ম্মের বিপ্লব উপস্থিত হয় তখন স্বয়ং ভগবান্ সেই ধর্ম্মবিপ্লব নিবারণ জন্য অবতীর্ণ হন।

পরিত্রাণায় সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাম্।
ধর্ম্মসংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে॥

যখন ধর্ম্মধন পৃথিবী হইতে অপহৃত হয়, জীব অধর্ম্মে নিপীড়িত হইতে থাকে, তখনই ভগবানের অবতরণের সময়। অধর্ম্ম বিনাশ ও ধর্ম্ম সংস্থাপনের জন্য যাঁহাদিগের উদয় হয়, পৌরাণিকেরা তাঁহাদিগকে অবতার আখ্যায় আখ্যাত করেন, কবিগণ ইহাঁদিগকে বীর নামে অভিহিত করেন। বীর দুই প্রকার—ধর্ম্মবীর ও যুদ্ধবীর। দস্যু বা অসুরের উৎপাতে ধর্ম্ম বিপদ্‌গ্রস্ত, ন্যায়ান্যায় তিরোহিত, সুতরাং দস্যু ও অসুরগণকে সমরে পরাজয় করিয়া ধর্ম্মসংস্থাপন করা এই বীরশ্রেণীস্থ ব্যক্তির কার্য্য। ফলতঃ দেশীয় শাস্ত্রমতে অনন্ত ব্রহ্ম আপনি আপনাতে সর্ব্বদা অবস্থিত। চিচ্ছক্তি যখন সৃষ্টির উন্মুখীন হয়, তখন প্রথমাবতারের অভিব্যক্তি হইয়া থাকে। এই প্রথমাবতার পুরুষাবতার। পুরুষাবতার বিদেশীয় শাস্ত্রে Word ও Logos নামে অভিহিত। যিনি পুরুষাবতার, স্বয়ং তিনিই কি ধরাধামে অবতরণ করিয়া অসুরনাশ ও ধর্ম্মসংস্থাপন-ব্যাপার নিষ্পন্ন করেন? না, তাঁহার অংশ, অংশাংশ বা কলা দ্বারা এই কার্য্য সাধিত হয়। বৈষ্ণবগণ কৃষ্ণকে স্বয়ং ভগবান্ বলিয়া থাকেন, কিন্তু ইহা কে না জানেন যে, বলরাম ও কৃষ্ণ শাস্ত্রমতে সেই পুরুষাবতারের এক এক গাছী শুক্ল ও কৃষ্ণকেশ মাত্র।

পৌরাণিকেরা যাঁহাদিগকে অবতার বলেন; অপর দেশে তাঁহা-

দিগকেই ঈশ্বরপ্রেরিত মহাজন বলিয়া থাকেন। আধুনিক সময়ে এই সকল ব্যক্তিকে অসাধারণধীশক্তিসম্পন্ন (Genius) আখ্যা প্রদত্ত হয়। কোন কোন ব্যক্তি যুগে যুগে উত্থিত ব্যক্তিগণের অসাধারণতা স্বীকার করেন না। তাঁহারা বলেন, প্রাকৃতিক নিয়মে মানুষের ক্রমিক উন্নতি হইতেছে। ক্রমিক উন্নতির ভিতরে তারতম্য থাকিলেও যে সকল ব্যক্তি একই সময়ে বাস করেন, তাঁহাদিগের মধ্যে সাধারণ ও অসাধারণ এ প্রকার প্রভেদ করা অসঙ্গত। কেন না যাঁহাদিগকে সাধারণ মনে করা হয়, তাঁহারা অনুকূল অবস্থায় প্রযত্ন দ্বারা অসাধারণ হইতে পারেন। একই সময়ে যাঁহারা জন্মগ্রহণ করিয়াছেন, তাঁহারা একই প্রকার অবস্থাধীনে বাস করিতেছেন, সুতরাং যদি তাঁহাদিগের প্রযত্ন থাকে তাহা হইলে তাঁহারা সকলেই অসাধারণ ব্যক্তি হইবেন। অবস্থা ও প্রযত্ন এ দুই কথা তত পরিষ্কার নহে, এজন্য এই সকল ব্যক্তির ঈদৃশ ভ্রম উপস্থিত হয়। অতএব অবস্থা কি, এইটি অগ্রে ব্যক্ত হইলে অসাধারণত্ব প্রযত্নসাধ্য কিনা তাহা প্রকাশ পাইবে।

আমরা যাহার মধ্যে অবস্থিত তাহাই আমাদিগের অবস্থা। চারিদিকের অবস্থাকে বিজ্ঞানবিৎ পণ্ডিতেরা Environment শব্দে অভিহিত করেন। একটি বৃক্ষ যখন পরিবর্দ্ধিত হয়, তখন আমরা মনে করি, যে মৃত্তিকা হইতে উহা উত্থান করিতেছে, ঐ মৃত্তিকা তাহার অবয়বাদিবৃদ্ধির হেতু। চারিদিকের বায়ুমণ্ডলী ও সূর্য্য-কিরণ তাহার বৃদ্ধিবিষয়ে সাহায্য করে বটে, কিন্তু মৃত্তিকাই তাহার প্রধান পোষণসামগ্রী, মৃত্তিকার বিবিধ উপাদান উহার মধ্যে প্রবিষ্ট

হইয়া উহাকে দিন দিন পূর্ণকায় করিয়া তুলিতেছে। ফলতঃ আমরা যাহা মনে করিতেছি, উহা ভ্রম। বিজ্ঞানবিৎ পণ্ডিতেরা পরীক্ষা করিয়া দেখিয়াছেন, মৃত্তিকায় রোপিত বৃক্ষে তাহা হইতে উপাদান আসিয়া উহাকে পরিবর্দ্ধিত করে না। মৃত্তিকা পরিমাণ করিয়া লইয়া উহা একটি গামলায় স্থাপনপূর্ব্বক উহাতে একটি বীজ রোপিত হয়। সেই বীজ হইতে যে বৃক্ষ উৎপন্ন হয়, তাহা অতি সাবধানে রক্ষা করিয়া চারি বৎসর বাড়িতে দেওয়া হইল। পরে গামলার মৃত্তিকার পরিমাণ দেখা হইল,উহার পরিমাণের ন্যূনতা লক্ষিত হইল না,অথচ বৃক্ষটি পরিমাণাদিতে বাড়িয়াছে। এই দৃষ্টান্ত টি এখন অসাধারণ ব্যক্তিগণের জীবনে সংলগ্ন করিয়া দেখা যাউক, তাঁহারা যে সমাজে জন্মগ্রহণ করিয়াছেন, সেই সমাজ তাঁহাদিগকে অসাধারণ করিয়াছে, অথবা তদতিরিক্ত আর কিছু তাঁহাদিগের অসাধারণতার হেতু।

ধর্ম্মবিপ্লবনিবারণ জন্য যে সকল অসাধারণ ব্যক্তির অভ্যুদয় হয়, তাঁহারাই আমাদের আজ আলোচনার বিষয়। তাঁহারা যে সমাজে জন্মগ্রহণ করিলেন সে সমাজ তাঁহাদের অনুকূল না প্রতিকূল? সমাজের ধর্ম্মাদি দূষিত হইয়াছে, তাই তাঁহাদের আসিবার প্রয়োজন হইয়াছে। বর্ত্তমান সমাজ তাঁহাদিগকে বিনাশ করিতে উদ্যত, উহা তাঁহাদিগকে বর্দ্ধিত হইতে দিবে কেন? প্রচলিত ধর্ম্ম, প্রচলিত মতামত, প্রচলিত আচার ব্যবহার সকলেরই প্রতিকূলে তাঁহারা দাঁড়াইলেন। সুতরাং বলিতে হইবে, যে সমাজে তাঁহাদের জন্ম তাহা হইতে তাঁহারা আপনাদের পোষণোপায় কিছুই

পাইলেন না, তবে সেই সমাজের ধর্ম্মাদির অন্তরালে বিন্দু বিন্দু যে কিছু সত্য ছিল, তাহাই তাঁহাদের জীবনের উপাদানে সামান্ত মাত্র প্রবেশ করিল, কিন্তু তাহাতে তাঁহারা অসাধারণ হইবেন দূরের কথা, তাঁহাদের বৰ্দ্ধিত হইবার পক্ষেই সমূহ বাধা উপস্থিত। এ অবস্থায় চারিদিকের বায়ুমণ্ডলী হইতে তাঁহাদিগকে উপাদান সংগ্রহ করিতে হইল। এ উপাদান কিন্তু সাধারণ চক্ষুর অগোচর। শত শত লোক সেই বায়ুমণ্ডলী মধ্যে বিচরণ করিতেছে, অথচ তাহা হইতে নব নব উপাদান সংগ্রহ করিয়া আপনাদের অসাধারণত্ব নিষ্পন্ন করিবে, তাহাদিগের মধ্যে তদুপযোগিতা নাই। অসাধারণ সামর্থ্য লইয়া যাঁহারা জন্মগ্রহণ করিয়াছেন, তাঁহারাই কেবল ঐ সকল উপাদান আত্মসাৎ করিয়া বৰ্দ্ধিত হন, এবং সাধারণ লোকে তাঁহাদের অলৌকিক সামর্থ্যের নিকটে মস্তক অবনত করে।

আমরা যাহা বলিলাম, তাহাতে কি প্রমাণ হয়? এই প্রমাণ হয় যে, জনসমাজের ক্রমিক অবস্থা পরিবর্ত্তন এবং এক এক সময়ে নববিধ উন্নতির সোপান প্রবর্ত্তিত করিবার জন্য আগত মহাজনগণ জগতের অন্তঃস্থিত এক মহতী ইচ্ছাশক্তি হইতে সমুৎপন্ন। এ স্থলে মানুষের হাত অতি অল্পই আছে। অসাধারণ পরিবর্ত্তন বা অসাধারণ জনগণের কথা দূরে, আমরা সকলে সাধারণ ব্যক্তি হইয়াও কি আমাদের সম্বন্ধে এই কথা বলিতে পারি, আমরা আপনারা জন্মগ্রহণ করিয়াছি, আমরা আপনারা আমাদের জীবনের নিয়ামক, আমাদিগের চারিদিকের অবস্থা (Environment) আমাদের

ক্রিয়ার ফল। আমাদিগের নিজের সম্বন্ধে যেরূপ এ কথা বলিতে পারি না,সেইরূপ আমাদিগের পূর্ব্ব পূর্ব্ব কালের ব্যক্তিগণের সম্বন্ধেও সেইরূপ আমরা সে কথা বলিতে অসমর্থ। পূর্ব্বপূর্ব্বাবস্থা ভাবিতে ভাবিতে চিন্তাপথে এমন এক আদিমকালে আমরা উপস্থিত হই, যে কালে আমাদের পূর্ব্ব পুরুষগণ অসভ্য বর্ব্বর ছিলেন, তাঁহারা আপনারা চিন্তা করিয়া উপায়োদ্ভাবন করিয়া অবস্থা পরিবর্ত্তন করিবেন সে সামর্থ্য তাঁহাদিগেতে প্রস্ফুটিত হয় নাই। তাঁহাদিগকে পরিবেষ্টন করিয়া যে এক মহতী ইচ্ছাশক্তি নিয়ত বিদ্যমান তাঁহারই ক্রিয়াতে তাঁহাদের অবস্থা পরিবর্ত্তিত হইতে হইতে সভ্যতম জাতির অভ্যুদয় হইয়াছে।

ইউরোপে দুই শ্রেণীর চিন্তাশীল ব্যক্তি আছেন। এক শ্রেণীর চিন্তাশীল ব্যক্তিরা বলেন, ফলাফল দেখিয়া কার্য্য করিতে হইবে, আর এক শ্রেণীর চিন্তাশীল ব্যক্তিরা বলেন, মানুষ কোন কার্য্যের ফলাফল বিচার করিতে সমর্থ নহে। বিজ্ঞানজগতে অনেক মহত্তম উন্নতির ব্যাপার সাধিত হইয়াছে, অথচ সেই ব্যাপারের প্রথম প্রবর্ত্তনসময়ে উহা ক্রীড়াসাধনমাত্র ছিল। যে ব্যক্তি উহার প্রবর্ত্তক তিনি জানিতেন না যে, ভবিষ্যতে উহা হইতে অলৌকিক কার্য্য সাধিত হইবে। যে মহতী ইচ্ছাশক্তির কর্ত্তৃত্বে সেই সকল সামান্য ব্যাপার হইতে মহত্তম ফল উৎপন্ন হইয়াছে, তিনিই কেবল ঐ সকলের ভবিষ্যৎ গতি কি হইবে জানিতেন,এবং এখনও ঐ সকল হইতে কি হইবে অবগত আছেন। আজ এক জন আশু লাভের প্রত্যাশায় মিথ্যা কথা বলিল, কিন্তু সেই এক মিথ্যা কথার দূষিত ফল বংশানু-

ক্রমে বিস্তৃত হইবে না, কে বলিতে পারে? এক জাতির উত্থান ও পতন, পতন হইতে আবার পুনরুত্থান, বর্ব্বর জাতির সভ্যতালাভ, সভ্য জাতির অবনতি হইয়া আবার পুনরায় উন্নতি, এ সকল ঐতিহাসিক ঘটনার মধ্যে সেই এক লোকাতীত শক্তির ক্রিয়া বিদ্যমান। ফলতঃ চারি দিকের অবস্থাপরিবর্ত্তনের মধ্যে মানুষের অতীত যে এক মহান্ জ্ঞানময় পুরুষের ক্রিয়া দৃষ্ট হয়, তাঁহা হইতেই যুগধর্ম্মের অভ্যুদয়। যুগধর্ম্ম বা বিধানের আগমন যে বিজ্ঞানসিদ্ধ বিজ্ঞানবিরুদ্ধ নহে, আমরা এত ক্ষণ যাহা বলিলাম তাহাতে প্রতিপন্ন হইল। এখন আমরা প্রস্তাবিত বিষয়ের অনুসরণ করি।

মানবসমাজ যখন এক ক্রমোন্নতির সোপান অতিক্রম করিয়া অপর সোপানে আরোহণ করিতে উপক্রম করে, তখন উহার মধ্যবর্ত্তী অবস্থা ঘোর অন্ধকারে আচ্ছন্ন। এই অন্ধকারের সময় আশ্রয় করিয়াই পৌরাণিকেরা বর্ণন করেন, পৃথিবী অধর্ম্মের ভারে নিতান্ত নিপীড়িত হইয়া ভগবানের নিকটে রোদন করিতে করিতে গমন করিলেন, দেবগণ দানবদিগের অত্যাচারে ত্রস্ত হইয়া তাঁহার শরণাপন্ন হইলেন, ভগবান্ তাঁহাদের রোদনাবেদন শ্রবণ করিয়া তাঁহাদিগের দুঃখ নিরসন জন্য পৃথিবীতে অবতরণ করিবেন বলিয়া তাঁহাদিগকে সান্ত্বনা দিলেন, এবং তাঁহার অবতরণের পূর্ব্বে দেবগণকে ভূতলে জন্মগ্রহণ করিতে আদেশ করিলেন। আমরা পূর্ব্বেই বলিয়াছি, শাস্ত্রমতে ভগবানের অবতরণ অংশাংশ বা কলায় ঘটিয়া থাকে, পূর্ণ ভগবান্ স্বয়ং অবতরণ করেন এরূপ কোথাও নাই। যেখানে "স্বয়ং" শব্দ আছে, সেখানে উহা অংশেতে পূর্ণ দৃষ্টি বশতঃ।

অংশাংশ বা কলার অর্থ মানবে দেবভাবের আবির্ভাব। যুগাবতার, মন্বন্তরাবতার, আবেশাবতার, স্বরূপাবতার, ইত্যাদি নানাপ্রকার অবতার পৌরাণিকেরা বর্ণন করেন। মানুষকে ঈশ্বরের অবতার বলিয়া গ্রহণ আদিম অবস্থায় ইহা সর্ব্বত্র প্রচলিত ছিল। যে কোন ব্যক্তি অদ্ভুত শক্তি প্রকাশ করিয়াছেন, অথবা অজ্ঞাত বিষয় শিক্ষা দান করিয়াছেন, তাঁহাকেই তৎকালের লোকেরা সাক্ষাৎ দেবতা বলিয়া গ্রহণ করিয়াছে। সুতরাং মানিতে হইবে, কেবল ভারতবর্ষ নহে, এক সময়ে প্রায় সকল দেশই অবতারবাদী ছিল।

কালে অবতারবাদের তিরোধান হইল, কিন্তু যাঁহারা এ সময়ে অবতারের স্থলাভিষিক্ত হইলেন, তাঁহারা মানুষ হইয়াও সাধারণ মনুষ্যগণের সমশ্রেণী বলিয়া পরিগণিত হইলেন না। এক দিকে ঈশ্বর, অপর দিকে মনুষ্য, এ দুইয়ের মধ্যস্থল ইহাঁরা অধিকার করিলেন। সাধারণ মনুষ্যগণের সহিত ঈশ্বরের কোন সাক্ষাৎ সম্বন্ধ নাই, তাহারা নিজে ঈশ্বরের কোন অভিপ্রায় জানিবে ইহা তাহারা কখন আশা করিতে পারে না, সুতরাং এই মধ্যবর্ত্তী অসাধারণ মানবগণ তাহাদিগের নিকটে ঈশ্বরের অভিপ্রায় জ্ঞাপন করিতেন, ইহাঁরা যাহা বলিতেন তাহাই তাহারা ঈশ্বরের অভিপ্রায় বলিয়া বিশ্বাস করিত, এবং কোন কথা না বলিয়া উহার অনুসরণ করিত। অবতারবাদের সময় অতিবাহিত হইয়া মধ্যবর্ত্তিত্ববাদ আসিবে, এই সঙ্কীর্ণ সময়ে যে সকল অসাধারণ ব্যক্তির অবতরণ হইয়াছে, সাধারণ লোকে তাঁহাদিগকে অবতাররূপেই গ্রহণ করিয়াছে। মহর্ষি ঈশাকে আজ পর্য্যন্ত তাঁহার শিষ্যগণ ঈশ্বর

বলিয়া গ্রহণ করেন, পিতা ঈশ্বরের সহিত তাঁহাদিগের কোন সম্বন্ধ নাই। অনেকে ঈশ্বরের সহিত সম্বন্ধ সম্ভব ইহাও বিশ্বাস করেন না। অবতীর্ণ উপদেষ্টা ঈশ্বর, এ মত কেবল খ্রীষ্ট সমাজের নহে, ইহা হিন্দুগণেরও মত।

পূর্ব্বেষামপি গুরুঃ কালেনানবচ্ছেদাৎ।

"সেই ঈশ্বরই পূর্ব্ববর্ত্তী গুরুগণের নিত্যকাল হইতে গুরু" পাতঞ্জলের এই মত আজ ব্রাহ্মসমাজে প্রতিধ্বনিত হইতেছে। ঈশা বলিয়াছেন, "ঈশ্বরের পুত্র ব্যতীত আর কেহ পিতাকে দেখে নাই" খ্রীষ্ট সমাজ এই কথা * দৃঢ়রূপে আশ্রয় করিয়া ঈশ্বর কখন কোন মনুষ্যের দর্শনীয় হইতে পারেন, ইহা একেবারে অস্বীকার করিয়াছে। পুরাতন বাইবেলে যিহোবা সহ সাক্ষাৎকার কোথাও কোথাও বর্ণিত আছে, এমন খ্রীষ্টান আছেন, যাঁহারা যিহোবা ঈশ্বর নহেন ঈশা, একথা বলিতেও কুণ্ঠিত নহেন। সে যাহা হউক, অবতারবাদের পর যে মধ্যবর্ত্তিত্ববাদ উপস্থিত হইল, এই মধ্যবর্ত্তিত্ববাদের মধ্যবর্ত্তিগণ ভবিষ্যদ্বক্তা (Prophet) নামে প্রসিদ্ধ। অবিমিশ্র মধ্যবর্ত্তিত্ববাদ মুসলমানধর্ম্মে দৃষ্ট হয়। বর্ত্তমান যুগধর্ম্ম অবতারবাদ ও মধ্যবর্ত্তিত্ববাদ অপনয়ন করিয়া সাক্ষাৎ ঈশ্বরের সহিত প্রতিমানবের সম্বন্ধ স্থাপন করিতে উপস্থিত। অবতারবাদ মধ্যবর্ত্তিত্ববাদ হইতে সহসা

---

* পুত্রব্যতীত পিতাকে কেহ দেখে নাই, এ কথা মূলতঃ সত্য, কেন না পুত্রত্ব উপস্থিত না হইলে দর্শন সুলভ নহে। পবিত্রাত্মার সংস্পর্শে মানবের পুত্রত্বলাভ হয়, খ্রীষ্টানগণ এ মত গ্রহণ করেন নাই বলিয়া তাঁহারা ঈশার উক্তির প্রকৃতমর্ম্মগ্রহণে অসমর্থ হইয়াছেন।

সাক্ষাৎ ঈশ্বর সহ প্রতিমানবের সম্বন্ধ উপস্থিত হইবে, ইহা কখন সম্ভবপর নহে। এজন্যই আমরা আরম্ভে যে তিন ব্যক্তির চিরস্মরণীয় নাম উল্লেখ করিয়াছি, তন্মধ্যে পিতামহ রাজা রামমোহন ঈশ্বরের সহিত সাক্ষাৎসম্বন্ধের সূত্রপাত করিয়াও ঈশ্বর সহ অপরোক্ষ সম্বন্ধ প্রদর্শন না করিয়া পরোক্ষ সম্বন্ধ প্রচার করিয়াছেন। অবতারবাদ মধ্যবর্ত্তিত্ববাদ হইতে হঠাৎ অপরোক্ষবাদে উপস্থিত হওয়া অসম্ভব, সুতরাং মহাত্মা রামমোহন ব্রহ্মকে অবলম্বনপূর্ব্বক ব্রাহ্মধর্ম্ম স্থাপন করিয়াও পরোক্ষবাদে আবদ্ধ রহিলেন। ভগবান্ তাঁহাকে যে কার্য্য করিবার জন্য প্রেরণ করিলেন তিনি সেই কার্য্য করিলেন, আমরা যদি বলি তিনি কেন অপরোক্ষ সম্বন্ধ স্থাপন করিলেন না, এ অভিযোগ তাঁহার বিরুদ্ধে বিফল। তিনি কুসংস্কারী পৌত্তলিকগণের যুক্তিবিরোধী মত খণ্ডন করিয়া বিলুপ্তপ্রায় ব্রহ্মজ্ঞান পুনরুদ্ধার করিতে আসিয়াছিলেন, তিনি তদ্ভিন্ন আর কি করিবেন *? জগদ্রূপ কার্য্য দর্শন করিয়া তাহার কারণ

* আমাদের পিতামহ তাঁহার জীবনের এই উদ্দেশ্য বিষয়ে এত দূর দৃঢ় বিশ্বাসী ছিলেন যে, তিনি দেশসংস্কারক, বা নূতন কোন ধর্ম্মসংস্থাপন করিতে আসিয়াছেন, এ উপাধি আরোপ সুস্পষ্ট বাক্যে স্বয়ং প্রতিবাদ করিয়াছেন। In the introduction of the Cenopanishad: "This work, will, I trust, by explaning to my countrymen *the real spirit of the Hindoo scriptures which is but the declaration of the unity of God,* tend in a great degree to correct the erroneous conceptions which have prevailed with regard to the doctrines they inculcate;" and in the

ব্রহ্মকে অনুমান করিয়া গ্রহণ করা, ইহা আমাদিগের নিকটে এখন অকিঞ্চিৎকর বলিয়া মনে হইতে পারে,কিন্তু সে সময় তিনি এতদ্ব্যতীত আর কি করিবেন আমরা আশা করিতে পারি? তিনি তীক্ষ্ণ মনীষা লইয়া ভগবানের নিকট হইতে আসিয়াছিলেন, সেই তীক্ষ্ণ মনীষাযোগে তিনি সর্ব্বপ্রকার কুসংস্কারের মূলে কুঠারাঘাত করিলেন, পৌত্তলিকতার অযৌক্তিকতা তিনি তন্ন তন্ন করিয়া প্রতিপাদন করিলেন। যাঁহারাই তাঁহার সঙ্গে বিচারে প্রবৃত্ত হইলেন তাঁহাদিগকেই তিনি পরাজয় করিলেন। তাঁহার সম্মুখে কেহ অপরাজিত ভাবে দাঁড়াইয়া থাকিবেন, তাহার কোন সম্ভাবনা ছিল না।

অবতারবাদ ও পৌত্তলিকতা খণ্ডন করিতে গিয়া আমাদের পিতামহকে নির্গুণব্রহ্মবাদীর ভূমিতে আবদ্ধ থাকিতে হইয়াছিল। ব্রহ্ম আছেন এই মাত্র নির্দ্দেশ করিয়া তিনি ঈশ্বরের অন্যান্য গুণ গুলিকে অধঃকরণ করিলেন। কেন অধঃকরণ করিলেন, তাহার কারণ বোঝা কিছু সুকঠিন নহে। ঈশ্বরের এক এক গুণের এক এক অবতার নির্ণয় করিয়া পৌত্তলিকগণ ভিন্ন ভিন্ন দেবতার পূজা

---

preface of the Ishopnishad: "*many learned Brahmins* are perfectly aware of the absurdity of idol worship, and *are well informed of the nature of the pure mode of divine worship.*" A reconsideration of these passages will, I hope, convince the learned gentleman, that I never advanced any claim to the title either of a reformer, or of a discoverer of the doctrines of the unity of the Godhead.—*A defence of Hindu Theism.*

করিয়া থাকেন, এরূপ যুক্তি তাঁহারা উত্থাপন করিলেন। এ যুক্তি কিছু নূতন নহে, পুরাণশাস্ত্র এই যুক্তি অবলম্বন করিয়া ভিন্ন ভিন্ন অর্চ্চনীয় অবতার স্থাপন করিয়াছেন। পৌত্তলিকগণের অবলম্বিত এই বিচারপ্রণালী খণ্ডন করিতে গিয়া তিনি ঈশ্বরের গুণগুলি পর্য্যন্ত অজ্ঞেয় বলিয়া উড়াইয়া দিয়া ব্রাহ্মধর্ম্মকে পূর্ণ নির্গুণবাদে আনিয়া উপস্থিত করিলেন *। যখন নির্গুণব্রহ্মবাদকে তিনি ব্রাহ্ম-ধর্ম্মের দৃঢ় ভূমি করিলেন, এবং এই নির্গুণ ব্রহ্ম জগৎকারণরূপে অনুমানের বিষয়মাত্র, তখন জগৎ মায়িক হইয়া উড়িয়া না গেলে ব্রহ্মের সাক্ষাৎ দর্শন কখন সম্ভবপর নয়, এ প্রাচীন মত যে তিনি অনুমোদন করিবেন, তাহা আর বিচিত্র কি ?

আমাদের পিতামহ যখন পরোক্ষবাদী ছিলেন, তখন ঈশ্বরের সাক্ষাৎ আদেশ শুনিয়া চলিতে হইবে, এমত কি প্রকারে তাঁহা হইতে প্রচারিত হইবে আশা করা যাইতে পারে। কোন এক শাস্ত্রের অনুসরণ করিয়া চলিতে হইবে, তদ্ভিন্ন স্বেচ্ছাচার হয়, এমত

---

* তাঁহার প্রণীত ইংরাজী গ্রন্থে ঈশ্বরের করুণা প্রভৃতির উল্লেখ আছে, কিন্তু তাহা ব্যবহারিক ভাবে, পারমার্থিক ভাবে নহে। তিনি বলিয়াছেন,

"* * * Hence the Vedant confesses the impossibility of any perfect knowleadge of the Divine nature, although to adapt itself to the understanding of beginners in the study of theology, it often ascribes to God such attributes as are held excellent among the human species ; as truth, mercy, justice &c.—*Brahmunical Magazine. No IV.*

প্রচার করা তাঁহার পক্ষে স্বাভাবিক। তিনি শাস্ত্রাবলম্বনে ব্রহ্মবাদ স্থাপন করিলেন, শাস্ত্রাবলম্বনে প্রতিদিনের আচরণ নিয়মিত করিবার উপদেশ দিলেন, এ দুইয়ের মধ্যে বিলক্ষণ সামঞ্জস্য আছে। অপরের প্রতি সেই প্রকার ব্যবহার করিবে যেরূপ আপনি ইচ্ছা করে অপরে তাহার প্রতি ব্যবহার করে, এই বিদেশীয় মত নিজ দেশে প্রচলিত করিতে গিয়া তিনি দেশীয় শাস্ত্র হইতে তাদৃশ ভাবের বচন উদ্ধার করিয়া উহা স্থাপন করিয়াছেন। ব্রাহ্মসমাজের উপাসনা মধ্যে দেশীয় ভাষায় উপদেশ ও সঙ্গীত প্রচলিত করিয়া বৈদেশীয় ভাব আনয়ন করা হইল, অথচ শাস্ত্র প্রমাণদ্বারা তিনি দেখাইয়া দিলেন যে, উহা বৈদেশীয় বা বিজাতীয় ভাব নহে, উহা শাস্ত্রসিদ্ধ ব্যবহার। তিনি যাহা কিছু স্থাপন করিয়াছেন, তাহা যখন শাস্ত্রীয় প্রমাণোপরি স্থাপন করিয়াছেন, তখন শাস্ত্রকারগণকে তিনি ভ্রান্ত বা প্রতারক মনে করিতেন, এরূপ তাঁহার প্রতি দোষারোপ করা কখন বিধিসঙ্গত হয় নাই।

কে এইরূপ দোষারোপ করিলেন, তাঁহার নামোল্লেখ আমি অতি সম্ভ্রমের সহিত করিতেছি। তিনি এ জন্য নিন্দনীয় হউন, আমার অণুমাত্র এরূপ গূঢ় অভিলাষ নাই। যিনি ব্রাহ্মসমাজের, দেশীয় সাহিত্যের প্রভূত উপকার করিয়াছেন, তাঁহার নাম চির দিন অনিন্দিত থাকুক। তিনি পিতামহবিরচিত তহফতোলমহদিনের প্রকৃত ভাব হৃদঙ্গম করিতে না পারিয়া নিজের প্রতীতি অনুসারে যদি বলিয়া থাকেন, রাজা রামমোহন শাস্ত্রকারগণকে ভ্রান্ত ও বঞ্চক বলিয়া নির্দ্দেশ করিয়াছেন, তবে তিনি ক্ষমার যোগ্য। তবে এ কথা

এ স্থলে বলা উচিত যে, খ্যাতনামা অক্ষয়কুমার দত্ত রাজা রামমোহনের নির্গুণ ব্রহ্মবাদ শেষপর্য্যন্ত দৃঢ় মুষ্টিতে ধারণ করিয়া ছিলেন। এই শুষ্ক নির্গুণ ব্রহ্মবাদ তাঁহার প্রভূত অনিষ্ট সাধন করিয়াছিল; কিন্তু করিলে কি হয়, এ পথ ছাড়া তাঁহার পক্ষে অসম্ভব হইয়া পড়িয়াছিল। নির্গুণবাদের প্রাবল্যবশতঃ তিনি মহর্ষি দেবেন্দ্রনাথকে নিতান্ত উদ্বিগ্ন করিয়াছিলেন, এমন কি তাঁহাকে ভগ্নহৃদয় হইয়া হিমালয়ে তিন বৎসরের জন্য পলায়ন করিতে হইয়াছিল। জ্ঞানসর্ব্বস্ব অক্ষয়কুমার দত্ত যদিও বা মহাত্মা রাজা রামমোহনের প্রতি অবিচার করিয়া থাকেন, তথাপি এ কথা স্বীকার করিতে হইবে যে, দেশের কুসংস্কারবন্ধনচ্ছেদনের পক্ষে তিনি তাঁহার এক জন বিশ্বস্ত শিষ্য ছিলেন।

আমাদের পিতামহ ব্রহ্মবাদে সমুদায় জাতিকে এক ভূমিতে দর্শন করিয়াছেন। ঈশ্বরকে পিতা বলিয়া তিনি স্থাপন না করুন, তথাপি সমুদায় মানবজাতির উপরে যে তাঁহার ভ্রাতৃভাব ছিল তাহাতে কোন সন্দেহ নাই। যাঁহাদের সঙ্গে একেশ্বরবাদে মিল আছে, তাঁহারা যে জাতীয়ই হউন না কেন, তাঁহাদিগকে ভ্রাতা বলিয়া আলিঙ্গন দিতে তাঁহার মন কখন সঙ্কুচিত হইত না। তিনি খ্রীষ্টবাদিগণের মধ্যে ইউনিটেরিয়ান্ সম্প্রদায়ের সহিত অতি ঘনিষ্ঠ যোগে আপনাকে বদ্ধ করিয়াছিলেন। মতবিষয়ে ইউনিটেরিয়ান সম্প্রদায়ের সমভূমিতে দণ্ডায়মান হইয়া তিনি অন্যান্য খ্রীষ্টসম্প্রদায়কে খণ্ডন করিয়াছেন; কিন্তু বুঝিতে হইবে, তিনি খ্রীষ্টকে নহে, খ্রীষ্টের প্রবচনগুলির অনুসরণ পরিত্রাণের হেতু বলিয়া গ্রহণ করিয়া-

ছেন। একেশ্বরবাদিগণের প্রতি তাঁহার ভ্রাতৃত্ব বিশেষ ভাবে প্রকাশিত হইলেও অপর মতবাদিগণের প্রতি তিনি করুণা ও অবিরোধী ভাব প্রকাশে পশ্চাৎপদ ছিলেন না। খ্রীষ্টধর্ম্মস্থাপনকালে তিনি ঈশ্বরের পিতৃত্বের উল্লেখ করিলেও বেদান্তবাদের প্রাবল্যবশতঃ তিনি ব্রাহ্মসমাজে পিতৃত্বাদিসম্বন্ধ প্রবর্ত্তন করেন নাই, সুতরাং বলিতে হইবে তাঁহার মানবজাতির প্রতি ভ্রাতৃত্ব ঈশ্বরের স্রষ্টৃত্বসম্বন্ধের উপরে স্থাপিত ছিল।

পিতামহের পর পিতা দেবেন্দ্রনাথ আগমন করিলেন। তিনি সকল জাতির একেশ্বরবাদকে একীভূত করিয়া ব্রাহ্মধর্ম্মকে প্রশস্ত ভূমিতে স্থাপন করিবার পক্ষে সহায়তা করিলেন না, কিন্তু উহাকে সঙ্কুচিত ভূমির মধ্যে বদ্ধ করত উহাকে ঘনীভূত করিলেন। কে বলিবে যে এরূপ সঙ্কুচিত ভূমির মধ্যে ব্রাহ্মধর্ম্মকে আবদ্ধ করা মহর্ষি দেবেন্দ্রনাথের পক্ষে অনুচিত কার্য্য হইয়াছে? তিনি এসম্বন্ধে পিতামহের ভাবানুসরণ করেন নাই, একথাও কেহ বলিতে পারেন না, কেন না পিতামহ বেদান্তসিদ্ধ ব্রহ্মবাদ ভারতের জন্য বিহিত করিয়া গিয়াছেন। তবে যে তিনি অন্য জাতির সহিত একতা প্রদর্শন করিয়াছেন, তাহাও বেদান্তসিদ্ধ জগতের কারণ ও নির্ব্বাহক ব্রহ্মকে লইয়া যে অবিরোধ উপস্থিত হয় তদ্দ্বারা তিনি সিদ্ধ করিয়াছিলেন। ব্রাহ্মধর্ম্ম এত দিন শুষ্ক কঠোর জ্ঞানের ধর্ম্ম ছিল, মহর্ষি উহাতে প্রেম ও অনুরাগ সঞ্চারিত করিলেন। রামমোহন বেদান্তোপরি ব্রাহ্মধর্ম্ম স্থাপন করিলেন, মহর্ষি সেই বেদান্ত গ্রহণ করিলেন, কিন্তু শঙ্করপ্রদর্শিত নির্গুণপথ দূরে পরিহার করিয়া

তিনি সগুণপথের * পক্ষপাতী হইলেন। এ পথে প্রবেশ করিবার অবসর কি মহাত্মা রামমোহন তাঁহাকে দেন নাই? অবশ্য দিয়াছেন। তিনি যে নির্গুণপথ আশ্রয় করিয়াছিলেন, তাহা হইতে বাহির হইয়া আসিবার পথও তিনি করিয়া গিয়াছেন। চন্দ্র সূর্য্যাদি হইতে যে উপকার হয় তাহা ঈশ্বরাধীন, পিতামহ এ কথা বলিয়া নির্গুণ পথ পরিত্যাগ করিলেন তাহা নহে, কিন্তু অপরে সে পথ পরিত্যাগ করিবে তাহার পথ পরিষ্কার করিয়া গেলেন। মানবের উপকার করে কে? চন্দ্রসূর্য্যাদি। চন্দ্রসূর্য্যাদি কি উপকার করিতে পারিত, যদি উহারা ঈশ্বরাধীন না হইত? সুতরাং ব্রহ্ম স্বয়ং নির্গুণ থাকিয়াও চন্দ্রসূর্য্যাদিকে শাসন করিতেছেন, এবং উহারা শাসনাধীনে থাকিয়া জগতের উপকার করিতেছে, ইহাতে নির্গুণবাদ † অক্ষুণ্ণ রহিল, অথচ ব্রহ্মের শাস্তৃত্বমধ্যে

* In conformity with the Precepts of our ancient religion, contained in the Holy Vedant, though disregarded by the generality of moderns, we look up to One Being as the animating and regulating principle of the whole collective body of the universe, and the origin of all individual souls, which in a manner somewhat similar, vivify and govern their particular bodies * * * "—*Brahmunical Magazine No IV.* এই লেখার ভিতরে শ্রীমদ্রামানুজাচার্য্যের পক্ষপাতী হইবার বিশেষ কারণ আছে। সুতরাং রামানুজাচার্য্যের পথানুসরণ করিয়া পিতামহ হইতে মহর্ষি বহু দূরে গিয়া পড়িয়াছেন ইহা বলা যাইতে পারে না।

† বর্ত্তমান সময়ের নির্গুণ ব্রহ্মবাদী স্পেন্সার প্রকৃতিতে "প্রচ্ছন্ন মঙ্গল

মঙ্গলভাব বিদ্যমান ইহাও আসিয়া পড়িল। অতএব বলিতে হইবে মহর্ষির সগুণবাদে আসিয়া উপস্থিত হওয়ার অবকাশ রামমোহনই দিয়াছিলেন। ঈশ্বরের মঙ্গলভাব, তাঁহার করুণা মহর্ষির জীবনের নিয়ামক হইল। ইনি ইহাঁর এই বিশেষভাব পুরাণ আশ্রয় করিয়া বদ্ধমূল করিলেন, তাহা নহে, পুরাণের প্রতি কটাক্ষপাত পিতামহেরও যেমন ছিল, ইহাঁরও তেমনি। ইনি উপনিষৎসমূহ হইতে আপনার নবভাবের পোষণসামগ্রী সংগ্রহ করিলেন এবং ঈশ্বর সর্ব্বজ্ঞ কি না, মঙ্গলময় কি না ইত্যাদি লইয়া যখন ব্রাহ্মসমাজে তুমুল বিতর্ক উপস্থিত হইল, তখন ইনি হিমালয়-শিখরে পলায়ন করিলেন। সেখানে গিয়া ইনি আপনার জীবনের কার্য্য ভুলিলেন না। বৈদান্তিক ঋষিগণের ব্রহ্মদর্শন আয়ত্ত করিবার জন্য ইনি তিন বৎসরব্যাপী সাধন আরম্ভ করিলেন। ব্রহ্ম কেবল সত্তামাত্র, এই নির্গুণ পন্থা অবলম্বন করিয়া ব্রহ্মদর্শনে ইনি রত হইলেন না, কিন্তু মঙ্গলস্বরূপ দ্বারা সেই সত্তাকে মধুময় করিয়া ইনি ব্রহ্মকে আপনার প্রিয়বস্তু করিলেন। ইনি অনেক সময়ে চক্ষু উন্মীলন করিয়া প্রাকৃতিক সৌন্দর্য্যে চিত্ত স্থাপন করিয়া ব্রহ্মদর্শনসুখানুভব করিতেন। উপস্থিত অনেকে হয়তো জানেন, মহর্ষি চন্দ্রের প্রতি নিরীক্ষণ করিয়া সমুদায় রজনী যাপন করিতেন। ইনি এ সময়ে বেদান্তের এক একটি প্রবচন পুনঃ পুনঃ আবৃত্তিদ্বারা তাহাতে এমনই জীবন্ত-

ভাব" আরোপ করিয়া নির্গুণবাদ রক্ষা করিয়াছেন। ব্রহ্মের অবিকারিত্ব রক্ষা করিবার জন্য এ পন্থা অনেককেই অবলম্বন করিতে হয়।

ভাব অর্পণ করিলেন যে, সেই প্রবচন উচ্চারণমাত্র আজও ইহাঁর সমুদায় মুখমণ্ডল জ্যোতিঃপূর্ণ হইয়া উঠে। এ বিষয়েও ইনি পিতামহের পথ অতিক্রম করেন নাই, কেন না পিতামহও ব্রহ্মপ্রতিপাদক শাস্ত্রসমূহের আবৃত্তি উপাসনার অঙ্গীভূত করিয়া গিয়াছিলেন। বৃহদারণ্যকের অন্তর্য্যামী ব্রাহ্মণ মহর্ষির এ বিষয়ে বিশেষ সহায়তা করিয়াছে, তাঁহার ব্যাখ্যানপাঠে ইহাই সহজে হৃদয়ঙ্গম হয়।

আমাদের ধর্ম্মপিতা দেবেন্দ্রনাথ বর্ত্তমান যুগের ঋষি আত্মা। ভারত যে ব্রহ্মদর্শনের জন্য চিরপ্রসিদ্ধ, সেই ব্রহ্মদর্শন পুনরুত্থাপন করিবার জন্য ইহাঁর আগমন। এ বিষয়ে ইনি চির অনতিক্রমণীয় থাকিবেন। পিতামহ ব্রহ্মজ্ঞান বিস্তার করিলেন, ধর্ম্মপিতা ব্রহ্মদর্শন জীবনে সপ্রমাণ করিলেন, এতদপেক্ষা মহত্তম কার্য্য আর কি হইতে পারে? বর্ত্তমান যুগধর্ম্মের অন্যতর মূলভিত্তি ব্রহ্মদর্শন। ব্রহ্মের সহিত সাক্ষাৎসম্বন্ধ প্রবর্ত্তনদ্বারা সে কার্য্যের আদিম পত্তন মহর্ষি হইতে সম্পাদিত হইল। আমরা এক সময়ে ঈশ্বরদর্শনবিষয়ে উপদেশ গ্রহণ করিবার জন্য তাঁহার নিকটে যাই, তাহাতে আমাদের ব্রহ্মদর্শন হয় নাই, ইহা শুনিয়া তিনি অবাক্ হইলেন। তিনি হস্ত প্রসারণ করিয়া জ্যোতিঃপূর্ণ মুখশ্রীতে বলিলেন, এই তো চারিদিকে ব্রহ্ম। যিনি ব্রহ্মকে দর্শন করিয়াছেন তিনি ব্রাহ্ম, এই কথা বলিয়া, কি জানি বা উহাতে আমাদের মনোভঙ্গ হয় এই আশঙ্কায় পুনরায় বলিলেন, ব্রহ্মদর্শনের জন্য যাঁহাদের আকাঙ্ক্ষা জন্মিয়াছে তাঁহারাও ব্রাহ্ম। রাজা রামমোহন সাক্ষাৎ ব্রহ্মদর্শন জগতের মিথ্যাত্ব

অনুভূত না হইলে হয় না বলিয়া ব্রহ্মকে পরোক্ষভাবে চিন্তা করিতে উপদেশ দিলেন, এবং এইরূপে পরোক্ষভাবে যাঁহারা ব্রহ্মচিন্তা করিতেন, তাঁহারাই তাঁহার মতে ব্রাহ্ম ছিলেন, আর মহর্ষির সময়ে সে ভাবের কি সুমহৎ পরিবর্ত্তন ঘটিল! তাঁহার মতে যে ব্যক্তি ব্রহ্মকে দর্শন করিয়াছেন তিনিই ব্রাহ্ম। এই ব্রহ্মদর্শনের জন্য মহর্ষি চিরকাল পৃথিবীতে প্রসিদ্ধ থাকিবেন, তাঁহার নাম ইতিহাসের পৃষ্ঠা হইতে কোন কালে বিলুপ্ত হইবে না। মহর্ষির ব্যাখান ও ব্রাহ্মধর্ম্ম গ্রন্থ আংশিক ভাবে, এবং যে জীবনে ঐ ভাব উদ্বুদ্ধ হইয়া পূর্ণতা লাভ করিয়াছিল সে জীবন পূর্ণভাবে, তাঁহার এই ঋষিভাবের চিরকাল সাক্ষ্যদান করিবে *।

এখন তৃতীয় ব্যক্তি কি করিলেন দেখা প্রয়োজন। যিনি সর্ব্বপ্রথম তিনি ব্রহ্মজ্ঞান অর্পণ করিলেন, যিনি দ্বিতীয় তিনি ব্রহ্মদর্শন আত্মজীবনে প্রদর্শন করিলেন। এক জনের সুতীক্ষ্ণ মনীষার নিকটে সকল প্রকার কুসংস্কার অজ্ঞানান্ধকার তিরোহিত হইল, আর এক জনের ঋষিসমুচিত যোগে ব্রহ্ম করতলন্যস্ত আমলকবৎ বিধৃত

---

* মহর্ষি অনেক দিন হইল ব্রাহ্মসমাজের প্রকাশ্য কার্য্য হইতে বিরত হইয়াছেন দেখিয়া যাঁহারা মনে করেন যে, তাঁহার জীবনের কার্য্য ফুরাইয়া গিয়াছে, তাঁহারা তাঁহার জীবনের কার্য্যবিষয়ে অনভিজ্ঞ। তিনি যে কার্য্যের জন্য নিযুক্ত হইয়া আসিয়াছিলেন, তাহা আজও তাঁহার জীবনে চলিতেছে। তাঁহার যোগ গভীর হইতে গভীর হইতেছে কি না, ইহাই জানিবার বিষয়; তিনি বাহিরে কার্য্য করিলেন বা করিলেন না, তাহা জানিবার কোন প্রয়োজন নাই।

হইলেন। ইহাঁরা উভয়েই বেদান্তের ভূমি পরিত্যাগ করিলেন না, বেদান্তকে আপনাদের জীবনের কার্য্যের মূল করিয়া লইলেন। ইহাঁদের জীবনের কার্য্যের যে পন্থা বিরোধী ছিল, তাহা এক জন যুক্তি তর্কে দূরে অপসারিত করিয়া রাখিলেন, আর এক জন নিরাকার ব্রহ্মদর্শনের অন্তরায় বলিয়া তাহা হইতে নিবৃত্ত হইলেন। পিতা ও পিতামহের কার্য্য যেখানে বিরত হইল, সেখান হইতে তৃতীয় ব্যক্তির কার্য্যের আরম্ভ হইল। ইনি পিতা ও পিতামহের নিকট ব্রহ্মজ্ঞান ও ব্রহ্মদর্শন লইলেন এবং আপনি ব্রাহ্মধর্ম্মে দীক্ষিত হইয়া তাঁহাদিগের পুত্রস্থানীয় হইলেন। কিন্তু তাঁহার প্রথম হইতে যে একটি বিশেষভাব অন্তর্নিহিত ছিল, সেই বিশেষ ভাব বেদান্তের সহিত পুরাণকে আনিয়া সংযুক্ত করিল। পুরাণ—ঈশ্বরের নিত্য ক্রিয়া, তাঁহার নীত্য লীলা। উহা কোন দেশকালে আবদ্ধ নহে, সর্ব্বকালে সর্ব্বদেশে উহার প্রকাশ, সুতরাং তৃতীয় ব্যক্তি পৌরাণিক ভাব ব্যক্ত করিয়া স্বদেশে স্বসময়ে বদ্ধ রহিলেন না, স্বদেশ বিদেশ, ভূত বর্ত্তমান ও ভবিষ্যৎ আপনার অন্তর্ভূত করিয়া লইলেন; সর্ব্বকালে সর্ব্বদেশে ঈশ্বরের লীলা হইতে আপনার জীবনের উপাদান গ্রহণ করিলেন, এবং সমুদায় নরনারীকে সেই ভূমির অন্তর্ভূত করিতে যত্ন করিলেন।

পিতামহ রামমোহন পুরাণের প্রতি সমাদর শিথিল করিয়া দিলেন, এবং অবতারবাদের উপরে কঠিন দণ্ডাঘাত করিলেন। তিনি পুরাণ তন্ত্র হইতে প্রমাণ গ্রহণ করেন নাই তাহা নহে, কিন্তু উহা সত্যানুরোধে। তিনি শাস্ত্রপ্রবক্তৃদিগকে তাঁহাদের

প্রচারিত সত্যের জন্য সমাদর করিতেন, তাঁহাদের বাহ্যিক জীবনের প্রতি তিনি কোন আস্থা স্থাপন করিতেন না, এমন কি তাঁহাদের বাহ্যিক আচরণের উপরে আক্রমণ করিয়া তাঁহাদের অবতারত্ব তিনি খণ্ডন করিয়াছেন। কেশবচন্দ্র যখন ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজ স্থাপন করিলেন, তখন সকল দেশের শাস্ত্র হইতে সত্য একত্র সংগ্রহ করিয়া গ্রন্থাকারে প্রকাশ করিলেন। এ কার্য্যে তিনি পিতামহের পদবী অনুসরণ করিলেন, কিন্তু তাঁহার পদবী অনুসরণ করিয়াও এক বিষয়ে তিনি ভিন্ন রহিলেন। তিনি যেমন সকল দেশের সত্যসমূহের আদর করিলেন, তেমনি যাঁহারা সেই সকল প্রচার করিলেন, তাঁহাদের প্রতিও গভীর অনুরাগ হৃদয়ে পোষণ করিলেন। তাঁহার অন্তরে এই গভীর শ্রদ্ধানুরাগ ছিল বলিয়াই তিনি খ্রীষ্ট ওর অপরাপর মহাজনগণেতে ঈশ্বরের লীলা প্রথম হইতে স্বীকার করিয়াছেন *।

পিতা দেবেন্দ্রনাথ বেদান্তসিদ্ধ ব্রহ্ম বিশুদ্ধভাবে গৃহীত হন, এজন্য নিতান্ত ব্যাকুল ছিলেন। কৃষ্ণ খ্রীষ্টদিগকে উপস্থিত করিলে তাঁহারা বা পুনরায় ব্রহ্মের স্থান অধিকার করিয়া বসেন, লোক সকল তাঁহাদিগকে লইতে গিয়া ব্রহ্মকে হারাইয়া ফেলে, এ ভয় তাঁহাতে

---

* সমুদায় দেশের শাস্ত্র হইতে সত্য সঙ্কলন যে সময়ে হয়, সেই সময়ে ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজ স্থাপিত হয়। এখনও নববিধান অভ্যুদয়ের সময় হয় নাই, কেন না যে জীবনে সমুদায় মহাজনগণের একীভূতায় উহার অভিব্যক্তি হইবে, সে জীবনে তাঁহাদের একীভূত হইবার এখন প্রক্রিয়ারম্ভ হইয়াছিল, পূর্ণতা হয় নাই।

নিতান্ত প্রবল ছিল। খ্রীষ্টকে লইয়া ইউরোপ কি প্রকার অযুক্ত ধর্ম্মে গিয়া নিপতিত হইয়াছে, ইহা তাঁহার মনে সর্ব্বদা জাগরূক থাকাতেই তিনি 'খ্রীষ্ট বিভীষিকাতে' নিতান্ত ভীত। "শান্ত মুপাসীত" শান্তভাবে ব্রহ্মের উপাসনা করিবে, এই শ্রুতির একান্ত পক্ষপাতী হইয়া তিনি শ্রীচৈতন্যের হাসি কান্না নৃত্য, এমন কি সঙ্কীর্ত্তনের অনুকূল নহেন। এ বিষয়ে বলিতে হয়, যোগাচার্য্য শ্রীকৃষ্ণও তাঁহার সপক্ষ। তিনি এক স্থানে স্পষ্ট বলিয়াছেন, ধর্ম্মে প্রমত্ত নৃত্যাদি মানসবিকার। ভাগবতের ভক্তি সুতরাং ব্রাহ্মসমাজে মহর্ষি কর্ত্তৃক আনীত হইবে, তাহার কোন পন্থা ছিল না। বেদান্ত এবং তৎপরবর্ত্তী পুরাণ গুলি ভক্তির বাড়াবাড়ী প্রদর্শন করে নাই। ভাগবতেই উহার বাড়াবাড়ী। পূর্ব্ববর্ত্তী পুরাণগুলির তুলনায় ভাগবত আধুনিক। এই ভাগবতের ভক্তি ব্রাহ্মসমাজে তৎকালে আদৃত হইবে তাহার কোন সম্ভাবনা ছিল না। ভাগবতে আদর বিনা চৈতন্যের আগমনও অসম্ভব। অতএব বলিতে হইবে, খ্রীষ্ট ও চৈতন্য উভয়ের প্রতিই ব্রাহ্মসমাজের দ্বার * অবরুদ্ধ ছিল।

এখন আমাদিগকে দেখিতে হইতেছে, কেশবচন্দ্র ব্রহ্মনিরপেক্ষ হইয়া খ্রীষ্টচৈতন্যাদিকে গ্রহণ করিলেন, অথবা ব্রহ্মাবলম্বনে

---

* পিতামহ রাজা রামমোহন খ্রীষ্টকে গ্রহণ করিয়াছিলেন, একথা যেমন বলিতে পারা যায়, তেমনই কৃষ্ণকেও গ্রহণ করিয়াছিলেন বলা সমুচিত; কেন না তিনি উভয়ের প্রবচনের প্রতি সমান আদর প্রদর্শন করিয়াছেন। বস্তুতঃ তিনি প্রবক্তার প্রতি তত দৃষ্টি না করিয়া প্রবক্তার উক্তি গ্রহণ করিতেন, ইহাই সত্য কথা।

ইহাঁদিগকে আত্মস্থ করিলেন। ব্রহ্মকে ছাড়িয়া ইহাঁদিগের নিকটে কেহ যাইতে পারে, বা ইহাঁদিগকে চিনিতে পারে, ইহা তিনি কখন স্বীকার করেন নাই। তিনি স্পষ্ট এই কথা বলিয়াছেন যে, তিনি খ্রীষ্টকেও জানিতেন না, চৈতন্যকেও জানিতেন না, এক ব্রহ্মকেই জানিতেন, ব্রহ্ম তাঁহার হাত ধরিয়া তাঁহাকে তাঁহাদের নিকট লইয়া গিয়া তাঁহাদিগকে পরিচিত করিয়া দিয়াছেন, তাই তিনি তাঁহাদিগকে জানিয়াছেন চিনিয়াছেন। কেশবচন্দ্র পিতা পিতামহ হইতে ব্রহ্মজ্ঞান ব্রহ্মদর্শনলাভ করিয়া তাহাতে ব্রহ্মবাণীশ্রবণ সংযুক্ত করিলেন। তাঁহার জীবন বিবেকপ্রধান; বিশ্বাস বিবেক ও বৈরাগ্য তাঁহার জীবনের নিয়ামক। তিনি বিশ্বাসে ব্রহ্মকে দেখিলেন, বিবেকদ্বারা তাঁহার বাণী শ্রবণ করিলেন। মহর্ষি দেবেন্দ্রনাথের ব্যাখ্যানে আদেশ ও আজ্ঞাদি শব্দ নাই, বা তিনি আদেশ ও আজ্ঞা মানেন না, তাহা নহে, কিন্তু দর্শন যেমন তাঁহার জীবনের মূলভিত্তি, শ্রবণ সেরূপ নহে। শ্রবণ বৈদেশিক ভাব, ইহা য়িহুদি জাতি হইতে সমাগত। সুতরাং এ ভাবের পূর্ণাভিব্যক্তি তাঁহাতে না থাকিলে কোন দোষ স্পর্শ করিতেছে না।

কেশবচন্দ্র ব্রহ্মের ভিতর দিয়া যখন খ্রীষ্ট ও চৈতন্যকে গ্রহণ করিলেন, তখন উহাঁরা আর ব্রহ্মের ব্যবধায়ক হইলেন না। তাঁহার মত এই, ব্রহ্মের ভিতরে ভিন্ন স্বতন্ত্রভাবে তাঁহাদিগকে দেখিবার কোন উপায় নাই, ব্রহ্ম অন্তশ্চক্ষুর নিকট হইতে অন্তর্হিত হইলে তাহার সঙ্গে সঙ্গে খ্রীষ্ট চৈতন্যাদিও অন্তর্হিত হইয়া যান। এরূপ স্থলে আর তাঁহারা নবধর্ম্মে ব্রহ্মের সিংহাসন অধিকার

করিয়া নব ব্রাহ্মগণের হৃদয়কে অপহরণ করিবেন কি প্রকারে? পিতা পিতামহের যে আশঙ্কা ছিল, কেশবচন্দ্র তাহা এই প্রকারে অপনয়ন করিলেন, এবং নবভাবসংযুক্ত ব্রাহ্মধর্ম্মকে তিনি নব ব্রাহ্মধর্ম্ম আখ্যা দান করিলেন। কিন্তু ইহাতেই কার্য্য শেষ হইল না। ব্রহ্মের ভিতরে খ্রীষ্টচৈতন্যকে দেখিলেই কি ধর্ম্মের পূর্ণতা হইল? কখনই নহে। তাঁহাদিগকে এ প্রকারে স্বতন্ত্র রাখিলে তিনি যে মহাযোগ সিদ্ধ করিবার জন্য ঈশ্বর কর্ত্তৃক প্রেরিত হইয়াছিলেন তাহা নিষ্পন্ন হইল না, ইহা হইতে তাঁহাকে আরও অগ্রসর হইতে হইল।

ধর্ম্মের দুই অংশ;—এক দৈব, আর এক মানব। উর্দ্ধে দেবতা নিম্নে মানব, এই লইয়া দৈব ও মানব ভাবে ধর্ম্মের পূর্ণতা। দৈবভাগে ব্রহ্ম আপনি অসঙ্গ উদাসীনভাবে অবস্থিত, মানবভাগে তিনি মানবে আবির্ভূত। নিরপেক্ষ, অসঙ্গ, উদাসীন ব্রহ্মকে গ্রহণ ইহা যেমন প্রয়োজন, তেমনি আবার সর্ব্বত্র আবির্ভূত ব্রহ্মকে গ্রহণ করাও প্রয়োজন। কেশবচন্দ্র সমানভাবে এই দুই ভাব গ্রহণ করিলেন। তাঁহাতে ধর্ম্মের দৈব ও মানব বিভাগ একতা লাভ করিল। এখন ধর্ম্মের এই দুই ভাগকে এক অখণ্ড ভাগে পরিণত করিয়া মহাযোগসাধনের জন্য তিনি অগ্রসর হইলেন। এই সময় নব ব্রাহ্মধর্ম্ম নববিধানে * পরিণত হইল। যখন নববিধান আসি-

---

* ইহা সকলের স্মরণে রাখা উচিত যে, বেদান্ত ও পুরাণ এ উভয়ের মধ্যে মহৎ পার্থক্য আছে। বেদান্ত প্রতিসাধককে ব্রহ্মের সহিত সংযুক্ত করেন, বেদান্তপ্রধানসময়ে ব্যক্তিগত ধর্ম্মের প্রাবল্য। পুরাণের সময় ইহা

লেন, তখন মুষা ঈষা শাক্য চৈতন্য প্রভৃতির সঙ্গে কেশবচন্দ্রের অভিন্নতা উপস্থিত হইল। বিবেক বৈরাগ্য প্রেম প্রভৃতি ভাবের সঙ্গে তাঁহাদের ভাব মিশিয়া গেল। অখণ্ড চিদানন্দ ব্রহ্ম কেশবচন্দ্রের হৃদয়কে পূর্ণভাবে অধিকার করিলেন। সকল সম্প্রদায় সকল জাতি সকল ধর্ম্ম নববিধানে এক হইল।

যে অবতারবাদের প্রতি পিতামহ কটাক্ষপাত করিলেন, পিতা ব্রহ্মদর্শনের অন্তরায় বলিয়া দূরে পরিহার করিলেন, পৌরাণিক বিধান গ্রহণ করিয়াও সেই অবতারের দূষিত অংশ কেশবচন্দ্র দূরে পরিহার করিলেন। অবতারগণ ব্রহ্মের বিশেষ বিশেষ স্বরূপ জীবনে প্রতিফলিত করেন, সেই স্বরূপাংশ তিনি আত্মস্থ দেবাংশের সহিত এবং তাঁহাদের মানবীয় ভাগের ভক্তি বাধ্যতা প্রভৃতি আপনার মানবীয়াংশের সহিত একীভূত করিয়া লইলেন। এই অবতারগণ পর সময়ে মধ্যবর্ত্তিরূপে গৃহীত হইয়াছিলেন, তাহাও রহিল না। কেন না ইহাঁরা আত্মার সহিত একীভূত হইয়া আর সাক্ষাৎ ব্রহ্মদর্শনের অন্তরায় রহিলেন না, অন্তশ্চক্ষুর নির্ম্মলতা সাধন করিয়া অব্যবহিত ভাবে ব্রহ্মদর্শনের সহায় হইলেন। তাঁহাদের উক্তি সকল বাহিরে পথপ্রদর্শক হইয়া

হইতে সম্পূর্ণ স্বতন্ত্র। পুরাণ ব্যক্তিগত ধর্ম্ম হইতে নিঃসৃত হইয়া সমগ্রসমাজব্যাপী ধর্ম্ম দেখাইয়া থাকেন! যখন সমুদায়জাতিব্যাপী একটি ধর্ম্মের প্রয়োজন হয়, তখন পুরাণের অভ্যুদয়। সুতরাং পৌরাণিক ধর্ম্মকে বিধানধর্ম্ম বলা যাইতে পারে। বিধান তাহা, যাহা তৎকালে সমুদায় জাতিসাধারণ হইবে, একজনেতে আবদ্ধ থাকিবে না। "নব ব্রাহ্মধর্ম্ম নববিধানে পরিণত হইল" এ কথা বলিবার তাৎপর্য্য এই যে, পবিত্রাত্মার ক্রিয়াতে নব ব্রাহ্মধর্ম্ম সকল জাতির অন্তঃকরণে প্রবিষ্ট হইয়া গেল।

রহিল না, উহারা অন্তরের অন্তরে প্রবিষ্ট হইয়া আত্মার অংশ হইয়া গেল। এই পবিত্র ব্যাপার বুদ্ধিপূর্ব্বক সাধিত হইল না, ব্রহ্মাবির্ভাবে ব্রহ্মপ্রেরণায় উহা আপনি সাধিত হইল।

সকল জাতি,সকল সম্প্রদায়, সকল ধর্ম্ম, সকল শাস্ত্র, সকল সাধু মহাজন যখন একীভূত হইলেন,তখন পৃথিবীতে আর কেহ পর রহিলেন না; সকলের সঙ্গে আত্মীয়তা উপস্থিত হইল। এই একাত্মতার কার্য্য, পূর্ব্বেই বলা হইয়াছে, ব্রহ্মাবির্ভাব ও ব্রহ্মপ্রেরণায় নিষ্পন্ন হইয়াছে, সুতরাং এখানে কোন মানবের প্রাধান্য নাই। নববিধান এই জন্য পবিত্রাত্মার বিধান বলিয়া গৃহীত হন। ব্রহ্মনিরপেক্ষ হইয়া ইঁহার কোন কার্য্য চলে না, ব্রহ্মদর্শন ও ব্রহ্মবাণীশ্রবণ ইঁহার মূলভূমি। ইঁহার সঙ্গে সমুদায় প্রাচীন বিধান প্রাচীন মহাজনগণ এক হইয়া গেলেন কিসে? ব্রহ্মস্বরূপে ও ব্রহ্মবাণীতে। সেই সেই বিধানে ব্রহ্মের প্রেম পুণ্যাদি যে সকল মানবচরিত্রে আবির্ভূত হইয়া প্রকাশ পাইয়াছে, ব্রহ্মের যে সকল বাণী তাঁহাদের জীবনে অভিব্যক্ত হইয়া শাস্ত্রাকারে পরিণত হইয়াছে, সেই সকল নববিধান আত্মসাৎ করিয়া লইয়াছেন। পৃথিবীতে যতগুলি ধর্ম্ম আছে তাহাদের দোষান্বেষণ করিলে, তন্মধ্যে যে কিছু কুসংস্কারাদি আছে তৎপ্রতি কেবলই কটূক্তি বর্ষণ করিলে, কোন ধর্ম্ম বা কোন সম্প্রদায়কে আত্মসাৎ করিতে পারা যায় না। এরূপ পথ অবলম্বন করিলে খ্রীষ্টবাদীরা, মুসলমানেরা, যিহুদীরা বা অন্যান্য ধর্ম্মসম্প্রদায়ের লোকেরা যেমন আপন আপন শাস্ত্র ও মহাজনগণকে অভ্রান্ত বলিয়া অপরাপর সম্প্রদায়ের

লোকদিগের শাস্ত্র ও মহাজনগণসম্বন্ধে বলিয়া থাকে, লোকদিগকে বিপথগামী করিবার জন্য পাপাসুর বা শয়তানের প্রেরণায় ইহাঁরা অসৎপথ সৃজন করিয়াছেন, আমাদিগকেও সেইরূপ বলিতে হয়। হিন্দুগণের শাস্ত্র উদারতার বিশেষ পরিচয় দান করিয়া থাকে, অথচ সাম্প্রদায়িকতা এমনই অপরিহার্য্য যে হিন্দুশাস্ত্রও বৌদ্ধশাস্ত্রসম্বন্ধে বলিয়া থাকে অসুরগণকে বিপথগামী করিয়া বিনাশ করিবার জন্য বিষ্ণু স্বয়ং অবতরণ করিয়া পাষণ্ডশাস্ত্র রচনা করিলেন। নববিধান এই অনুদার ভাব দূরে পরিহার করিলেন, অথচ ইনি শাস্ত্র ও মহাজনগণ গ্রহণসম্বন্ধে দেশীয় ভাব অতিক্রমণ করিলেন না। ভাগবত এ সম্বন্ধে যে মূলতত্ত্ব নির্দ্দেশ করিয়াছেন, তাহা অতীব সত্য;

ঈশ্বরাণাং বচঃ সত্যং তথৈবাচরণং ক্বচিৎ।
তেষাং যৎ স্ববচোযুক্তং বুদ্ধিমাংস্তত্তদাচরেৎ॥

"মহাজনগণের বাক্য সত্য, আচরণ কখন কখন সত্য হয়। তাঁহাদের আচরণসকলের মধ্যে যে আচরণ তাঁহাদের বাক্যের সঙ্গে মিলে, বুদ্ধিমান্ ব্যক্তি সেই আচরণের অনুসরণ করিবেন।" মহাজনগণ ব্রহ্মবাণী শ্রবণ করিয়া যে সকল কথা বলিয়াছেন তাহা সত্য, তাহা নিত্যকালের জন্য সত্য, কিন্তু তাঁহারা কাল দেশে আবদ্ধ জীব ছিলেন, কাল ও দেশ সর্ব্বপ্রকারে অতিক্রমন করিতে পারেন নাই, সুতরাং যে সকল আচরণ কালদেশসংক্রেত, এবং কালে কালে যে সকলের অবশ্য পরিবর্ত্তন হইবে, সে গুলি কখন নিত্যকালের আচরণের বিষয় হইতে পারে না। ভাগবত এই কথা বলিয়া ইহাও অনুমোদন করিতেছেন, মহাজনগণ তত্তৎকালের

অনুসরণ করিয়া যে সকল কথা বলিয়াছেন তাহাও পরিবর্ত্তনশীল, কেবল সেই সকল চিরস্থায়ী যাহা নিত্য সত্য আশ্রয় করিয়া ব্রহ্মপ্রেরণায় উক্ত।

কেশবচন্দ্রে যে বিধানের অভ্যুদয় হইল, তাহা বিজ্ঞানপ্রধান। যাহা কিছু তিনি গ্রহণ করিলেন, আত্মসাৎ করিলেন, তাহা বিজ্ঞানের অবিরোধী ভাবে গৃহীত হইল। গুরুবাদ, মধ্যবর্ত্তিত্ববাদ, দ্বৈতবাদ অদ্বৈতবাদ প্রভৃতি যতগুলি বিরুদ্ধমত * আছে, তাহার তিনি মীমাংসা করিলেন, এবং অবিরোধী ভাবে অন্তর্ভূত করিয়া লইলেন। তিনি এই সকলের চরম পরিণতিস্থলে মিলন দেখাইয়া দিলেন। দুইটি আপাত বিরোধী মত প্রথমাবস্থায় অত্যন্ত ভিন্ন বলিয়া মনে হয়, কিন্তু তাহাদিগকে ক্রমান্বয় বাড়িতে দিলে শেষে এমন স্থলে দুইটি গিয়া উপস্থিত হয় যে, তাহাদের উভয়ের প্রভেদক রেখা অন্তর্হিত হয় হইয়া যায়। কেশবচন্দ্র এই ব্যাপারটি বিলক্ষণ হৃদয়ঙ্গম করিয়াছিলেন, তাই তিনি নিম্নভূমিতে নহে, কিন্তু উচ্চভূমিতে বিরুদ্ধ মতসমূহের, বিরুদ্ধ ভাবসমূহের, বিরুদ্ধ প্রণালীসমূহের সামঞ্জস্য ঈশ্বরপ্রেরণায় সম্পাদন করিয়াছেন। এ কার্য্য করিতে তিনি কঠোর

---

* (১) গুরু শিষ্য, (২) বিবিধ সম্বন্ধ, (৩) দ্বৈত অদ্বৈত, (৪) ভাব ও অক্ষর, (৫) শাস্ত্র ও প্রত্যাদেশ, (৬) আধ্যাত্মিকতা ও বাহ্যনিদর্শন (৭) অবতার ও মধ্যবর্ত্তী, (৮) ব্রহ্ম ও মানব, (৯) আত্মা ও প্রকৃতি, (১০) সংসার ও পরলোক, (১১) ভ্রান্তি ও অভ্রান্তি, (১২) ব্রাহ্মণ ও শূদ্র, (২৩) প্রেরিত ও সাধারণ, (১৩) ধনী ও দরিদ্র, (১৫) বাধ্যতা ও স্বাধীনতা ইত্যাদি বিষয়ে যে সকল পরস্পর বিরোধী মত আছে, সে সকলের অবিরোধিত্ব তিনি কি প্রকারে নিষ্পন্ন করিয়াছেন, তাঁহার কথিত কথাগুলি আলোচনা করিলে সকলে বুঝিতে পারিবেন।

দোষদর্শী জ্ঞানের অনুসরণ করেন নাই, কিন্তু ভক্তি ও অনুরাগের পথ অবলম্বন করিয়া নিষ্পন্ন করিয়াছেন। উপনিষৎ যে বলিয়াছেন,

যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ।
তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ ॥

ইহা কেশবচন্দ্রের জীবনে সত্য বলিয়া প্রতিপন্ন হইয়াছে। ঈশ্বরের প্রতি তাঁহার পরমা ভক্তি; যেমন তাঁহার প্রতি তেমনি তাঁহার প্রেরিত সাধু মহাজনগণের প্রতি একান্ত ভক্তি ও অনুরাগ ছিল বলিয়াই তিনি এ মহৎ কার্য্য সাধন করিতে সমর্থ হইয়াছেন। ইহা যে তাঁহার প্রকৃতির মধ্যে নিহিত ছিল, তাহা তিনি আপনি সুস্পষ্ট কথায় বলিয়া গিয়াছেন *। কেশবচন্দ্র বিরোধী মতসমূহের, বিরোধী ভাবসমূহের, বিরোধী সম্প্রদায়সমূহের কি প্রকারে সামঞ্জস্য সম্পাদন করিলেন, সে সকলের বিস্তৃত উল্লেখ করিবার সময় নাই, সুতরাং এই বলিয়া শেষ করিতে হইতেছে যে, বর্ত্তমান যুগধর্ম্মে তিনি তৃতীয় ব্যক্তি, তিনি আসিয়া ধর্ম্মের পূর্ণতা সাধন করিলেন †। এ পূর্ণতার আরম্ভ আছে, কিন্তু ইহার শেষ নাই।

---

* "ভগবান্ হৃদয়ের নারদকে শিখাইয়াছেন, যখন একজনকে নিমন্ত্রণ করি, এক সত্যকে আহ্বান করি, তখনই নারদ ঘুরিয়া ঘুরিয়া সমস্ত সাধুকে সমস্ত সত্যকে নিমন্ত্রণ করিয়া আসেন। আমি এক জনকে নিমন্ত্রণ করিব, একটি লইব মনে করি, নারদ তাহা লইতে দেন না। একটিকে আনিতে গেলেই সকলগুলিকে আনিতে হয়। ঈষা মুষা যেন পরস্পর হাতে হাতে বাঁধিয়াছেন। এই দেখিয়াই নববিধান নামে আখ্যাত করিয়াছি নব ব্রাহ্মধর্ম্মকে।"—জীবনবেদ।

† "স্বদেশ, মাতৃভূমির কল্যাণের জন্য ঈশ্বর যে নববিধান দিয়াছেন, ইহার অর্থ কেবল পূর্ণতা। এই পূর্ণতা মনের মধ্যে ছিল।"—জীবনবেদ।

ঈশার অনুকরণ।

প্রথম দুই পরিচ্ছেদ।

ইংরাজী অনুবাদ হইতে অনুবাদিত।

——পিত্যর্য্যাস্মি পিতা ময়ি

যুষমধ্যাস্মি যুষ্মাসু——।

কলিকাতা।

২০ নং পটুয়াটোলা লেন,

মঙ্গলগঞ্জ মিশন প্রেসে,

পি, কে, দত্ত দ্বারা মুদ্রিত ও প্রকাশিত।

১৮১৮ শক।

বিজ্ঞপ্তি।

অদ্য প্রায় ত্রয়োদশ বর্ষ পূর্ব্বে "ঈশার অনুকরণের" অনুবাদ ধর্ম্মতত্ত্বে প্রকাশিত হয়। ভাই প্যারীমোহন চৌধুরী ইংলণ্ডে অবস্থানকালে এই গ্রন্থের প্রতি বিশেষ আকৃষ্ট হইয়া ইহার কয়েক অধ্যায় অনুবাদ করেন। ইংলণ্ড হইতে প্রত্যাগমন এবং আচার্য্যের স্বর্গারোহণের পর ঐ কয়েক অধ্যায় ধর্ম্মতত্ত্বে প্রকাশের জন্য আমাদের হস্তে অর্পিত হয়। তাঁহার অনুবাদিত ও তৎপরের অনুবাদিত অংশগুলি গ্রন্থাকারে মুদ্রিত করিবার জন্য যন্ত্রস্থ করিয়া অনুবাদ সংশোধনের জন্য জন পেইন্ কৃত অনুবাদিত গ্রন্থের সঙ্গে মিলাইতে গিয়া দৃষ্ট হয়, পূর্ব্বানুবাদের সহিত ইহার বিশেষ পার্থক্য। জন পেইনকৃত অনুবাদ উৎকৃষ্ট দেখিয়া সুতরাং পুনরায় নূতন অনুবাদে প্রবৃত্ত হইতে হয়। "ঈশার অনুকরণ" সাধকদিগের পক্ষে অতি হিতকর গ্রন্থ। যদিও ইহার মধ্যে এমন কতকগুলি মত আছে যাহার আমরা অনুমোদন করিতে পারি না, তথাপি এ গ্রন্থ যে অমূল্য তাহাতে কোন সংশয় নাই। অনেক খ্রীষ্টধর্ম্মাবলম্বী আছেন, যাঁহারা এ গ্রন্থকে প্রতিকূল নয়নে দেখেন, আমাদের তাঁহাদিগের সহিত সহানুভূতি নাই। দু একটি বিষয়ে মতে মিলিল না, এজন্য কোন গ্রন্থের অপূর্ব্ব সত্যের প্রতি অসমাদর, ইহা আমাদিগের ধর্ম্ম কখন অনুমোদন করেন না। আমরা আশা করি, ঈশার অনুকরণ যত দূর প্রকাশিত হইল তদ্দ্বারা সাধকগণের জীবনে বিশেষ সাহায্য হইবে।

সূচী।

প্রথম পুস্তক।

দ্বিতীয় পুস্তক।

ঈশার অনুকরণ

প্রথম পুস্তক।

আধ্যাত্মিক জীবনের জন্য প্রাস্তুতিক শিক্ষা।

প্রথম অধ্যায়।

সংসারের ভাবং অসার বস্তুর প্রতি ঘৃণা।

১। "যে ব্যক্তি আমার অনুসরণ করে, সে কখন অন্ধকারে ভ্রমণ করিবে না, কিন্তু জীবনের আলোক লাভ করিবে (১)।" এ গুলি ঈশার কথা; এতদ্দ্বারা আমরা শিক্ষা করিতেছি যে, কেবল ঈশার জীবন ও ভাবের অনুবর্ত্তন করিলে আমরা সত্য সত্যই আলোক লাভ করিতে পারি; এবং হৃদয়ের অন্ধতা হইতে বিমুক্ত হইতে পারি। অতএব ঈশার জীবন অনুধ্যান করাই আমাদের মনের সর্ব্বপ্রধান কার্য্য হউক।

২। যত গুলি ধর্ম্মাত্মা ব্যক্তি আছেন তাঁহাদের সকলের মতাপেক্ষা ঈশার মত অনন্ত গুণে শ্রেষ্ঠ। যে ব্যক্তিতে ঈশার ভাব আছে, তিনি উহার ভিতরে "গূঢ় অমৃত—স্বর্গ হইতে অবতীর্ণ খাদ্য (২)" দেখিতে পাইবেন। কিন্তু যাহাদিগের মনে তাঁহার ভাব

---

(১) যোহন ৮।১২।

(২) দেববাণী ২।১৭।

ন্যাই; তাহারা তাঁহার মত পুনঃ পুনঃ শুনিয়াও তাহাতে কোন আমোদ অনুভব করে না, তজ্জন্য সমুৎসুক হয় না; কেন না সেই ব্যক্তিই কেবল ঈশার মত অনুরাগের সহিত গ্রহণ করিতে পারেন, এবং তাঁহাতে সত্যসত্যই আমোদিত হন, যিনি ক্রমান্বয়ে ঈশার জীবন অনুকরণ এবং তাঁহার ভাব উপার্জ্জনের জন্য যত্ন করেন (১)।

৩। যদি তোমার বিনয় না থাকে তাহা হইলে তুমি ত্রিনীতির অবমানক, এরূপ স্থলে পবিত্র ত্রিনীতির রহস্য উদ্ঘাটনার্থ তোমার সূক্ষ্মতম বিচারে কি লাভ? গভীর চিন্তায় নহে, কিন্তু পবিত্র জীবন মানুষকে ধর্ম্মনিষ্ঠ, সজ্জন এবং ঈশ্বরের প্রিয় করে। অনুতাপের ঠিক লক্ষণ বলিতে পারা অপেক্ষা অনুতাপ অনুভব করা আমার পক্ষে বরং ভাল। সমগ্র বাইবেল গ্রন্থ এবং সমুদায় জ্ঞানী লোকের উপদেশ যদি তোমার কণ্ঠস্থ থাকে আর প্রেম ও ঈশ্বরের কৃপা না থাকে, তাহা হইলে তাহাতে তোমার কি লাভ (২)? কেবল ঈশ্বরের প্রতি অনুরাগ এবং তাঁহার সেবাতে সমগ্রভাবে জীবন সমর্পণ বিনা "অসারের অসার এবং সকলই অসার (৩)।"

৪। স্বর্গরাজ্যের দিকে অগ্রসর হইবার জন্য সংসারের প্রতি বিরাগ, ইহাই উচ্চতম জ্ঞান। সুতরাং অনিত্য ধনের জন্য পরিশ্রম এবং অধিকৃত ধনের উপরে আস্থা স্থাপন অসারতা; মানান্বেষণ এবং আপনাকে উচ্চপদে উত্থাপন অসারতা; শরীরের বাসনা চরিতার্থ করা এবং যাহার আরম্ভে ও অন্তে যন্ত্রণা ঈদৃশ অভিলাষ

(১) রোমক ১৮।৯।
(২) ১ কর ১৩।২।
(৩) যাজক ১।২।

পোষণ করা অসারতা; ভাল কি না তৎপ্রতি দৃক্‌পাত না করিয়া দীর্ঘজীবন অভিলাষ করা অসারতা; কেবল ইহলোকের প্রতি মনোনিবেশপূর্ব্বক পরলোকের প্রতি দৃষ্টি নিক্ষেপ না করা, যে অবস্থায় চিন্তার দ্রুতগতির সঙ্গে সঙ্গে সকল বিষয় চলিয়া যায় সেই অবস্থা লইয়া অনুরাগকে ব্যাপৃত থাকিতে দেওয়া এবং যেখানে খাটি আনন্দ চির দিনের জন্য আছে তৎপ্রতি অনুরাগ নিয়োগ না করা অসারতা।

৫। "দর্শন করিয়া চক্ষুর পরিতৃপ্তি হয় না, শ্রবণ করিয়া কর্ণের পরিপূর্ত্তি হয় না (১);" সলমনের এই বাক্য পুনঃ পুনঃ স্মৃতিপথে আনয়ন কর, এবং "দৃশ্য পদার্থের" অনুরাগ হইতে বিমুক্ত করিয়া "অদৃশ্য পদার্থের" দিকে তোমার হৃদয়কে সম্পূর্ণরূপে ফিরাও। কারণ যাহারা পশুপ্রকৃতিসুলভ ইন্দ্রিয়সুখের অধীন হইয়া জীবন যাপন করে, তাহারা আত্মাকে কলঙ্কিত করে, এবং ঈশ্বরের অনুগ্রহ হারায়।

দ্বিতীয় অধ্যায়।

অর্জ্জিত জ্ঞানসম্বন্ধে বিনয়।

১। প্রত্যেক মানব স্বভাবতঃ জ্ঞানবৃদ্ধি করিতে অভিলাষ করে; কিন্তু যদি ঈশ্বরের প্রতি ভয় না থাকে সে জ্ঞানে কি লাভ? আত্মজ্ঞানবিবর্জ্জিত হইয়া গ্রহগণের গতি নির্ণয় করিতে পারে, তাদৃশ অহঙ্কৃত জ্ঞানী অপেক্ষা ঈশ্বরসেবক বিনীত কৃষক শ্রেষ্ঠ (২)। যে ব্যক্তি ঠিক আপনাকে চেনে, সে ব্যক্তি আপনার

(১) যাজক ১।৮।

(২) অগষ্টাইনের পাপ স্বীকার গ্রন্থে।

চক্ষে আপনাকে নিতান্ত হীন ও নীচ দেখে এবং মানুষের প্রশংসায় তাহার আহ্লাদ হয় না। পৃথিবীতে যাহা কিছু আছে সকলই যদি আমি জানিতে পারি অথচ প্রীতি না থাকে, তাহা হইলে যিনি আমার কার্য্য দেখিয়া বিচার করিবেন সেই ঈশ্বরের দৃষ্টিতে আমার কি ফললাভ হইবে (১)।

২। অত্যন্ত জ্ঞানলালসা হইতে নিবৃত্ত হও,কারণ তাহাতে সমূহ চিত্তবিক্ষেপ এবং প্রবঞ্চিত হইবার সম্ভাবনা (২)। বিদ্বান্ ব্যক্তিরা পৃথিবীর খ্যাতি ভালবাসেন,এবং জ্ঞানী বলিয়া পরিচিত হইতে অভিলাষ করেন; কিন্তু এমন অনেক বিষয় আছে, যাহাতে আমাদের আদিমদেবজীবনপুনঃপ্রাপ্তির পক্ষে পুষ্টিপোষণ হয় সে বিষয়ে কোন উপযোগিতা নাই। অপিচ ইহা নিশ্চয়ই নির্ব্বুদ্ধিতার পরিচয় যে, আমরা সেই বিষয়ে আমাদিগকে সর্ব্বদা নিয়োগ করি যাহার সঙ্গে আমাদিগের উচ্চতম কল্যাণের কোন যোগ নাই। অনেক কথায় আত্মা পরিতৃপ্ত হইতে পারে না; কিন্তু সাধু জীবন চিরসন্তোগের বিষয়, এবং নির্ম্মল বিবেক ঈশ্বরেতে সুদৃঢ় অবিচলিত আশ্বস্ততার মূল (৩)।

৩। যত অধিক তুমি জানিবে, যত অধিক তুমি ভাল করিয়া বুঝিবে, তত অধিক তোমার প্রতি বিচার কঠিন হইবে, যদি তৎপরিমাণে তোমার জীবন সমধিক পবিত্র না হয়। অতএব কোন শিল্প বা বিজ্ঞানে কোন প্রকার অসাধারণ নিপুণতার জন্য স্ফীত হইও না, কিন্তু তোমায় যে শ্রেষ্ঠ জ্ঞান অর্পণ করা হইয়াছে

---

(১) ১ কর ১৩।২।

(২) যাকুব ১।১৭।

(৩) টিমথি ৩।৯।

উহা তোমায় সমধিক ভীত এবং আপনার প্রতি সমধিক তীক্ষ্ণদৃষ্টি-শীল করুক। যদি তুমি মনে কর যে, তুমি অনেক বিষয় জান এবং সে সকল ভাল করিয়া বুঝ, ভাবিয়া দেখ আরও অনেক বিষয় আছে যাহার সম্বন্ধে তুমি কিছুই জান না; অপিচ তোমার অনেক জ্ঞান আছে আত্মসম্বন্ধে এরূপ উচ্চমতে স্ফীত না হইয়া বরং তোমার তদপেক্ষা অধিকতর বিপুল অনভিজ্ঞতা আছে এই বোধে বিনীত হও। আর অন্য লোক অপেক্ষা তুমি আপনাকে কেনই বা শ্রেষ্ঠ মনে কর, কেন না তুমি এমন অনেক লোকের দেখা পাইতে পার, যাঁহারা তোমা অপেক্ষা বিদ্বান্ এবং ঈশ্বরের ইচ্ছা (বিধি) বিষয়ে অধিকতর অভিজ্ঞ।

৪। যাহা যথার্থ প্রয়োজন তাহা শিখিবার ও জানিবার যদি তোমার অভিলাষ থাকে, তাহা হইলে তুমি অজ্ঞাত এবং অসম্ভ্রান্ত থাকা ভাল বাস; কারণ সর্ব্বাপেক্ষা উচ্চতম ও অতিলাভকর জ্ঞান—আত্মজ্ঞান ও আত্মাবমাননা; অপিচ আপনার গুণের বিষয়ে কোন মত পোষণ না করা এবং সর্ব্বদা অপরকে ভাল ও উচ্চ মনে করা শ্রেষ্ঠ জ্ঞান ও পূর্ণতার পরিচয়। অতএব যদিও তুমি কোন ব্যক্তিকে প্রকাশ্যে অপরাধ বা গুরুতর পাপ করিতেও দেখ, তথাপি সেই ঘটনাকে আপনার শ্রেষ্ঠ সাধুতার জন্য আপনাকে বহু মনে করিবার হেতু করিয়া লইও না; যেহেতু তুমি জান না, তুমি কত দিন ধর্ম্মের সঙ্কীর্ণ পথে অধ্যবসায় সহকারে তিষ্ঠিতে পারিবে; সকল মানুষই দুর্ব্বল, কিন্তু তুমি যেমন তেমন অপর কাহাকেও দুর্ব্বল গণ্য করা তোমার উচিত নয়।

তৃতীয় অধ্যায়।

সত্যসম্পর্কে জ্ঞান।

১। সেই ব্যক্তি ধন্য, যাঁহাকে চিরন্তন সত্য, অবুধ্য সঙ্কেত বা অস্থায়ী শব্দ দ্বারা নহে, কিন্তু সাক্ষাৎ পূর্ণ আত্মপ্রকাশযোগে শিক্ষা দান করিয়া থাকেন। আমাদের ইন্দ্রিয়বোধ অতি সঙ্কীর্ণ ও জড়, এবং সেই সকল বোধ আশ্রয় করিয়া আমরা যে বিচার করি সে বিচার অনেক সময়ে আমাদিগকে ভ্রান্তিতে নিক্ষেপ করে। প্রচ্ছন্ন অবুধ্য বিষয়গুলি লইয়া আমাদের তীব্র তর্ক বিতর্কে কি লাভ, কেন না সে গুলির অনভিজ্ঞতাজন্য সকল লোকের প্রতিফললাভের দিনে আমরা বিচারে নীত হইব না। কি ঘোর নির্ব্বুদ্ধিতা যে, "যে একটি বিষয় প্রয়োজন" তাহার আলোচনায় অবহেলা করিয়া আমরা আমাদের সময় ও মনোবৃত্তি সেই বিষয়ে নিবিষ্ট করি, যাহা কেবল ব্যর্থ কুতূহল নহে, কিন্তু "যাহাদের চক্ষু আছে এবং দেখে না" (১) সেই সকল ব্যক্তির অবস্থার ন্যায় পাপ ও অনিষ্টকর।

২। বিমুক্ত আত্মা-গুলির ন্যায়শাস্ত্রের সূক্ষ্মবিচার ও ভেদা-ভেদে কি প্রয়োজন? নিত্যবাণী আপনি যাহাকে শিক্ষাদান করিবার জন্য স্বীকৃত হইয়াছেন, সে ব্যক্তি মানবীয় মতসমূহের জটিলতা হইতে বিমুক্ত হইয়াছে। কারণ "এক বাণী হইতেই সমুদায় বস্তু" (২) এবং সমুদায় বস্তু স্বর ও ভাষা বিনা একমাত্র তাঁহারই কথা বলিতেছে; তিনিই সেই ঐশ্বরিক তত্ত্ব যিনি আমাদিগের হৃদয়ে কথা কহেন; অপিচ ইহাঁকে বিনা ঠিক বোঝা বা ঠিক বিচার করা

---

(১) সাম ১১৫।৫।
(২) যোহন ১।৩।

যাইতে পারে না। যে ব্যক্তির নিকটে সমুদায় বস্তু—এই এক; যে ব্যক্তি ইহাঁরই ইচ্ছাতে সমুদায় বস্তু অন্তর্ভূত দেখে, এবং ইহাঁরই আলোকে সমুদায় বস্তু অবলোকন করে, "তাহার হৃদয় সমাহিত" থাকে এবং সে ঈশ্বরের শান্তিতে অধিবাস করে।

৩। হে ঈশ্বর, তুমি সত্য, (১) নিত্যপ্রেমে আমায় তোমার সঙ্গে এক কর! আমি পড়া শুনা সম্বন্ধে নিতান্ত ক্লান্ত হইয়া পড়িয়াছি, আমার সমস্ত অভিলাষ একমাত্র তোমাতেই নিবিষ্ট। সকল শিক্ষকেরা নিস্তব্ধ হউন, তোমার সম্মুখে সমস্ত সৃষ্টি মূক হউক, এবং কেবল তুমি আমার আত্মার সঙ্গে কথা কও!

৪। এক ব্যক্তি যত অধিক আধ্যাত্মিক সাধনে নিবিষ্ট এবং হৃদয়ের একাগ্রতা ও সরলতায় অগ্রসর, তত অধিক তাঁহার জ্ঞান মহত্তম ও বহুবিষয়ব্যাপী হয়। এ জ্ঞান তিনি অধ্যয়নশ্রমে উপার্জ্জন করেন না, কিন্তু দেবালোকে লাভ করিয়া থাকেন। যে আত্মা বিশুদ্ধ, সরল এবং অটল, উহা যত বড় বৃহৎ কার্য্য হউক না কেন, কার্য্যের বাহুল্যে মার্থার মত বিক্ষিপ্ত বা বিব্রত হয় না; যেহেতু অন্তরে শান্তি থাকা প্রযুক্ত উহা যাহা করে তাহাতে আপনার গৌরব অন্বেষণ করে না, কিন্তু "সমুদায় ঈশ্বরের গৌরবার্থ করে;" কারণ অসংযত ইচ্ছা এবং অশাসিত বাসনাসমূহ ছাড়া অশান্তি ও উদ্বেগের অন্য কোন কারণ নাই। সাধু অধ্যাত্মভাবাপন্ন ব্যক্তি ইচ্ছা ও বাসনাসমূহকে তাঁহার আপনার মনের আদর্শ ও বিধির অধীন করিয়া লইয়া তাঁহার সমুদায় বাহ্যকার্য্যের আপনি প্রভু হয়েন; স্বার্থমাত্রে পর্য্যবসিত কোন অতিরিক্ত কুবাসনা চরিতার্থ করিবার জন্য তিনি তাহাদিগের দ্বারা আপনাকে পরিচালিত হইতে দেন না, কিন্তু তিনি

(১) যোহন ১৪।৬।

তাহাদিগকে আলোকপ্রাপ্ত পবিত্রীকৃত আত্মার অপরিবর্ত্তনীয় বিচারের বশবর্ত্তী করেন।

৫। যিনি আত্মজয় করিবার জন্য পরিশ্রম করেন তাঁহার সংগ্রামের তুল্য কোন সংগ্রাম তেমন কঠোর নাই; যদি অন্তরের মানুষকে অধিকতর সবল এবং পূর্ণতার দিকে যথার্থ অগ্রসর করিবার অভিলাষ থাকে, তাহা হইলে এই সংগ্রামে আমাদের নিরন্তর প্রবৃত্ত থাকা অবশ্য কর্ত্তব্য। যথার্থতঃ, আমরা বর্ত্তমানাবস্থায় যে উচ্চতম পূর্ণতা উপার্জ্জন করিতে পারি, উহা সমধিক অপূর্ণতা-বিমিশ্র এবং আমাদের অত্যুৎকৃষ্ট জ্ঞানও অজ্ঞানতার ছায়াপাতে আচ্ছন্ন; "আমরা কাচের ভিতর দিয়া ঘোর ঘোর দেখি।" এজন্যই বিজ্ঞানের অতি গভীর তত্ত্বান্বেষণাপেক্ষা সামান্য আত্মজ্ঞান তোমায় ঈশ্বরের সন্নিধানে লইয়া যাইবার অধিকতর নিশ্চিত পন্থা। তথাচ বিজ্ঞান বা বর্ত্তমান জীবনসম্পর্কীণ বিষয়সমূহের উপযুক্ত জ্ঞান দূষণীয় না হইয়া বরং বিচার করিয়া দেখিলে ভাল এবং স্বয়ং ঈশ্বর-নির্দ্দিষ্ট; তবে বিবেকের নির্ম্মলতা জীবনের বিশুদ্ধতা বিজ্ঞানাপেক্ষা শ্রেষ্ঠ বলিয়া গ্রহণ করা অবশ্য কর্ত্তব্য। অপিচ মানবগণ ভাল করিয়া জীবন নির্ব্বাহ করা অপেক্ষা শিখিবার জন্য অত্যধিক ব্যগ্র, এজন্যই তাহারা ভ্রমে নিপতিত হয় এবং তাহাদের অধ্যয়ন হইতে তাহারা অল্প বা কোন উপকার লাভ করে না। অলাভকর প্রশ্ন সকলের বিচারে এবং "ব্যর্থ বাগ্‌যুদ্ধে" যে অধ্যবসায় নিয়োগ করা হয়, উহা যদি পাপের মূলোৎপাটনে এবং ধর্ম্মসংরোপণে প্রয়োগ করা হইত, তাহা হইলে সাধারণ শ্রেণীর লোকদিগের মধ্যে এত অধিক সাহসিক দুরাত্মতা দেখিতে পাওয়া যাইত না; অথবা জ্ঞানের জন্য যাঁহারা প্রসিদ্ধ তাঁহারা এত অধিক নীতিশৈথিল্যে কলঙ্কিত

হইতেন না। নিশ্চয়ই যে দিন সকল লোকের বিচার হইবে, সেই ভবিষ্যৎ বিচারের দিনে আমরা কত পড়িয়াছি, আমরা কেমন বক্তৃতা করিয়াছি, তাহা জিজ্ঞাসিত হইবে না, কিন্তু আমরা কি করিয়াছি, আমরা কিরূপ পবিত্র জীবন নির্ব্বাহ করিয়াছি, তাহাই জিজ্ঞাসিত হইবে।

৬। বল, এখন সেই সকল বিদ্বান্ সর্ব্বোচ্চ উপাধিধারী যাজক এবং অধ্যাপকগণ কোথায়, যাঁহাদিগকে তোমরা সেই সময়ে বিলক্ষণ জানিতে এং অতি মাত্রায় সম্ভ্রম করিতে,যে সময়ে সাহিত্য-সম্পর্কীয় গৌরবমুকুল তাঁহাদিগের চারিদিকে উদ্ভিন্ন হইয়াছিল? এখন তাঁহাদিগের বৃত্তি ও জীবিকা অপরে আসিয়া অধিকার করিয়াছেন; যাঁহারা অধিকার করিলেন তাঁহারা তাঁহাদিগকে কদাপি স্মরণও করেন না; যখন তাঁহারা জীবিত ছিলেন, তখন তাঁহাদের নাম বিনা রসনা অন্য কোন নামের যশ কীর্ত্তন করিত না, এখন তাঁহাদিগের সম্বন্ধে রসনা একেবারে নিস্তব্ধ; মানবোপার্জ্জিত গৌরব এই প্রকারই সহসা চলিয়া যায়! এই সকল ব্যক্তি বিদ্বান্ হইবার জন্য যাদৃশ যত্নশীল ছিলেন, পবিত্র হইবার জন্য যদি তাদৃশ যত্নশীল হইতেন, তাহা হইলে তাঁহাদিগের অধ্যয়ন সেই সম্ভ্রমে সম্ভ্রমান্বিত হইত যে সম্ভ্রম কখন কলঙ্কিত হইতে পারে না, এবং তাঁহারা সেই সুখে সুখী হইতেন যে সুখ কখন বিচ্ছিন্ন হইতে পারে না। কিন্তু অনেকে আত্মজ্ঞান ও ঈশ্বরপ্রেম ও ঈশ্বরসেবাতে সুখ ও গৌরব অন্বেষণ না করিয়া "যাহাকে ভ্রমবশতঃ বিজ্ঞান বলে" তাহার অনুসরণে সুখ ও গৌরব উভয়ই হইবে আশা করিয়া সম্পূর্ণরূপে নিরাশ হয়। ঈশ্বরের দৃষ্টিতে নম্র ও বিনীত হওয়া অপেক্ষা মানুষের চক্ষে বড় হওয়া তাহারা মনোনীত করে, সুতরাং তাহারা আপনার

কল্পনায় আপনারা বৃথা গর্ব্বিত হয় এবং তাহাদের স্মৃতিলিপি ধূলিতে বিলিখিত হয় (১)।

৭। তিনিই যথার্থ ভাল যাঁহার প্রশস্ত প্রেম আছে, এবং তিনিই যথার্থ মহৎ যিনি আপনার গণনায় আপনি ক্ষুদ্র এবং পার্থিব সম্ভ্রমের উচ্চ শিখরকেও কোন মুল্যার্পণ করেন না; তিনিই যথার্থ জ্ঞানী যিনি "ঈশ্বরকে লাভ করিবার জন্য পার্থিব সমুদায় পদার্থকে অসার মনে করেন (২)"; এবং তিনিই যথার্থ বিদ্বান্ যিনি আপনার ইচ্ছা পরিত্যাগ করিয়া ঈশ্বরের ইচ্ছা পালন করিতে শিখিয়াছেন।

চতুর্থ অধ্যায়।

মত ও কার্য্যসম্বন্ধে বুদ্ধির অনুসরণ।

১। আমরা যাহা শুনি তাহাতেই বিশ্বাস করিব না, অথবা প্রত্যেক ভাবের লোকে (৩) যাহা জ্ঞাপন করে তাহাতেই প্রত্যয় স্থাপন করিব না, কিন্তু প্রত্যেক বিষয় ঈশ্বরের দিকে দৃষ্টি রাখিয়া ধীরতা সহকারে বিচার ও পর্য্যালোচনা করিব; কারণ, কি পরিতাপ! মানুষের দুর্ব্বলতা এত অধিক যে, অপরের ভাল অপেক্ষা মন্দটা বলিতে ও বিশ্বাস করিতে তাহারা সমধিক প্রস্তুত। কিন্তু সাধুব্যক্তি অপরে যে বিষয়ে সংবাদ দেয় তাহাতে বিশ্বাস অর্পণ করিতে অগ্রসর নন, কারণ মনুষ্য প্রকৃতির অজ্ঞানতা ও খলতাবিষয়ে অভিজ্ঞতা বশতঃ তিনি জানেন, উহার মন্দের দিকে ঝোঁক, এবং বাক্যব্যবহারে সত্যের ব্যতিক্রমসাধনে উহা নিতান্ত উন্মুখ।

---

(১) রোমক ১।২১।
(২) ফিলি ৩।৮।
(৩) যোহন ৪।১।

২। কার্য্যে হঠকারিতা এবং মতে অনম্যতা না থাকাই যথার্থ জ্ঞানের প্রমাণ; এবং যে কোন কথা কেহ বলে তাহাতে হঠাৎ বিশ্বাস না করা, অথবা যাহা আমরা শুনিয়াছি বা যাহা বিশ্বাস করি তাহা তৎক্ষণাৎ অপরকে জ্ঞাপন না করা সেই জ্ঞানেরই একাংশ। যে সকল বিষয়ে সংশয় ও জটিলতা উপস্থিত, সে সকল বিষয়ে এক জন বুদ্ধিমান্ ধার্ম্মিক লোকের পরামর্শ জিজ্ঞাসা কর, এবং আপনার অন্ধ ইচ্ছার প্ররোচনানুসরণ অপেক্ষা তোমা হইতে যিনি শ্রেষ্ঠ তাঁহার পরামর্শ দ্বারা পরিচালিত হওয়া ভাল মনে কর।

৩। যাহা হউক, সাধুজীবন মানুষকে ঐশ্বরিক জ্ঞানানুসারে জ্ঞানী করিয়া থাকে এবং তাহার পরীক্ষালব্ধ জ্ঞানকে অদ্ভুতভাবে বর্দ্ধিত করিয়া দেয়; (১) এবং সে যত অধিক বিনয়ভাবাপন্ন, ঈশ্বরের বশবর্ত্তী ও সমর্পিতাত্মা হয়, তত অধিক সে তাহার ব্যাহ্যাচরণে জ্ঞানবত্তা এবং আত্মসংবরণে ধীরতা প্রকাশ করে।

পঞ্চম অধ্যায়।

শাস্ত্র ও পবিত্র গ্রন্থ অধ্যয়ন।

১। পবিত্র ধর্ম্মশাস্ত্রসমূহে উক্তিবৈচিত্র্য নহে কিন্তু সত্য অন্বেষণ করিতে হইবে, উহার প্রত্যেক অংশ সেই ভাবে পড়িতে হইবে যে ভাবে উহা লিখিত হইয়াছিল। এ সকল গ্রন্থে যেমন, তেমনি অন্যান্য গ্রন্থে সূক্ষ্ম চিন্তা বা বিশুদ্ধ রচনার আমোদ নহে কিন্তু পবিত্রতার পরিবৃদ্ধি প্রধানতঃ মনোনিবেশের বিষয় হইবে; যে সকল অংশ উচ্চ চিন্তা বা গভীর বিদ্যাবত্তাব্যঞ্জক সে সকল যে

---

(১) টোবিট ৪।১৯।

প্রকার, সেই প্রকার যে সকল অংশ সহজ ভক্তিভাবে পূর্ণ সে সকল আহ্লাদ ও অনুরাগের সহিত পাঠ করিবে।

২। যে কোন গ্রন্থ তুমি পাঠ কর, লেখকের সাহিত্যবিষয়ক গুণবত্তা অধিক বা অল্প হউক, তোমার মনের উপরে তাঁহার চরিত্রের প্রভাব বিস্তৃত হইতে দিও না, কিন্তু পাঠে একমাত্র প্রবৃত্তির হেতু সত্যের প্রতি বিশুদ্ধ প্রীতি হউক। অপিচ কে লিখিয়াছেন তাহা অনুসন্ধান না করিয়া যাহা লেখা হইয়াছে তাহার প্রকৃতি কি তৎপ্রতি তোমার একান্ত মনোনিবেশ হউক। প্রাতঃকালের ছায়ার ন্যায় মানুষ চলিয়া যায় (১), কিন্তু ঈশ্বরের বাক্য চিরদিন থাকিয়া যায় (২) এবং সে বাক্য মানুষের অপেক্ষা না রাখিয়া অগণ্য বিবিধ প্রণালীতে সকলের সঙ্গে কথা কয়।

৩। যে সকল অংশ বিনীত বশবর্ত্তী ভাবে পাঠ করিয়া যাওয়া উচিত, আমাদের মনের ব্যর্থ কৌতূহল—সে গুলিকে ভাল করিয়া বিচার, পরীক্ষা ও বুদ্ধিগম্য করিবার জন্য পরিশ্রমে নিযুক্ত করিয়া—পবিত্র ধর্ম্মগ্রন্থপাঠের উপকারিতা পুনঃপুনঃ অবরুদ্ধ করিয়া ফেলে। সম্ভ্রমলাভের জন্য গভীর বিদ্যাবত্তার ভাণ করিও না, কিন্তু অধ্যাত্ম উন্নতি লাভ করিবার জন্য বিনয়, ঋজুতা এবং বিশ্বাস সহকারে পাঠ করা অবশ্য কর্ত্তব্য।

৪। প্রমুক্ত ভাবে প্রশ্ন কর, এবং সম্ভ্রম ও তূষ্ণীভাবে সাধু ব্যক্তিগণের শিক্ষা গ্রহণ কর; অপিচ প্রাচীনকালের রূপক বা দার্ষ্টান্তিক উপন্যাস যেন তোমায় বিরক্ত না করে, কারণ তাহারা নিরর্থক বা বিনাভিপ্রায়ে লিখিত হয় নাই (৩)।

(১) সাম ৩৮।৭।
(২) পিটর ১।২৪।২৫।
(৩) একূস ৮।৮।৯।

ষষ্ঠ অধ্যায়।

অত্যন্ত আসক্তি।

১। যাই কোন ব্যক্তি অদম্য অভিলাষের বশবর্ত্তী হয় অমনি অশান্তি ও যন্ত্রণা তাহার হৃদয়কে অধিকার করে (১)। গর্ব্বিত ও লোভী কদাপি আরাম পায় না (২); কিন্তু বিনীত দীনাত্মা প্রচুর শান্তি সম্ভোগ করে।

২। যে ব্যক্তি আত্মসম্বন্ধে মৃত হয় নাই সে ব্যক্তি জীবনের অতিসামান্য ঘটনাতেই শীঘ্র প্রলুব্ধ ও সহজে বিজিত হয় (৩)। যে ব্যক্তি এখনও পার্থিব বিষয়ে অনুরক্ত এবং ইন্দ্রিয়সুখলোলুপ সেই দুর্ব্বলাত্মা ব্যক্তি পার্থিব অভিলাষসমূহ হইতে আপনাকে বিযুক্ত করিতে বড়ই কাঠিন্য অনুভব করে; যখনই সে আপনাকে এইরূপে বিযুক্ত করিতে যায়, তখনই সে দুঃখ ও অনুশোচনা অনুভব করে এবং তাহার প্রবল রিপুর বাসনাচরিতার্থতার ব্যাঘাত উপস্থিত হইলেই তাহার রোষ ও আক্রোশ উদ্দীপ্ত হয়। যদি সে তাহার প্রবল বাসনা চরিতার্থ করিতে কৃতকার্য্য হয়, তখনই অনুতাপ আসিয়া তাহাকে দংশন করে; কারণ সে কেবল পাপ করিয়াছে তাহা নহে, যে শান্তি সে অন্বেষণ করিতেছিল তাহাতেও সে সম্পূর্ণ নিরাশ হইয়াছে। অতএব হৃদয়ের শান্তি রিপু চরিতার্থ করিয়া নহে কিন্তু দমন করিয়া লাভ করা যায় (৪)। যে ব্যক্তি পার্থিব বিষয়ে

---

(১) প্রোবার্ব্ব ১৮।১৪।

(২) আইজা ৪৮।২২।

(৩) রোমক ৮।৫।

(৪) গ্যাল ৫।২২।

অনুরক্ত, অথবা যে ব্যক্তি সাংসারিক জীবনে অভিনিবিষ্ট, শান্তি তাহার প্রাপ্যাংশ নহে, বিনীত আধ্যাত্মিক জীবনবান্ ব্যক্তির সঙ্গে কেবল উহার বাস।

সপ্তম অধ্যায়।

অসার আশা এবং মনের সৌভাগ্যগর্ব্ব।

১। যে ব্যক্তি মনুষ্য বা কোন সৃষ্ট জীবের উপরে আশ্বস্ততা স্থাপন করে, সে অসার, ছায়াতে তাহার বিশ্বাস স্থাপিত (১)। ঈশার প্রতি প্রীতির অনুরোধে অতি নীচতম পদে থাকিয়া তোমার ভ্রাতৃবর্গের সেবা করিতে ও মানবগণের চক্ষে নিতান্ত দরিদ্র বলিয়া পরিচিত হইতে লজ্জিত হইও না (২)। মনে করিও না তোমার নিজ চেষ্টায় তুমি কৃতকৃত্য হইবে, কিন্তু সমগ্র আশা ঈশ্বরের উপরে স্থাপন কর; সদভিপ্রায়ে তোমার যত দূর সামর্থ্য কর, ঈশ্বর তোমার সাধু ইচ্ছা স্বীয় অনুগ্রহবিতরণে আশীর্যুক্ত করিবেন। তোমার আপনার বা অপর কোন মানুষের জ্ঞান ও নৈপুণ্যে বিশ্বাস করিও না; কিন্তু যে ঈশ্বর বিনীতকে উর্দ্ধভূমিতে আরূঢ় করেন এবং আত্মগর্ব্বে গর্ব্বিত ব্যক্তিকে বিনীত করেন, তাঁহার করুণা ও অনুগ্রহের উপরে বিশ্বাস স্থাপন কর।

২। তোমার ধন যদি দিন দিন বাড়িতে থাকে, ধনেতে গৌরব করিও না; যদি তোমার পরাক্রান্ত বন্ধু থাকে বন্ধুতেও গৌরব করিও না, কিন্তু সেই ঈশ্বরেতে গৌরবানুভব কর যিনি

(১) সাম ৬০।১১; ১০৮।১২।

(২) ২ কর ৪।৫।

তোমায় ধন দিয়াছেন, বন্ধু দিয়াছেন, এবং আর আর সমুদায় বিষয় দিয়াছেন ; অপিচ সকলের চেয়ে অধিক—তোমায় তিনি আপনাকে দিতে ইচ্ছা করেন (১)। তোমার শরীরের শোভা, সৌন্দর্য্য ও শক্তির জন্য বৃথা অভিমান করিও না, অতি সামান্য রোগে উহা দুর্ব্বল ও কুৎসিত হইয়া যাইতে পারে। তোমার বুদ্ধির প্রাখর্য্য এবং তোমার স্বভাবের মাধুর্য্যের বিষয়ে আত্মতুষ্টিকর চিন্তা পোষণ করিয়া আপনাপনি আহ্লাদিত হইও না, কি জানি বা তুমি এতদ্বারা সেই ঈশ্বরের অসন্তোষভাজন হও, যিনি প্রকৃতি যে সকল ভাল বিষয় দিতে পারেন তাহার কর্ত্তা। তুমি অপরের চেয়ে আপনাকে ভাল মনে করিও না, কি জানি বা তুমি ঈশ্বরের দৃষ্টিতে—যিনি মানুষের ভিতরে কি আছে জানেন—তদপেক্ষা মন্দ দৃষ্ট হও (২)। যে বিষয়ে শ্রেষ্ঠ বলিয়া সকলে তোমাকে মনে করে এবং তজ্জন্য সম্ভ্রম ও সম্মান দান করে, সে বিষয়ে তুমি অহ-ঙ্কারী হইও না ; কারণ ঈশ্বর ও মানুষের বিচার অনন্ত গুণে ভিন্ন এবং যাহা সাধারণতঃ তাহাদের সন্তোষবর্দ্ধক তাহা তাঁহার নিকটে অসন্তোষকর। যাহা কিছু ভাল তুমি আপনার ভিতরে সত্যই অনুভব কর, তদপেক্ষা অপরের ভিতরে ভাল আরও বেশি আছে বিবেচনা কর তাহা হইলে তুমি তোমার আপনার বিনম্রভাব রক্ষা করিতে পারিবে ; সকল মানুষের অপেক্ষা আপনাকে যদি নিম্ন স্থানে স্থাপন কর তাহাতে তোমার কিছু ক্ষতি হইতে পারে না ; কিন্তু তুমি যদি আপনাকে এক ব্যক্তির অপেক্ষাও শ্রেষ্ঠ মনে কর, তাহাতে সমধিক ক্ষতি হইতে পারে। বিনীত ব্যক্তির সহিত চির শান্তির বাস,

(১) ১কর ১।৩১।

(২) যোহন ২।২৫।

কিন্তু হিংসা আক্রোশ ও রোষ অহঙ্কৃত ব্যক্তির হৃদয়কে নিতান্ত বিক্ষিপ্ত করে (১)।

অষ্টম অধ্যায়।

সংসারের সহিত ঘনিষ্ঠতা পরিত্যাগ।

১। "তোমার হৃদয় যাহার তাহার নিকট প্রমুক্ত করিও না" (২) কিন্তু তাঁহার নিকটে উহার গুপ্ত বিষয় সমুদায় ন্যস্ত কর যিনি জ্ঞানী এবং ঈশ্বরভীরু। অল্পবয়স্ক এবং অপরিচিত ব্যক্তিগণের সঙ্গে কদাচিৎ থাকিও। ধনিগণের তোষমোদ করিও না, অথবা বড় লোকের নিকটে সকলে তোমায় দেখুক এরূপ ভাণ করিও না (৩)। কেবল বিনীত ও ঋজু, সাধু ও ভক্তগণের সঙ্গ কর, এবং তাঁহাদের সঙ্গে তোমার সেই বিষয়ে প্রসঙ্গ হউক যাহাতে আত্মার পূর্ণতার দিকে গতি হয় (৪)। কোন নারীর সহিত ঘনিষ্ঠতা করিও না, কিন্তু সকল নারীকে ঈশ্বরের করুণা ও রক্ষণাধীনে সমর্পণ কর। কেবল ঈশ্বর ও তাঁহার পবিত্র দূতগণ সহ ঘনিষ্ঠ হইতে অভিলাষ কর, মানুষের সহিত ঘনিষ্ঠতা পরিত্যাগ কর। প্রীতি সকলেরই প্রাপ্য, কিন্তু ঘনিষ্ঠতায় কোন মনুষ্যের অধিকার নাই।

২। ইহা অনেক সময়ে ঘটিয়া থাকে যে, এক জন যশঃখ্যাতিতে সমুজ্জ্বল অপরিচিত ব্যক্তি, যাই চক্ষে দৃষ্ট ও বিদিত

---

(১) প্রোবার্ব্ব ১৩।১০।

(২) এক্ল,স ৮।১৯।

(৩) প্রোবার্ব্ব ২৫।৬।

(৪) রোমক ১৪।১৯।

হন, অমনি চরিত্রের উজ্জ্বলতা হারাইয়া ফেলেন। ঘনিষ্ঠ যোগে প্রবিষ্ট হইয়া লোকদিগকে সন্তুষ্ট করিব আমরা আশা করি, কিন্তু আমাদিগের মধ্যে যে সকল মন্দগুণ এবং বিষম ব্যবহার আছে তাহা প্রকাশ পায় বলিয়া আমরা অচিরে তাহাদিগের অপ্রবৃত্তি জন্মাইয়া দি।

নবম অধ্যায়।

বশবর্ত্তিতা ও বাধ্যতা।

১। কর্তৃত্বাপেক্ষা অধীনতায় জীবনযাপন সমধিক উপকারক, আদেশ করা অপেক্ষা বাধ্য হওয়া সমধিক নিরাপদ (১)। কিন্তু অনেকে ঈশ্বরের প্রীতি অপেক্ষা প্রয়োজন দ্বারা বাধ্য হইয়া বশ্যতায় জীবন যাপন করে (২); সুতরাং নিয়ত কৃচ্ছ্র সাধনে জীবন অতিপাত করে, এবং অতি যৎসামান্য ব্যাপারে বিরক্তিপ্রকাশের হেতু দেখিতে পায়। অপিচ যত দিন পর্য্যন্ত তাহারা—যে কোন অবস্থায় কেন অবস্থিত হউক না—সমগ্র হৃদয়ের সহিত ঈশ্বরের ইচ্ছাতে আত্ম-সমর্পণ না করে, তত দিন পর্য্যন্ত কখন তাহারা আত্মার স্বাধীনতা উপার্জ্জন করিতে পারে না। যেখানে তোমার ইচ্ছা যাও, ঈশ্বরের ইচ্ছার নিকটে বিনীত বশবর্ত্তিতা স্বীকার না করিলে আরাম প্রাপ্ত হইবে না; বিধাতা যে স্থান নির্দ্দিষ্ট করিয়া দিয়াছেন সে স্থান ছাড়িয়া অধিকতর আরাম প্রাপ্তির কল্পনা ব্যর্থ; অপিচ সেই কারণে পরিবর্ত্তনে অভিলাষ জন্মিলে প্রবঞ্চিত হইতে হয় এবং যন্ত্রণা বাড়ে।

---

(১) ১ পিটর ২।১৩ ইত্যাদি।

(২) এফেসি ৬।৬; রোমক ১৩।৫।

২। মানুষ আপনার বুদ্ধিবিচারানুসারে কার্য্য করিতে ভাল বাসে এবং যাহারা তাহাদিগের সহিত একমত তাহাদের দিকেই তাহাদের ঝোঁক। কিন্তু আমাদের হৃদয়ে যদি ঈশ্বর বাস করেন, আমরা দেখিতে পাইব, শান্তির জন্য আমাদের নিজের প্রতিবোধ অনেক সময়ে ছাড়িয়া দেওয়া প্রয়োজন হয়। অপিচ কেই বা এমন পূর্ণ জ্ঞানী আছেন যিনি সমুদায় বিষয়ের কারণ ও সম্বন্ধ বুঝিতে পারেন? অতএব আপনার বুদ্ধিবিচারের প্রতি নিতান্ত আশ্বস্ত হইও না, কিন্তু ইচ্ছাপূর্ব্বক অপরের বুদ্ধিবিচারে কর্ণপাত কর (১)। যদিও চিন্তালব্ধ জ্ঞান অথবা সাংসারিক বুদ্ধির বিষয়ে তোমার আপনার মত ভাল হইতে পারে; তথাপি যদি তুমি ঈশ্বরের জন্য উহা সম্যক্ প্রকারে ত্যাগ করিয়া অপরের মতের বশ্যতা স্বীকার করিতে পার, তোমার আধ্যাত্মিক পূর্ণতালাভের পক্ষে উহা সহায় হইবে। আমি অনেক সময়ে শুনিয়াছি, পরামর্শ দেওয়া অপেক্ষা পরামর্শ গ্রহণ করা অধিকতর নিরাপদ (২)। কোন কোন স্থলে এমন হয় যে, প্রতি মানুষের মতই সমান ভাল, সুতরাং কোন পক্ষের বশ্যতা স্বীকার না করিয়া বরং উভয় পক্ষকেই নিবৃত্তি অবলম্বন করিতে হয়। কিন্তু যখন কোন একটি বিষয়ে সত্য ও অবস্থানুরোধে বাধ্যতা অর্পণ প্রয়োজন, সে স্থলে অপরের মতে বাধ্যতা অর্পণ করিতে অস্বীকার করা অহঙ্কার ও নির্ব্বন্ধশীলতার পরিচয়।

---

(১) প্রোবার্ব্ব ৩।৫; রোমক ১২।১৬।

(২) ঐ ১২।১৫।

দশম অধ্যায়।

অতিরিক্ত বাক্যব্যয়।

১। যত দূর সামর্থ্য সংসারী লোকের জনতাস্থল পরিহার কর; কারণ সাংসারিক বিষয়ে আলাপ, যত কেন নির্দ্দোষভাবে নিষ্পন্ন হউক না, অধ্যাত্মজীবনের উন্নতি সমধিক পরিমাণে প্রতিরুদ্ধ করে। আমরা অতি শীঘ্র ব্যর্থ বিষয় ব্যর্থ কার্য্যে মুগ্ধ হইয়া পড়ি, এবং সত্বর কলঙ্কিত হই। আমি সহস্রবার ইচ্ছা করিয়াছি যে, হয় আমার সঙ্গী না থাকুক বা আমি মৌন হইয়া থাকি।

২। যদি ইহা জিজ্ঞাসা করা হয়, সংসারের সঙ্গে যে নিষ্ফল প্রসঙ্গে কলঙ্কিত ও অনুশোচনাগ্রস্ত না হইয়া মৌনিত্ব এবং একাগ্রতায় পুনরাবর্ত্তন করা যায় না, সেই প্রসঙ্গে যোগ দিবারজন্য আমাদের এত অনুরাগ কেন, তাহা হইলে তাহার উত্তর এই যে, আমাদের বর্ত্তমান জীবনে আমরা সর্ব্বপ্রকার সান্ত্বনা অন্বেষণ করি বলিয়া আমাদের আশা এই যে, লোকের সঙ্গে আমোদ করিয়া আমরা দুঃখের দাগ পুঁছিয়া ফেলিব এবং মনের অস্থৈর্য্যবশতঃ যে শূন্যতানুভব হয় তাহার প্রতিবিধান করিব; অধিকন্তু যে সকল বিষয় আমরা ভালবাসি ও অভিলাষ করি, এবং যে সকল বিষয় আমরা ঘৃণা করি ও পরিহার করিতে চাই, সেই সকল বিষয় চিন্তা করিতে ও কথা কহিতে আমাদের অনুরাগ। কিন্তু, কি পরিতাপ! এই কাল্পনিক প্রণালীতে কার্য্য করিতে গিয়া কত প্রকারে প্রবঞ্চিত হইতে হয়! কারণ বাহ্যজীবন হইতে সান্ত্বনা লাভের আশাতে পরমাত্মা যে সান্ত্বনা দান করেন এবং যে সান্ত্বনাই সর্ব্ববিধ বিপৎকালে

আত্মার এক মাত্র আশ্রয়, তাহাই সম্যক্‌প্রকারে বিনষ্ট হইয়া যায়। এজন্য আমরা যেন জাগ্রৎ থাকি এবং নিরন্তর প্রার্থনা করি (১) যে, আমাদের অমূল্য সময়ের কোন একটি বিভাগও পাপ ও অসারতার সমীপে বলিপ্রদত্ত না হয়, এবং যখন কথা কহা উপযুক্ত ও সুসঙ্গত তখন আমরা সেই সকল পবিত্র বিষয়ে কথা কহি "যদ্দারা খ্রীষ্টের অনুবর্ত্তিগণ পরস্পরকে উন্নত করেন (২)।"

৩। দিন দিন অধিকতর ঈশ্বরানুগ্রহলাভের প্রতি ঔদাসীন্য ও অমনোযোগ প্রকাশের কদভ্যাস আমাদিগের ওষ্ঠাধরের (রসনার) উপরে তীক্ষ্ণদৃষ্টি না রাখিবার প্রধান কারণ (৩)। সৎসঙ্গ আধ্যাত্মিক উন্নতিসাধনে নিতান্ত কার্য্যকর, বিশেষতঃ সেই সময়ে যখন একহৃদয় একচিত্ত ব্যক্তিগণ ঈশ্বরের ভয় ও প্রীতিতে একত্র সম্মিলিত হন।

একাদশ অধ্যায়।

মনের যথার্থ শান্তি এবং অধ্যাত্ম উন্নতির জন্য উৎসাহ।

১। অন্যে যাহা করে বা বলে, যাহার সঙ্গে আমাদের কোন সম্বন্ধ নাই, সেই সকল বিষয় লইয়া যদি আমাদের মন ব্যাপৃত না হইত তাহা হইলে আমরা সমধিক শান্তিভোগ করিতে পারিতাম। সে মানুষের দীর্ঘকাল শান্তিতে থাকিবার কি সম্ভাবনা, যে মানুষ ক্রমাগত অপরের বিষয় লইয়া নাড়াচাড়া করে, অশান্তির কারণ খুঁজিয়া আনিবার জন্য বাহিরে দৌড়ায়, অথচ কখন বা কদাপি

(১) মথি ১৬।৪১।

(২) রোমক ১৫।২।

(৩) প্রোবার্ব্ব ১০।১৯।

একাগ্রমনে নির্জ্জনে ঈশ্বরের নিকটে যায় না? বিনীত একাগ্রমনা ব্যক্তি ধন্য, কারণ তাহারা প্রচুর পরিমাণে শান্তি অধিকার করিবে! (১)

২। কোন কোন সাধুপুরুষ কি জন্য ধ্যানপ্রধান প্রার্থনায় পূর্ণতা লাভ করিয়াছিলেন; এই জন্য যে, পার্থিব সমুদায় অভিলাষ দমন ও পার্থিব সমুদায় ব্যাপার হইতে আপনাদিগকে বিচ্ছিন্ন করিতে তাঁহাদিগের ক্রমিক যত্ন চেষ্টা ছিল, এবং এ যত্ন চেষ্টার লক্ষ্য এই যে, চিত্তচাঞ্চল্য হইতে বিমুক্ত হইয়া আত্মার সমগ্র শক্তি সহকারে তাঁহারা ঈশ্বরেতে নিমগ্ন হইতে পারেন (২)। কিন্তু আমরা নিজ নিজ প্রবৃত্তি লইয়া এত ব্যস্ত এবং অচিরস্থায়ী জীবনের আমোদ ও কার্য্যে এত আসক্ত যে তাদৃশ উচ্চ সম্পৎ লাভে অসমর্থ; বলিতে কি, আমাদের চিত্ত আলস্য ও শীতলভাবাপন্ন ঔদাসীন্যে এমনই দৃঢ়বদ্ধ যে, এত দূর হইয়া পড়িয়াছে, আমরা আমাদের একটি কদভ্যাস নির্জ্জিত করিতে পারি না।

৩। যদি আমরা আমাদের সম্পর্কে সম্পূর্ণ মৃত হইতাম (৩), এবং অন্তরের সর্ব্বপ্রকার বন্ধনবিমুক্ত হইতাম, তাহা হইলে দিব্য আনন্দের কথঞ্চিৎ আস্বাদ পাইতাম, এবং স্বর্গীয় চিন্তানুধ্যানের সুখ উপলব্ধি করিতে প্রবৃত্ত হইতাম। ঈদৃশ অবস্থাসম্বন্ধে যদি একমাত্র না হউক—প্রধান প্রতিবন্ধক এই যে, আমরা ক্রমান্বয়ে প্রবল রিপু ও অদম্য অভিলাষের অধীন হইয়া থাকি; সেই সঙ্কীর্ণ পথে প্রবেশ করিতে অণুমাত্র যত্ন করি না যে পথ ঈশ্বরের সকল

(১) মথি ৫।৫ ইত্যাদি।

(২) কল ৩।৫।

(৩) রোমক ৬।২।

ভক্তগণের পূর্ণতাসাধনপক্ষে একমাত্র পথ ঈশা নির্দ্দেশ করিয়াছেন। এইরূপে যখন অতি যৎসামান্য দরিদ্রতা আসিয়া উপস্থিত হয়, আমরা সত্বরই বিষাদগ্রস্ত হইয়া পড়ি, এবং তৎক্ষণাৎ মানবীয় সান্ত্বনা উপায়স্বরূপ গ্রহণ করি; কিন্তু যদি আমরা বীর্য্যবান্ সৈনিক পুরুষের ন্যায় সংগ্রামকালে সংগ্রামভূমিতে দণ্ডায়মান থাকিতে যত্ন করিতাম, তাহা হইলে আমরা স্পষ্ট উপলব্ধি করিতাম, স্বর্গ হইতে পরম প্রভুর আনুকূল্য আমাদের উপরে অবতরণ করিতেছে; কারণ যাহারা অধ্যবসায় সহকারে যত্ন করে এবং তাঁহার অনুগ্রহশক্তির উপরে সমগ্র আস্থা স্থাপন করে তাহাদিগকে তিনি সর্ব্বদা সাহায্য করিতে প্রস্তুত; বলিতে কি, তিনি আমাদিগকে বিজয়ের সুযোগ দিয়া ধন্য করিবার জন্য আপনি সংগ্রামের হেতু উৎপাদন করেন।

৪। পূর্ণতার দিকে উন্নতি যদি কেবল বাহিরের অনুষ্ঠানোপরি স্থাপিত হয়, তাহা হইলে আমাদের ধর্ম্ম যে সকল বস্তুকে উপজীব্য করিয়া লইয়াছে, দেবজীবনাভাবে উহা তৎসহকারে অতি সত্বর বিনষ্ট হইবে; পরন্তু বৃক্ষের মূলে কুঠারাঘাত করিতে হইবে (১) যে, প্রকৃতি ও আত্মসম্ভূত অস্থির অভিলাষসমূহ হইতে বিচ্ছিন্ন ও বিমুক্ত হইয়া আমাদের আত্মাকে ঈশ্বরের শান্তিসম্পন্ন করিতে পারি।

৫। যদি প্রতি বৎসর আমরা একটি করিয়া পাপ উৎপাটিত করি, আমরা শীঘ্রই পূর্ণ মানুষ হইব; কিন্তু ইহার বিপরীত শোচনীয় অবস্থা আমরা জীবনে দেখিতে পাই; আমরা দেখিতে পাই যে, আমাদের ধর্ম্মজীবনের অনেক বৎসরের পরসময়াপেক্ষা জীবনের পরিবর্ত্তনের আরম্ভে আমরা সমধিক অনুতপ্ত, বিশুদ্ধ, বিনীত এবং

(১)। মথি ৩।১০।

বাধ্য ছিলাম। এরূপ আশা করা যুক্তিযুক্ত যে, আমাদের চিত্ত-বৃত্তির আগ্রহ ও সাধুতার উন্নতি দিন দিন উন্নত হইতে উন্নতাবস্থা লাভ করিবে, কিন্তু এখন এই অবস্থা হইয়াছে যে, প্রথমাবস্থার আগ্রহের কিঞ্চিদংশ যদি মৃত্যুকালে কেহ রক্ষা করিতে পারেন, তাহা হইলে উহা সান্ত্বনা কেন অভিমান করিবার বিষয় বলিয়া তিনি মনে করেন।

৬। সাধুতার পথ সহজ ও আনন্দকর হয় এজন্য আরম্ভে বহুল অন্তরায় অপনয়ননিমিত্ত কিছু বলপ্রয়োগ নিতান্ত আবশ্যক। যে বিষয়ে আমরা অভ্যস্ত হইয়া পড়িয়াছি, উহা পরিত্যাগ করা বাস্তবিকই কঠিন, সর্ব্বাপেক্ষা কঠিন আমাদের আপনার ইচ্ছাকে সংযত ও পরিহার করা। ক্ষুদ্র বিষয়ে জয়লাভ জন্য যদি আমরা সংগ্রাম না করি, তাহা হইলে মহত্তম বিষয়ে কৃতকৃত্য হইব কি প্রকারে আশা করিতে পারি ? অতএব তোমার অদম্য অভিলাষ উৎপন্ন হইবামাত্র সংযত কর এবং ক্রমান্বয়ে তোমার কদভ্যাস-সকলের শক্তি হ্রাস করিয়া ফেল, অন্যথা যে পরিমাণে তাহাদিগকে চরিতার্থ করিবে সেই পরিমাণে উহারা বলবান্ হইয়া উঠিবে, পরি-শেষে এমন পরাক্রান্ত হইয়া উঠিবে যে, আর পরাজিত হইবে না। অহো, যদি তুমি একবার বিবেচনা করিয়া দেখিতে, ঈশার জীবনা-নুরূপ জীবন করিয়া তুলিলে তুমি আপনার পক্ষে কি শান্তি উপস্থিত করিবে এবং স্বর্গে কি আনন্দ উৎপাদন করিবে, আমার মনে হয়, তাহা হইলে আধ্যাত্মিক পূর্ণতার দিকে ক্রমিক অগ্রসর হইবার জন্য তুমি সমধিক জাগ্রৎ ও যত্নশীল হইতে।

— ——

দ্বাদশ অধ্যায়।

দরিদ্রতার উপকার।

১। এই পার্থিব জীবনে দরিদ্রতা সহ্য করা মানুষের পক্ষে ভাল (১); কারণ উহা তাহাকে হৃদয়ের পবিত্র নিভৃত স্থানে ফিরাইয়া লইয়া আইসে, যে নিভৃত স্থানেই কেবল সে দেখিতে পায় যে, সে তাহার জন্মভূমি হইতে বহিষ্কৃত ব্যক্তি এবং কোন পার্থিব ভোগের প্রতি তাহার আস্থা সংস্থাপন সমুচিত নয়। যদি তাহার অভিপ্রায় সৎ থাকে,কার্য্যও দোষশূন্য হয়, তাহা হইলে নিন্দা,ভৎর্সনা ও প্রতিবাদলাভ তাহার পক্ষে ভাল। কারণ ইহাতে তাহাকে বিনয়ী করিয়া রাখে, এবং ব্যর্থ গৌরবরূপ প্রবল হলাহলের উহা প্রবল বিষঘ্ন ঔষধ; এবং তখনই আমরা অন্তরের সাক্ষী ঈশ্বরের সর্ব্বতোভাবে শরণাপন্ন হই, যখন বাহিরে আমরা ঘৃণার চক্ষে দৃষ্ট হই (২), এবং মানুষের নিকট হইতে কিছুমাত্র সম্ভ্রম ও অনুগ্রহ না পাই। আমাদের ঈশ্বরের প্রতি নির্ভর এমনই পূর্ণ ও একান্ত হওয়া উচিত যে, কোন প্রকার দুঃখের সময়ে মানুষের সান্ত্বনার আশ্রয় লওয়া আমাদের কখন প্রয়োজন মনে না হয় (৩)।

২। যখন কোন এক দ্বিজাত্মা ব্যক্তি দরিদ্রতায় মগ্ন হন বা কুচিন্তায় বিকল বা প্রলুব্ধ হন, তখন তিনি আত্মার মধ্যে ঈশ্বরের শক্তি ও বিদ্যমানতার প্রয়োজন অনুভব করেন, নিশ্চয় তিনি জানেন যে তদ্ভিন্ন অকল্যাণ বহন বা সৎকর্ম্ম করিতে তিনি অসমর্থ (৪)।

(৪) ২ কর ১।৪।

(৩) সাম ৯৪।১৭।১৯।

(২) যোব ১৬।২০।

(১) সাম ১১৯।৬৭।৭১।

তখন তিনি শোক প্রকাশ করেন, প্রার্থনা করেন, এবং "দূষিত ভাবের বন্ধন হইতে বিমুক্ত হইবার জন্য অব্যক্ত ধ্বনিতে আর্ত্তনাদ করেন" (১); জীবনের অসহায়তায় ক্লান্ত হইয়া তখন তিনি মরিতে ইচ্ছা করেন যে তিনি "মরিয়া দেহবিশ্লেষে ঈশ্বার সমীপবর্ত্তী হন" (২); এবং তখন সম্যক্ বুঝিতে পারেন যে, একান্ত নিরাপদ ও পূর্ণ আরাম জীবনের বর্ত্তমানাবস্থার উপযোগী নহে (৩)।

ত্রয়োদশ অধ্যায়।

প্রলোভন-প্রতিরোধ।

১। যত দিন আমরা সংসারে আছি, প্রলোভনজনিত ক্লেশ ও উদ্বেগ হইতে সম্ভবতঃ আমরা বিমুক্ত হইতে পারিব না, এবং এই সত্যের দার্ঢ্য জন্য যোবে লিখিত হইয়াছে, "পৃথিবীতে মানবের জীবন ক্রমিক সংগ্রাম (৪)।" এজন্যই প্রতি ব্যক্তির কর্ত্তব্য এই যে, তাঁহার আত্মার পক্ষে যে সকল প্রলোভন বিশেষ, তৎপ্রতি সমধিক মনোযোগ দেন এবং অধ্যবসায় সহকারে প্রার্থনা ও জাগ্রদাবস্থায় অবস্থান করেন, অন্যথা কি জানি বা "যে পাপপিশাচ শত্রু কখন নিদ্রা যায় না, কিন্তু কাহাকে গ্রাস করিতে পারে তাহারই অন্বেষণে ক্রমান্বয়ে ঘুরিয়া বেড়ায়, সে" (৫) এমন একটি অরক্ষিত প্রদেশ পায়, যেখানে সে তাহার মোহজাল লইয়া প্রবেশ করিতে পারে।

---

(১) রোমক ৮।২৬।

(২) ফিলি ১।২৩।

(৩) যোহন ১৬।২০।

(৪) যোব ৭।১।

(৫) ১ পিটর ৫।৮।

২। বর্ত্তমান জীবনে যে প্রলোভন হইতে মনুষ্য সর্ব্বদা মুক্তিলাভে অসমর্থ, সে প্রলোভনের আক্রমণ হইতে মানুষ যত দূর পবিত্রতা উপার্জ্জন করিতে পারে তাহাতে নিরাপদ হইতে পারে না। কিন্তু যত কেন বিপজ্জনক ও ক্লেশকর হউক না, প্রলোভন সকল অতীব উপকারী ; কেন না তাহাদের শাসনে আমরা বিনীত হই, বিশুদ্ধ হই, এবং পূর্ণতার দিকে অগ্রসর হই। ঈশার সকল অনুগামীরাই "সমধিক বিপৎপাত ও যন্ত্রণার ভিতর দিয়া ঈশ্বরের রাজ্যে প্রবেশ করিয়াছেন" (১) ; এবং যে সকল ব্যক্তি পরীক্ষা বহন করিতে পারে নাই তাহারা "সাধুগণের বিশ্বাস ও আশা হইতে স্খলিত এবং পতিত হইয়াছে।"

৩। কোন শ্রেণীর মানুষ যত কেন সাধু হউন না, কোন স্থান যত কেন নিভৃত এবং দূরবর্ত্তী হউক না, এমন হইতে পারে না যে, তাঁহাদের মধ্যে বা সে সকল স্থলে বিনয়াভ্যাসের জন্য প্রলোভন আসিবে না, ধীরভাবে আত্মসমর্পণ করিতে পারেন কি না তাহার পরীক্ষা জন্য উদ্বেগকর বিষয় উত্থিত হইবে না। বর্ত্তমান জীবনে মনুষ্যপ্রকৃতির ঈদৃশ অবস্থা হইবে ইহা স্বতঃসিদ্ধ, কেন না উহা "পাপপ্রসূত" এবং উহার ভিতরে সেই সকল চঞ্চল অদম্য অভিলাষ আছে, যেগুলি প্রত্যেক প্রলোভনের মূল (২) ; এজন্যই একটি প্রলোভন চলিয়া গেলে আর একটি প্রলোভন আসিয়া তাহার স্থলাভিষিক্ত হয়, এবং যে অবস্থা হইতে আমরা ভ্রষ্ট হইয়াছি সেই অবস্থার বিশুদ্ধতা ও পূর্ণতা যত দিন না আমরা পুনঃপ্রাপ্ত

(১) ক্রিয়া ১৪।১২।

(২) জেম্‌স্ ১।১৪।

হই, তত দিন আমাদের কিছু না কিছু অকল্যাণ নিয়ত ভোগ করিতে হইবে।

৪। অনেকে প্রলোভন হইতে পলায়ন করিতে চেষ্টা করিয়া একেবারে তাহার ভিতরে গিয়া পড়িয়াছে, কারণ পলায়নে নহে কিন্তু ধৈর্য্য ও বিনয়ে আমরা আমাদের সকল শত্রুর উপরে প্রাধান্য লাভ করিব। বাহিরে যে কারণ উপস্থিত হয় যে ব্যক্তি কেবল তাহাই পরিহার করে, এবং ভিতরের মূল সমূলে উৎপাটন করিতে যত্ন করে না, সে ব্যক্তি জয়লাভ হইতে এত দূরে যে, প্রলোভন আবার অতি শীঘ্র পূর্ব্বাপেক্ষা অধিকতর বলের সহিত উপস্থিত হয়, এবং সে ব্যক্তি সংগ্রাম অধিকতর কঠিন বলিয়া অনুভব করে। একেবারে প্রবল প্রযত্নাপেক্ষা ক্রমে অগ্রসর হইলে জয়লাভ হইয়া থাকে; অধীর ঔৎসুক্য এবং কঠোর কৃচ্ছ্র সাধনাপেক্ষা ঈশ্বরের সাহায্যের অপেক্ষায় ধীরভাবে ক্লেশ বহন বিজয়লাভের কারণ(১)।

৫। যখন তোমাতে প্রলোভন উপস্থিত, সে সময়ে যাঁহারা পরীক্ষিত হইয়া জয়লাভ করিয়াছেন তাঁহাদের পরামর্শ জিজ্ঞাসা কর, এবং তোমার ভ্রাতার প্রলোভনের সময়ে তৎপ্রতি কঠোর ব্যবহার করিও না, কিন্তু তুমি যে সান্ত্বনা পাইবার অভিলাষী, স্নেহ সহকারে সেই সান্ত্বনা তাহাকে অর্পণ কর (২)।

৬। ঈশ্বরের প্রতি বিশ্বাসের অভাববশতঃ আমাদের মনের অধৈর্য্য উপস্থিত হয়; প্রলোভনের প্রথম আক্রমণেই যে উহা অধিকতর কঠিন ও আপজ্জনক হইয়া উঠে উহার কারণ ঐ অধৈর্য্য। কর্ণধার বিনা সমুদ্রযান যে প্রকার প্রতিকূল বায়ুর

(১) কলো ১।১১।

(২) গ্যাল ৬।১।

আঘাতে এ দিকে ও দিকে পরিচালিত হয়, সেইরূপ ঈশ্বরে বিশ্বাস-হীন "অস্থির মানব" প্রতি প্রলোভনের তরঙ্গাঘাতে ইতস্ততঃ বিক্ষিপ্ত ভাবে বিচরণ করে।

৭। "স্বর্ণ অগ্নিতে পরীক্ষিত হয়, এবং ঈশ্বরানুগৃহীত ব্যক্তিগণ দরিদ্রতার অগ্নিকুণ্ডে পরীক্ষিত হইয়া থাকেন।" যত দিন না পরীক্ষা আসিয়া আমাদের বহনসামর্থ্য উদ্ভূত করিয়া দেখাইয়া দেয়, তত দিন আমাদের মধ্যে যে শক্তি প্রচ্ছন্ন ভাবে অবস্থান করিতেছে তাহা আমরা অনেক সময়ে জানিতে পারি না (১)। আমরা অন্ধ-বিশ্বাসে আশ্বস্ত থাকিব না, কিন্তু প্রথম আক্রমণের প্রতীক্ষায় বিশেষভাবে জাগ্রৎ থাকিব; কারণ শত্রুর প্রথম আগমনে তাহাকে প্রতিরোধ করিলে এবং আমাদের হৃদয়ের প্রবেশ দ্বারে প্রবেশ করিতে না দিলে, আমরা অতি সহজে তাহাকে পরাজয় করিতে পারিব।

৮। এক জন কবি এই পরামর্শ দিয়াছেন;—

"প্রারম্ভে ভেষজ সেব; রোগ বৃদ্ধি হ'য়ে,
অসাধ্য হইলে আর ঔষধে কি করে (২)।"

পাপ অল্পে অল্পে বাড়িয়া পরিশেষে বিপৎকর হইয়া উঠে, সুতরাং পাপের আক্রমণসম্বন্ধেও এই সাবধান বাক্য সম্যক্ প্রকারে নিয়োগ করা যাইতে পারে। কারণ এই যে, অকল্যাণ প্রথমে মনের নিকটে ইঙ্গিতাকারে উপস্থিত হয়; এই ইঙ্গিতে

---

(১) সেনেকা ডি প্রোবিড।
(২) ওবিডাই রেম আমোরিস্ ৫।৯১।৯২।

আমাদের মনের সঙ্কল্প প্রদীপ্ত হইয়া উঠে, সমগ্র বলের সহিত উহার আশ্রয় গ্রহণ করে এবং উহা চিন্তাযোগে পরিপুষ্ট হইতে থাকে; ইহাতে ইন্দ্রিয়বিকার উপস্থিত হয়, ইন্দ্রিয়বিকারের পর অদম্য অভিলাষ দোলায়মান অবস্থা উপস্থিত করে এবং পরিশেষে ইচ্ছাও উহাতে পূর্ণ অনুমতি দান করে। এইরূপে যে খল শত্রুকে প্রথম আক্রমণে অবরোধ করা হয় নাই, সে ক্রমে অগ্রসর হইয়া প্রবেশ করে এবং হৃদয়কে সমগ্র ভাবে অধিকার করিয়া বসে। চির অভ্যস্ত শিথিলভাববশতঃ যতই অবরোধে গতিক্রিয়া হয়, ততই দিন দিন অবরোধ করিবার সামর্থ্য হ্রাস পাইয়া থাকে, এবং সেই পরিমাণে শত্রুর বল বাড়ে।

৯। জীবনপরিবর্ত্তনের আরম্ভে, কাহারও কাহারও পক্ষে শেষে, প্রলোভন অতি কঠিন; অনেকে সমগ্রধর্ম্মজীবনে তদ্দ্বারা ক্লিষ্ট হন; কেহ কেহ বা অল্পকাল সামান্য পরীক্ষা অনুভব করেন। এরূপ ভিন্নতা স্বয়ং বিধাতার জ্ঞান ও ন্যায়বিচার দ্বারা নিয়মিত, কারণ ভিন্ন ভিন্ন মানুষের স্বভাব ও অবস্থা পরিতুলনা করিয়া তাঁহার জ্ঞান ও বিচার সেইরূপ বিধান করে যাহাতে তাহাদিগের সকলের পরিত্রাণ সর্ব্বথা সিদ্ধ হইতে পারে। অতএব যখনই আমরা প্রলুব্ধ হই, আমরা যেন তখনই নিরাশ না হইয়া বিশ্বাস, আশা ও প্রেমে উদ্দীপ্তহৃদয় হইয়া ঈশ্বরের নিকট প্রার্থনা করি যে, সর্ব্ববিধ পরীক্ষায় যেন তিনি আমাদিগের সহায় হন এবং (সেণ্টপলের ভাষায়) "প্রতি প্রলোভন হইতে মুক্ত পাইবার পন্থা করিয়া দেন (১)" যে আমরা উহা বহন করিতে সমর্থ হই; যিনি

(১) ১ কোর ১০।১৩।

অঙ্গীকার করিয়াছেন "বিনীত অবনতগণকে মুক্তি দিবেন উন্নত করিবেন (১)" সেই ঈশ্বরের হস্তের নিম্নে যেন আমাদের আত্মাকে প্রণত করি (২)"।

১০। মানুষের আত্মাতে উপস্থিত এই সকল ক্লেশকর পরীক্ষা ঈশার শিষ্যবর্গের জীবনের উন্নতাবস্থা সম্যক্ প্রকারে সপ্রমাণ করে; দেবানুগ্রহের সামর্থ্য সে আপনি অধিকতর সুস্পষ্ট অনুভব করে এবং উহার ফল অপরের নিকটে উজ্জ্বলতররূপে প্রকাশ পায়। মানুষ যখন অকল্যাণের ভারে আপনাকে ভারাক্রান্ত অনুভব না করে, তখন তাহার পক্ষে সাধু বা ভক্ত হওয়া অতি সামান্য বিষয়; কিন্তু যদি সে উদ্বেগকর বিষয়সমূহ মধ্যে আপনার বিশ্বাস, আশা ও আত্মসমর্পণ রক্ষা করিতে পারে এবং "ধৈর্য্যে আত্মস্থ থাকে", তাহা হইলে সে আপনার দ্বিজত্বপ্রাপ্ত স্বভাবের বহুল প্রমাণ প্রদর্শন করে। এমনও হয় যে, কেহ কেহ অতীব প্রবলজাতীয় প্রলোভনের সহিত সংগ্রামে জয়লাভ করিয়া প্রতি-দিনের জীবনের ঘটনার যে যৎসামান্য প্রলোভন উপস্থিত হয়, তাহাতে স্খলিতপদ হন। ইহার উদ্দেশ্য এই যে, সামান্য আক্রমণ অবরোধ করিবার সামর্থ্যের অভাব দেখিয়া তাঁহারা বিনত হন, এবং কঠিনতর পরীক্ষা নিজবলে অপসারিত করিবেন এ অভিমান মনে কখন স্থান না দেন।

---

(১) লিউক ১।৫২।

(২) ১ পিটর ৫। ৬ ।

চতুর্দ্দশ অধ্যায়।

অবিতর্কিত বিচার পরিহার।

১। তোমার চক্ষু তোমার অন্তরের দিকে ফিরাইয়া রাখ, এবং অপরের কার্য্যসম্বন্ধে বিচার করিতে সতর্ক হও (১)। অপরের বিচার করিতে গিয়া মানুষ নিষ্ফল পরিশ্রম করে, সাধারণতঃ ভ্রমে নিপতিত হয়, এবং সহজে পাপ করিয়া বসে; যখন আপনাকে পরীক্ষা ও বিচার করে, তখন সে অভিজ্ঞতা ও কার্য্যকারিতানুরূপ কার্য্যেই নিযুক্ত হয়।

২। কোন ব্যক্তি বা বিষয় আমাদের নিজের মত ও অভিরুচির বিরুদ্ধ বা অনুকূল, তদনুসারে আমরা তাহাদের বিষয়ে সচরাচর বিচার করিয়া থাকি; এবং আত্মানুরাগের প্রবল আবেগে অন্ধ হইয়া সহজে সত্য নির্ব্বাচনে বিভ্রান্ত হইয়া পড়ি। কেবল ঈশ্বর যদি আমাদিগের অভিলাষ ও অভিপ্রায়ের একমাত্র বিষয় হইতেন, তাহা হইলে কোন বিষয়সম্পর্কীণ সত্য আমাদের মত ও ভাবের পক্ষে অরুচিকর হইলেও আমরা উদ্বেগানুভব করিতাম না; কিন্তু এখন আমরা অন্তরের কোন লুক্কায়িত অসমগ্র অভিরুচি অথবা বাহিরে সংঘটিত কোন দৃশ্যমান কল্যাণ বা অকল্যাণ দ্বারা সত্য ও শান্তি হইতে ক্রমান্বয়ে অপসারিত হইতেছি।

৩। অনেক লোকে যাহা করে তন্মধ্যে গূঢ়ভাবে স্বার্থান্বেষণ করে অথচ উহা বুঝিয়া উঠিতে পারে না। যে সময়ে তাহাদের

(১) মথি ৭।১।২।

হৃদয়ের ভাব ও অভিলাষের সঙ্গে ক্রমান্বয়ে উপস্থিত বিষয়গুলির সম্পূর্ণ মিল থাকে, সে সময়ে মনে হয়, তাহারা শান্তিসুখ ভোগ করিতেছে, কিন্তু যখনই তাহাদের ইচ্ছা বিহত হয় এবং তাহাদের ভাবের প্রতিকূলতা উপস্থিত হয়, তখনই তাহারা তৎ-ক্ষণাৎ আকুল, দুঃখিত ও বিপদ্‌গ্রস্ত হয়।

৪। আপন আপন মত ও অভিরুচি সুদৃঢ়রূপে অনুবর্ত্তন করাতে বন্ধু, স্বদেশী, এমন কি ধর্ম্মজীবন ও সাধুজীবনের উপ-দেষ্টৃগণমধ্যেও বিরোধ উপস্থিত হয়।

৫। চিরন্তন ব্যবহারে যাহা বদ্ধমূল হইয়াছে তাহা উৎপাটন করা বড়ই কঠিন, এবং আপনার মত ও অভিরুচি যত দূর যায় তাহা ছাড়িয়া কোন মানুষই যাইতে প্রস্তুত নয়। ঈশার বিনম্র বাধ্যতার ভাব যদি তোমার সর্ব্বপ্রধান গুণ না হয়, তুমি কেবল তোমার আপনার বুদ্ধি ও ইচ্ছারই অনুসরণ কর, তাহা হইলে যদি তুমি কখন পবিত্রাত্মার আলোক লাভ কর, অতি গৌণে লাভ করিবে; কারণ ঈশ্বর ইচ্ছা করেন যে, আমরা সম্পূর্ণরূপে ও একান্তভাবে আমাদের ইচ্ছা তাঁহার ইচ্ছার অনুগত করি, এবং তৎপ্রতি অনুরাগ মানুষের মহৎ ও উচ্চ জ্ঞানকেও অনন্তগুণে অতিক্রম করে।

পঞ্চদশ অধ্যায়।

প্রীতির কার্য্য।

১। পার্থিব কোন লাভের প্রত্যাশা অথবা জীবের প্রতি অনুরাগ তোমায় যেন অকল্যাণে প্রবৃত্ত না করে। যে ব্যক্তির

সাহায্যের প্রয়োজন সে ব্যক্তির উপকারের জন্যই কখন কখন প্রচলিত ভাল কার্য্য স্থগিত রাখা যাইতে পারে, অথবা অন্য প্রকারে পরিবর্তন করা যাইতে পারে, কারণ এরূপ স্থলে সেই ভাল কার্য্য বিনষ্ট হয় না কিন্তু আরো ভালোর অঙ্গীভূত হয়।

২। প্রীতি বিনা এ সংসারের কিছুই লাভ হয় না (১); কিন্তু প্রীতিতে যাহা করা যায়, তাহা মানুষের মতে যত তুচ্ছ এবং সামান্য হউক না কেন, ঈশ্বর কর্তৃক গৃহীত হয় বলিয়া উহা সম্পূর্ণ সফল, কেন না কত কি করা হইল তদ্‌গণনাপেক্ষা কি পরিমাণ প্রীতিতে উহা করা হইল ঈশ্বর তাহাই গণনায় আনেন। সেই অধিক কাজ করে যে অধিক ভাল বাসে, সেই অধিক কাজ করে যে ভাল করিয়া করে; এবং সেই অধিক কাজ করে, ভাল করিয়া কাজ করে, যে আপনার ইচ্ছা চরিতার্থাপেক্ষা জনসমাজের কল্যাণ নিয়ত প্রধান মনে করে।

৩। ফলতঃ অনেকগুলি কাজ সম্পূর্ণ স্বার্থ ও ইন্দ্রিয়লালসা-সম্ভূত, অথচ বাহিরে দেখায় যেন প্রীতি হইতে হইয়াছে; কারণ প্রবল প্রবৃত্তি, আত্মেচ্ছা, পুরস্কারের আশা, আপনার সুবিধা ও লাভের আশা, এই সকল অভিপ্রায় সাধারণতঃ মনুষ্যের আচরণের উপরে আত্মপ্রভাব বিস্তার করিয়া থাকে।

৪। যাহার যথার্থ পূর্ণ প্রীতি আছে, সে কোন বিষয়ে "আপনার কিছু চায় না", "কিন্তু সকল বিষয়ে ঈশ্বরের মহিমা বৃদ্ধি হউক (২)" কেবল ইহাই চায়। সে "হিংসা পোষণ করে না", কারণ সে তো আর নিজের অভিলাষ চরিতার্থ করিতে চায় না। সে আপ-

(১) ১ কর ১৩।১ ইত্যাদি।

(২) ঐ ১৩।৪।

নাতে অথবা কোন সৃষ্ট জীবে আমোদিত হয় না, কিন্তু ঈশ্বরের সহবাসসম্ভোগে কৃতার্থ হইবার জন্য যাহা অনন্ত গুণে সর্ব্বোত্তম তাহাই অভিলাষ করিয়া থাকে। সে কোন জীবে কল্যাণ আরোপ করে না, কিন্তু ঈশ্বরেতেই একান্ত ভাবে উহা আরোপ করে, কেন না তিনিই কল্যাণের উৎস, আদিতে সমুদায় কল্যাণ তাঁহা হইতেই প্রবাহিত হয় এবং তিনিই মধ্যবিন্দু, তাঁহাতেই সমুদায় সাধু পুরুষগণ অন্তে আরাম লাভ করিয়া থাকেন।

৫। হায়! যদি মানুষের এক বিন্দু যথার্থ প্রীতি থাকিত, তাহা হইলে সে প্রত্যক্ষ অনুভব করিয়া জানিতে পাইত যে, সে আপনি, সংসার ও সমুদায় জীব সম্পূর্ণ অসার।

ষোড়শ অধ্যায়।

অপরের দোষদৌর্ব্বল্যবহন।

১। আপনাতেই হউক আর অপরেতেই হউক, যে সকল অকল্যাণ মানুষ সংশোধন করিতে পারে না, সে সকল যে পর্য্যন্ত না ঈশ্বর অনুগ্রহপূর্ব্বক পরিবর্ত্তিত করিয়া দেন সে পর্য্যন্ত তৎসম্বন্ধে বিনীত অর্পিতাত্মভাব বহন করা সমুচিত; কারণ হইতে পারে এরূপ মানসিক দৌর্ব্বল্যের অবস্থা এই জন্যই চলিতেছে যে, উহা সহিষ্ণুতার যথার্থ পরীক্ষাস্বরূপ; এই পরীক্ষার পূর্ণ ক্রিয়াপ্রকাশ বিনা ঈশার অনুবর্ত্তিগণোচিত জীবনে আমরা নিতান্ত মন্দ গতিতে এবং বিফল প্রযত্নে অগ্রসর হইব। তথাপি ঈদৃশ অন্তরায়ের অবস্থায় আমরা ভক্তিসহকারে ঈশ্বরের নিকটে প্রার্থনা করিব যে,

ঈশ্বর আমাদিগকে পবিত্রাত্মার সহায়তায় বিনয় ও ধৈর্য্য সহকারে উহা বহন করিতে সমর্থ করেন।

২। "একবার বা দুইবার উপদেশ দেওয়ার পরও যদি তোমার ভ্রাতা সত্যের অনুগত না হয়" আর তাহার সঙ্গে বিরোধ করিও না, কিন্তু বিষয়টি—অকল্যাণ হইতে কি প্রকারে কল্যাণ আনয়ন করিতে হয় তদ্বিষয় যিনি জানেন—সেই ঈশ্বরের হাতে ছাড়িয়া দাও যে, তাঁহারই ইচ্ছা সম্পন্ন হইতে পারে, এবং তাঁহার সকল জীবেতে তাঁহারই গৌরব সম্পন্ন হয়।

৩। অপরের দোষ ও দুর্ব্বলতাসম্বন্ধে সহিষ্ণু হইবার জন্য যত্ন কর, কারণ তোমারও অনেক দোষ ও দুর্ব্বলতা আছে, যাহার জন্য অপরের সহিষ্ণুতাবিনিময় (তোমার পক্ষে) প্রয়োজন। তুমি আপনি যেরূপ হইতে ইচ্ছা কর, সেরূপ যদি আপনাকে করিতে না পার, তাহা হইলে তুমি কি প্রকারে আশা করিতে পার যে, অপরে তোমার ইচ্ছানুরূপ হইবে? কিন্তু আমা ছাড়া আর সকল মানুষ পূর্ণ হউক আমরা এটি চাই, অথচ আমরা আমাদের হৃদয়ের দোষ গুলিকে সংশোধন করিতে কিছুমাত্র যত্ন করি না। আমাদের ইচ্ছা যে, অপর সকলে তাহাদের দোষের জন্য কঠোর দণ্ড প্রাপ্ত হউক, কিন্তু আমাদের নিজ সম্বন্ধে সামান্য সংশোধনও গ্রহণ করিতে আমরা প্রস্তুত নই। আমরা অপরের স্বেচ্ছাচারিতায় নিতান্ত উত্ত্যক্ত হই, কিন্তু আমরা আপনাদের অযথাভিলাষের সামান্য প্রতিরোধও সহ্য করিতে পারি না;আমাদের ইচ্ছা যে, সকল লোকে কঠিন দণ্ডবিধির শাসনাধীন হয়, কিন্তু আমাদের কার্য্যের কোন প্রতিবন্ধক হয় তাহা আমরা সহ্য করিব না; এবং ইহাতেই বুঝিতে পারা যায় যে, ঈশা যে দুইটী আজ্ঞা প্রতিপালন করিতে বলিয়া-

ছিলেন তাহার দ্বিতীয়টী কত অল্প সময় প্রতিপালিত হইয়া থাকে, এবং মানুষের পক্ষে প্রতিবাসীকে আত্মবৎ প্রীতি করা কত কঠিন।

৪। যদি সকলেই পূর্ণ হইত তাহা হইলে মানুষের আচরণের মধ্যে এমন কিছুই আমরা দেখিতে পাইতাম না, যাহার জন্য তাহাকে ঈশ্বরানুরোধে ক্লেশ বহন করিতে হইত। কিন্তু মনুষ্যপ্রকৃতির বর্ত্তমান পতনাবস্থায় ঈশ্বরের কল্যাণকর ইচ্ছা এই যে, "আমরা পরস্পরের ভার বহন করিতে (১) শিক্ষা করিব এবং যখন কোন মানুষই পাপ বা দুঃখের ভারশূন্য নহে, ঈদৃশ জ্ঞান বা সামর্থ্য-সম্পন্ন নহে যে জীবনের সমস্ত করণীয় বিষয় যখন যাহা প্রয়োজন তৎপক্ষে উহা যথেষ্ট, তখন পরস্পরের দোষ বহন করা (২) পরস্পরকে সান্ত্বনা করা, পরস্পরকে সাহায্য করা এবং শিক্ষা ও পরামর্শ দেওয়ার প্রয়োজন আমাদের পরস্পরের অপূর্ণতা, আপদ ও অভাবের উপরে সংস্থাপিত হইয়াছে (৩)। এতদ্ব্যতীত, অপরের আচরণ হইতে ক্লেশকর বাহ্য কারণ যখন উপস্থিত হয়, তখন প্রতিমানবের আন্তরিক বলের প্রকৃতি ও পরিমাণাদি সুস্পষ্ট প্রকাশ পায়; কারণ বাহ্যকারণ তাহাকে দুর্ব্বল করে না, কিন্তু সে কি তাহাই দেখায়।

---

(১) গ্যাল ৬।২।

(২) কলো ৩।১৩।

(৩) ১ থেস ৫।১১।

সপ্তদশ অধ্যায়।

সংসারত্যাগীর জীবন।

১। যাঁহারা ধর্ম্মার্থ নির্জ্জনবাসে জীবন সমর্পণ করিয়াছেন, তাঁহাদের মধ্যে যদি তুমি শান্তি ও সম্মিলনে অবস্থান করিতে চাও, তাহা হইলে অনেক স্থলে তোমার আত্মেচ্ছা দমন ও বশবর্ত্তী করিতে শেখা প্রয়োজন। সংসার হইতে বিমুক্ত হইয়া মঠে ও অন্যান্য সমাজে "একতায় একত্র বাস করা" এবং জীবনের শেষ-পর্য্যন্ত "শান্তিনিবন্ধন" অভগ্ন রক্ষা করা "ভ্রাতৃবর্গের পক্ষে কেমন ভাল, কেমন আহ্লাদকর!" নিশ্চয়ই সে ব্যক্তি ধন্য, যিনি এই অবস্থায় নির্দ্দোষভাবে দিন কাটাইয়াছেন এবং কৃতকৃত্যতায় দিন শেষ করিয়াছেন! ঈদৃশ গৌরবকর জীবননির্ব্বাহে অক্ষুণ্ণ অধ্য-ব্যবসায় চাই; এই অধ্যব্যসায়যোগে আপনার সমগ্র ভাব রক্ষা করিতে পার এজন্য আপনাকে স্বদেশবহিস্কৃত "পৃথিবীতে অপরিচিত পরিব্রাজক (১)" মনে কর, এবং সর্ব্বদা ঈশ্বরের জন্য নির্ব্বোধ বলিয়া পরিগণিত হইতে অভিলাষী হও।

২। তাদৃশ অবস্থার পক্ষে—কোন বিশেষ পরিচ্ছদ, মস্তকমুণ্ডন, অথবা কেবল কোন বাহ্য পরিবর্ত্তন নয়, কিন্তু হৃদয়ের পরিবর্ত্তন, এবং সম্যক্‌প্রকারে রিপুদমনরূপ উপযুক্ততাবিধায়ক অপরিহার্য্য গুণ থাকা চাই। আপনার আত্মাকে বিশুদ্ধ করিতে গিয়া যে ব্যক্তি ঈশ্বরের গৌরব ভিন্ন আর কিছু চায়, সে কেবল নিরাশা, বিপৎ, উদ্বেগ ও অনুশোচনাভাজন হয়; কারণ যে ব্যক্তি আপনাকে

---

(১) ১ কর ৪।১০।

প্রতিনিয়ত সকলের বশংবদ নিম্নপদস্থ করিতে যত্ন না করে, সে কখন শান্তিসুখে অধিক দিন থাকিতে পারে না।

৩। কিন্তু বল দেখি তুমি এ সংসারে কি অভিপ্রায়ে আসিয়াছ ? সেবা করিবার জন্য, না কর্তৃত্ব করিবার জন্য ; দেবার জন্য, না অপরে তোমায় দিবে তজ্জন্য ? তুমি অবগত আছ যে, কর্তৃত্ব, আলস্য বা আমোদের জন্য নহে, কিন্তু বশবর্ত্তিতা, শ্রম ও সহিষ্ণুতায় জীবনধারণ জন্য তুমি এ সংসারে আহূত হইয়াছ। স্বর্ণ যেমন অগ্নিতে পরীক্ষিত হইয়া থাকে এখানে মানবগণ সেই প্রকার পরীক্ষিত হয়। আর এখানে যে ব্যক্তি ঈশ্বরের অনুরোধে সমগ্র হৃদয়ে সর্ব্বথা আপনাকে বিনীত করিতে প্রস্তুত, সে ব্যক্তি ব্যতীত আর কেহই দণ্ডায়মান থাকিতে পারে না।

অষ্টাদশ অধ্যায়।

পবিত্রচরিত্র ধর্ম্মপিতৃগণের দৃষ্টান্ত।

১। ধর্ম্মের পূর্ণতার স্বর্গীয় উজ্জ্বলতায় বিভূষিত পূর্ব্বতন ঈশার অনুযায়িবর্গের জীবন্ত দৃষ্টান্ত পর্য্যালোচনা কর, সত্বর দেখিতে পাইবে, আমাদিগের অতি উৎকৃষ্ট কার্য্যগুলিও কেমন অসার ও অকিঞ্চিৎকর। হায়, তাঁহাদিগের জীবনের সঙ্গে তুলনা করিলে আমাদিগের জীবন কি ! ! ক্রুশে নিহত পরিত্রাণসহায় ঈশার বিশ্বস্ত সাধু শিষ্যগণ ক্ষুধা ও তৃষ্ণায়, শীত ও অনাচ্ছাদিতাবস্থায়, শ্রম, ও ক্লান্তিতে, জাগরণ ও প্রার্থনায়, উপবাস ও বিশুদ্ধ ধর্ম্মচিন্তায়, বিবিধ উপদ্রব ও তিরস্কার মধ্যে তাঁহাদের প্রভুর প্রতি ঐকান্তিকতা

রক্ষা করিয়াছেন (১)। অহো, প্রেরিত,ধর্ম্মার্থে নিহত,আচার্য্য,কুমারী এবং "দ্বিজাত্মতায় ঈশার অনুসরণ" (২) অভিলাষী ব্যক্তিগণকে কত অসঙ্খ্য কঠিন পরীক্ষায় নিপতিত হইতে হইয়াছে। তাঁহারা "এ পৃথিবীতে আপনাদের জীবনকে তুচ্ছ করিয়াছিলেন যে অনন্ত-জীবনের জন্য উহা রক্ষা করিতে পারেন।"

২। অহো, বিজনভূমিবাসী ধর্ম্মপিতৃগণ কি কঠিন স্বার্থপরিহারের জীবন স্বীকার করিয়াছিলেন! তাঁহাদিগের অধ্যবসায় কি দীর্ঘকালব্যাপী গুরুভার প্রলোভনসমূহকে পরাজয় করিয়াছে! শত্রু পাপপিশাচের সঙ্গে কত বার তাঁহাদিগকে সংগ্রাম করিতে হইয়াছে! তাঁহাদিগের কি ব্যাকুল প্রার্থনাই ছিল; তাঁহাদিগের কি কঠোর ভোগত্যাগ ছিল! কি উদ্যম ও উৎসাহ সহকারে আধ্যাত্মিক পূর্ণতার উচ্চতর অবস্থায় উত্থান করিতে তাঁহারা যত্ন করিতেন! কি নির্ভয় ও দৃঢ় প্রতিজ্ঞা সহকারে তাঁহারা পাপের বিরুদ্ধে ক্রমান্বয়ে সংগ্রাম করিয়াছেন! ঈশ্বরের প্রতি তাঁহাদিগের কি পবিত্র প্রীতি ছিল! দিবাভাগ পরিশ্রমে এবং রজনী প্রার্থনায় তাঁহারা নিয়োগ করিতেন, এমন কি পরিশ্রমকালেও ক্রমিক ভাবোচ্ছ্বাসে তাঁহারা তাঁহাদের হৃদয় স্বর্গের দিকে উন্মুখ রাখিতেন। তাঁহারা তাঁহাদিগের সমগ্র সময় সফলে ব্যয় করিতেন। তাঁহারা যে সময়ে ঈশ্বরের সাক্ষাৎ সহবাসে নিবিষ্ট থাকিতেন, সে সময় তাঁহাদিগের নিকট অতি অল্প মনে হইত এবং ঈশ্বরচিন্তনের অভূতপূর্ব্ব মধুরতায় মুগ্ধ হইয়া শরীরপোষণের অভাব পর্য্যন্ত ভুলিয়া যাইতেন। ধন, প্রভুত্ব, সম্ভ্রম, বন্ধু, স্বজন,ও পৃথিবীর ভাল লোকের অধিকারভুক্ত সকল প্রকারের সম্পত্তি তাঁহারা পরিত্যাগ করিয়াছিলেন,শারী-

(১) ২ কর ১১।২৭। (২) যোহন ১২।২৬।

রিক জীবনরক্ষার জন্য প্রয়োজনীয় সামগ্রীগুলিও অনিচ্ছুক হস্তে গ্রহণ করিতেন, এবং এই বলিয়া দুঃখ করিতেন যে, বাধ্য হইয়া তাঁহাদিগকে শরীরের সেবা করিতে হইতেছে। অতএব সমুদায় পার্থিব সম্পৎসম্বন্ধে তাঁহারা দরিদ্র ছিলেন, কিন্তু পুণ্য ও ঈশ্বরানুগ্রহবিষয়ে তাঁহারা সমধিক সম্পন্ন ছিলেন। বাহ্যতঃ তাঁহারা নিতান্ত অভাবগ্রস্ত ছিলেন, কিন্তু অন্তরে তাঁহারা ঈশ্বরানুগ্রহে এবং দেবদত্তসান্ত্বনাসম্ভূত নবীভূততায় পূর্ণ ছিলেন। তাঁহারা পৃথিবীর অপরিচিত এবং পরিত্যক্ত ছিলেন, কিন্তু তাঁহারা ঈশ্বরের পোষ্য পুত্র এবং অতি পরিচিত বন্ধু ছিলেন। তাঁহারা আপনাদের গণনায় আপনারা অকিঞ্চন হইতেও অকিঞ্চন এবং অসার ছিলেন, এবং মানুষের চক্ষেও তাঁহারা নীচ ও ঘৃণিত ছিলেন, কিন্তু ঈশ্বরের চক্ষে তাঁহারা "মনোনীত ও বহুমূল্য" লোক ছিলেন। গভীর বিনয়ে, বিশুদ্ধ বাধ্যতায়, সোৎসাহ প্রীতিতে, অক্ষুণ্ণ সহিষ্ণুতায় তাঁহারা ক্রমান্বয়ে অধ্যাত্মজীবনে অগ্রসর হইয়াছিলেন এবং বহুল পরিমাণে ঈশ্বরের অনুগ্রহ লাভ করিয়াছিলেন। যাঁহারা ধর্ম্মজীবন স্বীকার করিয়াছেন তাঁহাদের সকলের দৃষ্টান্তস্বরূপ ঈদৃশ ব্যক্তি সকলকে দান করা হইয়াছে, এবং যদিও তাঁহাদের সঙ্খ্যা অল্প, তথাপি যে সকল উৎসাহশূন্য অগণ্য লোক আমাদের যত্ন শিথিল এবং উন্নতিবিষয়ে গতিক্রিয়া বর্দ্ধিত করিয়া দেয় তাহাদের অপেক্ষা পূর্ণতার দিকে অধ্যবসায় সহকারে অগ্রসর হইবার পক্ষে তাঁহারা আমাদিগকে উৎসাহান্বিত করিবেন, ইহাই সমুচিত।

৩। তাঁহাদিগের জীবনপ্রভাবের ফলস্বরূপ যে সকল ধর্ম্মসমাজ প্রথমতঃ গঠিত হয় তাহাতে কেমন প্রবল উৎসাহ ছিল! উপাসনায় কি ভক্তি! শুদ্ধতাতে কি উৎসাহ! উপরিস্থ ব্যক্তি-

গণের সংযমনশিক্ষা কি কঠোর ও নিরপেক্ষপাত, এবং অধঃস্থ ব্যক্তিগণের কি নির্দ্দোষ সন্তোষপূর্ণ সম্ভ্রম ও বাধ্যতা! ইঁহাদিগের পদচিহ্ন যদিও পরিত্যক্ত হইয়াছে,তথাপি উহা—যে সকল পবিত্রাত্মা ব্যক্তিগণ ঈশা যে সঙ্কীর্ণ পথে তাঁহাদিগকে অনুসরণ করিবার জন্য আহ্বান করিয়াছিলেন সেই পথে অধ্যবসায় সহকারে অবস্থান করিয়া সংসারকে পদ দ্বারা দলিত করিয়াছিলেন,—তাঁহাদিগের অস্খলিত উন্নতি সপ্রমাণ করে। একালে প্রকাশ্য পাপ হইতে বিরত থাকার সঙ্কীর্ণ সীমামধ্যে উৎসাহ অবরুদ্ধ করিয়া রাখা হইয়াছে এবং যে সংযমনে বাধ্যতা অর্পিত হইবে প্রতিজ্ঞা করা হইয়াছে তাহাতে এখন অযত্নসম্ভূত বাধ্যতা দেওয়া হইয়া থাকে, নির্দ্দিষ্ট পাপ হইতে বিমুক্ত থাকাই এখন জয়লাভের পত্তনভূমি বলিয়া পরিগণিত হয়! অহো! কি দুঃখকর শিথিল ভাব যে, আমরা এত সত্বর পূর্ব্বতন উৎসাহ হারাইয়া ফেলিলাম এবং আলস্য ও ঔদাসীন্য বশতঃ জীবনের পবিত্রতাসম্বন্ধে ক্লান্ত হইয়া পড়িলাম!

৪। ঈশ্বর করুন, তোমার যে হৃদয়ে যথার্থ ভক্তির এতগুলি দৃষ্টান্ত মুদ্রিত রহিয়াছে, সে হৃদয়ে যেন পূর্ণতার অভিলাষ কখন মৃত্যুর দীর্ঘ নিদ্রায় নিদ্রিত না থাকে।

ঊনবিংশ অধ্যায়।

ধর্ম্মসাধন।

১। বাহিরের আচরণ আন্তরিক ভাবের অন্ততঃ সমান হয় কেবল এজন্য ধার্ম্মিক ব্যক্তির জীবনে পবিত্রতার আধিক্য হওয়া সমুচিত নহে, কিন্তু বাহিরে যত পবিত্রতা প্রকাশ পায় তদপেক্ষা অন্তরে

সমধিক পবিত্রতা থাকা সমুচিত; কেন না ঈশ্বর আমাদের হৃদয় দর্শন করিয়া থাকেন, তিনি আমাদের দ্রষ্টা ও বিচারক; আমরা যেখানেই কেন থাকি না তাঁহাকে অনন্তগুণে সম্ভ্রম করা এবং দেবদূতগণের ন্যায় তাঁহার সম্মুখে পবিত্রভাবে বিচরণ করা আমাদের কর্ত্তব্য (১) যেন আমাদিগের জীবনের এইমাত্র পরিবর্ত্তনের আরম্ভ, এইরূপ ভাবে প্রতিদিন আমাদিগের প্রতিজ্ঞা নবতর (২) ও উৎসাহ উদ্দীপিত করা কর্ত্তব্য এবং বলা উচিত, "হে প্রভো ঈশ্বর, তোমার সেবায় আমায় সম্যক্ প্রকারে নিয়োগ করিবার জন্য প্রতিজ্ঞায় তুমি আমার সহায় হও, এবং অনুগ্রহ কর যে, অদ্য হইতে আমি পূর্ণতার পথে বিচরণ করিতে প্রবৃত্ত হই, কেন না এত দিন আমি যাহা করিয়াছি তাহা কিছুই নয়।"

২। যে পরিমাণ আমাদিগের প্রতিজ্ঞার বল, সেই পরিমাণ আমাদিগের উন্নতি। যে ব্যক্তি বেশি অগ্রসর হইতে অভিলাষ করে, সে ব্যক্তির পক্ষে সমধিক পরিশ্রম ও উৎসাহের প্রয়োজন। কারণ যে ব্যক্তির প্রতিজ্ঞা সুদৃঢ় তাহার যদি পুনঃ পুনঃ পতন হয়, তবে সে ব্যক্তি কি করিবে যাহার প্রতিজ্ঞা দুর্ব্বল? ফলতঃ নানা কারণে ও নানা প্রকারে আমরা আমাদের প্রতিজ্ঞা ভঙ্গ করিয়া থাকি, এবং ধর্ম্মসাধনের কিঞ্চিন্মাত্র ত্রুটি ঘটিলে আত্মার সম্বন্ধে কিছু না কিছু ক্ষতি না হইয়া যায় না।

৩। ধার্ম্মিক ব্যক্তিদিগের সফল প্রতিজ্ঞা তাঁহাদিগের আপনার জ্ঞান ও ক্ষমতার উপরে নির্ভর করে না, ঈশ্বরের অনুগ্রহের উপর নির্ভরে করে; তাঁহারা যে বিষয় কেন করিতে যাউন না,

---

(১) ১ সামু ১৪।৭, যোব ৮।২। (২) রোম ১২।২।

তাঁহারা নিরন্তর সেই অনুগ্রহের উপরে বিশ্বাস স্থাপন করেন, কারণ তাঁহারা জানেন যে, যদিও "মানুষের হৃদয় আত্মপন্থা নির্ব্বাচন করে", তথাপি ঘটনা প্রভু পরমেশ্বর কর্ত্তৃক নিয়মিত হয়, এবং "মানুষের ভিতরে এমন কিছু নাই যদ্দ্বারা সে আপনার পদচারণা যথাযথ নিয়োগ করিবে।"

৪। যদি ধর্ম্মকর্ম্মানুরোধে অথবা তোমার কোন প্রকার উপকারের অনুরোধে তোমার নিয়মিত সাধন ভজনের অতিক্রম হয়, উহা পরে সহজে পুনরায় আরম্ভ করা যাইতে পারে; কিন্তু যদি অনবধানতা বা অরুচিবশতঃ লঘুতা সহকারে ছাড়িয়া দেওয়া হয়, তাহা হইলে এই পরিহার পাপকর হয় এবং দেখিতে পাওয়া যায় যে, উহা ক্ষতিকর হইয়াছে। আমাদের যত দূর সাধ্য চেষ্টা করিলেও আমরা অনেক কর্ত্তব্য করিয়া উঠিতে পারি না। তবুও আমাদের নিরন্তর কতকগুলি বিষয়ে স্থিরতর প্রতিজ্ঞা করা উচিত, বিশেষতঃ সেই সকল ভাব- ও আচরণসম্বন্ধে যেগুলি আমাদের ঈশ্বরানুগ্রহে বর্দ্ধিত হইবার পক্ষে প্রধান অন্তরায় (৩)।

৫। যে সকল বিষয়ের সহিত আমাদের বাহ্য অবস্থা ও আন্তরিক ভাবের সম্বন্ধ আছে, সে গুলি সমান ভাবে পরীক্ষা ও নিয়মিত করিব, কেন না উহাদের উভয়ই আমাদের অধ্যাত্ম জীবন উন্নত বা অবরুদ্ধ করিবার পক্ষে সমধিক পরিমাণে প্রভাব বিস্তার করিয়া থাকে। যদি তুমি নিরন্তর তোমার একাগ্রতা না রাখিতে পার, অন্ততঃ সময়ে সময়ে একাগ্র হও, দিনের মধ্যে প্রাতঃ ও সায়ং দুই বারের অল্প না হয়। প্রাতঃকালে প্রতিজ্ঞা কর, এবং তোমার আচরণ পরীক্ষা করিয়া দেখ, তুমি চিন্তা বাক্য ও কার্য্যে সে দিন কি

---

(৩) জেম্‌স ৩।২।

প্রকার ছিলে, কারণ হইতে পারে তুমি এই সকলেতে অনেকবার ঈশ্বর ও তোমার ভ্রাতার প্রতি অপরাধ করিয়াছ। বীরপুরুষের ন্যায় বদ্ধপরিকর হও এবং পাপপিশাচের দুষ্টাভিসন্ধির বিরুদ্ধে নিরন্তর জাগ্রৎ থাক (৪)। অতি ভোজনাভিলাষ সংযত কর, অন্যান্য শারীরিক বাসনানিচয় অল্প কাঠিন্যে দমন করিতে পারিবে। তোমার জীবনের মূল্যবান্ ক্ষণগুলি যেন বিনা উন্নতিতে চলিয়া না যায়, এবং তোমায় আলস্য ও শূন্যতায় রাখিয়া না যায়। নিরন্তর পড়, লেখ, প্রার্থনা কর, বা চিন্তা কর, বা সাধারণের কল্যাণার্থ কিছু কর।

৬। শারীরিক সাধন বিবেচনাপূর্ব্বক গ্রহণ করিতে হইবে; কোন প্রভেদ না করিয়া একই প্রকারের সাধন সকলের গ্রহণ করা উচিত নয়। যে সকল সাধনসম্বন্ধে কোন সামাজিক কর্ত্তব্যানুরোধ নাই, সেগুলি কখন অপরের দৃষ্টিসমক্ষে করা উচিত নয়, কারণ ওগুলি গোপনীয়, ব্যক্তিঘটিত, কেবল গোপনেই নির্ব্বিঘ্নে উত্তম প্রকারে নিষ্পন্ন হইতে পারে। সাবধান হইও যেন গোপনীয়, ব্যক্তিঘটিত সাধনের প্রতি আসক্তি বশতঃ সামাজিক প্রকাশ্য সাধন গুলির প্রতি বীতরাগ না হও। শ্রেষ্ঠ ব্যক্তির আদেশে যে গুলির অনুষ্ঠান করিতে বাধ্য, সেগুলি পূর্ণ পরিমাণে বিশ্বস্ততা সহকারে নিষ্পন্ন করিয়া সময় থাকিলে তুমি আত্মাভিমুখীন হইয়া তোমার ভক্তিভাব যাহা তোমায় করিতে প্রণোদিত করে তাহা কর।

৭। একই প্রকারের সাধন প্রতিব্যক্তির অবস্থা ও উন্নতির সমান উপযুক্ত হয় না, কতকগুলি এক জনের অপেক্ষা অপরের হিতকারী ও উপযোগী হইয়া থাকে। ভিন্ন ভিন্ন ঋতু ও ভিন্ন ভিন্ন

(৪) যোব ৩৮।৩।

সময়ে ভিন্ন ভিন্ন সাধন উপযুক্ত, কতকগুলি উৎসবের দিনে কতক-গুলি উপবাসের দিনে সমধিক কল্যাণপ্রদ। কতকগুলি প্রলোভনের সময়ে, কতকগুলি চিরশান্তি ও আরামের সময়ে আমাদের প্রয়োজন হয়; কতকগুলি অনুধ্যানের বিষয় শোকের সময়ের ও কতকগুলি যখন "ঈশ্বরেতে আনন্দিত" সে সময়ের উপযুক্ত।

৮। প্রধান প্রধান উৎসব ও উপবাসের সময়ে আমাদের পবিত্র সাধনগুলি নূতন করিয়া লওয়া এবং সমধিক উচ্ছ্বসিত উৎসাহ সহকারে আমাদের মহান্ মধ্যস্থের মধ্যবর্ত্তিতা ভিক্ষা করা উচিত। অপিচ একটি উৎসব হইতে আর একটি উৎসবসময়মধ্যে এমন পবিত্র প্রতিজ্ঞাবদ্ধ হইব, যেন আমাদিগকে ইহারই মধ্যে পৃথিবীর জীবন পরিত্যাগ করিয়া অনন্ত জীবনের উৎসব সম্ভোগ করিতে হইতেছে। এই সকল ভক্ত্যুচ্ছ্বাসের সময়ে আমাদের আত্মাকে এরূপে প্রস্তুত এবং কার্য্য সকল এরূপে নিয়মিত করা উচিত যে, যেন আমরা অতি সত্বরই "আমাদের প্রভুর আনন্দের" সমাংশী হইব। অপিচ সেই সুখের ঘটনার যদি কালবিলম্ব হয়,আমরা যেন বিনীত ভাবে স্বীকার করি যে, আমরা এখনও তজ্জন্য যথোচিত প্রস্তুত হই নাই, ঈশ্বরের নির্দ্দিষ্ট সময়ে "যে গৌরব আমাদিগের নিকটে ব্যক্ত হইবে (১)" এখনও আমরা তাহার অনুপযুক্ত। এই অপ্রস্তুত অবস্থার অনুশোচনা আরও বিশ্বাসপূর্ণ জাগ্রৎ ভাব এবং বিশুদ্ধ প্রস্তুতির জন্য যত্ন বাড়াইয়া দিবে। ঈশা বলিয়াছেন "সেই দাস ধন্য, যাহাকে প্রভু আসিয়া দেখিতে পাইবেন যে, সে প্রতীক্ষা করিয়া আছে। সত্যই আমি তোমাদিগকে বলিতেছি, তাঁহার যাহা আছে, তদুপরি তিনি তাহাকে অধিপতি করিয়া দিবেন (২)।"

---

(১) রোম ৮।১৮। (২) লূক ১২।৪৩।৪৪।

বিংশ অধ্যায়।

নির্জ্জনতা ও মৌনভাব।

১। নির্জ্জনবাস ও আত্মসংলাপে সুযোগের সময় নিয়োগ কর, এবং মনুষ্যের পরিত্রাণার্থ ঈশ্বরের কি অদ্ভুত প্রেম পুনঃ পুনঃ চিন্তা কর। যে সকল অধ্যয়ন কেবল কৌতূহল চরিতার্থ করে সেগুলি পরিত্যাগ কর, কেবল সেইগুলি অধ্যয়ন কর, যেগুলি ব্যর্থ মানস-চিন্তায় মস্তিষ্ক আলোড়ন না করিয়া বিশুদ্ধ অনুতাপে হৃদয়কে বিদ্ধ করে।

২। যদি তুমি বৃথা আলাপ ও অলস সাক্ষাৎকার হইতে বিরত হও এবং "নূতন কোন কথা বলা বা শোনার" অভিলাষ দমন কর, তাহা হইলে তুমি কেবল প্রচুর অবসর পাইবে তাহা নহে, বিশুদ্ধ হিতকর চিন্তার জন্য উপযুক্ত সুযোগ পাইবে। বড় বড় সাধুগণ—যে স্থলে বিধাতা অনুমতি দিয়াছেন—মানুষের সঙ্গ পরিত্যাগ করিয়াছেন, নিভৃতে নির্জ্জনাবাসে সম্যক্ প্রকারে ঈশ্বরে বাসই মনোনীত করিয়াছেন।

৩। সেনেকা বলিয়াছেন যে, "যখনই তিনি মানুষের সঙ্গ করিয়াছেন তখনই তিনি যে অবস্থায় গিয়াছিলেন, তদপেক্ষা মনুষ্যত্ব-হীন হইয়া ফিরিয়া আসিয়াছেন।" সমধিক প্রমুক্তভাবে আলাপের পর আমরা যাহা প্রত্যক্ষ করিয়াছি, তাহা এ কথার সত্যতা সপ্রমাণ করে। কারণ কথার অতিরেক না হওয়া অপেক্ষা সম্যক্ মৌনাবলম্বন অধিক সহজ; বাহিরে গিয়া আপনাকে পাপ হইতে রক্ষা করা অপেক্ষা গৃহে লুক্কায়িত থাকা অধিক সহজ; অতএব যে ব্যক্তি

আন্তরিক ও আধ্যাত্মিক জীবনের জন্য অগ্রসর হয়, ঈশার সঙ্গে তাহার "জনতা হইতে দূরে প্রস্থান করা" সমুচিত (১)।

৪। সে ব্যক্তি নির্ব্বিঘ্নে বাহিরে যাইতে পারে না, যে গৃহে থাকিতে ভাল বাসে না; সে ব্যক্তি নিরাপদে কথা কহিতে পারে না, যে ইচ্ছাপূর্ব্বক রসনাকে সংযত করিতে না পারে; সে ব্যক্তি নিরাপদে শাসন করিতে পারে না, যে আহ্লাদের সহিত অধীন না হয়; সে ব্যক্তি নির্ব্বিঘ্নে আদেশ করিতে পারে না, যে যথার্থতঃ বাধ্য হইতে শিক্ষা করে নাই; সে ব্যক্তি নিরাপদে আনন্দিত হইতে পারে না, যাহার সম্বন্ধে বিশুদ্ধ বিবেকের প্রমাণ না থাকে (২)।

৫। সাধুগণের আনন্দ ও নিরাপদত্ববোধ ঈশ্বরভয়ে পূর্ণ ছিল। পুণ্যের ঔজ্জ্বল্য ও অদ্ভুতপরিমাণ দেবানুগ্রহের জন্য তাঁহারা অল্প বিনীত বা অল্প জাগ্রৎ ছিলেন না। দুরাত্মা ব্যক্তিগণের নিরাপদত্ববোধ অহঙ্কার ও গর্ব্বে আরম্ভ হয় এবং আত্মবঞ্চনায় পর্য্যবসন্ন হয়। অতএব যত কেন তোমার পুণ্যোপার্জ্জন হউক না, বর্ত্তমান জীবনে অপরিবর্ত্তনীয় পূর্ণতার অবস্থা পাইবে মনে করিও না। যে সকল ব্যক্তির ধর্ম্মসম্পর্কীয় চরিত্র লোকের সম্ভ্রমের উচ্চ সীমায় আরোহণ করিয়াছে, আপনার প্রতি আশ্বস্ততাবশতঃ সেই সকল ব্যক্তি তৎপরিমাণে ঘোরতর পতনের বিপদাপন্ন; এজন্য অধিকাংশ লোকের পক্ষে নির্ব্বিঘ্নবোধ না হয় তজ্জন্য সম্পূর্ণরূপে প্রলোভনবিমুক্ত না হইয়া বরং পুনঃ পুনঃ প্রলোভন কর্ত্তৃক আক্রান্ত হওয়া ভাল। এরূপ না হইলে হইতে পারে যে, তাহারা মানবীয় উপার্জ্জনের অভিমানে স্ফীত হইয়া উঠিবে, এমন কি পার্থিব জীব-

---

(১) লিউক ৫।১৬। (২) ২ কর। ১।১২।

নের সুখ সম্ভ্রম স্বচ্ছন্দতায় সম্পূর্ণরূপে আপনাদিগকে বিসর্জ্জন করিবে (১)।

৬। হায়! মানুষ যদি অনিত্য সুখ অন্বেষণ না করিত, ক্ষয়শীল সংসারের তুচ্ছ বিষয়সমূহে আপনাকে ব্যাপৃত না রাখিত, কেমন পরিশুদ্ধ বিবেক সে রক্ষা করিতে সমর্থ হইত! হায়! যদি সে তাহার আত্মাকে সমুদায় ব্যর্থ উদ্যোগ হইতে বিমুক্ত করিয়া ঈশ্বরচিন্তনে এবং পরিত্রাণবিষয়ক সত্যে উহাকে নিয়োগ করিতে পারিত, আপনার সমুদায় আশ্বস্ততা ঈশ্বরের করুণার উপরে স্থাপন করিতে সমর্থ হইত; আত্মা কি গভীর স্থৈর্য্য ও শান্তি লাভ করিত!

৭। কোন ব্যক্তি স্বর্গীয় শান্তির উপযুক্ত নয়, যে পর্য্যন্ত না সে বিশুদ্ধ অনুতাপে যথোচিত দগ্ধ হয় নাই। যদি যথার্থ অনুতাপ অভিলাষ কর, নির্জ্জন কুটীরে প্রবেশ কর, এবং পৃথিবীর সকল কোলাহল হইতে বিরত হইয়া সামগাথকের উপদেশানুসারে "হৃদয়ের সঙ্গে যোগ সমাধান কর এবং স্থির হইয়া থাক (২)" যে তুমি পাপের জন্য অনুতাপ ও তীব্র হৃৎকম্প অনুভব করিতে পারিবে। বাহিরে গিয়া তুমি যাহা নিরন্তর হারাইয়া ফেল কুটীরে তাহা দেখিতে পাইবে। নির্জ্জন কুটীরে সর্ব্বকাল ক্রমান্বয়ে থাকিলে উহা আহ্লাদকর হয়, কিন্তু কখন কদাচিৎ নির্জ্জনে গেলে উহা অহৃদ্য ক্লান্তি ও অরুচিকর হয়। তোমার জীবনপরিবর্ত্তনের আরম্ভেই যদি তুমি নির্জ্জন কুটীর সহ ঘনিষ্ঠসম্বন্ধ রক্ষা কর এবং উহা হইতে যে উপকার উৎপন্ন হয় তাহা বর্দ্ধিত করিতে থাক, উহা পর সময়ে চিরদিনের জন্য প্রিয় বন্ধুর ন্যায় অভিলষণীয় এবং যথার্থ সান্ত্বনার নিলয় হইবে।

---

(১) কর। ১২।৭। (২) সাম ৪।৪।

৮। নিভৃতদেশ ও মৌনাবলম্বনে বিশুদ্ধ আত্মা অতি দ্রুতপদে অগ্রসর হইতে থাকে এবং ঈশ্বরবাণীর নিগূঢ় তত্ত্ব সকল শিক্ষা করে (১); সেখানে আত্মা অশ্রুজলের প্রস্রবণ দেখিতে পায়, সেই প্রস্রবণে সে প্রতিরজনী স্নান করিয়া পবিত্র হয় এবং যে পরিমাণে সে অন্ধকার, অপবিত্রতা এবং সংসারের কোলাহল পরিত্যাগ করে সেই পরিমাণে তাহার স্রষ্টার সহিত ঘনিষ্ঠযোগে উচ্চভূমিতে আরূঢ় হয়। যে ব্যক্তি ঈশ্বরান্বেষণনিমিত্ত বন্ধু ও পরিচিতবর্গ হইতে বিদায় গ্রহণ করে ঈশ্বর তাঁহার পবিত্র দূতগণ সহ তাহার নিকটবর্ত্তী হন।

৯। "একমাত্র প্রয়োজনীয় বিষয়ে" অবহেলা করিয়া বাহিরে ভ্রমণ ও অদ্ভুত ক্রিয়া করা অপেক্ষা নিয়ত জনচক্ষুর অগোচরে থাকিয়া আত্মার বিশুদ্ধিসাধনে নিযুক্ত থাকা ভাল। যে সকল ব্যক্তি ধর্ম্মজীবনে মনোভিনিবেশ করিয়াছেন, তাঁহাদিগের কখন কদাপি বাহিরে পদার্পণ, লোকচক্ষুর বিষয় হওয়াতে অসম্মতি, লোকদর্শনে অল্পানুরাগ অতিমাত্র প্রশংসারই বিষয়। আর তুমি কেনই বা উহা দেখিবার জন্য অভিলাষী হইবে যাহা ভোগ করিবার জন্য তোমার সামর্থ্যও নাই অনুমতিও নাই? কারণ "সংসার চলিয়া যায় তৎসম্পর্কীয় কামনাও চলিয়া যায় (২)।" আমাদের বিষয়াভিলাষ ক্রমিক আত্মচরিতার্থতার অন্বেষণে আমাদিগকে চারিদিকে ঘুরিয়া বেড়াইতে নিরন্তর প্রোৎসাহিত করে, কিন্তু যখন ঘুরিয়া বেড়াইবার সময় শেষ হয়, বিবেকের অনুশোচনা ও আত্মার ক্লান্তি ও বিচ্ছিন্ন ভাব বিনা আর কি লইয়া আমরা ঘরে ফিরিয়া আসি? আহ্লাদে বহির্গমন বিষাদে প্রত্যাবর্তন ঘটায় এবং

(১) এক্লূস ৩৯।৩। সাম ৬।৬৭। (২) যোহান ১১।১৭

আমোদের সায়ংকাল শোকের প্রভাত উৎপস্থিত করে (১)। এই-রূপে সমুদায় বিষয়ামোদ আহ্লাদ লইয়া প্রবেশ করে কিন্তু চলিয়া যাইবার পূর্ব্বে দংশন ও বিনাশ করে।

১০। অন্যত্র তুমি কি দেখিতে পাও যাহা তুমি যে নির্জ্জনাবাস মনোনীত করিয়াছ তাহাতে দেখিতে পাও না? স্বর্গ ও পৃথিবী এবং সমুদয় ভূতগণ অবলোকন কর! সমুদয় বস্তু এই সকল হইতেই সৃষ্ট হইয়াছে। সেখানে বা অন্যত্র কি দেখিতে পাও যাহা "সূর্য্যালোকে চিরকাল বিদ্যমান থাকিবে" (২)? হয় তো তুমি আশা কর যে ভোগশক্তি দ্বারা তুমি অভিলাষ বশে আনিবে; কিন্তু তুমি দেখিতে পাইবে, উহা অসম্ভব, কারণ "নয়নকে দর্শনদ্বারা পরিতৃপ্ত করিতে হইবে, কর্ণকে শ্রবণ দ্বারা পূর্ণ করিতে হইবে (৩)।" যদি সমুদায় প্রাকৃতিক দৃশ্য তোমার চক্ষুর সম্মুখে ক্রমে প্রকাশ পায়, ব্যর্থ দৃশ্য ভিন্ন উহা আর কি হইবে?

১১। উচ্চতম স্বর্গস্থ ঈশ্বরের দিকে তবে তোমার নেত্র উত্তোলন কর এবং তোমার অসংখ্য পাপ ও ক্রটির ক্ষমার জন্য প্রার্থনা কর। অসার লোকদিগের ভোগের জন্য অসার আমোদ রাখিয়া দাও; তুমি কেবল সেই বিষয়ে মন দাও, তোমার আপনার অনন্ত কল্যাণের জন্য ঈশ্বর যাহা তোমার নিকটে চান। তোমার পৃষ্ঠভাগস্থ দ্বার দৃঢ়রূপে বদ্ধ রাখিয়া দাও। তোমার অভ্যন্তরে আসিয়া তাঁহার আলোকে তোমার অন্ধকার হরণ করিবার জন্য তোমার প্রিয় ঈশাকে আমন্ত্রণ কর (৪)। এই নির্জ্জন স্থানে তাঁহার সঙ্গে

(১) প্রোবার্ব ১২।১৩; ২২।৩২। (২) যাজক ২।১১।
(৩) যাজক ১।১৪। (৪) মথি ৬।৬।

বিশ্বস্ততা সহকারে বাস কর, কারণ তুমি অন্য কোন স্থানে এত অধিক শান্তি পাইতে পারিবে না।

১২। তুমি যদি কখন বাহিরে গিয়া ব্যর্থ সংবাদ সকল না শুনিতে, তাহা হইলে তুমি শান্তির অধিকারে নিয়ত নিরাপদে থাকিতে। কিন্তু যে কোন সময় হইতে সংবাদ শুনিতে ও বলিতে তোমার আহ্লাদ জন্মে, সেই সময় হইতে তোমার হৃদয় নিরাশা ও দুঃখ, উদ্বেগ ও অশান্তির অধীন হয়।

একবিংশ অধ্যায়।

হৃদয়ের গ্লানি।

১। ঈশার অনুবর্ত্তিসমুচিত জীবনে যদি তুমি উন্নতি লাভ করিতে ইচ্ছা কর, তাহা হইলে নিয়ত ঈশ্বরভয়ে স্থিতি কর; উচ্ছৃ-ঙ্খল স্বাধীনতা ভালবাসিও না, কিন্তু তোমার ইন্দ্রিয়গণকে দৃঢ় সংযমে অবরোধ কর এবং অতিরিক্ত আমোদ হইতে তোমার আত্মাকে রক্ষা কর (১)। হৃদয়ে আত্মগ্লানি উদ্দীপন কর, শীঘ্রই দেখিতে পাইবে উহার অভ্যন্তরে উপাসনাশীলতার অগ্নি প্রজ্বলিত হইয়াছে। আত্মগ্লানি অগণ্য মঙ্গলের পথ খুলিয়া দেয়, অতিচরণ ও লঘু আমোদে উহা শীঘ্র শীঘ্র হারাইয়া যায়। এ অতি আশ্চর্য্য যে, যে ব্যক্তি এ জীবনকে দেশ-বহিষ্কৃতির অবস্থা এবং আপনাকে নিয়ত বিবিধ বিপদে নিক্ষিপ্ত-মনে করে, সে এ জীবনে আমোদ লাভ করিবে। হৃদয়ের

(১) প্রোবার্ক্স ২৩।১৭।

লঘুতা ও আত্মপরীক্ষার অবহেলা বশতঃ আমাদের আত্মার রোগ-সমূহের প্রতি আমরা বোধশূন্য হইয়া পড়ি, এবং যে সময়ে অবিকৃত জ্ঞানে আমাদের শোক করা সমুচিত, সে সময়ে পুনঃ পুনঃ ব্যর্থ অট্টহাস হাসি। বিশুদ্ধবিবেকসংযুক্ত ঈশ্বরভয় বিনা সারবান্ আনন্দ বা প্রকৃত স্বাধীনতা কখন হইতে পারে না। (১)

২। উৎপাত ও মানসচাঞ্চল্যজনিত প্রতিবিম্ব যে ব্যক্তি অপসারণ ও বিশুদ্ধ আত্মগ্লানিতে ভাবের একগ্রতা সাধন করিতে পারে, সেই ব্যক্তি ধন্য! সেই ব্যক্তি ধন্য, যে ব্যক্তি যে কোন আমোদে বিবেক ভারগ্রস্ত বা অপবিত্র হয় তাহা পরিহার করিতে পারে, পুরুষকার সহকারে যত্ন কর; এক অভ্যাসে অপর অভ্যাস বিনষ্ট ও পরাভূত হয়। যদি তুমি অপর মানুষ এবং তাহাদের সম্পর্কীয় বিষয় হইতে আপনাকে বিযুক্ত রাখিতে পার, তাহারাও আপনারা অতি সত্বর তোমা হইতে বিযুক্ত হইবে, এবং তোমার আপনার শান্তি ও পরিত্রাণের জন্য তোমায় কার্য্য করিতে অবসর দান করিবে।

৩। অতএব অপরের করণীয় বিষয়ে আপনাকে ব্যস্ত সমস্ত করিও না; অথবা বড় লোকের লাভকর বিষয়ে আপনাকে জড়াইও না। তুমি আপনি আপনার দৃষ্টির সর্ব্বপ্রধান বিষয়, এই ভাবে নিয়ত আপনার উপরে আপনার দৃষ্টি রাখ; এবং তোমার যাঁহারা প্রিয় তাঁহাদের অপেক্ষা বিশেষ ভাবে আপনাকে আপনি সদুপদেশ দাও (২)। মানুষের অনুগ্রহ পাও না বলিয়া শোক করিও না, বরং এই বলিয়া শোক কর যে, ঈশ্বরের একান্তানুরক্ত

---

(১) এক্লুস ১।১৩। (২) এক্লুশ ১৪।৫।

দাস এক জন যথার্থ ঈশার অনুগামী ব্যক্তির যে প্রকার বিশুদ্ধ আত্মত্যাগ ও সর্ব্বতোমুখীন দৃষ্টি রাখিয়া চলা তাহার পক্ষে উপযুক্ত সে প্রকার তুমি চল নাই।

৪। বর্ত্তমান জীবনে সান্ত্বনা না পাওয়া—বিশেষতঃ সেই সকল বিষয়ে যে সকল শোণিতমাংসসংসৃষ্ট—সমধিক নির্ব্বিঘ্ন এবং মঙ্গলকর (১)। আমরা যে আধ্যাত্মিক বা দেবদত্ত সান্ত্বনায় বঞ্চিত বা উহার সুমিষ্টতা সম্ভোগে কদাপি কৃতার্থ, ইহার হেতু আমরা নিজেই, কারণ আমরা আত্মগ্লানি ভালবাসি না, বাহ্যিক ব্যর্থ সান্ত্বনাসকলকে ছাড়িয়া দিই না। দেবদত্ত সান্ত্বনার তুমি অনুপযুক্ত কেবল ইহাই স্বীকার করিও না, বরং সমধিক বিপৎ পরীক্ষার উপযুক্ত আপনাকে মনে কর।

৫। যখন কোন ব্যক্তি যথার্থ আত্মগ্লানি অনুভব করে, পৃথিবীর আমোদ ও সম্মান ভারবহ ও বিরক্তিকর হয় এবং সে শোক ও অশ্রুপাতের নিরবচ্ছিন্ন কারণ দেখিতে পায়; কারণ সে আপনার বিষয়ই বিবেচনা করুক বা অপরের বিষয়ই বিচার করুক, সে জানে যে কোন ব্যক্তিই সমধিক বিপৎ পরীক্ষা ব্যতিরেকে জীবন যাপন করে না (২)। অপিচ যতই সে আপনার বিষয় বিবেচনা করে, ততই তাহার শোক উপস্থিত হয় কারণ যে সকল পাপ ও অপরাধ আমাদের মনোবৃত্তিগুলিকে এমনই অধীন করিয়া ফেলিয়াছে যে, আমরা আর কদাপি স্বর্গীয় সুখের অবস্থার অনুধ্যানও করিতে পারি না, সেই সকল পাপ ও অপরাধ এবং আমাদিগের উপরে পাপের অধিকার শোক ও আত্মগ্লানির যথার্থ ভূমি।

---

(১) রোমক ৮।৮। (২) রোমণ ৮।২২।

৬। যদি তুমি জীবনের দীর্ঘতা অপেক্ষা মৃত্যুর সময় পুনঃপুনঃ চিন্তা করিতে, পাপের ক্ষমতা অবরোধ করিবার নিমিত্ত নিঃসংশয় সমধিক অধ্যবসায় তুমি নিয়োগ করিতে পারিতে; অশাসিত ও উপেক্ষিত আত্মাকে প্রকৃতিস্থ করিবার জন্য যে কঠোর শুদ্ধির প্রয়োজন তাহা যদি তুমি ঠিক বিবেচনা করিতে তাহা হইলে আমি মনে করি তুমি আহ্লাদের সহিত শ্রম ও তপঃক্লেশের অনুসরণ করিতে এবং অতি কঠোর কৃচ্ছ্র সাধনে ভীত হইতে না। কিন্তু এ সকল বিবেচনা আমাদের হৃদয়ে মুদ্রিত হইতে দিই না, বরং ইন্দ্রিয়সকলের তোষামোদ বাক্যে আমরা উহাদিগকে দূর করিয়া দিই। এ জন্য আমরা আমাদের পতিতাবস্থা এবং সেই অবস্থা হইতে বিমুক্ত হইবার উপায়, এ উভয় সম্বন্ধে নিরুদ্যম ও বোধশূন্য হইয়া থাকি।

৭। যে মানসদৌর্ব্বল্য আত্মগ্লানিতে ভীত হয় সেই মানসদৌর্ব্বল্যবশতই আমাদের হীন শরীর ঈদৃশ তুচ্ছ ব্যাপার সকলেতে অসন্তোষ প্রকাশ করে। অতএব অতি বিনীত ভাবে ব্যগ্রতা সহকারে প্রভু পরমেশ্বরের নিকট প্রার্থনা কর যে তিনি তোমার আত্মগ্লানির ভাব অর্পণ করেন, এবং রাজর্ষির সঙ্গে বল, "হে প্রভো, অশ্রুরূপ ভোজ্য আমায় ভোজন করাও এবং পানার্থ প্রচুর পরিমাণ অশ্রুবারি অর্পণ কর (১)।

---

(১) সাম ৮০।৫।

দ্বাবিংশ অধ্যায়।

মানবীয় দুঃখের সমালোচনা।

১। যদি তুমি ঈশ্বরের দিকে প্রত্যাবর্ত্তন না কর, তুমি যেখানে থাক, যে কোন বিষয়ে কেন উন্মুখ না হও, তুমি দুঃস্থ! তোমার আপনার ইচ্ছা ও অভিলাষানুরূপ জীবনের ব্যাপার হয় নাই বলিয়া তুমি আকুল কেন? না আমি, না তুমি, না পৃথিবীর কোন ব্যক্তি, কে আপনার ইচ্ছানুরূপ বিষয় সকল ভোগ করিয়া থাকে? না রাজা না প্রধান ধর্ম্মযাজক পৃথিবীতে এমন এক জন ব্যক্তিও নাই যাঁহার কিছু না কিছু দুঃখ ও যাতনা নাই। কাহার অবস্থা তবে ভাল? নিশ্চয় তাঁহারই যিনি ঈশ্বরের জন্য যে কোন ক্লেশ বহন করিতে প্রস্তুত।

২। অনেক দুর্ব্বলচিত্ত নির্ব্বোধ লোকেরা বলে, "দেখ, ঐ মানুষটির কি সুখের অবস্থা? কেমন ধনী, কেমন বড়, কেমন ক্ষমতাবান্, কেমন উচ্চপদস্থ!" কিন্তু নিত্যকালের অম্লান গৌরব অবিনশ্বর সম্পদের প্রতি মনোভিনিবেশ কর, তুমি বুঝিতে পারিবে, এ সকল সাংসারিক লাভকর বিষয়ের কোন মূল্য নাই। তাহাদের উপার্জ্জন ও রক্ষণ অনিশ্চিত, এবং তাহাদের ভোগ ক্লেশকর; কারণ ভয় ও উদ্বেগ বিনা কখন তাহাদিগকে অধিকার করা যায় না। মানুষের যথার্থ অভাব সহজে সত্বর পূর্ণ হয়, সুতরাং "তাহার অধিকারে প্রচুরপরিমাণে বিষয় থাকা" (১) তাহার সুখ নহে।

---

(১) লূক ১২।১৫।

৩। নিশ্চয় পৃথিবীতে বাস করাই দুঃখ (১); এবং মানুষ যত অধিক আধ্যাত্মিক হইতে অভিলাষ করে, ততই বর্ত্তমান জীবন সে বিরক্তিকর দেখিতে পায়, কারণ সে মানবীয় দূষিত-ভাবের গভীরতা আপনার ভিতরে জ্ঞানতঃ অনুভব করে, এবং অপরের ভিতরে সুস্পষ্ট দেখিতে পায়। আহার করা ও পান করা জাগিয়া থাকা ও নিদ্রা যাওয়া, পরিশ্রম করা ও বিশ্রাম করা এবং আমাদিগের বিকারগ্রস্ত প্রকৃতি অপর যে যে প্রয়োজনের অধীন, সে সকলই দ্বিজাত্মা ব্যক্তির জীবনকে ক্লেশাবহ করিয়া তুলে, কারণ "গ্রন্থিচ্ছেদ" এবং পাপ ও পাপের সম্ভাবনা হইতে বিমুক্তি তাঁহার অভিলাষ।

৪। শারীরিক অভাব ও ক্লেশের জন্য ভিতরের মানুষ যে উদ্বেগ ও নিপীড়ন অনুভব করে, যত দূর তাহা হইতে বিমুক্ত হইতে পারা যায় তজ্জন্য রাজর্ষি ভক্তিসহকারে প্রার্থনা করিয়াছেন, "হে প্রভো, প্রয়োজন হইতে আমায় পরিত্রাণ কর।" বর্ত্তমান জীবনের দুঃখ ও দূষিত ভাবসম্বন্ধে যাহাদিগের বোধ নাই তাহারা অতি দুঃখভাজন, তাহারা আরও দুঃখভাজন যাহাদের তৎপ্রতি অনুরাগ; কারণ এমন অনেক ব্যক্তি আছে যাহাদের বর্ত্তমান জীবনের প্রতি অনুরাগ এত অধিক প্রবল যে, যদিও স্বীয় পরি-শ্রমে এবং অপরের দানে জীবনের সাধারণ প্রয়োজনীয় বিষয়গুলি কদাপি পূর্ণ হয়, তথাপি যদি যুগযুগান্তর এখানে বাস করা সম্ভবপর হইত, তাহা হইলে তাহারা ঈশ্বরের রাজ্যসম্বন্ধে একেবারে চিন্তা নিয়োগ করিত না। অহো! সে সকল হৃদয় কি বিমূঢ় ও বিশ্বাস-

---

(১) যোহন ১৪।১।

শূন্য যে, সকল হৃদয় পার্থিব বিষয়ে এত মগ্ন যে, রক্তমাংসসম্ভূত ভোগ ভিন্ন অন্য ভোগে কোন অভিলাষ অনুভব করে না। দুর্দ্দশাগ্রস্ত ব্যক্তিগণ! তাহারা যদুপরি "আপনাদের অনুরাগ স্থাপন করিয়াছে," উহা যে ব্যর্থ ও তুচ্ছ, ক্লেশ পাইয়া চরমে বুঝিবে। যে সকল বিষয়ে রক্ত মাংসের প্রবৃত্তি চরিতার্থ হয়, অথবা যে সকল বিষয়ে লোকের সম্মান লাভ হয় বা তাহাদের অনুসর্ত্তব্য বিষয়ের অনুসরণ হয়, সে সকল বিষয়ে ঈশ্বরানুরাগী সাধুগণ এবং ঈশার সমুদায় অনুরক্ত বন্ধু ও অনুযায়িগণ মনোভিনিবেশ করেন না, কিন্তু তাঁহাদের আশা ও অভিলাষ দেবোচিত রাজ্যের পুণ্য ও গৌরবের নিমিত্ত তৃষ্ণাতুর; সংসারের দৃশ্য বিষয়ের প্রভাবে তাঁহা-দের আত্মা পার্থিব ভোগবিষয়ে আসক্ত হইয়া না পড়ে, এজন্য স্বর্গের অদৃশ্য নিত্যকালস্থায়ী বিষয়ের দিকে তাঁহাদিগের সমগ্র আত্মা নিরন্তর উন্মুখ।

৫। প্রিয়ভ্রাতঃ, এই সকল অধ্যাত্মভোগপ্রাপ্তির আশা ছাড়িয়া দিও না; সমধিক করুণাবশতঃ তোমায় এখনও সময় ও ও সুযোগ সমধিক পরিমাণে প্রদত্ত হইয়াছে; তবে কেন তুমি দিন দিন তোমার সদভিপ্রায় অপসারিত করিয়া রাখিতেছ? পাপের গভীর নিদ্রা হইতে এখনই উত্থান কর, এবং বল "এই তো কার্য্য করিবার সময়, এই তো সংগ্রামের দিন, এই তো সংশোধনের সময়, গ্রহণীয় কাল, পরিত্রাণের দিন" (১)।

৬। দুঃখের মুহূর্ত্তই, জয়ের মুহূর্ত্ত। আরাম ও বিশ্রামে উপস্থিত হইবার পূর্ব্বে তোমায় অগ্নি ও জলের ভিতর দিয়া যাইতে

---

(১) রোমণ ১৩।১১।১৩।

হইবে। তুমি আপনার উপরে বলপ্রকাশ না করিলে তুমি কখন পাপ পরাভূত করিতে পারিবে না। যত দিন আমরা এই বিকারী দেহ বহন করিতেছি, তত দিন পাপের আক্রমণ হইতে বিমুক্ত থাকিতে, বা ক্লান্তি ও শোকবিবর্জ্জিত হইয়া জীবন যাপন করিতে আমরা সমর্থ হইব না। সর্ব্বপ্রকারের দুঃখ হইতে বিশ্রান্তি আমরা অভিলাষ করি, কিন্তু যখন পাপে আমরা নির্দ্দোষ ভাব হারাইয়াছি, তখন সেই নির্দ্দোষ ভাবের সঙ্গে সঙ্গে আমরা প্রকৃত সুখও হারাইয়াছি। অতএব যে পর্য্যন্ত না এই অপরাধ ও তজ্জনিত বিপৎপাত "অতিক্রান্ত হয় এবং জীবন মরণশীলতাকে গ্রাস করিয়া ফেলে" (১) সে পর্য্যন্ত সহিষ্ণুতা অবলম্বন এবং ঈশ্বরের করুণার নির্দ্দিষ্ট সময় প্রতীক্ষা করিয়া থাকা প্রয়োজন।

৭। মানবীয় ক্ষীণতা কত অধিক, সর্ব্বদাই সে অকল্যাণ-প্রবণ! আজ আমরা যে পাপ স্বীকার করি, কল্য আবার সেই পাপ করি ; এই মুহূর্ত্ত অবহিত থাকিব বলিয়া সঙ্কল্প করিলাম, আবার পর মুহূর্ত্তে আমরা এইরূপ কার্য্য করি, যেন আমরা কখন সংকল্প করি নাই। এরূপ স্থলে আপনাদের বল ও কল্যাণত্ববিষয়ে ব্যর্থ অভিমান পরিহার করিয়া ঈদৃশ বিকারী ও অব্যবস্থিত জীব সকলের নিয়ত বিনীত থাকিবার পক্ষে কেমন হেতু বিদ্যমান।

৮। অনেক পরিশ্রমের পর অবশেষে ঈশ্বরের যে করুণা আমাদের পাইবার প্রক্রম হইয়াছে, আমাদের অবধানতায় আমরা উহা হারাইয়া ফেলিতে পারি। জীবনের উষাকালে যদি আমরা নিরুদ্যম ও নিরুৎসাহ হইয়া পড়ি, জীবনের প্রদোষকালে কি

(১) ২ কর। ৫।৪।

হইবে? যখন আমাদিগের আচরণে এ যাবৎও আমাদিগকে প্রকৃত পবিত্রতার দিকে একপদও অগ্রসর দেখা যাইতেছে না, তখন যেন সমুদয় শান্তি ও নিরাপদ, এইরূপ ভাবে বিশ্রাম সুখভোগ করিবার জন্য যদি আমরা সরিয়া পড়ি, আমাদিগকে ধিক্।

৯। দৈবক্রমে যদি ভাবী সংশুদ্ধি এবং আধ্যাত্মিক জীবনের পূর্ণতার দিকে অগ্রসর হইবার কোন আশা থাকে, তাহাহইলে নবীন প্রথমপ্রবৃত্ত সাধকের ন্যায় শিক্ষা গ্রহণ এবং কঠোর সংযমে দ্বিতীয়বার পবিত্রতায় আত্মসংগঠন এখনও প্রয়োজন।

ত্রয়োবিংশ অধ্যায়।

মৃত্যুবিষয়ক চিন্তা।

১। তোমার বর্ত্তমান জীবন শীঘ্রই শেষ হইবে; অতএব বিবেচনা করিয়া দেখ যে জীবন আসিতেছে তজ্জন্য কি পরিমাণ আয়োজনে তুমি প্রস্তুত আছ (১)। আজ মানুষ আছে, কল্য আর তাহাকে দেখিতে পাওয়া যায় না; এবং যখন সে একবার অপরের দৃষ্টির বহির্ভূত হয়, সে সত্বর তাঁহাদিগের স্মৃতি হইতে অপসৃত হয় (২)। অহো, মানবহৃদয়ের কি কাঠিন্য ও বোধশূন্যতা যে, উহা কেবল বর্ত্তমান ভোগের বিষয় চিন্তা করে, এবং ভবিষ্যতে যাহা হইবে তৎপ্রতি সম্পূর্ণ অমনোযোগী! যেন আজই তোমাকে মরিতে হইবে এই ভাবে প্রতিচিন্তা প্রতিকার্য্যে একান্ত ভাবে তোমার আত্মশাসন ও আত্মসংযম করা সমুচিত। তোমার

---

(১) যোব ১৪।১। ম্যাক ২।৬৩। (২) সাম ১৪৬।৪।

বিবেক যদি পবিত্র থাকিত, তোমার পঞ্চত্ব যত কেন নিকটবর্ত্তী হউক না, তুমি ভয় করিতে না। মৃত্যু অতিক্রম করা অপেক্ষা পাপ অতিক্রম করা ভাল। সেই ভীষণ দিনের জন্য যদি আজ প্রস্তুত না থাক কল্য তুমি কি প্রকারে প্রস্তুত হইবে (১)? কল্য-কার কোন নিশ্চয় নাই, এবং তুমি কিরূপে জান কল্যকার দিন তোমার হইবে?

২। যখন জীবনের এত অকিঞ্চিৎকর উন্নতি হইতেছে তখন অধিক দিন বাঁচিয়া থাকিয়া লাভ কি? দীর্ঘ জীবন আমাদিগকে ভাল না করিয়া অনেক সময়ে আমাদের পাপের ভার বাড়াইয়া থাকে। ঈশ্বরের নিকট আমাদের এই অভিলাষ যে, একদিনের জন্যও আমরা ভাল করিয়া জীবন কাটাই! অনেকে যে সময়ে তাহাদের ধর্ম্মে মতি হইয়াছে সেই সময় হইতে বৎসর গণনা করিয়া থাকে। কিন্তু তাহাদের পবিত্রতা উপার্জ্জনের গণনা যৎসামান্য। অতএব মৃত্যু যদিও ভীষণ তথাপি দীর্ঘ জীবন বিপৎকর হইতে পারে। সেই ব্যক্তি ধন্য! যিনি ক্রমান্বয়ে মৃত্যুকাল চক্ষুর সম্মুখে রাখিয়াছেন, এবং উহার আগমনের জন্য আপনাকে প্রস্তুত রাখেন!

৩। যদি তুমি কখন কাহাকেও মরিতে দেখিয়া থাক, তবে এই অতি মনোনিবেশযোগ্য দৃশ্যকে তোমার হৃদয় হইতে অপহৃত হইতে দিও না, কিন্তু সর্ব্বদা স্মরণে রাখ যে, তোমাকেও সেই অন্ধকারাবৃত উপত্যকাভূমি দিয়া এ জীবনের অবস্থা হইতে পর জীবনের অবস্থায় যাইতে হইবে। যখন প্রাতঃকাল উপস্থিত, তখন মনে কর যে, সায়ংকাল পর্য্যন্ত তুমি বাঁচিয়া না থাকিতে

---

(১) জেমস ৪।৪।

পার, এবং যখন সায়ংকাল উপস্থিত তখন আপনি এরূপ নিশ্চয় করিতে সাহসী হইও না যে, অপর প্রাতঃকালের মুখ দর্শনকরিবে। অতএব সর্ব্বদা প্রস্তুত থাক, এবং এরূপে জীবন যাপন কর যে, যখন মৃত্যু আসিয়া তোমাকে আহ্বান করিবে, তখন সে তোমাকে ব্যতিব্যস্ত দেখিতে না পায়। অনেকে হঠাৎ অলক্ষিতভাবে মরিয়া যায়; "কারণ যে সময়ে তোমরা মনে কর নাই, সেই সময়ে মনুষ্যসন্তান আসিয়া উপস্থিত হন (১)।" অপিচ যখন সেই শেষ সময় তোমার নিকট উপস্থিত হইবে, তখন তুমি তোমার গত জীবনের বিষয় আর এক প্রকারে ভাবিতে আরম্ভ করিবে এবং তোমার অমনোযোগ ও অনবধানতার জন্য অনির্ব্বচনীয় দুঃখপ্রকাশ করিতে থাকিবে।

৪। অহো, সে ব্যক্তি কেমন জ্ঞানী ও সুখী, যিনি মৃত্যুর দিনে যে প্রকার পবিত্রচরিত্র লক্ষিত হইতে চান, জীবনাবস্থায় সেইরূপ পবিত্র হইতে ক্রমান্বয়ে যত্ন করেন। অপিচ সংসারকে সম্পূর্ণ তুচ্ছ বোধ, বিশুদ্ধিতায় উন্নত হইবার জন্য সোৎসাহ অভিলাষ, সংযমে অনুরাগ, অনুতাপোচিত কৃচ্ছ্র সাধন, সানন্দ বাধ্যতা, আত্মত্যাগ, এবং ঈশার জন্য যে কোন প্রকারের ক্লেশ ধৈর্য্যসহকারে বহন, এই সকল ভাল করিয়া মরিবার পক্ষে সুখকর আশ্বস্তুতা উৎপাদন করিবে (২)।

৫। যখন তোমার শারীরিক স্বাস্থ্য দ্বারা মন সবল, তখন পবিত্রতাসাধনের পক্ষে তুমি অনেক করিতে পার, কিন্তু যখন রোগ দ্বারা উহা দুর্ব্বল ও নিপীড়িত হইয়া পড়ে, আমি জানি না

(১) মথি ২৩।২৪। লুক ১২।৪০।

(২) এক্লিসি ৯।১০। জন ৯।৪।

তুমি কি করিতে পার। রোগের যন্ত্রণায় ও অবসাদে অল্প লোকের আত্মাই ভাল হয়, যদ্রূপ তীর্থযাত্রানিপুণদিগের মধ্যে অল্পব্যক্তি শ্রেষ্ঠ ঋষি হন।

৬। তোমার বন্ধু ও সম্পর্কীণগণের দৃষ্টান্ত অথবা তাঁহাদিগের জ্ঞানের শ্রেষ্ঠতাতে আশ্বস্ততা যেন তোমার পরিত্রাণের জন্য যত্ন ভবিষ্যতে রাখিয়া দিতে প্রবৃত্তি না জন্মায়। কারণ সকল মানুষ, এমন কি তোমার বন্ধু ও সম্পর্কীণগণ, তুমি যাহা মনে করিতেছ তদপেক্ষা অতি শীঘ্র তোমায় ভুলিয়া যাইবে। "যখন বর আসিবে" তখন অপরের নিকট হইতে তৈল লইবে, এরূপ নির্ভর অপেক্ষা অভাব হইবার পূর্ব্বে এখনই "তৈল যোগান (১) ভাল" কারণ তুমি যদি এখন আপনি অবহিত না হও, তাহাহইলে যখন সময় ও সুবিধা আর থাকিবে না তখন ইহার পর কে তোমার সম্বন্ধে অবহিত হইতে সমর্থ হইবে? এই বর্ত্তমান ক্ষণ অতীব মূল্যবান্; এখনই "গ্রহণযোগ্য কাল, এখনই পরিত্রাণের দিন।" যে মুহূর্ত্তে তুমি অনন্ত জীবন অধিকার করিতে পারিবে, সেই অমূল্য মুহূর্ত্তের উৎকর্ষ সাধন না করা কি দুঃখের বিষয়! এমন সময় আসিবে, যে সময় তুমি অনুতাপ করিবার জন্য একটি দিন, এমন কি সার্দ্ধ দুই দণ্ড চাহিবে, কিন্তু কে জানে তুমি তাহা পাইবে কি না?

৭। প্রিয় ভ্রাতঃ, জাগ্রৎ হও, এবং দেখ "তোমার অত্রত্য অবস্থানকাল ধর্ম্মসঙ্গত ভয়ে" এবং মৃত্যুর নিয়ত প্রতীক্ষায় যাপন করিয়া কি অনির্ব্বচনীয় বিপৎ হইতে তুমি এখন তোমার আপনাকে উদ্ধার করিতে পার, কি ভীষণ ভয় হইতে বিমুক্ত হইতে পার। এক্ষণ এমন ভাবে জীবন যাপন করিতে যত্ন কর যে,

(১) মথি ২৫।৪। ইত্যাদি।

সেই ভীষণ মুহূর্ত্তে ভীত না হইয়া আনন্দিত হইতে পার। সংসার-সম্বন্ধে মৃত হইতে শিক্ষা কর যে, তুমি ঈশার সঙ্গে বাস আরম্ভ করিতে পার (১)। সৃষ্ট সমুদয় বস্তুকে তুচ্ছ করিতে শেখ যে,সর্ব্ববিধ ভারগ্রস্ততা হইতে বিমুক্ত হইয়া প্রমুক্ত ভাবে তাঁহার সমীপবর্ত্তী হইতে পার (২)। এখন তোমার পার্থিব নশ্বর দেহকে আত্মগ্লানি ও আত্মত্যাগ দ্বারা বশীভূত কর যে ধার্ম্মিকদিগের 'পুনরুত্থান দিনে' এই শরীরের পরিবর্ত্তে আধ্যাত্ম অমর দেহ লাভ করিবার আশা সম্ভোগ করিতে পার (৩)।

৮। অহো নির্ব্বোধ মনুষ্য! যখন তুমি একটি দিনের জন্য নিরাপদ হইতে পার না, তখন দীর্ঘ জীবনের আশায় কেন তুমি বৃথা আত্মতোষ সাধন করিতেছ (৪)? কত দুর্ভাগ্য ব্যক্তি এই আশায় প্রবঞ্চিত হইয়া অনপেক্ষিত মুহূর্ত্তে এই দেহ হইতে বিযুক্ত হইয়াছে! কতবার তুমি শুনিতে পাও, এক জন হত হইয়াছে, আর এক জন জলে ডুবিয়াছে, আর এক জন অত্যুচ্চ স্থান হইতে পতিত হইয়া ভগ্নগ্রীব হইয়াছে, আর এক জন ভোজন করিতে করিতে রুদ্ধশ্বাস হইয়াছে, আর এক জন তাহার প্রিয় ক্রীড়ায় প্রবৃত্ত থাকার অবস্থায় পড়িয়া মরিয়াছে; অপিচ প্রতি দিন সহস্র সহস্র ব্যক্তি, অগ্নিতে, তরবারিতে, মহামারীতে, দস্যুগণের প্রচণ্ড আক্রমণে বিনাশ পাইতেছে (৫)। এইরূপে মৃত্যু সর্ব্বকালেই সাধারণ, এবং মানুষ নৈশ প্রতিচ্ছায়ার ন্যায় হঠাৎ কোথায় চলিয়া যায়।

---

(১) রোম ৬।৮। (২) ১ কর ৯।২৭।

(৩) ২ কর ৩।৪। (৪) লূক ১২।২০।

(৫) ২ ক্রণ ২৯।১৫। যোব ১৭।৭।৫ সাম ১০২।১১; ১৪৪।৪।

৯। মৃত্যুর পর তোমায় কে স্মরণ করিবে? কে তোমার জন্য প্রার্থনা করিবে এবং কাহার প্রার্থনা তোমার পক্ষে ফলপোধায়ী হইবে? এখনই তজ্জন্য, প্রিয় ভ্রাতঃ, ঈশ্বরের দিকে উন্মুখ হও, এবং তাঁহার পবিত্র আত্মা তোমায় যাহা নিষ্পন্ন করিতে সুক্ষম করে তাহাই কর। কারণ তুমি জান না কখন আসিয়া মৃত্যু তোমাকে আক্রমণ করিবে, এবং অপ্রস্তুতাবস্থায় তোমাকে ধরিলে কি যে তাহার ফল হইবে তুমি এখন তাহা ভাবিতেও পার না। সমধিক দেবপ্রসাদে এখন যখন তোমার সম্পৎ সঞ্চয় করিবার সময় আছে, তখন তোমার জন্য সারবান্ অবিনাশী স্বর্গীয় সম্পৎ সঞ্চয় কর। তোমার পরিত্রাণের কার্য্য বিনা আর কিছু চিন্তা করিও না। ঈশ্বরেতে তোমার অবস্থা উন্নত হইতে পারে তদ্বিষয় ভিন্ন আর কোন বিষয়ে যত্ন করিও না। দ্বিজত্বপ্রাপ্ত গৌরবান্বিত ঈশ্বরের পুত্রগণকে এক্ষণে তোমার বন্ধু করিয়া লও যে, যখন তোমার বর্ত্তমান "জীবন চলিয়া যাইবে তাঁহারা তোমার চিরন্তন গৃহে বাস করিতে পারেন (১)।"

১০। যে ব্যক্তির সংসারের কার্য্যে বা আমোদে দৃক্পাত নাই; তাদৃশ অপরিচিত পথিকের ন্যায় (২) সংসারে বাস কর; তোমার এখানে "চিরস্থায়ী নগর নাই" (৩); ইহা জানিয়া পার্থিব আসিক্ত ও অনুসর্ত্তব্য বিষয় হইতে তোমার হৃদয়কে প্রমুক্ত রাখ এবং "যে নগরের নির্ম্মাতা স্বয়ং ঈশ্বর সেই ভাবী নগরের "আশায় সধৈর্য্য স্বর্গের দিকে উহাকে উত্থাপিত কর। প্রতিদিন তোমার প্রার্থনা, দীর্ঘ নিশ্বাস, এবং অশ্রুজল সেই দিকে প্রেরিত হউক

(১) লুক ১৬।৯। (২) ১ পিটর ২।১১।

(৩) হিব্রু ১৩।১৪।

যে মৃত্যুর পর তোমার আত্মা ঈশ্বর সমীপে চলিয়া গিয়া তাঁহার সহিত চিরসংযুক্ত হইতে পারে। স্বস্তি।

চতুর্ব্বিংশ অধ্যায়।

শেষ বিচার এবং পাপিগণের দণ্ড।

১। তোমার সমুদয় চিন্তা এবং অভিলাষ, কার্য্য এবং অনুসর্ত্তব্য বিষয়ে "চরমের দিকে দৃষ্টি রাখ (১) ;" এবং বিবেচনা করিয়া দেখ, তুমি কেমন করিয়া সেই ভীষণ বিচারকের সম্মুখে দাঁড়াইবে, যাঁহার নিকটে কিছুই গোপন থাকে না, যাঁহাকে উৎকোচ দিয়া উন্মার্গগামী করা যায় না, বা অনুকূল কারণ দেখাইয়া আর্দ্র করা যায় না, কিন্তু যিনি নিরবচ্ছিন্ন ন্যায়বিচারে বিচার করেন। হে অবোধ দুর্ভাগ্য পাপী, যে মানুষের কোন জ্ঞান নাই, সেই ক্রোধী মানুষের মুখের সম্মুখে দাঁড়াইতে তুমি কম্পিতকলেবর হও, যে ঈশ্বর তোমার সমুদায় পাপ জানেন, এবং তোমার ভিতরে যে মন্দ ভাব আছে তাহার গভীরতম প্রদেশ পর্য্যন্ত পর্য্যবেক্ষণ করেন, তাঁহার নিকট তুমি উত্তর দান করিতে সমর্থ হইবে? যে ন্যায়বিচারের দিনে এক জন মানুষের হইয়া আর এক জন মানুষ অনুকূল কারণ প্রদর্শন বা পক্ষসমর্থন করিতে পারিবে না, কিন্তু প্রতিব্যক্তি যত দূর পারে আপনার হইয়া উত্তর দান করিবে, সেই দিনের দিকে কেন তোমার দৃষ্টি স্থাপন কর না, সেই দিনের জন্য কেন প্রস্তুত হও না?

---

(১) এক্লু স ৭।৩৬।

২। যিনি ক্ষতিগ্রস্ত হইয়া তাঁহার প্রতি যে অন্যায়াচরণ হইয়াছে তদপেক্ষা যে ব্যক্তি অন্যায়াচরণ করিয়াছে তাহারই পাপের জন্য সমধিক সন্তপ্ত হন; যে সকল শত্রু তৎপ্রতি অসদ্ব্যবহার করিয়াছে, তাহাদিগকে হৃদয়ের সহিত ক্ষমা করিতে পারেন, এবং তাহাদিগের জন্য প্রার্থনা করিতে পারেন; যিনি অন্যের নিকটে ক্ষমা চাহিতে কুণ্ঠিত নহেন, ক্রোধাপেক্ষা যাঁহাতে অতি সত্বর করুণা উপস্থিত হয়, যিনি নিয়ত আপনার ইচ্ছা পরিহার করেন, এবং দেহকে সম্পূর্ণরূপে একান্তভাবে আত্মার বশে আনয়ন করিবার জন্য যত্ন করেন; সেই সহিষ্ণু ব্যক্তির এ সংসারে প্রকৃত স্বস্থতাসাধক শুদ্ধি আছে। অপিচ বর্ত্তমান জীবনে ক্রমিক অনুতাপ দ্বারা পাপ শোধন করা এবং ক্রমিক প্রতিরোধ দ্বারা অসদ্ব্যবহার ভগ্ন করা নিশ্চয়ই ভাল। দূষিত শারীরিক প্রীতির যথেচ্ছ ব্যবহারে অদম্য স্পৃহাবশতঃ আমরা আমাদের অমর আত্মার সর্ব্বপ্রকার মঙ্গলকর বিষয়সম্বন্ধে সম্পূর্ণ অনভিজ্ঞতা এবং অনবধানতাতে গিয়া পড়ি ও আত্মবঞ্চনা করি।

৩। শারীরিক প্রবৃত্তির যত তুমি যথেচ্ছ ব্যবহার ও তৃপ্তি সাধন করিবে, ততই তোমার ভবিষ্যৎ যাতনা তীব্র এবং নরকাগ্নির ইন্ধন সঞ্চিত হইবে। সেই ভীষণ অবস্থার যাতনা প্রতিমনুষ্যের পাপের প্রকৃতি ও পরিমাণ হইতে সমুত্থিত হইবে। সেখানে অধ্যাত্ম বিষয়ে অলস ব্যক্তি ক্রমান্বয়ে জ্বলন্ত দংশযোগে উত্তেজিত হইবে, ঔদরিক অভাবনীয় ক্ষুধা ও তৃষ্ণায় নিপীড়িত হইবে, বিলাসী ও ইন্দ্রিয়পরায়ণ লোকেরা জ্বলন্ত ধুনা ও তীব্রগন্ধ গন্ধকের প্রবাহমধ্যে মগ্ন হইবে (১), এবং বিদ্বেষিগণ বিদ্বেষে অকৃতার্থ

(১) আইজা ৩৪।৯।

হইবার যাতনায় উন্মত্ত কুক্কুরের ন্যায় শব্দ করিতে থাকিবে; গর্ব্বিতগণ লজ্জায় পূর্ণ হইবে, এবং লোভিগণ অনির্ব্বচনীয় অভাবে নিপীড়িত হইবে। নরকের এক ঘণ্টার যাতনা এ জীবনের শত-বর্ষের কঠোরতম তীব্র কৃচ্ছ্র সাধন অপেক্ষাও অবিষহ্য হইবে। সেখানের যাতনার বিরতি হইবে না, শোকের সান্ত্বনা পাইবে না; এখানকার কঠোরতম সাধনের সঙ্গে সঙ্গে পরিশ্রমের বিরতি, পবিত্র বন্ধুগণ হইতে সান্ত্বনা কিছু অসঙ্গত নহে।

৪। অতএব তোমার পরিত্রাণের জন্য ব্যস্ত এবং যে পাপ উহার বিঘ্ন উৎপাদন করে তাহাতে ক্লিষ্ট হও যে, তুমি বিচারের দিনে নির্ব্বিঘ্নে আশীর্যুক্ত ব্যক্তিগণের মধ্যে দাঁড়াইতে পারিবে, কারণ "সে দিন ধার্ম্মিক ব্যক্তি সেই সকল ব্যক্তির সম্মুখে সাহসি-কতা সহকারে দণ্ডায়মান হইবেন, যাহারা তাঁহাদিগকে যন্ত্রণা দিয়াছিল এবং নিপীড়িত করিয়াছিল (১)।" সেই ব্যক্তি তখন বিচার করিতে দাঁড়াইবে, যে ব্যক্তি এখানে বিনম্র ভাবে অপরের বিচারে বাধ্যতা স্বীকার করিতেছে; বিনম্র ও দীনভাবাপন্ন তখন অতীব আশ্বস্তচিত্ত হইবে, এবং গর্ব্বিত ব্যক্তি চারিদিক্ হইতে ভয়ে পরিবেষ্টিত হইবে (২); তখন উহা প্রকাশ হইয়া পড়িবে যে, যে ব্যক্তি ঈশ্বার প্রেমের জন্য নির্ব্বোধ বলিয়া গৃহীত হইয়াছে, সেই ব্যক্তি সংসারে চতুর ছিল (৩); তখন সহিষ্ণুতা সহকারে যে উৎপাত বহন করা হইয়াছে তাহার স্মৃতি মধুর হইবে, এবং "সর্ব্ববিধ পাপ আত্মমুখ বন্ধ করিবে" (৪); তখন প্রত্যেক ঈশ্বর-পরায়ণ ব্যক্তি আনন্দিত হইবেন, এবং প্রত্যেক অধার্ম্মিক লোকেরা

---

(১) উইস্‌ডম ৫।১। (২) ঐ ৫।৪।

(৩) ১ কর ৪।১০। (৪) সাম ১২৬।৫; ১০৭।৪৭।

অনুশোচনা করিবে; তখন যে মাংসপিণ্ডকে যথেচ্ছ ভোগে পরিতুষ্ট করা হইয়াছিল, তদুপরি সেই মাংসপিণ্ড জয় লাভ করিবে যাহাকে ভোগবিরতি দ্বারা সংযত করা হইয়াছিল; তখন স্থূল পরিচ্ছদ ঔজ্জ্বল্য প্রকাশ করিবে, সুকোমল পরিচ্ছদ তাহার ঔজ্জ্বল্য হারাইবে; স্বর্ণমণ্ডিত রাজপ্রাসাদাপেক্ষা তখন শান্তির কুটীর প্রশংসিত হইবে; তখন সংসারের সমুদায় বলবীর্য্য যে দৃঢ়তা অর্পণ করিতে পারে নাই স্থিরসহিষ্ণুতা তাহা অর্পণ করিবে; তখন সূক্ষ্ম চাতুর্য্যাপেক্ষা সহজ বাধ্যতা এবং বিদ্যাবত্তাপ্রকাশক দর্শনাপেক্ষা বিশুদ্ধ বিবেক সমধিক মূল্যবান্ বলিয়া গৃহীত হইবে; তখন সংসারাসক্ত লোকদিগের সমুদায় সম্পদপেক্ষা ধনের প্রতি তাচ্ছিল্য অধিক মূল্যবান্ হইবে; তখন সুস্বাদু ভোজনাপেক্ষা প্রতিদিনের ভক্তিপূর্ণ উপাসনায় সমধিক সুখ দিবে, এবং অধিক আলাপ না করিয়া যে মৌনভাব রক্ষা করিয়াছিলে, তাহাতেই তোমার সমধিক আহ্লাদ হইবে; তখন সুন্দর বচনরচনাপেক্ষা পবিত্র কার্য্যই তোমার পক্ষে অধিক সুফল বহন করিবে; তখন পৃথিবীর সমুদায় আমোদকর বিষয় যে সুখ দিতে পারে তদপেক্ষা আত্মত্যাগে সমধিক সুখ দিবে।

৫। অতএব তখনকার তুলনায় লঘু এখনকার ক্লেশগুলি বহন করিতে শিক্ষা কর যে, তৎকালের গুরুতর যাতনা হইতে বিমুক্ত হইতে পারিবে। সেখানে কত বহন করিতে পারিবে এখানে প্রথমে পরীক্ষা করিয়া দেখ; কারণ এখন যদি অল্পই বহন করিতে সমর্থ হও, তাহা হইলে তখন অদ্ভুত অশেষ যাতনা কি প্রকারে বহন করিবে। এখন যদি বহু ক্লেশে তোমার অঙ্গ অধীর করে, নরকের যাতনায় তখন কি করিবে? দেখ, দেখিয়া বিবেচনা কর! তুমি

পৃথিবীতে আমোদ প্রমোদের জীব সম্ভোগ করিবে, পরিশেষে স্বর্গের ঈশার সঙ্গে রাজ্য করিবে, এ দুই হইতে পারে না।

৬। যদি আজ পর্য্যন্ত তুমি সম্ভ্রম ও আমোদে বাস কর, আর পরক্ষণে তুমি মরিয়া যাও, বল তোমার কি লাভ হইল? অতএব ঈশ্বরেতে প্রীতি এবং তাঁহার ইচ্ছাতে জীবন সমর্পণ বিনা আর যাহা কিছু সকলই শূন্যগর্ভ (১)। যে ব্যক্তি সমগ্র হৃদয়ে ঈশ্বরকে ভালবাসে, সে ব্যক্তি মৃত্যু, দণ্ড, বিচার ও নরককে ভয় করে না (২); কারণ "পূর্ণ প্রেম ভয়কে দূরে নিক্ষেপ করে" (৩) এবং সম্পৎ নিঃসংশয় ঈশ্বরসান্নিধ্যলাভের দ্বার খুলিয়া দেয়। কিন্তু ইহা কিছু আশ্চর্য্য হইবার বিষয় নয় যে, যে ব্যক্তি পাপ ভালবাসে এবং পাপে আমোদ লাভ করে, সে ব্যক্তি মৃত্যু ও বিচারকে ভয় করিবে। যাহা হউক, ইহাও কতক ভাল যে, যদি তুমি ঈশ্বরের প্রেমে পাপ হইতে বিরত না থাক, অন্ততঃ তাঁহার ভয়ে বাধ্য হইয়া তাহা হইতে নিবৃত্ত থাকিবে (৪)। কারণ যে ব্যক্তি ঈশ্বরের অপ্রীতির ভয় পর্য্যন্ত ছাড়িয়া দিয়াছে, সে দ্রুতবেগে পাপপিশাচের জালে গিয়া পড়িবে (৫)।

পঞ্চবিংশ অধ্যায়।

আমাদিগের সমগ্র জীবন শোধনে যত্ন।

১। ঈশ্বরের সেবাতে অবহিত এবং সযত্ন হও, (৬) এবং পুনঃ

---

(১) এক্লিসি ১।২ ডিউটর ১০।২০। (২) রোম ৮।৩৮।

(৩) ১ যোহন ৪।১৮। (৪) মথি ১০।২৮।

(৫) ১ টিম ৬।১। (৬) ২ টিম । ৪।৫ । রোম ৩।২ ।

পুনঃ স্মরণ কর যে, তুমি পৃথিবীর প্রশস্ত পথ ছাড়িয়া দিয়া পবিত্রতার সঙ্কীর্ণ পথে এই জন্য প্রবেশ করিয়াছ যে, তুমি ঈশ্বরার্থ জীবন ধারণ করিবে ও আধ্যাত্মভাবপূর্ণ হইবে। অতএব ক্রমিক বর্দ্ধনশীল উৎসাহ সহকারে ক্রমান্বয়ে "লক্ষ্যের দিকে অগ্রসর হও" এবং অল্প সময়ের মধ্যে "ঈশাতে ঈশ্বরের উচ্চনিয়োগসম্ভূত পুরস্কার" (১) প্রাপ্ত হইবে; যে সময়ে "আর কোন ভয় বা শোক" থাকিবে না, "কারণ ঈশ্বর আমাদের চক্ষু হইতে অশ্রু পুঁছিয়া ফেলিবেন" (২), এবং আমাদের হৃদয়ে সর্ব্ববিধ উদ্বেগ হরণ করিবেন। এইরূপে অল্প কয়েক দিনের জীবনের সামান্য পরিশ্রমের বিনিময়ে কেবল পূর্ণ বিশ্রান্তি নহে, কিন্তু ক্রমিকবর্দ্ধনশীল আনন্দের অনন্ত জীবন প্রাপ্ত হইবে। যদি তুমি পরিশ্রমে বিশ্বস্ত ও উচ্ছ্বাসপূর্ণ থাক, নিঃসংশয় ঈশ্বরও পুরস্কার দানে বিশ্বস্ত এবং বদান্য হইবেন। অতএব অন্তিমে বিজয়মুকুটলাভের দুষ্কর আশা হৃদয়ে পোষণ করিতে পার,—কেবল সাবধান থাকিও যে, কি জানি বা নিরাপদবোধবশতঃ আলস্য ও ধৃষ্টতায় নিপতিত হও (৩)।

২। এক জন তাঁহার আত্মার অবস্থাসম্বন্ধে গভীর সংশয়াপন্ন এবং আশা ও ভয় এদুয়ের মধ্যে ক্রমান্বয়ে দোলায়মানচিত্ত ব্যক্তি শোকে অভিভূত হইয়া এক দিন মন্দিরে আসিলেন এবং বেদিসন্নিধানে প্রণত হইয়া তাঁহার হৃদয়ের এই ইচ্ছা পুনঃ পুনঃ প্রকাশ করিতে লাগিলেন,—"যদি আমি নিশ্চয় জানিতে পাইতাম, আমি অটল থাকিতে পারিতাম।" তৎক্ষণাৎ তাঁহার অন্তরে দৈববাণী এইরূপ উত্তর দান করিল;—"যদি তোমার এ বিষয়ে নিশ্চয় জ্ঞান

(১) ফিলি ৩।১৪। (২) রেবে ২১।৪।

(৩) রোম ৮।২৪।

দেওয়া যাইত, তাহাহইলে তুমি কি করিতে? তখন যাহা করিতে এখন তাহাই কর, এবং তোমার অটলতাবিষয়ে নিরাপদ থাক।” এই উত্তরে সান্ত্বনা ও স্থৈর্য্য লাভ করিয়া তিনি ঈশ্বরের ইচ্ছাতে আত্মসমর্পণ করিলেন এবং তাঁহার উদ্বেগ দুঃখ শীঘ্রই বিদূরিতও হইল। ভবিষ্যতে তাঁহার আত্মার অবস্থা কি হইবে, তৎসম্বন্ধে সোদ্বেগ অনুসন্ধানে ব্যাকুল না থাকিয়া তিনি কেবল প্রত্যেক সৎ কার্য্যের মূল ও পূর্ণতার হেতুভূত “ঈশ্বরের মঙ্গল ও সন্তোষ-বর্দ্ধক ইচ্ছা” (১) কি তাহাই জানিতে আপনাকে নিয়োগ করিলেন। রাজর্ষি বলেন “ঈশ্বরেতে বিশ্বাস স্থাপন কর, এবং সৎকর্ম্ম কর, তাহাহইলে তুমি তৎপ্রদেশে বাস করিবে, এবং তাঁহার অনুগ্রহসম্পদে পুষ্ট হইবে (২)।”

৩। সংগ্রামে পরিশ্রম ও সঙ্কটের ভয় জীবনের শোধন ও উন্নতির প্রধান বাধা। ফলতঃ ইহা সত্য, যে সকল ব্যক্তি আপনাদের প্রবৃত্তি ও বাসনার বিরোধী ও অপ্রিয় বিষয় সকলকে পরাভূত করিবার জন্য সুদৃঢ় যত্ন করে, তাহারাই কেবল পবিত্রতাতে অতিমাত্রায় অগ্রসর হয় এবং তখনই মানুষ ঈশ্বরানুগ্রহ সমধিক পরিমাণে লাভ করে এবং তৎসম্বন্ধে অগ্রসর হয়, যখন সে আপনাকে জয় করে এবং আত্মাকে বিষয়বিরত করে।

৪। যদিও সকল মানুষের সমপরিমাণে অকল্যাণ পরাজয় করিতে হয় না, তথাপি যে ব্যক্তি অন্তরে শান্ত, বাহিরে নিয়মানুগত, অথচ পবিত্রতা অনুসরণে অল্প উৎসাহী, তদপেক্ষা যাঁহাকে অনেকগুলি প্রবল রিপু বশে আনিতে হইবে, তাদৃশ অধ্যবসায়-

---

(১) রোম ১২।২। (২) গীত ৩৭।৩।

সম্পন্ন সংকার্য্যে উৎসাহী ঈশার অনুগামী অধিকতর উন্নতি সাধনে সুক্ষম।

৫। আমাদের সম্পূর্ণ সংশোধন পক্ষে দুইটি বিষয় অতীব প্রয়োজনীয়; আমাদের প্রবৃত্তি যে সকল পাপকর বিষয়ে চরিতার্থতা চায় তাহা হইতে প্রতিনিবৃত্ত হওয়া, এবং যে কোন ধর্ম্ম-ও ভাবে আমাদের অসম্পূর্ণতা আছে তৎসম্বন্ধে পরিশ্রম করা। অপর ব্যক্তির যে সকল কার্য্য ও চরিত্র প্রধানতঃ তোমার অসন্তোষ উৎপাদন করে সেইগুলি সর্ব্বাগ্রে পরিহার করিবার জন্য বিশেষ যত্নশীল হও। তুমি যেখানে থাক, প্রত্যেক বিষয় উন্নতির হেতুতে পরিণত কর; যদি তুমি সদ্‌দৃষ্টান্ত সকল দেখ বা তদ্বিষয় শ্রবণ কর, উহারা তোমাতে অনুকরণের প্রবল অভিলাষ উদ্দীপন করুক; যদি কিছু দূষণীয় দর্শন কর, আপনি উহা করিবার পক্ষে সাবধান হও অথবা যদি তুমি দূষণীয় কিছু করিয়া থাক, অতি সত্বর সংশোধন করিবার জন্য যত্ন কর। তোমার চক্ষু যেমন অপরকে দেখে ও তোমার বিচার শক্তি তাহাদের দোষ সাব্যস্ত করে, তুমিও সেইরূপ তাহাদের কর্ত্তৃক দৃষ্ট ও নিন্দিত হইতেছ।

৬। একই ধর্ম্মসমাজস্থ ভ্রাতৃবৃন্দকে আগ্রহবান্, ভক্তিভাবাপন্ন, বিনীত, ভদ্র, বাহিরের আচরণে বাধ্যভাবাপন্ন দেখিলে যদি আহ্লাদ হয়, ভাল লাগে, তাহা হইলে তাহাদিগের মধ্যে কাহাকেও স্বেচ্ছাচারী অনিয়তাচারী এবং যে পবিত্রতার অবস্থা সকলেই স্বাধীন ভাবে মনোনীত করিয়া লইয়াছে সেই পবিত্রতার অবস্থা সম্পর্কীয় কর্ত্তব্য পালনে সম্পূর্ণ অনিচ্ছুক দেখিলে সেই পরিমাণে ক্লেশ ও অতুষ্টিকর। ঈদৃশ সুমহৎ পরিত্রাণের প্রকৃতি ও অভিপ্রায় বিস্মৃত হইয়া আমাদের হৃদয়ের সমগ্র চিন্তা ও অভিলাষ যাহা

হৃদয়ের অনুপযোগী উহার পরম শত্রু—সেই ইন্দ্রিয়কাম সাংসারিক জীবনে নিয়োগ করা কি আপৎকর কি ক্ষতিকর!

৭। অতএব যে পবিত্র কার্য্যের জন্য আহূত হইয়াছ, তৎপ্রতি মনোযোগী হও, এবং তোমার মনের উপরে ক্রুশে নিহত ঈশার প্রতিমূর্ত্তি নিরন্তর মুদ্রিত রাখ। ঈশার জীবন পর্য্যালোচনা করিবার পর তোমার আপনার জীবন অনুশীলন করিলে দেখিতে পাইবে, যদিও তুমি সেই শুভ দৃষ্টান্ত বহুদিন পর্য্যন্ত অনুকরণ করিয়া আসিতেছ, তথাপি উহার অনুরূপ হইবার জন্য কি প্রকার অযত্ন করিয়াছ দেখিয়া তোমার লজ্জিত ও অপ্রভিত হইবার পক্ষে বিশিষ্ট হেতু আছে। যে ব্যক্তি যত্ন ও ভক্তি সহকারে তাহার প্রভুর (ঈশার) অতীব পবিত্র জীবন ও ক্লেশ বহন সাধন করে, সে ব্যক্তি তাহার মুক্তির পক্ষে ব্যবহার্য্য ও প্রয়োজনীয় বিষয়সকল এত প্রচুর প্রমাণ প্রাপ্ত হইবে যে, ঈশার বাহিরে বা ঈশা অপেক্ষা ভাল, আর কিছুই তাহার অন্বেষণ করিবার প্রয়োজন হইবে না (১)। হায়! ক্রুশবিদ্ধ ঈশা যদি আমাদিগের হৃদয়ে আসিতেন, কত শীঘ্র কেমন প্রচুরপরিমাণে আমরা শিক্ষিত হইতাম।

৮। একজন উৎসাহী জাগরূক ঈশার অনুবর্ত্তী ব্যক্তিকে যাহা আদেশ করা হয়, তাহা অতি আহ্লাদসহকারে তিনি নির্ব্বাহ করেন, এবং ধীরতা সহকারে বহন করেন; কিন্তু যে ব্যক্তি শিথিল ও নিরুৎসাহ, সে বিপদের উপরে বিপদ সহ্য করে এবং সকল মানুষ অপেক্ষা সে দুঃখী, কেন না তাহার আন্তরিক ও আধ্যাত্মিক সান্ত্বনা নাই, অপিচ যাহা কিছু বাহ্যিক এবং দৈহিকবিকার-

(১) ১ কর ২।২।

সম্ভূত উপদবলম্বন তৎপক্ষে নিষিদ্ধ। যে ব্যক্তি নির্ব্বন্ধসহকারে "ঈশার সুখবাহ্য যুগের (জোয়ালির)" নিরোধ দূরে নিক্ষেপ করে, সে ব্যক্তি কেবল অপরিহার্য্য বিনাশের বিপদে আক্রান্ত তাহা নহে, সে জীবনে বিশ্রান্তি ও স্বাধীনতার যে আশা করে তাহাতেও আপনাকে বঞ্চিত দেখিতে পাইবে। কারণ যেখানেই কেন সে তাহার হৃদয়ের কল্পনা ও অভিলাষ নিয়োগ করুক না, ক্রমান্বয়ে অবরোধ, নিপীড়ন এবং বিতৃষ্ণা উপস্থিত হইবে।

৯। যাঁহারা ইচ্ছাপূর্ব্বক কঠিনতর সংযমনের অধীন হইয়াছেন; যাঁহারা পাশব জীবনের আমোদ ও উদ্বেগ হইতে সর্ব্বথা বিরতির অবস্থায় স্থিতি করিতেছেন; যাঁহারা কদাপি বাহিরে যান, অল্প আহার করেন, সামান্য বস্ত্র পরিধান করেন, সমধিক পরিশ্রম করেন, কথা অল্প বলেন, অধিক রাত্রি জাগরণ করেন, প্রত্যূষে উত্থান করেন, অধিকক্ষণ প্রার্থনা করেন, পুনঃ পুনঃ অধ্যয়ন করেন এবং কোন না কোন পবিত্র সাধনের অধীনে আত্মাকে নিরন্তর রক্ষা করেন, তাঁহাদিগের দৃষ্টান্ত তুমি পর্য্যালোচনা কর। ঈশার প্রথম অনুবর্ত্তী ও প্রেরিতগণের আধ্যাত্মিক ও দেবভাবাপন্ন জীবন তোমার অনুবর্ত্তনের বিষয় মনে কর এবং এ বিষয়ে সন্দেহ করিও না, যে সকল ব্যক্তি হৃদয়ের অভিলাষ ঈশ্বরেতে স্থাপন করে তাহাদিগের প্রতি তাঁহার যে করুণা সেই করুণা তোমাকেও উহার অনুবর্ত্তনে সমর্থ করিবে। এই পথে তুমি ক্রমিক বর্দ্ধনশীল আশা ও সামর্থ্যে অগ্রসর হইতে পারিবে এবং এই পথে তুমি এত শীঘ্র শীঘ্র স্বর্গের সমীপবর্ত্তী হইবে যে, তুমি মানবীয় বল, সান্ত্বনা ও নির্ভর সত্বর তুচ্ছ করিবে এবং ভুলিয়া যাইবে।

১০। ইচ্ছা হয় ঈশ্বর যদি এরূপ করিতেন যে, মন ও বাক্যে

তাঁহার পবিত্র নামের গৌরববর্দ্ধন বিনা, আমাদের আর কোন কাজ না থাকিত, পান ভোজন বা নিদ্রার কোনপ্রয়োজন না থাকিত, তাহা হইলে নিয়ত ঈশ্বরের প্রশংসাবাদে এবং পবিত্রাত্মার জ্ঞানপ্রকাশক পুণ্যবর্দ্ধক প্রভাবে মনোনিবেশ করিতে পারিতাম! ইহা হইলে শরীরের বিবিধ প্রয়োজন ও দৌর্ব্বল্য বশতঃ স্বর্গীয় জীবনের সুখ কখন বিচ্ছিন্ন হইত না। অহো! এই সকল প্রয়োজন যদি একেবারে অন্তর্হিত হইত এবং এখন যে সকল আধ্যাত্মিক প্রসাদের কখন কদাপি আস্বাদ গ্রহণ করা যায়, ক্ষুধার বিষয় না থাকিয়া কেবল তাহাই থাকিত।

১১। ঈশার অনুবর্ত্তিসমুচিত জীবনে মানুষ যখন এত দূর অগ্রসর হয় যে আর দৃষ্ট বস্তু হইতে সান্ত্বনা অন্বেষণ করিতে হয় না, তখন সে ব্যক্তি পূর্ণভাবে ঈশ্বরকে প্রথমে সম্ভোগ করিতে আরম্ভ করে; তখন সে ব্যক্তি "যে কোন অবস্থায় কেন অবস্থিত হউক না, সেই অবস্থাতেই সন্তুষ্ট থাকিবে" (১); তখন সম্পৎ তাহাকে উচ্ছ্বসিত করে না অথবা দারিদ্র্য তাহাকে নিস্তেজ করে না, কিন্তু তাহার হৃদয় তখন সমগ্রভাবে সেই সর্ব্বে সর্ব্বা ঈশ্বরে অটল ভাবে স্থিতি করে; যাঁহার সম্বন্ধে কিছুই বিনষ্ট হয় না, কিছুই মৃত হয় না, কিন্তু সকল বিষয়ই তাঁহার গৌরববর্দ্ধনার্থ অবস্থান করে এবং নিয়ত কাল তাঁহারই কল্যাণময়ী ইচ্ছার অনুবর্ত্তন করে।

১২। অচিরস্থায়ী প্রকৃতির প্রধান লক্ষ্য কি তদ্বিষয়ে নিরন্তর অবহিত হও, এবং স্মরণ কর, যে সময় একবার হারাইলে আর

(১) ফিলি ৪।১১।

উহা কখন ফিরিয়া আসিবে না (১)। নিয়ত প্রযত্ন ও সাবহিত ভাব বিনা পবিত্রতা কখনই অর্জ্জন করিতে পারা যায় না; কারণ যে মুহূর্ত্তে তুমি এই সকল বিষয়ে শিথিলপ্রযত্ন হইতে প্রবৃত্ত হও, তুমি অন্তরে দৌর্ব্বল্য, বিকার ও অশান্তি অনুভব করিতে থাকিবে। কিন্তু যদি তুমি অক্ষুন্ন উৎসাহ সহকারে অগ্রসর হইতে থাক, তুমি বল ও শান্তিলাভ করিবে, এবং ঈশ্বরের করুণায় ও তাঁহার অনুগ্রহে পবিত্রতার প্রতি তোমার যে প্রীতি উদ্দীপিত হইয়াছে তজ্জন্য সাক্ষাৎ উপলব্ধি করিবে যে, দিন দিন "তোমার যুগ (জোয়ালি) সুখবাহ্য এবং তোমার ভার লঘু" (২) হইয়া আসিতেছে। চিন্তা করিয়া দেখ যে, কেবল উৎসাহী প্রযত্নশীল আত্মাই সকল কর্ত্তব্য সকল ঘটনার জন্য প্রস্তুত; শারীরিক কঠোর পরিশ্রমে ঘর্ম্মাক্ত কলেবর হওয়া অপেক্ষা কুঅভ্যাস এবং প্রচণ্ড রিপু সকল অবরোধ করা সমধিক পরিশ্রমের ব্যাপার; যে ব্যক্তি ক্ষুদ্র ক্ষুদ্র পাপগুলি অবরুদ্ধ ও পরাস্ত করিতে যত্ন করে না, সে অজ্ঞাতসারে বড় বড় পাপে গিয়া নিপতিত হয়; এবং তুমি যদি সমুদায় দিন ভাল ভাবে ব্যয়িত করিয়া থাক সায়ংকালে নিয়ত আনন্দলাভ করিবে। অতএব আপনার উপরে সতর্ক দৃষ্টি রাখ; আপনাকে উৎসাহোদ্দীপ্ত ও সদুপদেশের বিষয় কর, এবং অন্যে যাহা করে করুক, তুমি কখনও শিথিলপ্রযত্ন হইও না। যে পরিমাণে তুমি সমধিক বলপ্রকাশপূর্ব্বক আত্মত্যাগ করিবে সেই পরিমাণে তুমি ঈশার জীবনানুকরণে সমধিক অগ্রসর হইবে। স্বস্তি।

---

(১) এক্লূশ ৭।৩৬।

(২) লূক ১৪।১১।

দ্বিতীয় পুস্তক।

আধ্যাত্মিক জীবনের গূঢ় সম্ভোগবিষয়ে উপদেশ।

প্রথম অধ্যায়।

আন্তরিক সংলাপ।

১। আমাদের চিরধন্য পরিত্রাণসহায় বলিয়াছেন "ঈশ্বরের রাজ্য তোমার অন্তরে (১)।" এই নীচ সংসারের আমোদ ও উদ্বেগ পরিহার কর, এবং সমগ্র হৃদয়ে সমগ্র ভাবে প্রভু ঈশ্বরের দিকে উন্মুখীন হও। যদি তুমি বাহ্য বিষয় হইতে মনোযোগ আকর্ষণ করিয়া তোমার অন্তরে যাহা হইতেছে তৎপ্রতি উহাকে স্থিরভাবে স্থাপন করিতে পার, তাহাহইলে সত্বর "ঈশ্বর রাজ্যের আগমন" অনুভব করিবে; কারণ পবিত্রাত্মাতে যে আনন্দ ও শান্তি ইন্দ্রিয়পরায়ণ সংসারী জীব কখন পাইতে পারে না, "পবিত্রাত্মাতে সেই আনন্দ ও শান্তি ঈশ্বরের রাজ্য (২)।" যদি তুমি তোমার অন্তরে ঈশাকে গ্রহণ করিবার উপযোগী গৃহ প্রস্তুত কর, ঈশা তোমার নিকটে আসিবেন এবং তাঁহার বিদ্যমানতার ঔজ্জ্বল্যে তোমায় সুখী করিবেন; অন্তরেই তাঁহার সমুদায় গৌরব ও সৌন্দর্য্য প্রকাশ পায় এবং সেখানেই তিনি বাস করিতে আমোদ লাভ করেন। সেখানে তাঁহার ভূয়োভূয় আগমন হয়, তাঁহার আত্মগৌরব সংবরণ অদ্ভুত, তাঁহার সংলাপ সুমধুর, তাঁহার প্রদত্ত

---

(১) লূক ১৭।২১। (২) রোম ১৪।১৭।

সান্ত্বনা জীবনপ্রদ, এবং যে শান্তি তিনি আনয়ন করেন তাহা সমু-দায় বুদ্ধির অতীত।

২। অহো বিশ্বস্ত আত্মা, এই বরকে (১) গ্রহণ করিবার জন্য তোমার হৃদয় প্রস্তুত কর, ইনি যে এই কথাগুলিতে তোমার নিকটে প্রতিজ্ঞা করিয়াছেন, "যদি কোন মানুষ আমায় ভাল বাসে, সে আমার কথা রাখিবে এবং আমার পিতা তাহাকে ভাল বাসিবেন এবং আমরা তাহার নিকটে আসিব ও আমরা তাহার সঙ্গে বাস করিব (২)," তাহা পূর্ণ করিতে কখন অনবধান হইবেন না। অতএব ঈশাকে বিনা বাধায় তোমার হৃদয়ে আসিতে দেও, এবং তাঁহা ছাড়া আর কিছু যাহা সে সকলকে তুমি অনধিকারপ্রবেশ-কারীর ন্যায় অপসারিত কর। যখন তুমি ঈশাকে লাভ কর তখন তুমি ধনী, তোমার আর কোন সম্পদে প্রয়োজন থাকিতে পারে না। তিনি তোমায় এরূপ শক্তিমত্তাসহকারে রক্ষা করি-বেন, তোমায় এমন প্রমুক্তহস্তে আয়োজন দিবেন যে, তোমায় কোন মানুষের অব্যবস্থিতভাবের উপরে আর নির্ভর করিবার প্রয়োজন থাকিবে না। মানুষেরা অতি চলচিত্ত এবং প্রাতঃ-কালের মেঘের ন্যায় তিরোধানশীল, কিন্তু ঈশা নিত্যকাল সঙ্গে থাকেন এবং তিনিই সেই বল ও শান্তির উৎস, যে উৎস যাহা নিত্যকাল বহমান থাকিবে। (৩)

৩। পরস্পরের স্নেহ অথবা দয়ার কার্য্য দ্বারা যত কেন প্রিয় হউক না, ভঙ্গুর ও নশ্বর মানবগণেতে কোন আশ্বস্ততা স্থাপন করিও না; তাহাদের মনের অবস্থাপরিবর্ত্তনবশতঃ যখন তাহারা

(১) পরমগীত ৫।৪। (২) যোহন ১৪।২৩।

(৩) মথি ২৮।২০।

বন্ধুতাহীন এবং অনিষ্টকারী হয় তখন তুমি দুঃখ করিও না; কারণ বাতাসের ন্যায় মনুষ্যেরা অস্থিরপ্রকৃতি এবং আজ যে ব্যক্তি তোমার পক্ষে আছে কল্য সে তোমার বিপক্ষ হইতে পারে। কিন্তু তোমার সমগ্র আশ্বস্ততা ঈশ্বরেতে স্থাপন কর এবং তিনিই তোমার ভয় ও সমগ্র প্রীতির আস্পদ হউন। তিনি দোষারোপকারীর বিপক্ষে তোমার হইয়া উত্তর দান করিবেন এবং তোমার অকল্যাণ হইতে উদ্ধার যাহাতে হয় তাহা তিনিই করিবেন।

৪। এখানে তোমার স্থায়ী নগর নাই (১); এবং তোমার যে কোন অবস্থা হউক না তুমি "এক জন বিদেশী ও যাত্রী," এবং যে পর্য্যন্ত না তুমি ঈশার সহিত সম্মিলিত হইতেছ তুমি কখন বিশ্রাম লাভ করিতে পার না। যখন পৃথিবী তোমার বিশ্রামের স্থান নয়, তখন তুমি কেন পৃথিবীর দিকে তাকাইয়া দাঁড়াইয়া আছ? স্বর্গ তোমার বাসস্থান এবং সেখানে প্রত্যাবর্ত্তনকালে তুমি পৃথিবীর বিষয়গুলি ক্ষণকালের জন্য কেবল দেখিয়া লইবে; উহারা অপ্রতিরোধ্য কাল-স্রোতে দ্রুতবেগে চলিয়া যাইতেছে, এবং উহাদের সঙ্গে সঙ্গে তোমার পার্থিব জীবনও গত হইতেছে; অতএব সে সকলেতে আসক্ত হইবার পক্ষে সাবধান হও, কি জানি বা তুমি তাহাদিগের শৃঙ্খলে বদ্ধ হইয়া পড়, এবং তাহাদিগের বিনাশে বিনষ্ট হও। তোমার চিন্তা সর্ব্বোচ্চ ঈশ্বরের সহিত বাস করুক এবং তোমার অভিলাষ ও প্রার্থনা অবিরত ঈশার দিকে উত্থিত হউক।

৫। যখন তুমি পরিত্রাণের উচ্চ রহস্যনিচয় এবং গৌরবপ্রাপ্ত অবস্থার অলৌকিক ভাব অনুধ্যান করিয়া উঠিতে অসমর্থ হও,

---

(১) ইব্রি ১৩।১৪।

তখন ঈশার ক্লেশবহনব্যাপার চিন্তা কর, এবং তাঁহার পবিত্র ক্ষতসমূহে নিরাপদে তোমার আত্মা স্থিতি করুক; কারণ কঠোরতম বিপৎপাতমধ্যে তুমি যদি ভক্তি সহকারে ঈশার ক্ষত ও কশাঘাতসমূহের আশ্রয় গ্রহণ কর, তুমি প্রচুর বল ও সান্ত্বনা পাইবে এবং তুমি অহংকারসম্ভূত তুচ্ছতাচ্ছীল্যে এত দূর অবিচলিত থাকিবে যে, তুমি নিন্দার অতি বিষাক্ত বাণও বিনম্র শান্ত ভাবে বহন করিবে।

৬। ঈশাকে লোকে পরিত্যাগ করিয়াছিল, এবং দুঃখের চরমাবস্থায় তাঁহার শিষ্য ও বন্ধুবর্গ কর্তৃক তিনি পরিত্যক্ত হইয়াছিলেন (১)। এই প্রকারে ক্লেশবহন এবং এই প্রকারে পরিত্যক্ত ও ঘৃণিত হওয়া ঈশা মনোনীত করিয়াছিলেন; অপরে তোমার ক্ষতি করিল, তোমায় ঘৃণা করিল তৎসম্বন্ধে তুমি অভিযোগ করিতেছ? ঈশার শত্রু ছিল এবং নিন্দক ছিল, তুমি কি সকল মানুষকে তোমার বন্ধু ও প্রশংসক পাইবে (২)? পৃথিবীতে তোমার সংগ্রাম চলিবার জন্য যদি দারিদ্র্য না থাকে, তবে স্বর্গে তোমার সহিষ্ণুতা কি প্রকারে কিরীট পরিধান করিবে? তুমি কি ঈশার বন্ধু ও অনুবর্ত্তী হইতে পার, অথচ তাঁহার যন্ত্রণার ভাগী না হইতে পার (৩)? অতএব যদি ঈশার সঙ্গে রাজ্য করিতে চাও তাহাহইলে তাঁহার জন্য তাঁহার সঙ্গে তোমার যন্ত্রণা ভোগ করিতেই হইবে (৪)।

৭। যদি তুমি এক বার "ঈশার দুঃখের সহযোগিত্ব জানিতে"

---

(১) আইজা ৫৩৩। লাম ১২।৩। (২) ১ পিটর ২।২৩।২৪।
(৩) যোহন ১৫।১৩।১৪। (৪) ২ টিম ২।১১।১২।

এবং অল্প পরিমাণেই হউক, তাঁহার প্রেমের দেবোচিত উচ্ছ্বসিত ভাব বুঝিতে, তুমি বর্ত্তমান জীবনের কল্যাণ অকল্যাণে তোমার আপনার যে টুকু অংশ তৎপ্রতি তুমি উদাসীন হইতে, এবং মানুষের অনুগ্রহ ও প্রশংসাকাঙ্ক্ষী না হইয়া বরং তাহাদের নিন্দা ও ঘৃণাতে আহ্লাদিত হইতে; কারণ ঈশার প্রেমের বিশেষ এই গুণ আছে যে, উহা যে আত্মাতে অবস্থান করে সেই আত্মা আপনাকে সম্পূর্ণরূপে ঘৃণা করে। যিনি সত্যরূপী ঈশাকে তাঁহার ভিতরে পরিত্রাণ সহায়রূপে ভাল বাসেন এবং অদম্য অভিলাষের দাসত্ব হইতে বিমুক্ত হন, তিনি নিয়ত প্রকৃতভাবে ঈশ্বরের দিকে উন্মুখীন হইতে পারেন, এবং ভাবে আপনার উর্দ্ধে আপনাকে উত্থাপন করিয়া স্বর্গের সুখকর বিশ্রান্তির কতক অংশ ভোগ করিতে পারেন (১)।

৮। সেই ব্যক্তি যথার্থ জ্ঞানী এবং মানুষের দ্বারা নহে ঈশ্বরকর্তৃক শিক্ষিত,যিনি নাম বা প্রসিদ্ধি অনুসারে নয়, কিন্তু বিষয়গুলি যেরূপ সেইরূপে সেসকল অনুভব ও বিচার করেন। যিনি আধ্যাত্মিক জীবনের শক্তি জানিয়াছেন এবং পৃথিবীর বিনাশশীল বিষয়ব্যাপার হইতে আপনার মনোযোগ আকর্ষণ করিয়া লইয়াছেন, তাঁহার আর সাধনভজনানুশীলন জন্য দেশ কালের প্রয়োজন নাই; সত্বর তিনি চিত্ত সমাধান করিতে পারেন, কারণ তিনি কখনই বাহ্যবিষয়ে সম্যক্ আবদ্ধচিত্ত নহেন; শারীরিক পরিশ্রম অথবা অপরিহার্য্য কার্য্যে তাঁহার স্থৈর্য্য বিহত হয় না, কিন্তু যে সকল ঘটনা সমুপস্থিত হয় তাহার সঙ্গে তিনি আপনাকে প্রশান্ত এবং

(১) ফিলি ৩।২০।

সংযতমনস্কভাবে মিশাইয়া লন, তিনি মানুষের চলস্বভাব বা বিকৃত ব্যবহারে বিচলিত হন না, এবং নিয়ত প্রত্যক্ষ করিয়া বুঝিয়াছেন যে, বর্ত্তমান জীবনের শক্তি ও প্রভাবাধীন হইয়া আত্মার পূর্ণতার দিকে ক্রমিক গতি যে প্রকার অবরুদ্ধ হয় সেরূপ আর কিছুতে অবরুদ্ধ হয় না।

৯। যদি তোমার আত্মার অবস্থা ঠিক থাকে, এবং তুমি অন্তরে পবিত্র হও, সমুদায় বাহিরের বিষয় তোমার পবিত্রতাবর্দ্ধনে অনুকূল হইবে, এবং সে সকল তোমার নিত্যকালের কল্যাণার্থ একত্র মিলিত হইয়া কার্য্য করিবে (১); এবং যে হেতু তুমি সহস্র বিষয়ে বীতরাগ নও এবং সহস্র ঘটনায় পূর্ব্বভাব ত্যাগ কর নাই, ইহাতেই প্রমাণ হইতেছে যে, তুমি এখনও "পৃথিবী সম্বন্ধে ক্রুশে হত হও নাই, পৃথিবীও তোমার সম্বন্ধে ক্রুশে হত হয় নাই।"

১০। জীবের প্রতি অতিরিক্ত এবং অপবিত্র প্রেমে মানুষের হৃদয় যত অধিক অপবিত্র ও জড়িত হইয়া পড়ে, এমন আর কিছুতেই নহে (২); কিন্তু যদি পার্থিব ও শারীর জীবন সম্ভোগে সান্ত্বনার আশা দূরে পরিহার করিতে পার, তুমি সত্বরেই স্বর্গীয় অবস্থার গৌরব ও কৃতার্থতা অনুধ্যান করিতে সমর্থ হইবে এবং পুনঃ পুনঃ সেই অধ্যাত্ম সান্ত্বনাভাগী হইবে, যে সান্ত্বনা পৃথিবী দিতেও পারে না লইয়া যাইতেও পারে না (৩)।

---

(১) রোম ৮।২৮।

(২) ১ যোহন ২।১৫।

(৩) টাইটস ২।২।

দ্বিতীয় অধ্যায়।

লজ্জা ও ভৎর্সনায় বিনীত বাধ্যতা স্বীকার।

১। কোন মনুষ্য তোমার সপক্ষ বা বিপক্ষ, তৎপ্রতি সমধিক চিত্তনিবেশ নিষ্প্রয়োজন, তোমার এই বিষয়ে প্রধান যত্ন ও উদ্বেগ থাকুক যে, তোমার জীবনের প্রত্যেক অভিপ্রায় ও কার্য্যে ঈশ্বর তোমার সঙ্গে থাকিতে পারেন (১)। তোমার বিবেককে পবিত্র রাখ, ঈশ্বর তোমার চিরন্তন রক্ষক হইবেন; এবং ঈশ্বর যাহাকে রক্ষা করেন কোন মানুষের বিদ্বেষের ক্ষমতা নাই যে, তাহাকে আঘাত করে (২)। যদি তুমি মৌন ও অধ্যবসায়যুক্ত ধৈর্য্যে ক্লেশ বহন করিতে শিক্ষা করিয়া থাক, তাহাহইলে তুমি নিশ্চয় প্রভুপ্রদত্ত পরিত্রাণ প্রত্যক্ষ করিবে (৩); তোমার উদ্ধারের উপযুক্ত কাল তিনি জানেন, এবং উহা সম্পন্ন করিবার জন্য অতি ফলোপধায়ী উপায় বিধান করিবেন; তাঁহার শুভ ইচ্ছাতে নিয়ত তোমার সমর্পিতাত্মা হওয়া সমুচিত। প্রত্যেক উদ্বেগে সাহায্য দান এবং সকল প্রকারের অবমাননা হইতে সংরক্ষণ ঈশ্বরের অধিকারভুক্ত (৪)।

২। আমাদের আত্মার বিনয় রক্ষার জন্য ইহা প্রয়োজন যে, অন্য লোকে আমাদের বিবিধ বিধিবিরুদ্ধ আচার জানিবে ও ভৎর্সনা করিবে; এবং ধর্ম্মবন্ধুগণের মধ্যে কোন অপকারের ব্যাপার উপস্থিত হইলে যতোধিক বিনীত ভাবে অপরাধ স্বীকার করা যায়, ততোধিক সহজে অপরাদ্ধ ব্যক্তি শান্ত ও পুনর্ম্মিলিত হয়।

---

(১) ২ করি ২৫।৮। (২) আইজা ৪১।১৩।

(৩) সাম ৩৭।১৪; আক্টস ১।৭। (৪) সাম১২১।২।

৩। বিনীত ব্যক্তিকে ঈশ্বর রক্ষা ও উদ্ধার করেন (১); বিনীত ব্যক্তিকে তিনি ভালবাসেন ও সান্ত্বনা করেন (২); বিনীত ব্যক্তির নিকটে তিনি আত্মগৌরব সংবরণ করেন; বিনীত ব্যক্তিকে তিনি অত্যধিক পরিমাণ তাঁহার অনুগ্রহ বিতরণ করেন; এবং সে ব্যক্তির বিনয়াবনতির অন্তে তাহাকে গৌরবে উন্নমিত করেন; বিনীত ব্যক্তির নিকটে তিনি পরিত্রাণের রহস্য উদ্ঘাটিত করেন এবং মধুরাহ্বানে আহ্বান করেন এবং বলপূর্ব্বক তাঁহার আপনার দিকে আকর্ষণ করেন (৩)। পৃথিবীর ঘৃণা ও ভর্ৎসনা পরিবেষ্টিত হইয়াও বিনীত ব্যক্তি তবুও শান্তিতে থাকেন; কারণ তাঁহার শান্তির স্থিরতা পৃথিবীর উপরে নহে কিন্তু ঈশ্বরের উপরে স্থাপিত (৪)।

৪। যে পর্য্যন্ত না তুমি সমুদায় মানব মধ্যে যে ব্যক্তি ক্ষুদ্রতম তাহা হইতেও আপনাকে ক্ষুদ্র উপলব্ধি কর, সে পর্য্যন্ত মনে করিও না যে, তুমি পূর্ণতার দিকে কোন উন্নতি সাধন করিয়াছ।

তৃতীয় অধ্যায়।

শান্তিসম্পন্নতা।

১। অপরের হৃদয়ে শান্তি প্রত্যানীত করিবার উপযুক্ত হইবার পূর্ব্বে সর্ব্ব প্রথমে তুমি আপনার হৃদয়ের শান্তি নিরাপদ কর। বিদ্যার্জ্জন

---

(১) সাম ১১৩।৬।৭। (২) ২ কর ৭।৬।

(৩) মথি ১১।২৫। (৪) প্রবার্ক ২৯।২৩।

অপেক্ষা শান্তিসম্পন্নতা সমধিক প্রয়োজনীয় (১)। অপরাধারোপে নিয়ত প্রস্তুত, ক্রোধী, উদ্ধত ব্যক্তি ভালকেও মন্দে পরিণত করে। যে ব্যক্তি শান্তিতে অবস্থিত সে সংশয়বিমুক্ত, কিন্তু যে ব্যক্তি অসন্তুষ্ট ও অহঙ্কৃত সে ব্যক্তি সর্ব্ববিধ ঈর্ষায় নিপীড়িত (২); তাহার আপনারও বিশ্রান্তি নাই; অপরকেও সে বিশ্রান্তি দেয় না; সে সেই কথা বলিয়া ফেলে যাহা তাহার চাপিয়া রাখা উচিত ছিল, এবং সেই কথা চাপিয়া রাখে যাহা তাহার বলা সমুচিত; অপরের কি করা কর্ত্তব্য তদ্দর্শনে সে অবহিত, কিন্তু সে আপনার কর্ত্তব্যসম্বন্ধে সম্পূর্ণ শিথিলযত্ন। তোমার প্রতিবেশীর সংশোধনে যত্ন করিবার পূর্ব্বে তোমার আত্মশোধনে উৎসাহ নিয়োজিত হউক।

২। তোমার আপনার মন্দ কার্য্যের দোষাপনয়ন এবং হেতুবাদ প্রদর্শনে তুমি বিলক্ষণ নিপুণ ও চতুর, কিন্তু অপরের কার্য্যের দোষক্ষালনবিধি প্রস্তুত করিতে পার না, অথবা তাহারা আপনারা যখন উহা আনিয়া উপস্থিত করে তাহা গ্রাহ্য কর না। যাহা হউক তোমার ভ্রাতার নিয়ত দোষাপনয়ন এবং আপনার দোষ দর্শন অধিকতর ঠিক হইত (৩)। যদি তুমি ইচ্ছা কর অপরে তোমার দোষ বহন করিবে, তাহা হইলে তোমারও অপরের দোষ বহন করা সমুচিত। বিবেচনা করিয়া দেখ, তুমি সেই প্রীতি হইতে কি ভয়ানক দূরে অবস্থান করিতেছ, যে প্রীতি "আশা করে, বিশ্বাস করে, এবং সমুদায় বিষয় বহন করে (৪);" এবং সেই বিনয় হইতে কত দূরে, যে বিনয় যথার্থ অনুতপ্ত হৃদয়ে

(১) মথি ৫।৯। (২) প্রবাদ্ধ ১৫।১৮।

(৩) ঐ ১৮।১৭। (৪) ১ কর ১৩।৪-৮।

আপনাকে বিনা অন্য কোন জীবের প্রতি ক্রোধ বা ঈর্ষা জানে না।

৩। ভদ্র ও শান্ত ব্যক্তির সঙ্গে শান্তিতে অবস্থান করা কঠিন হওয়া দূরে থাকুক, বরং উহা যে সকল ব্যক্তি শান্তি অর্জ্জন করিতে উন্মুখ তাহাদের পক্ষে বড়ই সুখকর; কারণ আমরা স্বভাবতঃ সেই সকল লোককে অধিকতর ভাল বাসি যাহাদের ভাব ও স্বভাব আমাদের আপনার সঙ্গে মিলে, কিন্তু যাহারা রুক্ষ স্বভাব ও বিপথগামী, অনিয়তাচারী ও অধীর, এবং যাহারা আমাদের মত ও অভিলাষ অতিমাত্রায় খণ্ডন ও অবরোধ করে, তাহাদিগের সঙ্গে শান্তি রক্ষা করা বীরসমুচিত গৌরবান্বিত গুণ, যাহা কেবল লোকাতীতপরিমাণ অনুগ্রহ আমাদিগকে উপার্জ্জন করিতে সুক্ষম করে।

৪। কোন কোন ব্যক্তি আছে যাহারা আপনার হৃদয়ের শান্তি রক্ষা করে এবং আপনার প্রতিবেশীদের সঙ্গে শান্তিতে অবস্থান করে (১); আবার কোন কোন ব্যক্তি আছে যাহাদের আপনার কোন শান্তি নাই বলিয়া নিয়ত অপরের শান্তি বিঘটিত করিতে নিযুক্ত; তাহারা ভ্রাতৃগণের উৎপীড়ক এবং তদপেক্ষা আপনাদের হৃদয়ের উৎপীড়ক। এমন কোন কোন ব্যক্তি আছে যাহারা কেবল আপনার শান্তি রক্ষা করে না, কিন্তু যাহাদের শান্তির অভাব তাহাদের হৃদয়ে শান্তি প্রত্যানয়ন করা তাহারা প্রধান কার্য্য করিয়া লয়। সার কথা এই, এই দুঃখের জীবনে যে পূর্ণ শান্তি উপার্জ্জন করা যাইতে পারে উহা দারিদ্র্য হইতে বিমুক্তি নহে, বরং বিনম্রভাবে ধীরতা সহকারে ক্লেশবহন করা; এবং

(১) রোম ১২।১৮।

যে ব্যক্তি ক্লেশ বহন শিক্ষা করিয়াছে সেই নিশ্চয় অধিক পরিমাণ শান্তি অধিকার করিবে; সে ব্যক্তিই আত্মজয়ী, পৃথিবীর প্রভু, এবং স্বর্গের উত্তরাধিকারী।

চতুর্থ অধ্যায়।

সহজ ভাব ও পবিত্রতা।

১। সহজ ভাব ও পবিত্রতা দুই পক্ষ, এই পক্ষদ্বয়যোগে মানুষ পৃথিবী এবং সমুদায় ক্ষণস্থায়ী প্রকৃতির উর্দ্ধদেশে আরোহণ করে। সহজ ভাব অভিপ্রায়ে, পবিত্রতা অনুরাগে; সহজ ভাব ঈশ্বরের দিকে উন্মুখীন হয়, পবিত্রতা ঈশ্বরের সহিত মিলিত হয় এবং তাঁহাকে ভোগ করে (১)।

২। অদম্য অনুরক্তি হইতে যদি তুমি বিমুক্ত থাক, কোন ভাল কার্য্য কঠিন বা ক্লেশকর হইবে না। এই আন্তরিক স্বাধীনতা তুমি তখনই ভোগ করিবে যখন ঈশ্বরের ইচ্ছার বাধ্যতা এবং তোমার সহভাবাপন্ন জীবগণের কল্যাণ তোমার মনের একমাত্র সহজ ভাব হয়।

৩। তোমার হৃদয় যদি ঠিক ভাবাপন্ন হইত, তাহা হইলে প্রত্যেক জীব দিব্য জ্ঞানগ্রন্থ, জীবনদর্পণ হইত, তন্মধ্যে তুমি জীবনদাতার নিজ শক্তি ও মঙ্গল ভাব অনুধ্যান করিতে সমর্থ হইতে; কারণ ছোট হউক বড় হউক, এমন জীব নাই যাহা ঈশ্বরের মঙ্গলস্বরূপের কীর্ত্তিস্তম্ভ নহে।

৪। আত্মার এইরূপই গঠন, বাহ্যবিষয়সম্বন্ধে উহার এইরূপই

---

(১) মথি ৫।৮

বিচার ও উপলব্ধি। যদি তোমার সহজ ভাব ও পবিত্রতা থাকিত তাহা হইলে বিনা ভ্রমে বিনা বিপদে তুমি সমুদায় বিষয় বুঝিতে ও দেখিতে; পবিত্র হৃদয় নিরাপদে কেবল স্বর্গে পরিব্যাপ্ত নহে পাতলেও।

৫। যদি এ পৃথিবীতে আনন্দ থাকে, তাহা হইলে পবিত্র হৃদয় বিনা কে তাহাকে সম্ভোগ করে? যদি বিপৎ ও তীব্র যাতনা থাকে, তাহা হইলে ক্ষতবিক্ষত আত্মা অপেক্ষা কে ঐ সকলে ক্লিষ্ট হয়?

৬। অগ্নির ভিতরে লৌহ নিক্ষেপ করিলে যেমন উহার মালিন্য গিয়া বিশুদ্ধি লাভ করে এবং অগ্নির মত উজ্জ্বল হয়, তেমনি যে আত্মা সহজ ভাবে ও পবিত্রতায় ঈশ্বরের দিকে উন্মুখীন এবং তাঁহাতে নিবিষ্ট হয়, সে পাপপ্রকৃতির বিকার হইতে রক্ষা পায় এবং "যিনি তাঁহাকে সৃষ্টি করিয়াছেন তাঁহার প্রতিচ্ছায়ায়" গঠিত "নূতন মানুষে" পরিবর্ত্তিত হইয়া যায়।

৭। যে সকল ব্যক্তি পূর্ণতালাভের অভিলাষকে শীতল ভাবাপন্ন ও উৎসাহশূন্য হইতে দেয়, তাহারা সামান্য কাঠিন্য দেখিলেই ভয় পায় এবং শীঘ্র ইন্দ্রিয়সুখসেবার সান্ত্বনান্বেষণে পশ্চাদ্গামী হয়; কিন্তু যে সকল ব্যক্তিতে সেই অভিলাষ জাগ্রৎ রাখা হয় এবং ক্রমিক আত্মত্যাগ এবং ঈশা যে সঙ্কীর্ণ পথ আমাদিগকে তাঁহার অনুবর্ত্তন করিতে আহ্বান করিয়াছেন, সেই পথে সুদৃঢ় ভাবে অবস্থান দ্বারা সবল হয়, সেই সকল ব্যক্তির প্রতিপদবিক্ষেপ সহজ হইতে অধিকতর সহজ হয়, এবং যে পরিশ্রম একবার তাহাদের নিকট দুরতিক্রম্য মনে হইয়াছিল এখন তাহারা তাহা অতি লঘু অনুভব করে।

পঞ্চম অধ্যায়।

নিজের প্রতি অভিনিবেশ।

১। আমাদের নিজের প্রতি আশ্বস্ততা স্থাপন করা উচিত নয়, কারণ অনেক সময়ে ঈশ্বরানুগ্রহ ও বুদ্ধি আমাদের এ উভয়েরই অভাব হয়। যে আলোক আমাদের আছে উহা যৎসামান্য, এবং যত্নশৈথিল্যবশতঃ উহা শীঘ্রই হারাইয়া যায়। অনেক সময়ে এই অন্তরে অন্ধকারসম্বন্ধে আমাদের বোধও থাকে না; আমরা অনেক সময়ে অন্যায় করি, এবং উহার হেতুবাদ দেখাইয়া আমাদের অপরাধ আরও বাড়াইয়া ফেলি; আমরা রিপুগণ দ্বারা অবশ ভাবে নীত হই, অথচ তাহাকে উৎসাহ বলিয়া ভুল করি; আমরা আমাদের ভ্রাতৃবর্গের ছোট ছোট স্খলনের জন্য কঠোর ভাবে ভৎসনা করি এবং আমাদের বড় বড় পাপ দেখিয়াও দেখি না (১); অপর কর্তৃক আমাদের উপরে যে ক্লেশ আনীত হয় তাহা বিলক্ষণ অনুভব করি এবং নিরন্তর তাহাই চিন্তা করি, কিন্তু অপরে আমাদের জন্য ক্লেশ পাইলে তাহা ভাবিও না। এক ব্যক্তি যদি আপনাকে ঠিক নিরপক্ষপাতে পরীক্ষা করিয়া দেখিত, তাহাহইলে তাহার প্রতিবেশীকে কঠোর ভাবে বিচার করিবার কারণ দেখিতে পাইত না।

২। অন্যান্য সকল বিষয়ে যত্নাপেক্ষা আপনার উন্নতির যত্নই অধ্যাত্মভাবাপন্ন ব্যক্তি শ্রেষ্ঠ মনে করেন এবং যে ব্যক্তি আপনার আচরণ দৃঢ়রূপে পর্য্যাবেক্ষণ করে সে অপরের আচরণসম্বন্ধে

---

(১) মথি ৭।৩।

সহজে তূষ্ণীম্ভাব অবলম্বন করিবে। কিন্তু যদি তুমি তোমার মনোভিনিবেশ নিখিল মানবের, নিখিল ব্যক্তির বিষয় ব্যাপার হইতে প্রতিনিবৃত্ত করিতে না পার, তাহা হইলে তুমি কখন অধ্যাত্মভাবাপন্ন মানবের দিব্য জীবন উপার্জ্জন করিতে পারিবে না। যে ব্যক্তি শুদ্ধ কেবল ঈশ্বরের সহিত আত্মার পুনর্মিলন অভিলাষ ও অভিপ্রায় করে, সে পৃথিবীতে যাহা দেখে বা শুনে তদ্দ্বারা সহজে বিচলিত হয় না।

৩। যদি তুমি পার আমায় বল, কোথায় তুমি ভ্রমণ করিতেছিলে, কখন তুমি তোমার হৃদয় হইতে অন্যত্র গমন করিয়াছিলে; এদিকে ওদিকে দৌড়াইয়া তাড়াতাড়ি লোকদিগের বিষয় কার্য্যের পর্য্যবেক্ষণে যে আপনাকে ছাড়িয়া দিলে এবং অবহেলা করিলে সেই আপনার জন্য কি লাভকর বিষয় বাড়িতে লইয়া আসিলে (১)? যে ব্যক্তি অন্তরের শান্তি এবং দেবপ্রকৃতির সহিত পুনর্মিলন অভিলাষ করে, তাহার সকল মানুষ সকল বিষয় পশ্চাতে ফেলিয়া কেবল ঈশ্বর ও তাহার নিজের আত্মাকে দৃষ্টি সন্নিধানে রাখা উচিত।

৪। পৃথিবীর উদ্বেগ ও আমোদ হইতে মুক্ত থাকার উপরে যখন তোমার পূর্ণতার দিকে উন্নতি নির্ভর করে, তখন তোমার চিত্তে যে পরিমাণ তাহাদিগের মূল্যবত্তা বোধ আছে সেই পরিমাণে উন্নতি অবরুদ্ধ হইবেই হইবে। কেবল ব্যর্থ নয় কিন্তু আপৎকর জানিয়া সৃষ্টবস্তু হইতে সর্ব্ববিধ সান্ত্বনার আশা পরিত্যাগ কর, ঈশ্বর এবং যাহা কিছু সাক্ষাৎ সম্বন্ধে তাঁহাতে স্থিতির উৎকর্ষ সাধনে সহায় হয় তদ্ব্যতীত আর কিছুই তোমার অমরাত্মার অভি-

---

(১) মথি ১৬।২৬।

লাষের পক্ষে সম্ভ্রমজনক, সুখকর, মহৎ বা উপযুক্ত নয়। যে আত্মা যথার্থ ভাবে ঈশ্বরকে ভাল বাসে সে আত্মা ঈশ্বর হইতে নিকৃষ্ট কল বিষয়কেই তুচ্ছ করে। অনন্ত নিত্যকালস্থায়ী একমাত্র ঈশ্বরই সকল আশীর্যুক্ত আত্মার জীবন, আলোক ও শান্তিরূপে সকল বিষয় পূর্ণ করিয়া আছেন।

ষষ্ঠ অধ্যায়।

বিশুদ্ধ বিবেকের আনন্দ।

১। "তাঁহার বিবেকের প্রমাণই (১)" সাধু ব্যক্তির "আনন্দ"। বিশুদ্ধ বিবেক নিরবচ্ছিন্ন হৃদয়োচ্ছ্বাসের ভূমি ও উহা কঠিনতম পরীক্ষার মধ্যে এক ব্যক্তিকে নিরবসন্ন রাখে এবং গভীর দরিদ্রতা মধ্যে আনন্দিত হইতে সমর্থ করে; কিন্তু অবিশুদ্ধ বিবেক জীবনের সর্ব্বাবস্থায় ভয় ও অশান্তিতে পূর্ণ। তোমার হৃদয় যদি তোমায় দোষী সাব্যস্ত না করে (২) তুমি নিরন্তর শান্তি সম্ভোগ করিবে।

২। যখন তুমি কিছু ভাল করিয়াছ, সে সময় ছাড়া অন্য সময়ে আনন্দিত হইতে আশা করিও না। দুরাত্মা কখন যথার্থ আনন্দ অনুভব করিতে পারে না, অথবা অন্তরে শান্তির আস্বাদ পায় না; কারণ স্বয়ং প্রভু বলিয়াছেন "দুরাত্মার শান্তি নাই, (৩) তাহারা সেই তরঙ্গাকুল সমুদ্রের ন্যায় যে সমুদ্র একবারও তরঙ্গশূন্য হইতে পারে না, যাহার জল ক্রমান্বয়ে পঙ্ক ও কর্দ্দম উর্দ্ধে উত্তোলন

---

(১) ২ কর ১।১২। (২) ১ যোহন ৩।২১।

(৩) আইজা ৪৮।২২।

করে।" যদি তাহারা বলে "আমরা শান্তিতে আছি, আমাদের কখন অমঙ্গল হইবে না, কে আমাদিগের অপচয় করিতে সাহসী হইবে?" তাহাদিগের কথায় বিশ্বাস করিও না; কারণ অকস্মাৎ তাহাদিগের অন্তরে ঈশ্বরের রুদ্রমুর্ত্তি প্রকাশ পাইবে, এবং তাহাদের সমুদায় গর্ব্ব ধূমের ন্যায় কোথায় অদৃশ্য হইয়া যাইবে, এবং তাহাদিগের মনোগত ভাব বিনষ্ট হইয়া যাইবে (১)।

৩। যে ব্যক্তির অনুরাগ আছে তাহার "দুঃখ বিপদে গৌরব করা" (২) কিছু কঠিন নহে। কেন না এরূপে গৌরব করা "প্রভু ঈশার ক্রুশে গৌরব করা" (৩)। মানুষ যে গৌরব দেয় ও পায় তাহা অতিক্ষণস্থায়ী ও ক্লেশকর; ভয় ও ঈর্ষা সহকারে উহা আইসে এবং নিরাশা ও পশ্চাত্তাপে তিরোহিত হইয়া যায়। সজ্জনের গৌরব মানুষের মুখে নহে কিন্তু বিবেকের স্বরে ঘোষিত হয়; ঈশ্বরেতে এবং ঈশ্বর হইতে তাঁহাদের আনন্দ এবং সত্যেতে উহা প্রতিষ্ঠিত (৪)। যে ব্যক্তি নিত্যকালস্থায়ী যথার্থ গৌরব অভিলাষ করে, সে কখন পার্থিব বিষয়কে মূল্যবান্ জ্ঞান করে না এবং যে ব্যক্তি পার্থিব গৌরব অন্বেষণ করে এবং হৃদয়ের সহিত উহাকে ঘৃণা করে না, সে এই প্রমাণ করে যে, সে স্বর্গের নিত্যকালস্থায়ী গৌরব ভাল বাসে না, বা তৎপ্রতি মনোনিবেশ করে না।

৪। মানুষের নিন্দা বা প্রশংসায় যাহার সুখ নির্ভর করে না, সেই ব্যক্তি কেবল সমধিক শান্তি লাভ করিতে পারে। যদি তোমার বিবেক বিশুদ্ধ থাকিত, তাহা হইলে তুমি সর্ব্বাবস্থায় সন্তুষ্ট থাকিতে, এবং তোমার সম্বন্ধে লোকের মত বা প্রসিদ্ধি কি, সে

---

(১) রোম ১।২৮; ২।৮।১১। (২) ঐ ৫।৩।
(৩) গ্যাল ৬।১৪। (৪) ১ কর ১৩।৬।

বিষয়ে তুমি উৎকণ্ঠিত হইতে না; কারণ তাহাদের প্রশংসায় তোমার পবিত্রতা বৰ্দ্ধিত হয় না, তাহাদের নিন্দায় উহা ক্ষয় পায় না। তুমি যা, তুমি তাই, সমুদায় পৃথিবীর প্রশংসাতেও তোমাকে ঈশ্বরের চক্ষে বড় করিতে পারে না। তোমার আত্মার যথার্থ অবস্থার উপরে যত তুমি তোমার মন স্থাপন করিবে, ততই পৃথিবী তোমার সম্বন্ধে কি বলে তৎপ্রতি তোমার সমাদর অল্প হইবে। মানুষ কেবল মুখ দেখে, কিন্তু ঈশ্বর "হৃদয় দেখেন ও অনুসন্ধান করেন", মানুষ কেবল বাহিরের কার্য্য বিচার করে, কিন্তু ঈশ্বর যে মূল অভিপ্রায় হইতে কার্য্য উৎপন্ন হয় তাহা দেখেন।

৫। বিনা আত্মগৌরবে ভাল করিয়াছি চিন্তা করা যথার্থ বিনয়ের প্রমাণ (১), কেন না সৃষ্ট জীবের নিকটে সান্ত্বনার আশা পরিহার করা অধিকতর আন্তরিক বিশ্বাস ও পবিত্রতার লক্ষণ। যে ব্যক্তি তাহার আপনার জন্য মানুষের প্রমাণ অন্বেষণ করে না, সে তদ্দ্বারা ইহাই দেখায় যে, সে তাহার সমুদায় বিষয় ঈশ্বরকে অর্পণ করিয়াছে, তাহার প্রমাণ তাহার অন্তঃকরণে। কারণ ধন্যাত্মা পল বলিয়াছেন, "যে ব্যক্তি আপনাকে প্রশংসা করে" অথবা অপরে যাহাকে প্রশংসা করে সে ব্যক্তি "গৃহীত হয় না", সেই কেবল গৃহীত হয় "ঈশ্বর যাহাকে প্রশংসা করেন (২)।

৬। অন্তরে অন্তরে ঈশ্বরের সাক্ষাতে বিচরণ করা এবং পার্থিব স্নেহ মমতার দাস না হওয়া অধ্যাত্মভাবাপন্ন মানবের অবস্থা।

---

(১) রোম ১২।১০। (২) ২ কর ১০।১৮।

সপ্তম অধ্যায়।

সর্ব্বোপরি ঈশাকে ভালবাসা।

১। সেই ব্যক্তি ধন্য যে ঈশাকে ভালবাসা কি জানে এবং তাঁহার জন্য আপনাকে তুচ্ছ করে। এই ভালবাসা রক্ষা করিবার জন্য তোমার আপনার প্রতি ও সমুদায় জীবের প্রতি ভালবাসা ত্যাগ করা কর্ত্তব্য; কারণ একা ঈশাকে ভাল বাসিতে হইবে। জীবের প্রতি ভালবাসা অস্থায়ী ও শঠতাপূর্ণ; ঈশার প্রতি ভালবাসা বিশ্বস্ততাপূর্ণ। যে ব্যক্তি কোন জীবে আবদ্ধ হইয়া থাকে, যখন সে জীবের পতন হয় তখন তাহারও পতন হয়, যে ব্যক্তি ঈশাতে আবদ্ধ হইয়া থাকে, তাঁহার সঙ্গে সে চিরকালের জন্য দৃঢ়মূল হয়! তাঁহাকে ভালবাস, এবং তৎপ্রতি অনুরাগ বৰ্দ্ধিত কর; স্বর্গ এবং পৃথিবী বিনষ্ট হইয়া গেলেও তিনি তোমাকে কখন ছাড়িবেন না, অথবা তোমাকে বিনষ্ট হইতে দিবেন না। তুমি ইচ্ছা কর বা না কর, সৃষ্টবিষয়সমূহমধ্যে তুমি যাহা দেখিতেছ এবং ভাল বাসিতেছ, ইহাদিগের সঙ্গে এক দিন তোমাকে বিচ্ছিন্ন হইতেই হইবে; অতএব জীবনে মরণে ঈশাতে অনুরক্ত হইয়া থাক, এবং তাঁহার বিশ্বস্তরক্ষণাধীনে আপনাকে নিরাপদে রাখিয়া দাও, যখন সকল অস্থায়ী প্রাকৃতিক বিষয় অকৃতার্থ হইবে, তিনি একাই তোমাকে রক্ষা করিবেন।

২। তোমার প্রিয়জনের এমনই পবিত্রতা যে, তোমার প্রেমের প্রতিদ্বন্দ্বী আর কাহাকেও তিনি হইতে দিবেন না, আপনি তোমার হৃদয়ের সমগ্র অধিকার গ্রহণ করিবেন, এবং রাজা হইয়া রাজ-

সমুচিত কর্ত্তৃত্বে তাঁহার আপনার উপযুক্ত সিংহাসনে উপবেশন করিয়া হৃদয়ে রাজ্য করিবেন।

৩। যদি তোমার হৃদয়কে আত্মানুরাগ এবং আপনার জন্য জীবের প্রতি অনুরাগশূন্য কর, ঈশা নিরবচ্ছেদে তোমার সঙ্গে বাস করিবেন। মানুষের প্রতি তোমার প্রেমের মূল ও উদ্দেশ্য ঈশা না হইলে যে কোন প্রকারের প্রেম হউক না কেন, এবং সে প্রেমের যে প্রকার বিনিময় হউক না কেন, তুমি দেখিতে পাইবে উভয়ই ব্যর্থ ও অকর্ম্মণ্য। অহো! মানুষের উপরে তোমার আশ্বস্ততা স্থাপন করিও না, শূন্যগর্ভ নলতৃণের উপরে নির্ভর করিও না। কারণ "সমগ্র মাংস তৃণসদৃশ, সমগ্র মানুষের গৌরব তৃণপুষ্পতুল্য; তৃণ শুকাইয়া যায়, উহার পুষ্প ঝরিয়া পড়ে (১)।"

৪। তুমি কেবল মানুষের বাহ্যাকারে প্রত্যয় কর, এজন্যই তুমি শীঘ্র বঞ্চিত হও; এবং যখন তুমি তাহাদিগের নিকট হইতে লাভ ও সান্ত্বনা অন্বেষণ কর, তুমি নিশ্চয় নিরাশ হইবে ও দুঃখ পাইবে। যদি তুমি সকল বিষয়ে কেবল ঈশাকে চাও, তাহা হইলে তুমি সকলেতে তাঁহাকে পাইবে; এবং যদি তুমি তোমার আপনাকে চাও, তোমার আত্মবিনাশার্থ তুমি তোমার আপনাকে পাইবে; কারণ যে ব্যক্তি সকল বিষয়ে একা ঈশাকে অন্বেষণ করে না, সমুদায় পৃথিবী এবং তাহার শত্রুগণ তাহার উপর যত অমঙ্গল রাশীকৃত করিতে পারে, তদপেক্ষা সে আপনাকে অমঙ্গলে জড়িত করে (২)।

---

(১) আইজা ৩৫।৬ ও ১১।৬। (২) সলমন ৬।১৩।

অষ্টম অধ্যায়।

ঈশার বন্ধুত্ব।

১। যখন ঈশা সঙ্গে থাকেন, সকলই ভাল, কোন পরিশ্রমই কঠিন মনে হয় না, কিন্তু তিনি যখন সঙ্গে না থাকেন, সামান্য দরিদ্রতা অসহনীয় হইয়া উঠে। যখন ঈশা কথা না কন, তখন সমুদায় সান্ত্বনা তিরোহিত হয়, কিন্তু যাই আবার তিনি কথা বলেন—একটী কথা হউক—আত্মা দুঃখ পরিহার করিয়া উঠে, এবং বুঝিতে পারে তাঁহার সান্ত্বনা প্রবল শক্তিতে পুনঃ প্রবর্ত্তিত হইয়াছে। এই হেতুতেই যাই মার্থা বলিল "আচার্য্য আসিয়াছেন, এবং তোমায় ডাকিতেছেন" (১) অমনি ম্যারি যে স্থানে বসিয়া লাজারসের মৃত্যুজন্য ক্রন্দন করিতেছিল সেই স্থান হইতে ব্যস্ত সমস্ত হইয়া উঠিল। সেই সুখের সময়, যখন দুঃখ ও অশ্রুপাত হইতে ঈশা তাঁহার আত্মার আনন্দ সম্ভোগজন্য ডাকিয়া লন।

২। ঈশা ছাড়া তোমার হৃদয় কেমন নিতান্ত শুষ্ক ও নীরস হয়! ঈশা ছাড়া উহা যখন আর কিছু চায়, তখন উহার কি নিরতিশয় ব্যর্থাভিমান ও নির্ব্বুদ্ধিতা (১)। সমুদায় পৃথিবী হারান অপেক্ষা তাঁহাকে হারান কি অধিক ক্ষতি নয়? ঈশা ছাড়া পৃথিবীতে তোমার কি লাভ (২)? ঈশা ছাড়া হওয়া নরকের গভীরতম স্থলে বাস, ঈশার সঙ্গে থাকা বৈকুণ্ঠে বাস। যখন ঈশা তোমার সঙ্গে থাকেন তখন কোন শত্রুর ক্ষমতা নাই যে, তোমার বিঘ্ন উৎপাদন করে (৩)। যে ব্যক্তি ঈশাকে পায় সে অপরি-

---

(১) যোহন ১১।২৮। (২) লিউক ৯.২৫।

(৩) রোম ৮।৩১।

সংখ্যেয় মূল্যের সম্পদ পায়, এ সম্পদ যাহা কিছু ভাল বলা যায় তদপেক্ষা উৎকৃষ্ট ; ঈশাকে যে হারায় সে সমগ্র পৃথিবী অপেক্ষাও অধিক হারায় ; কারণ সে তাহার আপনার আত্মার স্বর্গীয় জীবন ও আলোক হারায় ; যে ব্যক্তি ঈশাবিরহিত হইয়া জীবন ধারণ করে, সেই কেবল এ পৃথিবীতে দরিদ্র, এবং যে ব্যক্তির সহিত ঈশা বাস করিতেআহ্লাদিত হন, সেই কেবল সম্পন্ন।

৩। ঈশার সঙ্গে কথোপকথনে নিরতিশয় কৌশল চাই, এবং তাঁহাকে কিরূপে রাখিতে পারা যায় তাহা জানিতে বিপুল জ্ঞান চাই। কিন্তু এ কৌশল মানুষের কৌশল নহে ; এ জ্ঞান পৃথিবীর জ্ঞান নহে। বিনয়ী এবং শান্ত হও, ঈশা তোমার নিকটে আসিবেন ; বিনম্র ও উপাসনাশীল হও, তিনি তোমার সঙ্গে বাস করিবেন। পৃথিবীর ভোগের দিকে উন্মুখ হইয়া তুমি তোমার হৃদয় হইতে ঈশাকে সত্বর তাড়াইয়া দিতে পার এবং তোমায় যে অনুগ্রহ তিনি দান করিয়াছেন তাহা হারাইতে পার ,এবং যখন তুমি তাঁহাকে তাড়াইয়া দিয়াছ ও হারাইয়াছ, তখন তুমি কাহার আশ্রয় পাইবে, কোথায় বন্ধু পাইবে ? বন্ধুহীন জীবন ভোগশূন্য ; যদি আর সকলের অপেক্ষা অনন্তগুণে ভাল বাসিয়া শ্রেষ্ঠ জানিয়া ঈশাকে বন্ধু বলিয়া মনোনীত না কর, তোমার জীবন দুঃখ ও উৎসাদের দৃশ্য হইবে। অতএব অন্য কাহারও উপরে বিশ্বস্ততা ও আনন্দ স্থাপন উন্মত্ততা ; ঈশা অপেক্ষা সংসারকে শ্রেষ্ঠ মনে করিয়া ঈশার ক্ষোভ জন্মান অপেক্ষা বরং সমুদায় পৃথিবী একত্র হইয়া তোমার বিপক্ষাচরণ করে, তোমার ক্ষতি করে তাহাও তোমার মনোনীত করা ভাল। যাহা কিছু তোমার নিকটে প্রিয় তদাপেক্ষা ঈশাকে তোমার বিশেষ ও সর্ব্ব-

প্রধান প্রীতির পাত্র হইতে দাও। সকল লোককে, এমন কি বন্ধুতা বিনিময় ও স্বভাবের বন্ধনে যাঁহাদিগের সহিত বদ্ধ হইয়াছ তাঁহাদিগকেও ঈশার জন্য ভাল বাসিতে হইবে; কিন্তু ঈশাকে ঈশার জন্য ভাল বাসিতে হইবে, কোন পরিমাণ বা বাধ বিচার না করিয়া একমাত্র ঈশাকেই ভাল বাসিতে হইবে, কারণ যাহা কিছু সম্ভবতঃ আমরা ভাল বাসিতে পারি, কল্যাণ ও বিশ্বস্ততায় তিনিই একা অনন্ত। তাঁহার জন্য এবং তাঁহার প্রেমের সামর্থ্যে যেমন তোমার বন্ধুগণ তেমনি তোমার শত্রুগণ তোমার প্রিয় হইবে (১); সকলের জন্য, এমনি কি তোমার শত্রুর জন্য তোমার এই নিয়ত প্রার্থনা হউক যে, তাহারা তাঁহার জ্ঞান ও অনুরাগে কৃতার্থ হউক।

৪। তোমার ভিতরে যাহা কিছু ভাল আছে যেন উহা তোমার আপনার, এই ভাবে তাহার জন্য প্রশংসিত বা আদৃত হইবার অভিলাষ করিও না; কেন না ভাল হওয়ার যে প্রশংসা তাহাতে ঈশ্বরের অধিকার; তাঁহার কল্যাণগুণই কেবল নিরুপাধিক এবং অনুৎপন্ন; যে কল্যাণগুণ তাঁহাতে স্বরূপতঃ নিত্যকাল বিরাজ করিতেছে সেই কল্যাণগুণ তোমাতে সংক্রামিত হওয়াতেই কেবল তুমি ভাল। কোন এক ব্যক্তির অনুরাগ তোমাতে নিবদ্ধ হউক এরূপ অভিলাষ করিও না, তোমার আপনার অনুরাগও অপরেতে নিবদ্ধ হইতে দিও না, কিন্তু ঈশা তোমার আপনার হৃদয়ে অপর সকলের হৃদয়ে নিত্য জীবন, আলোক ও শান্তি হইয়া অবস্থান করুন ইহাই তোমার একমাত্র অভিলাষ ও আনন্দের বিষয় হউক।

৫। ঈদৃশ আন্তরিক পবিত্রতা ও স্বাধীনতার জন্য ব্যাকুল হও

(১) মথি ৫।৪৪।

যে, কোন জীবের প্রতি তোমার স্নেহ তোমায় উদ্বিগ্ন বা দাস করিবার সামর্থ্যও না পায়; শান্তিপূর্ণ বিষয়ান্তর বিরহিতচিত্তে "স্থিরভাবে স্থিতি এবং প্রভুতে (তোমার) পরিত্রাণ প্রত্যক্ষ করিতে সমর্থ হইবার (১) পূর্ব্বে তোমায় হৃদয়কে সর্ব্ববিধ স্বার্থ-প্রণোদিত স্নেহ মমতা ও পার্থিব অভিলাষ পরিশূন্য করিতে হইবে। জীবগণের প্রতি সর্ব্ববিধ অত্যাসক্তি হইতে তাঁহার যে অনুগ্রহ তোমাকে বিমুক্ত করিয়া তাঁহার কল্যাণময় স্বরূপের সহিত তোমায় এক করিবে এবং তিনি তোমার সহিত এক হইবেন এবং তুমি তাঁহার সহিত এক হইবে, সেই অনুগ্রহের আকর্ষণ ও (পাপ) নিবারণী শক্তি বিনা তুমি ঈদৃশ উচ্চ অবস্থায় উপস্থিত হইতে পার না।

৬। যখন ঈশ্বরের অনুগ্রহ এইরূপে মানুষের হৃদয়ে রাজ্য করে ও স্থিতি করে, তখন তাহার "সমুদায় বিষয় করিবার" সামর্থ্যও উপস্থিত হয়। কিন্তু যখন দৈবপ্রভাব স্থগিত হয়, তখন সে ভ্রষ্ট স্বভাবের দারিদ্র্য ও দৌর্ব্বল্যে এবং সর্ব্ববিধ দুঃখের কশাঘাতে আপনাকে নিক্ষিপ্ত অনুভব করে (২)। তথাপি এই পরিত্যক্ত সান্ত্বনাবিরহিত অবস্থায় তুমি নিরাশা হইও না; শান্ত ও বিনম্রভাবে ঈশ্বরের ইচ্ছাতে আত্মসমর্পণ কর এবং ঈশার গৌর-বের জন্য যাহা কিছু তোমার উপরে নিপতিত হয়, শীতের পর গ্রীষ্ম, রজনীর পর দিন, অন্ধকার ও ঝটিকার পর প্রশান্তি ও সূর্য্যালোক নিয়ত উপস্থিত হইয়া থাকে, ইহা স্মরণ করিয়া সহিষ্ণুতা সহকারে বহন কর।

---

(১) সাম ৩৪।৮। (২) সাম ১০৪।২৯।

নবম অধ্যায়।

অসান্ত্বনার অবস্থা।

১। আমাদের যখন দেবসান্ত্বনা থাকে তখন [illegible] তুচ্ছ করা, সমধিক যত্নসাধ্য নহে; কিন্তু এ উভয় সান্ত্বনার অভাব বহন করা এবং আপনার প্রতি সকরুণ দৃষ্টি অথবা আপনার ভূতপূর্ব্ব মনঃকল্পিত যোগ্যতাসম্বন্ধে চিন্তা না করিয়া ঈশ্বরের গৌরবার্থ "অন্তরের অসান্ত্বনা" ধৈর্য্য সহকারে সহ্য করা লোকাতীত মহত্ত্ব। যখন "ঈশ্বরের মুখের আলোক তোমার উপরে নিপতিত থাকে" তখন যদি তুমি শান্ত ও ভক্তিমান্ থাক, তাহা হইলে উহা আর একটি কি লোকাতীত গুণ হইল, কারণ ঈদৃশ শুভমুহূর্ত্ত সকল জীবই অভিলাষ করিয়া থাকে। যে ব্যক্তিকে ঈশ্বরের অনুগ্রহ রক্ষা করে সে ব্যক্তি তাহার জীবনযাত্রা সহজ ও সুখকর ভিন্ন অন্যরূপ দেখিতে পায় না; এবং যখন সে সত্য দ্বারা পরিচালিত এবং সর্ব্বশক্তিমান্ কর্ত্তৃক রক্ষিত হইতেছে, তখন যদি সে ভার অনুভব না করে অথবা কোন বিঘ্ন দেখিতে না পায়, তাহা হইলে তাহা আর আশ্চর্য্য কি?

২। সান্ত্বনার অভাবের ভয়ে আমরা নিয়ত সান্ত্বনা অন্বেষণ করি, এবং সাংসারিক স্বার্থময় অবস্থার মধ্যে সান্ত্বনা অন্বেষণ করিবে না, মানুষ অতি কষ্টে এত দূর আত্মবিরহিত হয়। ধর্ম্মার্থে নিহত পবিত্রচেতা লরেন্স প্রধানযাজক সচ্চরিত্র ক্সিএষ্টসের প্রতি অনুরাগ দমন করিয়া সংসার ও আপনাকে জয় করিয়াছিলেন; কারণ যদিও এ জীবনের যাহা কিছু আহ্লাদকর সমুদায়

সেই ব্যক্তির প্রতি অনুরাগে নিবিষ্ট ছিল, তথাপি তাঁহার সহিত অকস্মাৎ বলপূর্ব্বক বিচ্ছেদ—যে বিচ্ছেদ মৃত্যু বিনা আর কিছুতেই অপসারিত করিতে পারিত না—প্রশান্ত ধীরতা সহকারে তিনি বহন করিয়াছিলেন। অতএব ঈশ্বরের প্রতি অনুরাগে তিনি মানুষের প্রতি অনুরাগ পরাজয় করিয়াছিলেন, এবং মানবের সহিত সংলাপে যে সান্ত্বনা হয়, তাহা হইতে ঈশ্বরের ইচ্ছাকেই একান্ত ভাবে শ্রেষ্ঠ বলিয়া গ্রহণ করিয়াছিলেন। তাদৃশ ধৈর্য্য ও আত্মসমর্পণ সহকারে ঈশ্বরপ্রীতির জন্য তুমিও অতি প্রিয় পরিচিত বন্ধু হইতে বিচ্ছিন্ন হইতে শেখ। পাপ হইতে যে অপরিহার্য্য মারাত্মকতা উপস্থিত হইয়াছে উহার সার্ব্বজনীন আধিপত্যবশতঃ সংসারে যে ব্যক্তির যে অতিশয় প্রিয় তাহা হইতে তাহাকে বিচ্ছিন্ন হইতেই হইবে; এ পরীক্ষা প্রত্যেক মানুষেরই হইবে, সুতরাং ঈদৃশ ঘটনায় যদি কাহারও ধৈর্য্যচ্যুতিকর শোক সমুপস্থিত হয়, তাহা হইলে এই পাপের অপরিহার্য্য মারাত্মকতাকেই সেই শোকের হেতুরূপে উপস্থিত করা যাইতে পারে।

৩। সাংসারিক স্বার্থপ্রণোদিত প্রকৃতিকে জয় করিয়া আত্মার সমগ্র অভিলাষ ঈশ্বরের দিকে লইয়া যাইতে দীর্ঘকাল কঠিন সংগ্রামের প্রয়োজন। যে ব্যক্তি আপনার অভিজ্ঞতা এবং শক্তির উপরে বিশ্বাস স্থাপন করে তাহাকে মানবীয় সান্ত্বনার অন্বেষণে সহজে বঞ্চিত হইতে হয়; কিন্তু যে ব্যক্তি যথার্থই সেই ঈশাকে ভালবাসে এবং আপনার অভ্যন্তরে পবিত্রতা ও সত্যের মূলতত্ত্বাকারে তাঁহার যে পরিত্রাণসম্পাদক শক্তি আছে কেবল তৎপ্রতি নির্ভর করে, সে ব্যক্তি কখন ঈদৃশ ব্যর্থ সান্ত্বনার দিকে উন্মুখ হয় না, অথবা কোন প্রকার ইন্দ্রিয়বিকারজনিত আনন্দ

অন্বেষণ করে না; বরং সে আত্মত্যাগের কঠোর কৃচ্ছ সাধন মনোনীত করিয়া লয় এবং ঈশার জন্য অতি ক্লেশকর শ্রম স্বীকার করে।

৪। অতএব ঈশ্বর যখন আত্মোৎপন্ন সান্ত্বনা তোমায় অর্পণ করেন কৃতজ্ঞতার সহিত গ্রহণ কর; কিন্তু স্মরণ রাখিও উহা তাঁহার দান, তোমার গুণে নহে; কিন্তু ইহাতে স্ফীত, শিথিল-যত্নশীল এবং প্রবল না হইয়া আরও বিনীত হও, আরও সর্ব্ব-বিধ আচরণে জাগ্রৎ ও ভক্তিমান্ হও, কারণ সত্বরেই আলোক ও শান্তির মুহূর্ত্ত চলিয়া যাইবে, অন্ধকার ও প্রলোভন উভয় স্থান অধিকার করিবে; তবু যখন ঈদৃশ ভীষণ পরিবর্ত্তন উপস্থিত হয়, তখন তুমি নিরাশ হইও না, কিন্তু বিনয় ও ধৈর্য্যসহকারে স্বর্গীয় সাক্ষাৎকারের পুনরাগমন প্রতীক্ষা কর; কারণ মঙ্গল ও শক্তিতে অনন্ত ঈশ্বর সমধিক পরিমাণে তাঁহার অনুগ্রহবাহুল্য পুনরর্পণ করিতে সমর্থ ও ইচ্ছুক।

৫। ঈশ্বরের কার্য্যপ্রণালী যাহারা অবগত আছে তাহা-দিগের নিকটে অধ্যাত্মজীবনের এই দিবা রজনীর আবর্ত্তন নূতন বা অনপেক্ষিত নহে; কারণ প্রাচীন বড় বড় সকল সাধু মহাজনই একবার সাক্ষাৎকার একবার বিচ্ছেদ অনুভব করিয়াছেন। ইহার দৃষ্টান্তস্বরূপ রাজর্ষি তাঁহার নিজের বৃত্তান্ত এইরূপে বর্ণন করিয়া-ছেন "যখন আমি সৌভাগ্যে ছিলাম এবং আমার হৃদয়ে দেবানু-গ্রহের সম্পদে পূর্ণ ছিল, "আমি বলিয়াছিলাম; আমি কখন বিচলিত হইব না" (১)। কিন্তু এই সকল সম্পৎ শীঘ্রই তিরো-হিত হইল এবং তখন আপনাতে ভ্রষ্টস্বভাবের দারিদ্র্য অনুভব

(১) সাম ৩০।৬।

করিয়া তিনি বলিয়াছিলেন "তুমি আমা হইতে তোমার মুখ ফিরাইয়াছিলে, এবং আমি উৎকণ্ঠিত হইয়াছিলাম।" অথচ এই অসান্ত্বনার অবস্থায় তিনি নিরাশ হন নাই, কিন্তু অধিকতর উৎসাহ সহকারে তাঁহার প্রার্থনা ও অভিলাষ ঈশ্বরের সমীপে এইরূপে জ্ঞাপন করিয়াছেন "হে প্রভো, আমি তোমারই নিকটে ক্রন্দন করিব, আমি আমার ঈশ্বরের নিকটে আত্মনিবেদন করিব (১)।" অনন্তর তাঁহার প্রার্থনা যে গৃহীত হইয়াছে, এবং তাঁহার সৌভাগ্যের অবস্থা পুনরায় ফিরিয়া আসিয়াছে এইরূপে তাহার প্রমাণ দেন, "প্রভু আমার কথা শুনিয়াছেন এবং আমার উপরে করুণা প্রকাশ করিয়াছেন; ঈশ্বর আমার সহায় হইয়াছেন (২)।" অপিচ এই করুণা ও সাহায্য কি প্রকারে ব্যক্ত হইয়াছে তাহা দেখাইবার জন্য তিনি বলিয়াছেন "তুমি আমার শোককে আনন্দে পরিণত করিয়াছ, এবং চারিদিকে আমায় আহ্লাদে পরিবেষ্টন করিয়াছ (৩)।" যদি আলোক ও অন্ধকার আনন্দ ও শোকের আবর্ত্তন বড় বড় সাধুরও সাধারণ অবস্থা হয়, তবে নিশ্চয় আমাদের মত উপায়হীন দুর্ব্বল জীব যখন, কখন উৎসাহে উচ্ছ্বসিত কখন নিরুৎসাহে অবসন্ন হই, তখন আমাদের নিরাশ হওয়া উচিত নয়; কারণ পবিত্রাত্মা তাঁহার ইচ্ছার অভিপ্রায়ানুসারে (৪) কখন আসেন কখন চলিয়া যান। এই মূলসূত্রানুসারেই কৃতকৃত্য যোব বলিয়াছেন "তুমি প্রত্যূষে মানুষকে সাক্ষাৎকার দান কর এবং অকস্মাৎ তাহাকে তুমি পরীক্ষা কর (৫)।"

---

(১) ঐ ৩০।৮। (২) ঐ ৫৪।৪। (৩) ঐ ৩০।২।
(৪) যোহন ৩।৮। (৫) এফিস ১।৫; যোব ৭।১৮।

৬। অতএব অনন্ত মঙ্গল এবং পরমাত্মার আলোক, জীবন ও শান্তি ব্যতীত আমি আর কিসের উপর আশা করিতে পারি, অথবা আর কোথায় আমার আশ্বস্ততা স্থাপন করা সমুচিত? কারণ পবিত্রচরিত্র ব্যক্তিগণের আলাপই হউক, বিশ্বস্ত বন্ধুগণের প্রিয় সম্ভাষণই হউক, স্তোত্র ও সঙ্গীতের মধুর নাদই হউক, জ্ঞানগর্ভ গ্রন্থের আমোদেই হউক, এমন কি ঈশ্বরের প্রবক্তার উপদেশই হউক, ইহার কোন একটি বা সকল গুলির উপকারও যদি বিদ্যমান থাকে, আর যদি আমার আত্মা হইতে পবিত্রাত্মা অন্তর্হিত হন এবং আমায় আমার পতিত আত্মার দরিদ্রতা ও দুরবস্থার মধ্যে রাখিয়া যান, তাহা হইলে তাহাদিগেতে আমার কি লাভ, এবং তাহারা আমায় কি আনন্দ দিতে পারে? এরূপ অবস্থায় বিনীত বিনম্র ধীরতা এবং ঈশ্বরের মঙ্গলময় ইচ্ছাতে আমার ইচ্ছার সম্যক্ সমর্পণ ভিন্ন আর কোন উপায় নাই।

৭। আমি এরূপ ব্যক্তি কখন দেখিতে পাই নাই, যিনি এমন বিশুদ্ধ এমন ভক্তিমান্ যে, কখন তিনি দেবানুগ্রহের অভাব এবং অধ্যাত্ম উৎসাহের উপক্ষয় অনুভব করেন নাই; এবং কোন ঋষির আত্মা যে পরিমাণ কেন আনন্দ ও আরূঢ়াবস্থায় উন্নমিত হউক না, তিনি কখন এই কঠোর পরীক্ষা হইতে বিমুক্ত হয়েন নাই। ঈশ্বরে অনুরাগবশতঃ যদি এই পরীক্ষা ধীরতাসহকারে বহন করা যায়, তাহা হইলে ইহা দেবানুধ্যানের উচ্চাবস্থার পক্ষে আত্মাকে প্রস্তুত ও উপযুক্ত করে। এই পরীক্ষাকে আগতপ্রায় সান্ত্বনার নিয়ত ভাবী লক্ষণ বিবেচনা করা যাইতে পারে এবং যে সকল ব্যক্তি আত্মসমর্পণ,বিনয় ও বিশ্বাস সহকারে উহা বহন করে

তাহাদিগের পক্ষে উহা বৈকুণ্ঠের অপ্রতিহত প্রধানতঃ অঙ্গীকৃত সুখ। যিনি "সকলের আদি" ও অন্ত "তিনি বলিয়াছেন "যে ব্যক্তি আত্ম-জয় করে, ঈশ্বরের বৈকুণ্ঠধামমধ্যে যে জীবনতরু আছে সেই তরুর ফল তাহাকে ভক্ষণ করিতে দিব (১)।"

৮। সান্ত্বনা ও দুঃখের বিপরিবর্ত্তনের সাধারণ কারণ এই ;— পতিতাবস্থার দারিদ্র্য বহনে সমর্থ করিবার জন্য মানুষকে আত্ম-সম্ভূত সান্ত্বনা প্রদত্ত হইয়া থাকে; আবার সান্ত্বনা এই জন্য প্রত্যাহৃত হয় কি জানি বা মানুষ সেই দানে উচ্ছ্বসিত হইয়া দাতাকে ভুলিয়া যায়।

৯। সর্ব্বোপরি এই কথা স্মরণে রাখিও যে, পাপপিশাচ কখন নিদ্রা যায় না, অথবা আমাদের শোণিত মাংসও সম্যক্ মৃত হয় নাই; অতএব সর্ব্বদা সংগ্রামের জন্য প্রস্তুত থাক, কারণ তুমি দক্ষিণে ও বামে চির নিরলস শত্রুকর্ত্তৃক পরিবেষ্টিত রহিয়াছে।

দশম অধ্যায়।

ঈশ্বরানুগ্রহ জন্য প্রকৃত কৃতজ্ঞতা।

১। যখন পরিশ্রম করিবার জন্য জন্মগ্রহণ করিয়াছ, তখন বিশ্রাম কেন অন্বেষণ করিতেছ? সান্ত্বনাপেক্ষা ধৈর্য্য, আনন্দাপেক্ষা ক্রুশবহনে বরং আপনাকে প্রস্তুত রাখ।

২। সংসারী লোকেরা যদি সম্পৎ, সম্মান ও আমোদানু-সরণে নিবৃত্ত না হইয়া অধ্যাত্ম আমোদ ও সান্ত্বনা লাভ করিতে

(১) জেম্‌স ১।১২; রেবে ২।৭।

পারিত, তাহা হইলে তাহাদিগের মধ্যে এমন কে আছে যে, আহ্লাদের সহিত উহা গ্রহণ না করিত? স্বর্গ যে প্রকার পৃথিবীর অতীত, অধ্যাত্ম আনন্দ ও সান্ত্বনা সেইরূপ সাংসারিক সুখ ও ইন্দ্রিয়বৃত্তির আমোদের অতীত; এগুলি হয় অপবিত্র নয় শূন্যগর্ভ, ঐ গুলি কেবল পবিত্র, সারগর্ভ, আনন্দকর এবং ঈশ্বরোৎপাদিত নব-প্রকৃতির ফল। কিন্তু ঐ গুলি যে কোন সময়ে, যে কোন পরিমাণে অভিরুচি, মানুষ ভোগ করিতে পারে না; এবং সে দেখিতে পায় যে, প্রলোভনের সময় শীঘ্র আইসে, এবং অধিকক্ষণ স্থায়ী হয়।

৩। বৃথা স্বাধীনতা এবং আপনার প্রতি আশ্বস্ততা স্বর্গের সাক্ষাৎকার সমধিক পরিমাণে অবরুদ্ধ করে। ঈশ্বর অনন্ত মঙ্গলময়, পবিত্রাত্মাকে সমর্পণ করিয়া তিনি তাঁহার মঙ্গলভাব প্রকাশ করেন; এই দানের জন্য পরাধীন ও সম্বলবিহীন লোকের উপযুক্ত কৃতজ্ঞতা ও স্তুতিবাদ সহ সেই দানের প্রত্যর্পণ না করাতে মানুষ যে নিতান্ত মন্দ তাহাই প্রদর্শন করে। দাতার প্রতি অকৃতজ্ঞতাতে দানের শক্তি বিনষ্ট হইয়া যায়; অনুগ্রহের স্রোত অন্য দিকে ফিরাইয়া দিয়া, এক স্থানে বদ্ধ করিয়া এবং যে মূল প্রস্রবণ হইতে আসিয়াছিল সেই মূল প্রস্রবণের দিকে ফিরিয়া যাইতে না দিয়া হার গতি অবরুদ্ধ করা হয়। কারণ যাহারা প্রকৃত কৃতজ্ঞ তাহাদিগের উপরেই সমধিক পরিমাণে পরমাত্মার প্রভাব ঢালিয়া দেওয়া হয় এবং যাহা নিয়ত বিনয়ীকে প্রদত্ত হয় তাহা অহঙ্কৃত হইতে প্রত্যাহৃত হয়।

৪। আমি সেরূপ সান্ত্বনা চাই না, যে সান্ত্বনায় আমার পাপ-বোধ অপনীত হয়, তাদৃশ অনুধ্যানও আমার লক্ষ্য নহে যাহাতে আমাকে অহঙ্কৃত করিয়া তুলে; কারণ যাহা কিছু উচ্চ তাহাই

পবিত্র নয়, যে কোন অভিলাষ বিশুদ্ধ নয়, যাহা কিছু মধুর তাহাই সৎ নয়, যাহা কিছু মানুষের নিকটে প্রিয় তাহাই ঈশ্বরের সন্তোষকর নয়। কিন্তু যে অনুগ্রহে আমি সমধিক বিনীত এবং ভীত হই, আত্মত্যাগ আত্মপরিহারে সমধিক সমুৎসুক হই, সেই অনুগ্রহই অতিরিক্ত পরিমাণে আমার গ্রহণীয়; কারণ যে ব্যক্তি ঈশ্বরের দান সম্ভোগ করিয়াছে, এবং উহা হারাইয়া উহার অপরিমেয় মূল্য বুঝিতে পারিয়াছে, সে ব্যক্তি যাহা কিছু ভাল আত্মসাৎ করিতে সাহস না করিয়া বরং গভীর বিনয় সহকারে আপনার পতিত আত্মার দরিদ্রতা ও সম্বলহীনতা স্বীকার করিবে এবং তজ্জন্য বিলাপ করিবে। অতএব যাহা ঈশ্বরের তাহা ঈশ্বরকে দাও (১)," এবং যাহা ঠিক তোমার আপনার তাহা আপনি গ্রহণ কর; তোমার যাহা কিছু ভাল তাহার জন্য তাঁহাকে গৌরব দাও, এবং তোমার আপনার জন্য কেবল অপরাধের দণ্ড ও লজ্জা রাখিয়া দাও।

৫। তুমি আপনাকে নিম্নতম স্থানে স্থাপন কর, তোমাকে উচ্চতম স্থান প্রদত্ত হইবে (২); কারণ যত উচ্চ অট্টালিকা নির্ম্মাণ করা অভিপ্রেত, তত নিম্নদেশে উহার পত্তনভূমি স্থাপন করিতে হইবে। ঈশ্বরের দৃষ্টিতে যিনি মহত্তম সাধু, তিনি আপনার দৃষ্টিতে অতীব হীন, এবং তাঁহাদিগের বিনয়ের গভীরতার পরিমাণানুসারে তাঁহাদিগের গৌরবের নিয়ত উচ্চতা। যাঁহারা প্রকৃত স্বর্গীয় গৌরবে পূর্ণ, পার্থিব ব্যর্থ অভিলাষের জন্য তাঁহাদিগের অবকাশ নাই (৩); তাঁহাদের মূল ঈশ্বরেতে প্রতিষ্ঠিত, সুতরাং তাঁহারা স্বভাবতঃ আত্মগৌরবে মস্তকোত্তলন করিতে পারেন না। তাঁহাদের

---

(১) মথি ২২।২১। (২) লূক ১৪।১০। (৩) যোহন ৫।২৬।

যাহা কিছু ভাল আছে, সে গুলি প্রাপ্ত বলিয়া স্বীকার করেন, এবং তজ্জন্য কল্যাণের পরম কর্ত্তাকে গৌরবার্পণ করিয়া তাঁহারা "এক জন আর এক জনের নিকটে সম্মান অন্বেষণ করেন না, কিন্তু একমাত্র ঈশ্বর হইতে যে সম্ভ্রম আইসে তাহাই গ্রহণ করেন (১) এবং তাঁহাদের হৃদয়ের এই প্রবল অভিলাষ ও তাঁহাদের কার্য্যের এই প্রধান উদ্দেশ্য যে, ঈশ্বর আপনাতে ও তাঁহার সাধু সজ্জনগণেতে গৌরবান্বিত হইবেন।

৬। যাহা তুমি পাও তজ্জন্য কৃতজ্ঞ হও; তুমি আরও অধিক পাইবার উপযুক্ত বলিয়া গণ্য হইবে। ঈশ্বরের দানের মধ্যে যিটিকে অতি সামান্য বলিয়া লোকে মনে করে, তোমার নিকটে উহা মহত্তম হউক, এবং যাহা লোকে তুচ্ছ বলিয়া মনে করে উহা তোমার নিকটে অনুপম অনুগ্রহ হউক। দাতার মহত্ত্ব তাঁহার সমুদায় দানের উপরে মহত্ত্ব অর্পণ করে, এবং স্বয়ং মহেশ্বর যাহা কিছু দান করেন তাহা কখন ক্ষুদ্র হইতে পারে না। তাঁহা হইতে যে ক্লেশ ও দণ্ড আইসে তাহাও কৃতজ্ঞতা সহকারে গ্রহণ করিতে হইবে; কারণ যাহা কিছু তিনি আমাদিগের সম্বন্ধে হইতে দেন, উহা আমাদিগের পরিত্রাণের গুরুতর ব্যাপার সম্পাদনার্থ নিয়োগ করেন। অতএব যে ব্যক্তি ঈশ্বরের অনুগ্রহ হৃদয়ে রক্ষা করিতে অভিলাষ করে সে যেন উহা পাইয়া কৃতজ্ঞ হয় এবং যখন উহা অন্তঃহিত হয় তখন যেন ধৈর্য্য ধারণ করে; সে উহার পুনরাগমনের জন্য ব্যাকুল ভাবে প্রার্থনা করিতে থাকুক এবং উহাকে যাহাতে আর না হারায় তজ্জন্য বিশেষ ভাবে জাগ্রত ও বিনীত হউক।

---

(১) যোহন ৫।৪৪।

একাদশ অধ্যায়।

ক্রুশানুরাগীর সংখ্যা অল্প।

১। ঈশার স্বর্গরাজ্য ভালবাসে এরূপ তাঁহার অনেক লোক আছে, কিন্তু তাঁহার ক্রুশবাহক অত্যল্প লোকই তিনি পাইয়াছেন; সান্ত্বনার সমাংশী হইতে অনেকে চান, কিন্তু তাঁহার দুঃখের অংশী হইতে অল্প লোকই ইচ্ছুক; তিনি তাঁহার ভোজনের সঙ্গী অনেককে পান, কিন্তু তাঁহার উপাসনার সঙ্গী অল্প। অনেক লোকই ঈশার সঙ্গে আনন্দ সম্ভোগ করিতে প্রস্তুত, কিন্তু তাঁহার জন্য দুঃখভোগ করিতে অত্যল্প লোক আছে; 'রোটিকাভঙ্গ' ব্যাপারে অনেকে তাঁহার অনুবর্ত্তী হন, কিন্তু তাঁহার তিক্ত পান-পাত্র পান করিবার লোক অল্প; অনেকে অলৌকিক ক্রিয়ার গৌরব সম্ভ্রমের সহিত অনুবর্ত্তন করে, কিন্তু তাঁহার ক্রুশের অব-মাননার অনুবর্ত্তনে লোকসংখ্যা অল্প। যখন দারিদ্র্যবিমুক্ত তখন অনেকে ঈশাকে ভালবাসে, যখন তাঁহা হইতে তাহারা সান্ত্বনা পায়, তখন তাঁহাকে স্তব ও প্রশংসা করে; কিন্তু ঈশা যখন তাঁহার মুখ লুক্কায়িত করেন এবং তাহাদের জন্য অতি অল্পই রাখেন, তাহাদের ভক্তি ও আশ্বস্ততা তিরোহিত হয়, এবং হয় নিরাশায়, নয় অসন্তোষপ্রকাশে মগ্ন হয়।

২। কিন্তু যাঁহারা আপনাদের সান্ত্বনার জন্য নয়, কিন্তু ঈশার জন্য ঈশাকে ভাল বাসেন, তাঁহারা গভীর দুঃখ ও বিপদের ভিতরে যেমন, তেমনি অত্যুচ্চ সান্ত্বনার অবস্থাতেও তাঁহাকে ধন্যবাদ অর্পণ করেন; এমন কি, যদি তিনি তাঁহাদের হইতে আপনার

সান্ত্বনা ক্রমান্বয়ে অবরুদ্ধ করিয়া রাখেন, তথাপি ক্রমান্বয়ে তাঁহারা তাঁহাকে প্রশংসা করিবেন, ধন্যবাদ দিবেন। অহো, ঈশার প্রতি পবিত্র অনুরাগের কি মহতী শক্তি, ইহার সঙ্গে আত্মানুরাগ ও আপনার লাভালাভের নিকৃষ্ট খাদ মিশ্রিত নাই! যাহারা ক্রমান্বয়ে সান্ত্বনা অন্বেষণ করে,তাহারা কি ভৃতিভুক্ নামের উপযুক্ত নয়? যাহারা আপনাদের মনের আমোদ ও বিশ্রাম বিনা আর কিছু চায় না, চিন্তা করে না, তাহারা ঈশার অনুরাগী অপেক্ষা আত্মানুরাগী, ইহাই কি সপ্রমাণ করে না?

৩। এমন মানুষ কোথায় আছে, যে ব্যক্তি পুরস্কারের আশা না করিয়া ঈশ্বরের সেবা করে? জীবে এবং আপনাতে যাহা কিছু সম্পদ্ ও মূল্যবান্ বলিয়া মনে হয় সে সমুদায় পরিহার করিয়াছে, এরূপ প্রকৃত "দীনাত্মা" কোথাও দেখিতে পাওয়া যায়? এটি একটি "মূল্যবান্ রত্ন", প্রকৃতির যত দূর সীমা আছে তন্মধ্যেও ইহা অন্বিষ্ট হইবার উপযুক্ত। যদিও মনুষ্য তাহার সমুদায় সম্পত্তি দুঃখীদিগের আহারের জন্য দেয় তবুও উহা কিছুই নহে (১); যদিও তাহার রক্ত মাংসের প্রবৃত্তি কঠোর কৃচ্ছ্র সাধনে দমন করে, তবু উহার কোন গুরুত্ব নাই; যদিও সে বিজ্ঞানের বিস্তারিত তত্ত্ব বোঝে,তথাপি সে অনেক পশ্চাদ্গামী; যদিও তাহার মহত্তর গুণের ঔজ্জ্বল্য এবং উচ্চতম ভক্তির উৎসাহ থাকে, তবু এই "একটি প্রয়োজনীয় বিষয়ের" যদি অভাব থাকে তাহার অনেক অভাব থাকিবে। সে প্রয়োজনীয় বিষয় কি? সেই দীনাত্মতা যে দীনাত্মতা চায় যে, সমুদয় জীবকে ত্যাগ করিবার পর আপনাকে ত্যাগ করা হয়, সম্যক্ প্রকারে আপনা হইতে বহির্গত হওয়া হয়,

(১) ১ কর ১৩।৩ ইত্যাদি।

কিছুমাত্র আত্মানুরাগ ও আত্মসম্ভ্রমের লেশমাত্র না রাখা হয়; এত দূর পর্য্যন্ত যে যখন তাহার সমগ্র কর্ত্তব্য সে সমাধা করিয়াছে, তখন সে আপনার হৃৎপিণ্ডের গতি যেমন নিশ্চিত ভাবে জানে, তেমনি নিশ্চিত ভাবে জানিবে ও অনুভব করিবে যে, সে আপনি কিছুই করে নাই।

৪। ঈদৃশ ব্যক্তি, আত্মানুরাগের অধীনে থাকিলে যে সকল অর্জ্জিত গুণ উচ্চ বলিয়া গণ্য করিত, সে সকল গুণের উপরে কোন মূল্যই স্থাপন করে না; "যাহা তাহাকে করিতে আদেশ করা হইয়াছে সে সমুদায় যখন সে করিয়াছে" তখন সত্যের বাণীর সহিত মিলিত হইয়া সে নিয়ত প্রমুক্ত ভাবে আপনাকে "অকর্ম্মণ্য দীন" (১) বলিয়া ব্যক্ত করিবে। এইটী আত্মার দীনতা ও সম্বলহীনতা যাহা সামগাথকের সহিত মিলিত হইয়া বলিতে পারে "প্রভো, আমি নিজে দীন ও অপদার্থ (২)!" অথচ যে ব্যক্তি আপনাকে এবং সমুদায় জীবকে পরিত্যাগ করিয়া অতি নীচ অবমাননার অবস্থায় শান্তিতে অবস্থান করিতে পারে, তাহার মত কেহ ধনী নাই, প্রমুক্ত নাই, শক্তিমান্ নাই।

দ্বাদশ অধ্যায়।

ক্রুশবহনের প্রয়োজন।

১। "তুমি আপনাকে অস্বীকার কর, তোমার ক্রুশ তুলিয়া লও, এবং আমার অনুবর্ত্তন কর"(৩) একথা সকলের নিকট কঠিন বলিয়া

(১) লূক ১৭।১০। (২) সাম ৮৬।১।

(৩) মথি ১৬।২৪।

মনে হয় (১) কিন্তু তেমনি কঠিন কথা শুনিতে হইবে যখন সেই দৈববাণী বলিবেন, "রে পতিতগণ, আমার নিকট হইতে চিরন্তন নরকাগ্নিতে প্রস্থান কর (২)।" অতএব এখন যে সকল ব্যক্তি ক্রুশ বহন করিবার আহ্বান মনোযোগের সহিত শ্রবণ ও ধৈর্য্যসহকারে অনুসরণ করিতে পারে, তাহারা শেষ বিচারের দণ্ডাজ্ঞায় ভীত হইবে না। সেই ভীষণ দিনে স্বর্গে ক্রুশের পতাকা প্রদর্শিত হইবে এবং যে সকল ব্যক্তি আপনাদিগের জীবন ক্রুশে বিদ্ধ ঈশার জীবনের অনুরূপ করিয়াছে তাহারা বিশুদ্ধ আশ্বস্ততা সহকারে বিচারক ঈশার সন্নিধানে উপনীত হইবে। যে ক্রুশ ঈশ্বরের স্বর্গরাজ্যের পথে তোমাকে লইয়া যাইবে সে ক্রুশ বহন করিতে তুমি তবে কেন ভয় কর ?

২। ক্রুশেতেই জীবন, ক্রুশেতেই স্বাস্থ্য; ক্রুশেতেই সর্ব্ববিধ শত্রু হইতে রক্ষাপ্রাপ্তি; ক্রুশ হইতেই স্বর্গীয় সুশীলতা, প্রকৃত ধীরতা, আত্মার আনন্দ, আত্মজয়, পবিত্রতার পূর্ণতা উৎপন্ন হয়! ক্রুশ বিনা অন্যত্র কোথাও পরিত্রাণ নাই, দেবজীবনের আশারও মূল নাই। অতএব তোমার ক্রুশ তুলিয়া লও, এবং ঈশাকে সেই পথে অনুবর্ত্তন কর যে পথ অনন্ত শান্তির দিকে লইয়া যায়। তোমার জন্য যে ক্রুশে তিনি প্রাণ দিয়াছেন (৩), সেই ক্রুশ বহন করিয়া এই জন্য তিনি তোমার অগ্রে গমন করিয়াছেন যে তুমিও তোমার ক্রুশ ধৈর্য্যসহকারে বহন করিয়া তাঁহার অনুসরণ করিতে পারিবে ও তাঁহার জন্য তদুপরি আত্মসম্বন্ধে মৃত হইতে সমর্থ

---

(১) যোহন ৬।৬১। (২) মথি ২৫।৪১—৪৫।

(৩) যোহন ১৯।১৭

হইবে; এবং যদি আমরা তাঁহার সহিত মৃত হই আমরা তাঁহার সহিত পুনর্জীবিত হইব; "যদি তাঁহার ক্লেশের ভাগী হই তাহা হইলে আমরা গৌরবেরও ভাগী হইব (১)।"

৩। দেখ, ক্রুশোপরি আত্মবিনাশেতেই সব; সমুদায় বাসনা ও প্রবৃত্তির সম্বন্ধে প্রতিদিন ক্রুশোপরি মৃত হওয়া ব্যতীত জীবন ও শান্তিলাভের অন্য কোন উপায় নাই। তোমার যেখানে ইচ্ছা গমন কর, তোমার পরিত্রাণপ্রাপ্তির জন্য যে কোন প্রণালী তুমি ইচ্ছা কর অনুসরণ কর, এই ক্রুশোপরি মৃত হওয়া অপেক্ষা তুমি ঊর্দ্ধ বা অধোতে কোন মহত্তর বা অধিকতর নিরাপদ পন্থা পাইতে পারিবে না।

৪। যদিও তুমি আপনার মনঃকল্পনামত সমুদায় কার্য্য নিষ্পন্ন কর এবং তোমার আপনার বিচারশক্তির নির্দ্ধারণানুসারে সে সমুদায় নির্ব্বাহ কর, তবুও তুমি নিরন্তর এমন কতকগুলি ক্লেশের বিষয় দেখিতে পাইবে, যাহা ইচ্ছায় হউক, অনিচ্ছায়ই হউক তোমাকে বহন করিতেই হইবে; সুতরাং তুমি নিয়ত ক্রুশ দেখিতে পাইবে; হয় তুমি শারীরিক ক্লেশ, নয় তুমি মানসিক দুঃখ যন্ত্রণা অনুভব করিবে। কখন কখন তুমি দেবানুগ্রহের অবিদ্যমানতা উপলব্ধি করিবে, কখন কখন তোমার প্রতিবেশী তোমার সুশীলতা ও ধৈর্য্যের পরীক্ষা করিবে; এবং এতদপেক্ষাও তুমি আপনার ভিতরে এমন একটি গুরুভার কখন কখন অনুভব করিবে যে, কোন মানুষের সাহায্য তাহাকে অপনয়ন করিতে পারে না, কোন পার্থিব সান্ত্বনা তাহাকে লঘু করিতে সমর্থ হয় না; কিন্তু তোমার উপরে সেই গুরুভারের স্থিতি যত দিন

(১) রোম ৮।১৭।

ঈশ্বর ইচ্ছা করেন, তত দিন তোমাকে উহা বহন করিতেই হইবে। দুঃখের ঘোরান্ধকারের অবস্থায় ঈশ্বরের শুভ ইচ্ছাই সান্ত্বনার কোন আলোক আমাদিগের নিকটে এই জন্য আসিতে দেয় না যে, আমরা ঈদৃশ বিনয় ও বাধ্যভাব শিক্ষা করিব যে, আমরা আমাদিগের ভাবী ও বর্ত্তমান সমগ্র অবস্থা তাঁহার সম্যক্ কর্ত্তৃত্বাধীনে রাখিতে পারি।

৫। যে হৃদয় ঈশা যেরূপ ক্লেশানুভব করিয়াছেন সেই জাতীয় ক্লেশ অনুভব করিয়াছে, সে হৃদয় ঈশার ক্লেশসমূহ যেরূপ ঠিক বুঝিতে পারে তেমন আর কোন হৃদয় পারে না। সর্ব্বত্র ক্রুশ নিয়ত প্রস্তুত রহিয়াছে এবং তোমার জন্য প্রতীক্ষা করিতেছে। যেখানে ইচ্ছা পলায়ন কর তুমি উহাকে পরিহার করিতে পারিবে না; কারণ যেখানে তুমি কেন পলায়ন কর না, তুমি আপনার সঙ্গে আপনাকে লইয়া গিয়া থাক এবং সেখানে গিয়া নিশ্চয় আপনাকে নিয়ত দেখিতে পাইবে। ঊর্দ্ধ বা অধঃস্থ, অন্তরস্থ বা বহিঃস্থ যে কোন বিষয়ের দিকে তুমি যাও না, একান্তই তুমি ক্রুশ দেখিতে পাইবে; এবং যদি তুমি শান্তি সম্ভোগ এবং গৌরবের অম্লান মুকুট লাভ করিতে চাও, তাহা হইলে সর্ব্ব স্থানে সর্ব্ব ঘটনায় ইচ্ছাপূর্ব্বক ক্রুশ বহন করা এবং "আত্মাকে সহিষ্ণুতার অবস্থায় রক্ষা করা (১) নিতান্ত প্রয়োজন।

৬। যদি তুমি ইচ্ছাপূর্ব্বক ক্রুশ বহন কর, উহা সত্বর তোমাকে ক্লেশের অতীত স্থলে লইয়া যাইবে; সে স্থানে "ঈশ্বর তোমার হৃদয় হইতে সমুদায় দুঃখ শোক অপনয়ন করিবেন" (২)।

---

(১) লূক ২১।১৯। (২) আইজা ৫১।১১।

কিন্তু যদি তুমি উহাকে অনিচ্ছাপূর্ব্বক বহন কর উহা তোমার পক্ষে অনির্ব্বচনীয় ক্লেশকর ভার হইবে, অথচ তোমাকে উহার ক্লেশানুভব করিতেই হইবে; এবং তোমা হইতে উহাকে দূরে নিক্ষেপ করিবার জন্য বার বার অধীর যত্ন দ্বারা তুমি কেবল নিজেকে উহার ভারবহনে ক্রমান্বয়ে অক্ষম করিয়া তুলিবে, পরিশেষে উহা তোমাকে নিষ্পেষণ করিবে।

৭। যাহা হইতে কোন মনুষ্য কখন বিমুক্ত হয় নাই; তাহা পরিহার করিতে তুমি কেন আশা কর? সাধুগণের মধ্যে কে দারিদ্র্য এবং দুঃখ বিনা সংসারযাত্রা নিষ্পন্ন করিয়াছেন? এমন কি, আমাদের চিরধন্য প্রভুও তাঁহার পবিত্র জীবনের এক মুহূর্ত্তও "তাঁহাকে যে তিক্ত পানপাত্র পান করিতে দেওয়া হইয়াছিল" (১) তাহার আস্বাদ গ্রহণ না করিয়া অতিপাত করেন নাই, এবং তিনি আপনার সম্বন্ধে এই কথা বলিয়াছেন যে, "গৌরবে প্রবেশ করিবার জন্য তাঁহারও ক্লেশ বহন এবং মৃতদিগের মধ্য হইতে উত্থান করা প্রয়োজন হইয়াছিল" (২)। অপিচ যে পথে ক্রুশ বহন করিয়া তোমার পরিত্রাণের অধিনায়ককে অনুগমন করিবার জন্য তুমি আহূত হইয়াছ, সেই পথ ছাড়িয়া গৌরবোদ্দেশে অন্য পথ তুমি কেন অন্বেষণ কর? ঈশার জীবন নিরবচ্ছিন্ন ক্রুশ—অবিভগ্ন ক্লেশপরম্পরা, এবং তুমি কি অবিশ্রান্ত বিশ্রান্তি ও আনন্দ অভিলাষ কর? যদি তুমি বিপদ পরীক্ষা বিনা অন্য কিছু আশা কর তাহা হইলে তুমি বঞ্চিত, ভয়ানক বঞ্চিত; কারণ এই পার্থিব জীবন দুঃখে পরিপূর্ণ এবং ইহার প্রতি বিভাগ ক্রুশাঙ্কিত (৩)।

(১) যোহন ১৮।১১। (২) লূক ২৪।২৬।৪৬। (৩) যোব ১৪।১।

৮। যেখানেই কেন ক্রুশের সহিত দ্বিজত্বপ্রাপ্ত ব্যক্তির সাক্ষাৎকার হউক না, তিনি যত অধিক আধ্যাত্মিক হন, ততই উহাকে বুঝিয়া ফেলিবার পক্ষে সূক্ষ্ম দৃষ্টি লাভ করেন; এবং তাঁহার ঈশ্বরের প্রতি প্রীতি এবং তাঁহার সহিত একত্বের অভিলাষের পরিমাণানুসারে তাঁহার পতিত জীবনের দণ্ডস্বরূপ স্বর্গ হইতে বিচ্যুতিজনিত অকল্যাণসমূহের বোধ বাড়িতে থাকে। কিন্তু এই ব্যক্তি এইরূপ দুঃখ অনুভব করিয়াও তাঁহার ক্লেশসমূহ হইতে আশা প্রাপ্ত হন, কারণ যখন তিনি এ সকল বিনীত বিনম্র বশ্যতা সহকারে বহন করেন, তখন তাহাদের ভার ক্রমান্বয়ে হ্রাস পাইতে থাকে; এবং সাংসারিক ব্যক্তিগণের নিকটে যে সমস্ত বিষয় ভয়প্রদ, তাঁহার নিকটে সে সমুদায় স্বর্গীয় শান্তির অঙ্গীকার। তিনি অনুভব করেন যে, নবজীবনপ্রাপ্ত মানবের বল, জীবন এবং শান্তি—কষ্ট, ক্ষয় এবং পুরাতন জীবনের মৃত্যু হইতে—সমুত্থিত হয়; এবং ক্রুশে নিহত তাঁহার পরিত্রাণসহায়ের যে জীবনানুবর্ত্তন ঈশ্বরেতে পূর্ব্ব পূর্ণাবস্থা পুনঃ প্রাপ্তির একমাত্র উপায় সেই জীবনানুবর্ত্তনের অভিলাষ হইতে তিনি ঘোরতর বিপদ পরীক্ষাতেও এত অধিক বল ও শান্তিলাভ করেন যে, তিনি সে সকল ছাড়িয়া এক মুহূর্ত্তও জীবন ধারণ করিতে অভিলাষ করেন না। এই বিষয়ের যথার্থ উজ্জ্বল দৃষ্টান্ত ধন্যাত্মা পল; তিনি তাঁহার সম্বন্ধে বলিয়াছেন, "আমি খ্রীষ্টের জন্য দৌর্ব্বল্যে, ভৎসনায়, অভাবে, নির্য্যাতনে, দুঃখেতে আহ্লাদিত হই, কারণ যখন আমি দুর্ব্বল তখনই আমি প্রবল।"

৯। এই ক্লেশ বহন করিবার জন্য অভিলাষ এবং ক্লেশের অবস্থায় এই বিনীত ও ধীর বশ্যভাব মানুষের আপনার অন্তর্ভূত

কোন শক্তির ফল নয় এবং সে উহা আপনার বলিয়াও কোন অভিমান করিতে পারে না, কিন্তু এটি ঈশানুগ্রহের বিশুদ্ধ ফল; পতিত আত্মা স্বভাবতঃ যে বিষয়টিকে ঘৃণা ও পরিহার করিত সেই বিষয়কে প্রীতি ও আলিঙ্গন করাইবার পক্ষে উহা প্রবলতর-রূপে কার্য্য করে (১)। না; ক্রুশকে ভালবাসা ও বহন করা, শারীরিক প্রবৃত্তিসমুদায়কে অবরোধ এবং তাহাদিগকে সম্যক্ আত্মার অধীনতায় আনয়ন করা, সম্মান পরিহার এবং সুশীলতা সহকারে অবমাননা গ্রহণ করা, আপনাকে ঘৃণা করা এবং অন্যেও ঘৃণা করে এইরূপ ইচ্ছা করা, সম্পদ ও স্বাস্থ্যের ক্ষতি এবং বন্ধু-বিচ্ছেদ প্রশান্ত আত্মসমর্পণ সহকারে বহন করা এবং ধন সম্ভ্রম ও পৃথিবীর আমোদ অভিলাষ না করা, মানুষের সাধ্য নয় (২)। যদি তুমি এ সমুদায় সম্পন্ন এবং এ সকলের ক্লেশ বহন করিতে আপনার ইচ্ছা ও বলের উপরে নির্ভর কর, তাহা হইলে অন্য একটি জগৎ সৃষ্টি করা যদ্রূপ অসাধ্য সেইরূপ উহা সম্পন্ন করিতে তুমি আপনাকে অসমর্থ দেখিতে পাইবে, কিন্তু তুমি তোমার অন্তরস্থ দৈবশক্তির দিকে যদি তোমার দৃষ্টি ফেরাও এবং কেবল তাঁহাকেই সমুদায়ের কর্ত্তা ও বহনকারী বলিয়া বিশ্বাস কর, তাহা হইলে সর্ব্বশক্তিমানের শক্তি তোমাতে সঞ্চারিত হইবে, এবং সংসার ও শারীরিক প্রবৃত্তি তোমার পদতলে ন্যস্ত হইবে। যখন তুমি এই পবিত্র আশ্বস্ততারূপ শস্ত্রে সজ্জিত এবং ঈশার ক্রুশ কর্ত্তৃক রক্ষিত, তখন তোমার প্রধান শত্রু পাপপিশাচের অতীব

---

(১) গালা ৫।১৬।২৪।

(২) ১ কর ১।২৭; ফিলি ৪।১৩।

বিদ্বেষপূর্ণ প্রবন্ধসমূহকে ভয় করিবার তোমার কোন প্রয়োজন নাই (১)।

১০। অতএব তোমার চিরধন্য প্রভু তোমার প্রতি অসীম প্রেমের প্রমাণস্বরূপ যে ক্রুশে আপনি বিদ্ধ হইয়াছিলেন সেই ক্রুশ যথার্থ বিশ্বস্ত ভৃত্যের ন্যায় ধৈর্য্য ও দৃঢ়প্রতিজ্ঞা সহকারে বহন করিবার জন্য আপনাকে প্রস্তুত রাখ। এই দুঃখময় জীবনের অগণ্য উৎপাত ও অসুবিধা ধৈর্য্য সহকারে বহন করিবার জন্য তোমার আত্মাকে প্রস্তুত কর; কারণ যদিও তুমি পৃথিবীর অন্তিমভাগে পলায়ন কর, অথবা গভীর পর্ব্বতগহ্বরে আপনাকে লুক্কায়িত রাখ, এ গুলিকে দেখিতে পাইবেই, এবং কেবল সহিষ্ণুতা সহকারে বহনই ইহাদের ক্ষমতাকে অকর্ম্মণ্য, অথবা যে সমস্ত ক্ষত উহারা উৎপাদন করিয়াছে সে সমুদায়কে পূরণ করিতে পারে (২)। তোমার প্রভুর প্রতি বন্ধুত্ব এবং "তাঁহার সহিত তোমার যে অংশ আছে" (৩) তাহা প্রদর্শন করিতে যদি তোমার অভিলাষ থাকে, তাহা হইলে তাঁহার তিক্ত পানপাত্র অনুরাগভরে ও প্রমুক্তভাবে পান কর। সান্ত্বনাদান ঈশ্বরের ইচ্ছার উপরে রাখিয়া দেও এবং তোমার পার্থিব জীবনের বিবিধ প্রকারের বিপদ পরীক্ষাকেই কেবল মনোমত সুখরূপে সর্ব্বাপেক্ষা অভিলাষ কর; কারণ তোমার প্রাপ্যাংশরূপে" "বর্ত্তমান সময়ের সমুদয় দুঃখ ক্লেশ" যদি একীভূত হয়, তথাপি তোমাতে যে গৌরব অভিব্যক্ত হইবে সে গৌরবের সহিত তাহা উপমিত হইবার যোগ্য নহে (৪)।

---

(১) ২ কর ১।৪। (২) মথি ২০।২২, ২৩।
(৩) যোহন ১৩।১৮। (৪) রোম ৮।১৩।

১১। যখন তুমি তোমার আত্মানুরাগের উপরে ঈদৃশ প্রকৃত বিজয়লাভ করিয়াছ যে ঈশার প্রতি প্রেম দুঃখবিপদ্‌কে কেবল সহজ নয় কিন্তু অভিলষণীয় করিয়াছে, তখন সকল বিষয়ই তোমার নিকটে মঙ্গলকর হইবে এবং তুমি বৈকুণ্ঠের দ্বার দেখিতে পাইবে। কিন্তু যখন প্রত্যেক বিপদ পরীক্ষা দুঃখ-ও ক্লেশকর হয় এবং উহাকে পরিহার করা তোমার আত্মার অভিলাষ হয়, তখন তুমি অতীব দুর্দ্দশাগ্রস্ত না হইয়া থাকিতে পার না, এবং যাহা তুমি পরিহার করিতে প্রয়াস পাইতেছ তাহা তুমি যেখানে যাইবে তোমায় অনুসরণ করিবেই। ক্রুশ ধৈর্য্য সহকারে বহন করা এবং তদুপরি আত্মবিনাশ সাধন করা পতিত মনুষ্যের অপরিহার্য্য কর্ত্তব্য; এবং কেবল এই সকলের দ্বারাই সে অন্ধকার, বিকার এবং দুঃখ হইতে আপনাকে রক্ষা করিতে এবং জীবন আলোক ও শান্তির অধিকার পুনঃ প্রাপ্ত হইতে পারে। যদিও তুমি সাধু পলের ন্যায় "অকস্মাৎ তৃতীয় স্বর্গে উত্তোলিত" (১) হও, তথাপি তুমি দুঃখ ক্লেশ হইতে বিমুক্ত হইতে পারিবে না, কারণ সাধুপলের সম্বন্ধেই তাঁহার উদ্ধারকর্ত্তা বলিয়াছেন, "আমার নামের জন্য কত বিষয়ে সে দুঃখ সহ্য করিবে আমি তাহাকে দেখাইব" (২)। অতএব ক্লেশভোগ করাই তোমার প্রাপ্য অংশ; এবং ধৈর্য্য সহকারে ইচ্ছাপূর্ব্বক ক্লেশ বহন করাই তোমার প্রভুর প্রতি প্রীতি ও বশ্যতার প্রধান প্রমাণ।

১২। অহো, "ঈশার নামের জন্য কোন ক্লেশ" (৩) যদি তুমি বহন করিতে উপযুক্ত হইতে! তোমার জন্য কি গৌরবই সঞ্চিত

---

(১) ২ করি ১২।২। (২) ক্রিয়া ৯।১৬।

(৩) ঐ ৫।৪১।

হইত, ঈশ্বরের সাধু সন্ততিগণের মধ্যে কি আনন্দই বিস্তার হইত এবং তোমার প্রতিবেশিগণের মধ্যে কি পবিত্র ধর্ম্মোৎসাহই উদ্দীপিত হইত! যদিও সকলে সহিষ্ণুতার প্রশংসা করে তথাপি অল্প লোকেই ক্লেশ সহিতে ইচ্ছুক; যখন মানুষেরা সংসারের জন্য এত অধিক ক্লেশ সহ্য করে, ঈশার জন্য কিঞ্চিৎ সহ্য করা তোমার পক্ষে ভাল।

১৩। জান যে, তোমার পতিতস্বভাবসিদ্ধ প্রবৃত্তি ও রিপুগণসম্বন্ধে তোমার জীবন অবিচ্ছিন্ন মৃত্যু হইবে এবং ইহাও জান যে, তুমি যত আপনার সম্পর্কে পূর্ণভাবে মৃত হইবে তত ঈশ্বরসম্পর্কে ঠিক জীবিত হইতে আরম্ভ করিবে যে পর্য্যন্ত না মনুষ্য অসহিষ্ণুতা এবং আত্মানুরাগ বশীভূত করে, এবং ঈশার জন্য যে কোন দারিদ্র্যের দুঃখ সহ্য করিতে প্রস্তুত হয়, সে পর্য্যন্ত সে পরিত্রাণের সুমহৎ সত্য বুঝিবার উপযুক্ত হয় না। ইটি ঈশ্বরের নিকটে এত গ্রহণীয় এবং আত্মার পক্ষে এত মঙ্গলকর যে, যদি বর্ত্তমান জীবনের অবস্থা মনোনীত করা তোমার উপরে থাকিত তাহা হইলে সান্ত্বনা ও বিশ্রান্তি অবিশ্রান্ত সম্ভোগ করা অপেক্ষা তুমি ঈশার জন্য দুঃখ ক্লেশ সহ্য করা শ্রেষ্ঠ মনে করিতে; কারণ ইহা তোমায় ঈশা এবং সকল সাধুগণের অনুরূপ করিয়া দিবে। বস্তুতঃ আমাদিগের অবস্থার পূর্ণতা এবং ঈশ্বর কর্ত্তৃক গৃহীত হওয়া নিরন্তর সান্ত্বনা এবং উৎকট আনন্দের অবস্থাপেক্ষা সহিষ্ণুতা সহকারে দীর্ঘকালস্থায়ী কঠিন দুঃখ সহ্য করার উপরে সমধিক নির্ভর করে।

১৪। রক্ত মাংসের স্বার্থময় পতিত জীবন, যে জীবন ঈশ্বর হইতে বিচ্ছেদ এবং তাঁহার সহিত শত্রুতা ঘটায় সেই জীবন

হইতে মানুষ যদি ক্রুশ বহন বা আত্মেচ্ছাসম্বন্ধে মৃত না হইয়াও অন্য কোন পন্থায় মুক্ত হইতে পারিত, তাহা হইলে ঈশা তাহা নিজের কথায় শিক্ষা দিতেন এবং আপনার দৃষ্টান্তে সুদৃঢ় করিতেন। কিন্তু যাঁহারাই তাঁহার অনুসরণ করিতে চান তাঁহাদিগের সকলের সম্বন্ধেই ক্রুশ বহন করা তিনি চাহিয়াছেন এবং এক জনকেও বাদ না দিয়া তিনি বলিয়াছেন, "কোন ব্যক্তি যদি আমার অনুবর্ত্তন করে তবে সে আপনাকে অস্বীকার করুক, তাহার ক্রুশ তুলিয়া লউক, এবং আমার অনুসরণ করুক (১)।"

১৫। যে সুখকর অবস্থা হইতে আমরা বিভ্রান্ত হইয়া গিয়াছি, সেই অবস্থায় পুনরাবর্ত্তননিমিত্ত পথ বাহির করিবার জন্য যখন আমরা সকল গ্রন্থ পাঠ করি এবং সকল প্রণালী পরীক্ষা করিয়া দেখি, তখন কেবল এই সিদ্ধান্ত অবশেষ থাকে, "বহু উদ্বেগের ভিতর দিয়া আমাদিগকে স্বর্গরাজ্যে প্রবেশ করিতে হইবে (২)।"

---

(১) মথি ১৬।২৪। (২) ক্রিয়া ১৪।২২।

কেশবচন্দ্র।

শ্রীমৎ কেশবচন্দ্র সেন সম্বন্ধে

উপাধ্যায়প্রদত্ত বক্তৃতাসমূহ।

দ্বিতীয় ভাগ।

মঙ্গলগঞ্জ মিশন প্রেস।

মূল্য ।॰ আনা।

কেশবচন্দ্রে ব্রহ্মস্বরূপের সাম্রাজ্য *।

"কেশবচন্দ্রে ব্রহ্মস্বরূপের সাম্রাজ্য" অদ্যকার বলিবার বিষয়। এ দেশের সম্বন্ধে এ বিষয়টি কিছু নূতন নয়, কিন্তু পাশ্চাত্য প্রদেশের পণ্ডিতগণ বিষয়টি ভাল করিয়া হৃদয়ঙ্গম করিতে পারেন নাই, তাই ভারতবর্ষের ধর্ম্মসম্বন্ধে তাঁহারা বড়ই ভ্রান্তমত পোষণ করেন। তাঁহারা মনে করেন, অদ্বৈতবাদ এ দেশের ধর্ম্ম, অদ্বৈতবাদে নির্গুণ ব্রহ্মই সত্য, আর যাহা কিছু সকলই মিথ্যা। জীবও নাই, জগৎও নাই, এক ব্রহ্মই আছেন, ব্যক্তিত্ববোধ ভ্রান্তিমূলক, ব্রহ্মেতে কোন কালে ব্যক্তিত্ব নাই। ইউরোপ বা আমেরিকা হইতে যিনি কেন এদেশে আসুন না, তিনিই এ দেশের ধর্ম্মকে অদ্বৈতবাদ (Pantheism) বলিয়া উহার অধঃকরণ করেন, এবং ব্রহ্মকে পুরুষভাবে গ্রহণ না করাতে ভারতের ধর্ম্ম যে মানবজীবনের পক্ষে নিতান্ত অনুপযোগী, ইহা প্রকাশ্যে বলিতে কুণ্ঠিত হন না। কোন এক দেশের ধর্ম্মের সবিশেষ পর্য্যালোচনা না করিয়া তৎসম্বন্ধে বিরুদ্ধ মত প্রকাশ যে অতি অবিচার তাহা তাঁহাদের মনে থাকে না। সম্প্রতি এরূপ অবিচার ঘটিয়াছে, তাই এ কথার উল্লেখ প্রয়োজন হইয়া পড়িয়াছে। অদ্যকার আলোচ্য বিষয়টির সঙ্গে এমন কি যোগ আছে, যাহাতে সে কথার উল্লেখ হইতে পারে, তাহা দেখান প্রয়োজন।

"সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" এ সমুদায়ই ব্রহ্ম, এ কথা বলিলে জীব পর্য্যন্ত উড়িয়া যাইতেছে। জীব যদি না থাকিল, তাহা হইলে

---

* চতুঃষষ্টিতম জন্মোৎসবোপলক্ষে উপাধ্যায় প্রদত্ত বক্তৃতামূলক।

ধর্ম্মাধর্ম্ম রহিল কোথায়? অদ্বৈতবাদে ধর্ম্মাধর্ম্ম অসম্ভব, সুতরাং উহা কেবল যে জনসমাজের উপযোগী নয় তাহা নহে, উহাতে নরনারীর সর্ব্বনাশ ঘটে। যত পাপ এই মত হইতে উৎপন্ন হয়। 'এ সমুদায়ই ব্রহ্ম' এ কথা কি ভাবে গৃহীত হইয়াছে, এবং হইতে পারে, তৎসম্বন্ধে বিচার নিষ্প্রয়োজন। কোন পক্ষ যদি ঘোরতর অদ্বৈতবাদস্থাপন করিয়া থাকেন, আবার অপর পক্ষ সেই অদ্বৈতবাদের খণ্ডন করিয়া ব্রহ্মের পরমপুরুষত্বস্থাপন করিয়াছেন, ইহা আর এদেশে কে না জানে? উভয় পক্ষ কি বলিয়াছেন, সে বিচারে প্রবেশ করিবার আজ অবকাশ নাই, কিন্তু অদ্য যে বিষয় আলোচিত হইবার কথা, তাহাতেই অদ্বৈতবাদ খণ্ডিত হইয়া যায়। হিন্দু দর্শনশাস্ত্রে "আবিভূ‍র্তস্বরূপ" বলিয়া একটী কথা আছে, সে কথায় অদ্বৈতবাদ কিছুতেই দাঁড়ায় না। অবতারমাত্রে 'আবিভূ‍র্তস্বরূপ'। মানুষে ঈশ্বরের স্বরূপাবির্ভাব বিনা কখন অবতার হয় না। আমি প্রথমতঃ মনে করিয়াছিলাম "কেশবচন্দ্রে ব্রহ্মস্বরূপের আবির্ভাব" বিষয়টির এই নামকরণ করিব। কিন্তু এরূপে নামকরণ করিলে হঠাৎ লোকের মনে কেশবচন্দ্রকে অবতার করা হইতেছে সংশয় জন্মিবে, এই ভাবিয়া 'আবির্ভাবের' স্থলে 'সাম্রাজ্য' এই শব্দ নিবিষ্ট করিয়াছি। ইহাতে তাঁহাকে অবতার করায় আশঙ্কা অন্তরিত এবং বক্তব্য বিষয়টিও অতি পরিষ্কৃত হইয়াছে।

যাঁহারা 'আবিভূ‍র্তস্বরূপ' তাঁহাদের মধ্যে স্বরূপাবির্ভাব হয় কেন? কোন একটি মহাব্যাপারসাধনকরিবার জন্য তৎসাধনোপযোগী স্বরূপ তাঁহাদের মধ্যে আবিভূ‍র্ত হওয়া প্রয়োজন হয়, তাহারই নিমিত্ত। কোন ব্যক্তিতে শক্তি, কোন ব্যক্তিতে

জ্ঞান, কোন ব্যক্তিতে প্রেম, এইরূপ ভিন্ন ভিন্ন ব্যক্তির ভিন্ন ভিন্ন জীবনের কার্য্যানুসারে স্বরূপাবির্ভাব হয়, এবং সেই স্বরূপ দ্বারা পরিচালিত হইয়া তাঁহারা জীবনের বিশেষ কার্য্য সাধন করেন। এই সকল ব্যক্তি আপনাদের সমুদায় মহত্ত্ব গৌরব অস্বীকার করিয়া যদিও সেই সেই স্বরূপেরই মহিমা বর্দ্ধিত করেন, তথাপি তাঁহারা আপনারা যে সেই সেই স্বরূপ হইতে ভিন্ন, এ জ্ঞান তাঁহাদের বিলুপ্ত হয় না। উপদেশদানকালে তাঁহারা স্বরূপ সহ অভিন্ন ভাবাপন্ন ইহা অনুভব করিলেও, অন্য সময়ে তাঁহারা তাঁহাদের স্বাতন্ত্র্য বিলক্ষণ হৃদয়ঙ্গম করিতেন, সুতরাং এখানে ঘোরতর অদ্বৈতবাদ প্রবেশ করিতে পারিত না। তাঁহারা ভগবৎস্বরূপাধীন হইয়া যে তাঁহাদের জীবনের কার্য্যসম্পাদন করিতেছেন, এ বোধ তাঁহাদিগেতে ছিল। 'আবির্ভূতস্বরূপ' ব্যতীত 'আধিকারিক পুরুষ' বলিয়া আর একটি শব্দ আছে যাহাতে এই বুঝায় যে, বিশেষ বিশেষ কার্য্যসাধনের জন্য আধিকারিক পুরুষগণ ঈশ্বরকর্ত্তৃক ভূতলে প্রেরিত হন। ইহারা যে প্রেরয়িতা ঈশ্বর হইতে আপনাদিগকে ভিন্ন বলিয়া জানিবেন, এ কথা আর বলিবার অপেক্ষা রাখে না। যে দেশে 'আবির্ভূত স্বরূপ' এবং 'আধিকারিক পুরুষের' মত প্রচলিত আছে, সে দেশে কেবল এক ঘোর অদ্বৈতবাদ আছে আর কিছুই নাই, এ কথা বলা কত দূর অসঙ্গত, সকলেই সহজে বুঝিতে পারেন।

'আবির্ভূতস্বরূপ' এবং 'আধিকারিক পুরুষ' ইহাদিগেতেই যদি কেবল ঈশ্বরের স্বরূপ প্রকাশ পায় এবং জনসাধারণের সহিত যদি ঈশ্বরস্বরূপের কোন সম্বন্ধ না থাকে, তাহা হইলে কেবল ঈশ্বরের পক্ষপাত হইল তাহা নহে, সেই সকল 'আবির্ভূতস্বরূপ'

'আধিকারিক পুরুষেরা' সাধারণ লোকের নিকট ঈশ্বরস্থলাভিষিক্ত পূজ্য দেবতা হইলেন। এত কাল লোকে এইরূপই বুঝিয়া আসিয়াছে, কিন্তু আজ উনবিংশ শতাব্দী অতিক্রম করিয়া বিংশ শতাব্দীতে আমরা প্রবেশ করিয়াছি, এখন আর বিচারে প্রকৃত তত্ত্ব প্রচ্ছন্ন থাকিতে পারে না। এখন আমরা বুঝিতে পারিতেছি, ব্যক্তিমাত্রেতেই কোন না কোন একটি স্বরূপের প্রধান্য থাকে, এবং সেই স্বরূপ দ্বারা তাহার জীবন জ্ঞাত বা অজ্ঞাতসারে নিয়মিত হয়। সাধারণ লোককে আমরা তুচ্ছ দৃষ্টিতে দেখিয়া থাকি, তাই তাহাদিগের ভিতরে যে কোন-একটি স্বরূপের প্রাধান্য আছে, ইহা আমরা বুঝিয়া উঠিতে পারি না। সকল ব্যক্তিতেই ঈশ্বর আছেন, ইহা আমরা মতে মানি, কিন্তু ঈশ্বর আছেন বলিলেই সে সকল ব্যক্তির ভিতরে যে দেবভাব বিদ্যমান, ইহা মানিতে হয়। শক্তি জ্ঞান প্রেম পুণ্যাদি বিনা দেবভাব আর কি? ধর্ম্মজগৎ ভিন্ন অন্যত্রও যে স্বরূপের আবির্ভাব হইতে পারে, ইহা কেহই বিশ্বাস করিতে পারেন না। কবির কবিত্ব, শিল্পীর শিল্পনৈপুণ্য, বিজ্ঞানবিদের অনুসন্ধিৎসা, এ সকলও যে স্বরূপের আবেশে ঘটিয়া থাকে, এ বিষয়ে কি আর কোন সংশয় আছে? ধর্ম্মরাজ্যে ঈশ্বরের সহিত সাক্ষাৎসম্বন্ধ অনুভূত হয়, সুতরাং এখানে স্বরূপাবির্ভাব সহজে ধরা পড়ে কিন্তু অন্যত্র স্বরূপ বিশেষ সেই সেই ব্যক্তিতে অজ্ঞাতসারে কার্য্য করে বলিয়া, যদি ধারাও না পড়ে, তথাপি তাঁহাদিগের বিশেষ বিশেষ কার্য্য বা বিশেষ বিশেষ ভাব যে স্বরূপাবির্ভাবশতঃ প্রকাশ পায়, তত্ত্বদর্শী চক্ষুর নিকটে তাহা প্রচ্ছন্ন থাকিতে পারে না।

যে ব্যক্তিতে যে স্বরূপ আবির্ভূত, তাঁহার অজ্ঞাতসারে সেই

স্বরূপের কার্য্য তাঁহার জীবনে চলিলে কি হয়, একটি দৃষ্টান্তগ্রহণ করিলেই আমরা তাহা বুঝিতে পারিব। স্বর্গগত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর দয়ার জন্ত প্রসিদ্ধ। পরের দুঃখ দেখিলে তিনি কিছুতেই স্থির থাকিতে পারিতেন না। যাহাদিগকে তিনি দয়া করিতেন, তাহাদের অকৃতজ্ঞতাদর্শন করিয়া তাঁহার মনে তিক্ত রসের সঞ্চার হইয়াছিল এবং কেহ তাঁহার নিন্দাবাদ করিলে তিনি বলিতেন, আমি ও ব্যক্তির কোন দিন কি কোন উপকার করিয়াছি, অন্যথা সে আমার নিন্দাবাদ করে কেন? তিনি পৃথিবীর ব্যবহারে অত্যন্ত উত্যক্ত হইয়াছিলেন, এবং এ দেশের যে কোন দিন ভাল হইবে তদ্বিষয়ে তাঁহার বিলক্ষণ সন্দেহ জন্মিয়াছিল, কিন্তু মনের এরূপ অবস্থাসত্ত্বেও তিনি দয়ার আবেগ কিছুতেই সংবরণ করিতে পারিতেন না। তিনি অবশভাবে আপনার ইচ্ছার বিরোধে দয়ার দ্বারা পরিচালিত হইতেন। তাঁহার এ দয়া কি? স্বরূপাবির্ভাব। ঈশ্বরের দয়া তাঁহাতে প্রবিষ্ট থাকিয়া তাঁহার কেশাকর্ষণ করিয়া ছিল, সাধ্য কি যে তিনি দয়ার আবেগ অবরুদ্ধ করেন। সকলেই নিজ নিজ স্বভাবের বশ, স্বভাবকে কেহই অতিক্রম করিতে পারে না, ইহার অর্থ আর কিছুই নহে, সেই স্বভাবের ভিতরে যে স্বরূপাবির্ভাব আছে, সেই স্বরূপের দ্বারা সেই সেই ব্যক্তি অবশভাবে পরিচালিত হয়। এরূপে পরিচালিত হইতে গিয়া পদে পদে পরীক্ষা উপস্থিত হয় বটে, কিন্তু সে সকল পরীক্ষা অকল্যাণ নহে কল্যাণের জন্যই হইয়া থাকে।

জ্ঞাতসারে স্বরূপদ্বারা পরিচালিত হওয়া এবং অজ্ঞাতসারে স্বরূপদ্বারা পরিচালিত হওয়া, এ দুয়ের মধ্যে মহৎ পার্থক্য আছে। মাননীয় ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর স্বরূপদ্বারা পরিচালিত

হইয়াও তাঁহার পরিচালক কে, তৎসম্বন্ধে তাঁহার সাক্ষাৎজ্ঞান না থাকাতে তিনি দয়া করিয়াও জনদ্বেষ হইতে মুক্ত হইতে পারেন নাই। আমি কিছুই নই, ভগবানের স্বরূপ আমাকে স্ববশে রাখিয়া আমার দ্বারা এই সকল কার্য্য করিয়া লইতেছেন, ইহা যাঁহাদিগের সাক্ষাৎ জ্ঞানের বিষয় হইয়াছে, তাঁহারা তাঁহাদের প্রতি কে কি ব্যবহার করিলেন তদ্দর্শনে কোন প্রকার বিরক্তি বা চাঞ্চল্যের অধীন হন না, স্বরূপাধীনে কার্য্য করিতে পারিলেই তাঁহাদের আনন্দ। আমি এক সময়ে কাছাড় হইতে নৌকায় ছিলটে আসিতেছিলাম। নৌকা রজনীতে ছাড়িয়া দেওয়া হইল। নদীর ভিতর যেখানে প্রস্তররাশি ছিল সেই স্থানটি ছাড়াইয়া নৌকা নদীর স্রোতের মুখে ছাড়িয়া দিয়া মাঝী ঘুমাইয়া পড়িল। নদী প্রশস্ত নয় বক্রগতি, স্রোত প্রখর, সুতরাং নৌকা স্রোতের বেগে ক্রমান্বয়ে এ কূল ও কূল করিয়া বেগে ছুটিয়া চলিল, কখনও বা ঘূর্ণায় পড়িয়া সেই স্থানে ঘুরিতে লাগিল। মাঝিকে ডাকিয়া তুলিয়া সে স্থান ছাড়াইয়া দিতে হইল বটে, কিন্তু সে ছাড়াইয়া দিয়া আবার বিভোরে নিদ্রা যাইতে লাগিল। আমার চক্ষে নিদ্রা নাই, কেন না নাবিকহীন নৌকায় অরোহণ আমার অভ্যাস ছিল না, পদে পদে বিপদের আশঙ্কা আমার মনে ছিল। যাঁহারা অজ্ঞাতসারে কোন স্বরূপদ্বারা পরিচালিত হইয়া জীবন পথে চলেন, তাঁহাদের জীবন ও এই নৌকাখানির অবস্থা একই রূপ। নৌকার মাঝি যদি চালাইত, উহা এক বার এ কূল আবার ও কূল করিয়া কখনও চলিত না, ঠিক নদীর মাঝ দিয়া সমানভাবে চলিয়া যাইত। নৌকা এ কূল ও কূল করিয়া গম্যস্থানের দিকে চলিল বটে, কিন্তু কখনও

কখনও ঘূর্ণায় আটকাইয়া পড়া, কোথাও কূলে আঘাত লাগা বা অন্য প্রকারে বিপদ্‌গ্রস্ত হওয়া তৎসম্বন্ধে অনিবার্য্য ছিল। স্বরূপের দ্বারা অজ্ঞাতসারে যিনি পরিচালিত হন, তাঁহারও ঠিক এই প্রকার দুর্দ্দশা ঘটিয়া থাকে। কবি কবিত্বপ্রকাশ করিতেছেন, অথচ সেই কবিতার জন্যই এমন সকল প্রলোভনে পড়েন যে তাহাতে তাঁহার চরিত্রের পর্য্যন্ত স্খলন হয়। এইরূপে যাঁহারা পরিচালক স্বরূপসম্বন্ধে সাক্ষাৎ জ্ঞান রাখেন না, তাঁহারা তদ্দ্বারা বিপদ্‌গ্রস্ত হইয়া থাকেন, কিন্তু বিপদ্‌গ্রস্ত হইলেও সেই স্বরূপই চরমে তাঁহাদিগকে গম্যস্থানে লইয়া উপস্থিত করে।

স্বরূপসম্বন্ধে সাক্ষাৎ জ্ঞান কি, সেই সাক্ষাৎ জ্ঞানই বা কি প্রকারে লাভ করিতে পারা যায়, তাহার আলোচনায় প্রবৃত্ত হইলে বক্তব্য বিষয়টি সুস্পষ্ট হইবে এবং যাঁহার সম্বন্ধে বলা হইতেছে তিনি আমাদের চক্ষের সম্মুখে আসিয়া উপস্থিত হইবেন। আজ যাঁহার জন্মদিন, তাঁহার জীবনে আমরা ব্রহ্মস্বরূপের ক্রিয়া প্রত্যক্ষ করিয়াছি। যখন যে স্বরূপ তাঁহার জীবনে আবির্ভূত হইয়াছে, জ্ঞানপূর্ব্বক সেই স্বরূপের তিনি অনুবর্ত্তন করিয়াছেন, সে স্বরূপের বিরোধী কোন কার্য্য তাঁহার জীবনে প্রকাশ পায় নাই। আত্মজীবনের ভিতরে স্বরূপের ক্রিয়া দর্শন করিয়া তাহার অনুবর্ত্তন, ইহাই স্বরূপসম্বন্ধে সাক্ষাৎ জ্ঞান। কিন্তু এই সাক্ষাৎ জ্ঞানপ্রাপ্তির জন্য কি ভাবাপন্ন হইতে হয়, কি ভাবাপন্ন হইলে তবে সাক্ষাৎ জ্ঞান উপস্থিত হয়, কেশবচন্দ্রের জীবন তাহা প্রদর্শন করিয়াছে। সাধারণ ব্যক্তিগণ কোন না কোন এক ধর্ম্মসম্প্রদায়ভুক্ত হইয়া তাহার নিয়ম, ব্যবস্থা, শাস্ত্র ও গুরূপদেশ প্রভৃতির অনুসরণ করিয়া চলে। এ অনুসরণের ভিতরে

দেখিতে পাওয়া যায়, যে ব্যক্তিতে যে স্বরূপের ক্রিয়া গূঢ়ভাবে কার্য্য করিতেছে, সেই স্বরূপের অনুরূপ বিষয় সকল সে ব্যক্তি অনুসরণ করিতেছে। এরূপ করিয়াও সে আপনার ভিতরে সেই স্বরূপের ক্রিয়া এই জন্য বুঝিতে পারিতেছে না যে, তাহার অন্তরস্থ স্বরূপের দিকে দৃষ্টি নাই, বাহিরের নিয়ম বিধি প্রভৃতির প্রতি তাহার দৃষ্টি। কেশবচন্দ্রের জীবনে অতি প্রথম হইতে এই গতানুগতিক ভাবের অভাব লক্ষিত হইয়াছিল। জীবনের প্রত্যূষে তিনি কোন সম্প্রদায়ভুক্ত হন নাই, কোন শাস্ত্রের অনুবর্ত্তন করেন নাই, কোন সাধু মহাজনকে আপনার জীবনপথের নেতা করেন নাই। তিনি একমাত্র যাঁহাকে আপনার জীবনের নেতা বলিয়া বিশ্বাস করিয়াছিলেন, তিনি ঈশ্বর। জীবনপথে চলিতে এই এক ঈশ্বরকেই তিনি সকল কথা জিজ্ঞাসা করিতেন, এবং তিনি যা বলিতেন, কোন কথা না কহিয়া তিনি তাহারই অনুবর্ত্তন করিতেন। ঈশ্বর সত্য, ঈশ্বর সত্যবাদী, ঈশ্বর নিয়ত তাঁহার সঙ্গে আছেন, কোন কথা আর কাহাকেও জিজ্ঞাসা করিবার প্রয়োজন নাই, ঈশ্বরকে জিজ্ঞাসা করিলেই সকল বিষয়ের মীমাংসা হয়, এই স্বাভাবিক বিশ্বাস সত্য ঈশ্বরকে তাঁহার নিকটে প্রকাশিত করিয়াছিল। বিশ্বাস দ্বারা সত্যস্বরূপের ধারণা করিতে হইবে, পর সময়ে তিনি যে এই উপদেশ দিয়াছিলেন, সে উপদেশের কার্য্য প্রথম হইতেই তাঁহার জীবনে প্রকাশ পাইয়াছিল। ঈশ্বরকে জিজ্ঞাসা করিয়া তাঁহার কথা শুনিয়া চলা, ইহাকে তিনি বিবেকাখ্যা দান করিয়াছেন, কিন্তু ঠিক বলিতে গেলে অন্তরে প্রকাশিত আলোক বা জ্ঞানস্বরূপের অনুবর্ত্তন ভিন্ন ইহা আর কিছুই নয়। তাঁহাতে যে অতি প্রথমে বৈরাগ্যোদয় হয়, সে বৈরাগ্য জ্ঞানা-

লোক অন্তর ও বাহিরের অবস্থা যথাযথ প্রকাশ করিত বলিয়াই ঘটিয়াছিল। নিত্যবর্ত্তমান ভগবানের কথা শুনিয়া চলা বা জ্ঞানস্বরূপের অনুবর্ত্তন করা হইতে ক্রমে তাঁহার জীবনে অন্যান্য স্বরূপের অবির্ভাব হইয়াছিল।

স্বরূপসম্বন্ধে সাক্ষাৎজ্ঞান কি, সে সাক্ষাৎ জ্ঞানই বা কি প্রকারে লাভ করিতে পারা যায়,এত ক্ষণ যাহা বলা হইল, তাহা- তেই সকলে হৃদয়ঙ্গম করিতে পারিয়াছেন। এখন কথা হইতেছে, কেশব জীবনে যাহা হইয়াছিল, সকলের জীবনেই কি তাহা হই- বার সম্ভাবনা আছে? যদি হইবার সম্ভাবনা না থাকে, তাহা হইলে কেশবজীবনের কোন প্রয়োজনই থাকে না। আপনার জীবনে যাহা হইয়াছে অপরের জীবনে তাহা হইতে পারে, এই তাঁহার বিশেষ মত ছিল। ঈশ্বরের স্বরূপ দ্বারা তিনিই একা পরিচালিত হইবেন, আর কাহারও তদ্দ্বারা পরিচালিত হইবার অধিকার নাই, এ কথায় তিনি কোন কালে সায় দেন নাই। আপনাতে যাহা সম্ভব, সকলেতে তাহা সম্ভব, এই ভাবেই তিনি জনসাধারণের সহিত ব্যবহার করিতেন। তবে তিনি জানিতেন, যে উপায়ে তাঁহাতে উহা সম্ভব হইয়াছে, সেই উপায়ে অপরের জীবনে উহা সম্ভব হইবে, সুতরাং তিনি আপনার জীবনকে সাধা- রণের চক্ষুর সন্নিধানে ধরিতে শিথিলযত্ন হন নাই। তিনি যেমন সকল অবলম্বন ছাড়িয়া দিয়া সকল বিষয়ে একমাত্র ঈশ্বরকে সার করিয়াছিলেন, লোকে যদি সেরূপ না করে, তাহাদের জীবনে স্বরূপের সাম্রাজ্য কিছুতেই সম্ভবপর নয়। আমার সঙ্গে ঈশ্বর নিয়ত বিদ্যমান, তিনি আমার কথা শুনেন, এবং আমার পথ প্রদর্শন করেন, এ বিশ্বাস লইয়া জীবনারম্ভ না করিলে স্বরূপা-

বির্ভাবের প্রথম সোপানেই আরোহণ হয় না। সত্য ও জ্ঞান এই দুই স্বরূপ সর্ব্বপ্রথম অবলম্বনীয়, এখান হইতে স্বরূপসম্বন্ধে সাক্ষাৎজ্ঞানের আরম্ভ হয়, সুতরাং এ দুই স্বরূপকে জীবনের প্রত্যূষেই জীবনের উপরে কার্য্য করিতে দেওয়া সাধকমাত্রেরই কর্ত্তব্য। সকলের জীবনে সকল স্বরূপের প্রাধান্য না হইলেও এ দুই স্বরূপের সহিত অন্যান্য স্বরূপের এত ঘনিষ্ঠযোগ যে, এ দুই স্বরূপ ছাড়িয়া অন্য স্বরূপের জীবনের উপরে সাক্ষাৎ ক্রিয়া অনুভব করিবার উপায় নাই। এ জন্যই কেশবচন্দ্র সত্যস্বরূপকে যোগ ও ভক্তি উভয়ের সাধারণ ভূমি বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। যদি তোমার জীবনে প্রেমস্বরূপের প্রাধান্য থাকে, তাহা হইলে প্রেমময় সর্ব্বদা তোমার সঙ্গে আছেন, তোমায় পথপ্রদর্শন করিতেছেন, এ জ্ঞান না থাকিলে তৎপ্রতি তোমায় প্রেম বর্দ্ধিত হইবে কি প্রকারে? সুতরাং তোমার জীবনের উপরে প্রেমের সাম্রাজ্য সম্ভব হইবার পূর্ব্বে সত্য-ও-জ্ঞান স্বরূপের সহিত তোমার পরিচয় চাই।

পূর্ব্বেই স্বীকার করিয়া লইয়াছি, প্রতি মানুষেতে কোন না কোন স্বরূপের প্রাধান্য আছে। উহার সঙ্গে সঙ্গে ইহাও বলিয়াছি, সেই স্বরূপটির সঙ্গে সাক্ষাৎ জ্ঞান না থাকিলে অনেক পরীক্ষা জীবনে উপস্থিত হয়। এ সম্বন্ধে একটি প্রকৃষ্ট দৃষ্টান্তেরও উল্লেখ করিয়াছি। মানুষের ভিতরে যদি ঈশ্বরের স্বরূপ বা দেবভাব না থাকে তবে পাপ হইতে সে কোন কালে উদ্ধার পাইবে তাহার সম্ভাবনা থাকে না, পাপ হইতে ক্রমান্বয়ে পাপ উৎপন্ন হইয়া সে অনন্ত নরকভাজন হয়। মানুষে যাঁহারা ব্রহ্মস্বরূপের বিদ্যমানতা মানেন না, তাঁহারা পাপীর সম্বন্ধে এই

জন্যই সহজে অনন্ত নরকের ব্যবস্থা করিয়া থাকেন। মানুষ শক্তিমান্ হইয়া অত্যাচারী হয়, জ্ঞানের অনুসরণ করিতে করিতে সংশয়ে গিয়া পড়ে, প্রেমের অনুবর্ত্তন করিতে গিয়া ব্যভিচারে লিপ্ত হয়, নীতিমান্ হইতে গিয়া অপরের প্রতি নিষ্ঠুর হয় ধর্ম্মাভিমানী হয়। জ্ঞানাদির এইরূপ অপব্যবহারদর্শন করিয়া মানুষের জ্ঞানাদি যে কিছুই নহে অতি তুচ্ছ, রক্তমাংসসম্ভূত, তদ্দ্বারা কেবল তাহার নরকের দিকে গতি হয়, মানুষেতে ঈশ্বরের স্বরূপ আছে ইহাতে যাঁহারা বিশ্বাস করেন না তাঁহারা স্পষ্ট বাক্যে এই কথা বলিয়া থাকেন। শক্তি যাহা তাহা শক্তি,জ্ঞান যাহা তাহা জ্ঞান, প্রেম যাহা তাহা প্রেম, পুণ্য যাহা তাহা পুণ্য, তবে অনন্ত শক্তি, অনন্ত জ্ঞান,অনন্ত প্রেম,অনন্ত পুণ্যের সঙ্গে সংস্পর্শ বিনা সে সকল সীমাবিশিষ্ট থাকিয়া যায়, এবং সীমাবিশিষ্টতাবশতঃ জীবনের সকল অবস্থায় উহাদের কার্য্য ঠিক মত হয় না। ইহাতে এই হয় যে,এমন স্থলে গিয়া উহাদের কার্য্য অবরুদ্ধ হয়, যেখানে জীবনে পরীক্ষার আরম্ভ হয়। অনন্ত শক্তি, অনন্ত জ্ঞান, অনন্ত প্রেম, অনন্ত পুণ্যের সহিত সাক্ষাৎসম্বন্ধ বিনা কর্ণধারবিহীন তরীর ন্যায় জীবন সর্ব্বদা বিপদ্‌গ্রস্ত। শক্তি থাকিতেও আমরা অশক্ত, জ্ঞান থাকিতেও অজ্ঞান, প্রেম থাকিতেও স্বার্থান্বেষী,পুণ্য থাকিতেও অংস্কৃত হইয়া পড়ি। মানুষেতে বিন্দু পরিমাণে যে জ্ঞানাদি আছে তাহা অনন্ত সিন্ধুতে না পড়িলে অকর্ম্মণ্য হইয়া যাইবে না কেন? লোকে বলে পূজা প্রার্থনাদির কি প্রয়োজন? ঈশ্বর কি আমাদের স্তব স্তুতি চান? তিনি স্তবস্তুতি চান না সত্য, কিন্তু স্তব স্তুতি প্রার্থনা বন্দনা ভিন্ন যে, তাঁহার স্বরূপসমূহের সহিত যোগানুভব হয় না; যোগানুভব না হইলে যে, আমাদের জীবনে পরীক্ষার অবধি থাকে

না। আমাদের জ্ঞানাদি শীঘ্রই এমন স্থলে আমাদিগকে লইয়া উপস্থিত করে, যেখানে আমাদের জীবন বিপৎসঙ্কুল পাপসঙ্কুল হয়। গুরু সে সময়ে সদুপদেশ না দিলে, কে আমাদিগকে সে বিপৎ হইতে উদ্ধার করিবে? আমাদের জ্ঞানাদির সুপথে পরিচালনার জন্য তবে সদ্‌গুরু ঈশ্বরের প্রয়োজন; তাঁহার স্বরূপ সহ আমাদের স্বরূপের যোগ আবশ্যক। ঈশ্বর আমাদের জীবনপথের নেতা। জ্ঞাতসারে যদি তাঁহার নেতৃত্বে জীবনযাপন না করি, অজ্ঞাতসারে আমাদের জীবনের গতি তাঁহার দ্বারা নিয়মিত হয়। তিনি প্রতি ব্যক্তিতে শক্তি, জ্ঞান, প্রেম, পুণ্য হইয়া বিদ্যমান রহিয়াছেন। মানুষের প্রবৃত্তি বাসনা এই সমুদায় স্বরূপের বিরোধে কার্য্য করিতে সর্ব্বদা তাহাকে উত্তেজিত করে। এই উত্তেজনার বশবর্ত্তী হইয়া মানব তাহাতে প্রতিষ্ঠিত ঈশ্বরের স্বরূপের বিরোধে কার্য্য করিতে প্রবৃত্ত হয়। সমুদায় প্রবৃত্তি বাসনাকে পরাজিত করিবার জন্য তাহার মধ্যে যে শক্তি প্রতিষ্ঠিত আছে, সে শক্তির অনুবর্ত্তন না করিয়া সে অশক্তের ন্যায় তাহাদেরই বশবর্ত্তী হয়। সে যাহাকে অকল্যাণ ও অমঙ্গলের কারণ বলিয়া জানে, তাহাতে প্রতিষ্ঠিত জ্ঞানের বিরোধে প্রবৃত্তির প্ররোচনায় সে তাহারই অধীনতা স্বীকার করে। আপনার স্বার্থান্বেষণ না করিয়া অপরের জন্য সর্ব্বস্বার্পণ করিতে প্রেম তাহাকে নিরন্তর অনুরোধ করিতেছে, অথচ প্রবৃত্তি বাসনার কুহকে পড়িয়া সে কেবল নিয়ত নিজ স্বার্থের অন্বেষণ করিতেছে, সুতরাং এখানে অন্তরে প্রতিষ্ঠিত প্রেমের সহিত তাহার বিরোধ। আমাদের ইচ্ছা ঈশ্বরের ইচ্ছার অনুবর্ত্তন করিবে, এজন্য মানবহৃদয়ে পুণ্যের প্রতি আকর্ষণ পাপের প্রতি ঘৃণা প্রতিষ্ঠিত রহি-

আছে। প্রবৃত্তি বাসনা পুণ্যের প্রতি আকর্ষণ আচ্ছন্ন করিয়া অপুণ্য পাপের প্রতি আকর্ষণ বাড়াইয়া দেয়, এবং মানুষ পুণ্যকে উপেক্ষা করিয়া অন্ধের ন্যায় আপনাকে পাপের অধীন করিয়া ফেলে। মানুষ এইরূপে শক্তি জ্ঞান প্রেম পুণ্যের বিরোধী হইলেও শক্তি জ্ঞান প্রেম পুণ্য তাহার জীবনের উপরে কার্য্য করিতে বিরত হয় না। যদি প্রবৃত্তিবাসনার নিকট এই সকল ঈশ্বরস্বরূপ পরাজিত হইত, তাহা হইলে মানুষের আর পরিত্রাণের কোন আশা ছিল না। কিন্তু মানুষের মনে যত দুঃখ কষ্ট উপস্থিত হয়, স্বরূপের সহিত বিরোধেই তাহা ঘটিয়া থাকে, এবং এই দুঃখ কষ্টই পরিশেষে তাহাকে স্বরূপাধীন করিয়া লয়। যত দিন সে স্বরূপের অধীন না হইতেছে, ব্রহ্মস্বরূপের সাম্রাজ্য তাহার জীবনে প্রতিষ্ঠিত না হইতেছে, তত দিন সে বিবিধ পরীক্ষার অধীন, এবং পদে পদে তাহার উন্নতি অবরুদ্ধ।

মানুষ যখন আপনাতে ঈশ্বরের স্বরূপ আবির্ভূত দেখিতে পায় এবং দেখিয়া আপনাকে তাহার অধীন করে, তখন সেই স্বরূপ তাহার জীবনের সমগ্র ভার গ্রহণ করে এবং তাহার জীবনের উন্নতির পথে যে সকল অন্তরায় আছে, সেই স্বরূপের প্রভাবে সে সকল অন্তরিত হইয়া যায়। সেই স্বরূপানুসারে জীবন গঠিত হইবার পক্ষে যে সকল আয়োজনের প্রয়োজন সে সকল পর পর যথাসময় আসিয়া তাহার নিকটে উপস্থিত হয়। স্বরূপবশবর্ত্তী ব্যক্তিগণের জীবনচরিত পাঠ করিলে ইহার শত শত প্রমাণ আমাদের চক্ষের সন্নিধানে প্রকাশ পায়। অপরের কেন, আমাদের জীবনেও ক্রমান্বয়ে আমরা এই ব্যাপার প্রত্যক্ষ করিতেছি। সুতরাং যে জীবনে স্বরূপের সাম্রাজ্যপ্রদর্শনজন্য আজ সাধার-

ণের সম্মুখে দাঁড়াইয়াছি, সে জীবনের প্রমাণ আমাদের নিজ জীবনের পরীক্ষাতেই সত্য বলিয়া গ্রহণ করিতে বাধ্য হইয়াছি। কেশবচন্দ্র কেবল আপনার জন্য জীবনধারণ করিতেন না; অপর শতব্যক্তির সহিত তাঁহার জীবন সংযুক্ত ছিল, সুতরাং তাঁহার জীবনে যখন যাহা ঘটিয়াছে, অপর শত ব্যক্তির জীবনে তাহা ছড়াইয়া পড়িয়াছে। তাঁহার জীবনে যখন যে স্বরূপ আবির্ভূত হইয়া কার্য্য করিয়াছে, সেই স্বরূপ সেই সময়ে বন্ধুবর্গের জীবনেও কার্য্য করিয়াছে, তাঁহার জীবনের ইতিহাস পর্য্যালোচনায় আমরা ইহাই দেখিতে পাই। তাঁহার জীবনে ব্রহ্মস্বরূপের সাম্রাজ্য দেখাইতে গেলে তাঁহার সামাজিক জীবনের প্রতি দৃষ্টিপাত না করিলে চলে না, সুতরাং ক্রমিক স্বরূপাবির্ভাবে মণ্ডলীর উপরে তাহার কার্য্য কি প্রকারে প্রকাশ পাইয়াছিল, তাহার উল্লেখ নিতান্ত প্রয়োজন।

কেশবচন্দ্র যখন ব্রাহ্মসমাজে যোগ দিলেন, তখন সমাজের মতগুলিকে সুদৃঢ় ভূমির উপর স্থাপনকরা প্রয়োজন হইল। ভূমি সুদৃঢ় করিবার জন্য পাশ্চাত্য গ্রন্থাবলম্বন করিতে গিয়া প্রথমেই সেই সকল গ্রন্থ তাঁহার হস্তগত হইল, যে সকল গ্রন্থে সেই সকল মত সুদৃঢ় ভূমির উপরে প্রতিষ্ঠিত হইতে পারে। তিনি ব্রহ্মবিদ্যালয়ে উপদেশ দিতে লাগিলেন, সমাজের আচার্য্যের পদে অভিষিক্ত হইলেন। যুবকগণের সহিত তাঁহার সম্বন্ধ দিন দিন ঘনীভূত হইয়া উঠিল। যে দুই স্বরূপে তিনি নিজে জীবনারম্ভ করিয়াছিলেন, সেই দুই স্বরূপ যাহাতে বন্ধুগণের হৃদয়ে কার্য্য করিতে পারে, তজ্জন্য তাঁহার যত্ন অতি স্বাভাবিক। ব্রহ্মবিদ্যালয়ে অপরের জীবনে জ্ঞানস্বরূপের প্রকাশ হইবার সহায়তা হইল বটে, কিন্তু বন্ধুগণের

জীবনে ঐ স্বরূপের কার্য্যহইবার পক্ষে উপায়াবলম্বনের প্রয়োজন হইয়া উঠিল। সঙ্গত এই উপায়াবলম্বনের স্থল হইল। সঙ্গতে যে সকল বিষয়ের আলোচনা হইত, সে সকল কেবল আলোচনায় পর্য্যবসন্ন হইত না, সভ্যগণ তাহা জীবনে পরিণত করিতেন। জ্ঞান ও আচরণ এ দুইয়ের মধ্যে পার্থক্য দিন দিন এইরূপে অন্তর্হিত হইতে লাগিল। সত্যনিষ্ঠা সঙ্গতের প্রাণ ছিল। কথায় আচরণে ব্যবহারে সভ্যগণ সর্ব্বদা সত্যরক্ষা করিতে যত্ন করিতেন। কেশবচন্দ্রে যে সত্য ও জ্ঞানের সাম্রাজ্য প্রতিষ্ঠিত হইয়াছে, এইরূপে তাহা বন্ধুগণের জীবনে সংক্রামিত হইল। ঈশ্বরকে সত্য জানিয়া সত্যনিষ্ঠতা, জ্ঞানমাত্রকে ঈশ্বরের আলোক জানিয়া তৎপ্রতি আনুগত্য সঙ্গতের সভ্যগণের প্রধান লক্ষণ ছিল।

কেশবচন্দ্র প্রথম হইতে অনন্ত উন্নতির ধর্ম্মগ্রহণ করিয়াছিলেন। এক স্থলে দণ্ডায়মান থাকা আর অগ্রসর না হওয়া, ইহা তাঁহার জীবনে অসহ্য ছিল। "ঈশ্বর যেরূপ পূর্ণ সেইরূপ পূর্ণ হও," এ উপদেশ তাঁহার মনে প্রথম হইতে লাগিয়াছিল। সত্য-ও-জ্ঞান-সম্বন্ধে অণুমাত্র অপূর্ণতা, কতক দূর অনুবর্ত্তন করিয়া অবসন্ন হইয়া পড়া কিছুতেই তিনি সহ্য করিতে পারিতেন না। কলিকাতা সমাজের সহিত বিচ্ছিন্ন হইবার ইহাই প্রধানতর কারণ। অনন্তের দিকে যাহার চিত্ত ধাবিত, তাহাকে কোন সীমার মধ্যে বদ্ধ রাখা কি কখন সম্ভবপর? অনন্ত সত্য অনন্ত জ্ঞানের আশ্রয় লইয়া তিনি ক্রমান্বয়ে উন্নতির পথে অগ্রসর হইতে প্রবৃত্ত হইলেন। যাঁহারা ক্রমিক উন্নতির দিকে অগ্রসর না হইয়া থামিয়া পড়িলেন, তাঁহাদিগের সহিত তাঁহার সম্বন্ধ ছিন্ন হইল। কেশবচন্দ্রের প্রথম জীবনে যাহা ঘটিয়াছিল, চিরকালই

তাহা অক্ষুণ্ণ ছিল। শেষ সময়ে তাঁহার বন্ধুবর্গের সহিত বিচ্ছেদ অন্য কোন কারণে নয়, এই একই কারণে। সত্য জ্ঞান অনন্ত কেবল ব্রহ্মস্বরূপ বলিয়া তিনি গ্রহণ করেন নাই, তাঁহার জীবনের উপরে এই সকল স্বরূপের সাম্রাজ্য চিরকাল একই ভাবে ছিল।

সত্য ও জ্ঞানের প্রভাবে কেশবচন্দ্র তাঁহার আত্মজীবনের যথার্থ অবস্থা নিরীক্ষণ করিতেন, সুতরাং তাঁহার আত্ম সম্বন্ধে অন্ধতা জন্মিবার অবসর ছিল না। তিনি কোন দিন পুণ্যাত্মা ধার্ম্মিক বলিয়া অভিমান পোষণ করিতে পারেন নাই। অন্তরের আলোকে আপনাতে পাপসম্ভাবনাদর্শন করিয়া তিনি পাপীর বিনীতভাব সর্ব্বদা জীবনে প্রদর্শন করিয়াছেন। তিনি আপনার পাপসম্ভাবনা দেখিয়া তাহাকে কিছুতেই লঘু বলিয়া গ্রহণ করেন নাই, তজ্জন্য তিনি নিয়ত তীব্রজ্বালানুভব করিতেন। তাঁহার ভিতরে পাপ সম্ভাবনা এবং বন্ধুগণের ভিতরে পাপের সহিত সংগ্রাম ছিল। সুতরাং তাঁহার তীব্র হৃদয়ের জ্বালা শীঘ্রই বন্ধুগণের হৃদয়ে প্রবল অনুতাপের আকারে প্রকাশ পাইল। এই অনুতাপ তাঁহাদের মধ্যে স্বল্পদিনমধ্যে এরূপ তীব্রাকারধারণ করিল যে, কাহারও কাহারও মনে নিরাশা আসিয়া দেখা দিল। ঈশ্বরের করুণার প্রতি একান্ত নির্ভর বিনা নিরাশের মনে আশা সঞ্চারিত হইতে পারে না, সুতরাং ঈশ্বরের দয়া ঈশ্বরের মঙ্গল ভাব এই সময়ে কেশবচন্দ্রের জীবনের উপরে কার্য্য করিতে লাগিল, এবং উহার ফলস্বরূপ ভক্তির অভ্যুদয় হইল। মুঙ্গের ভক্তি প্রচারের ক্ষেত্র হইল, এবং সেখানে ভক্তির প্রভাবে কেশব চন্দ্রের বন্ধুগণের জীবন সম্পূর্ণ পরিবর্ত্তিত হইয়া গেল।

ঈশ্বরের দয়া প্রেম মঙ্গলভাব কেশবচন্দ্রের হৃদয়কে অতি

সুকোমল করিয়া তুলিল। যে চক্ষুতে অশ্রুপাত বিরল ছিল, সে চক্ষু নিরত ভক্তির অশ্রুবর্ষণ করিতে লাগিল। চারিদিকে ভক্তির স্রোত বহিল, তিনি ও তাঁহার বন্ধুগণ ভক্তিতে মত্ত হইয়া উঠিলেন। দয়াময়নামসঙ্কীর্ত্তনে সকলের হৃদয় আর্দ্র হইয়া গেল। ঈশ্বরের দয়া প্রেম মঙ্গলভাব এ সময়ে কেশব ও তাঁহার বন্ধুগণের উপরে সাম্রাজ্য বিস্তার করিল। ঈশ্বরের প্রেমে যখন চিত্ত নিবিষ্ট হইল, তাঁহাকে ছাড়িয়া আর অন্যত্র উহার গতি হইল না, * তখন পুন্যস্বরূপের সাম্রাজ্য বিস্তারের সময় উপস্থিত হইল। পুণ্যস্বরূপের সাম্রাজ্যে কেশবচন্দ্রে যোগ উপস্থিত। যোগের যে অংশে কর্ম্মযোগ ছিল তাহাতে অনেকে যোগ দিলেন বটে, কিন্তু তাঁহারা যোগমূলক কর্ম্মযোগে তাঁহার সঙ্গী হইতে পারিলেন না, অনেকে পশ্চাদ্বর্ত্তী হইয়া পড়িলেন। আরাধনায় "শুদ্ধমপাপবিদ্ধম্" সংযুক্ত হইল, শুদ্ধতার প্রভাবে অচ্ছেদ্য অভেদ্য যোগ কেশবচন্দ্রেতে যেমন ঘটিল, অপরেতে তেমন হইল না বলিয়া বন্ধুগণের সহিত তাঁহার বিচ্ছেদের সূত্রপাত হইল। কেশবচন্দ্রের যোগ যত গাঢ় হইতে লাগিল, তত তিনি আনন্দস্বরূপের

* এস্থলে বক্তৃতাকালে অদ্বিতীয়স্বরূপের ভিন্ন ভাবে উল্লেখ হয় নাই, তাহার কারণ এই যে, আরম্ভে এক অদ্বিতীয় ঈশ্বরাবলম্বন করিয়া কেশবচন্দ্রের জীবনারম্ভ হয়। অদ্বিতীয়স্বরূপ মহাত্মা রাজা রামমোহন রায় কর্ত্তৃক গৃহীত হইয়াছিল, তাঁহার কথা বলিবার সময়ে পূর্ব্বে উহা উল্লিখিত হইয়াছে। যাঁহারাই ব্রাহ্মধর্ম্মস্বীকার করেন, তাঁহারাই এক অদ্বিতীয় ঈশ্বরস্বীকার পূর্ব্বক উহা গ্রহণ করিয়া থাকেন। সুতরাং তাহার উল্লেখ এস্থলে করিবার কোনপ্রয়োজন করে না। আরাধনাকালে অদ্বিতীয়স্বরূপের উল্লেখের অবশ্য প্রয়োজন আছে। সে প্রয়োজন অল্প কথায় বক্তৃতায় উল্লিখিত হইয়াছে।

সাম্রাজ্যাধীন হইলেন। তাঁহার শেষ জীবনে আনন্দস্বরূপের প্রভাব সকলেই প্রত্যক্ষ করিয়াছেন। ঘোর রোগের তীব্র যাতনার মধ্যে গভীর যোগে নিমগ্ন হইয়া তিনি আনন্দে কি প্রকার সমুদায় যন্ত্রণা ভুলিয়া যাইতেন, তাহা আর কে না প্রত্যক্ষ করিয়াছেন? আনন্দস্বরূপের সাম্রাজ্য কেশবজীবনে বিবিধাকারে প্রকাশ পাইল, কিন্তু তাঁহার বন্ধুগণ কেহ আনন্দের সমভাগী হইতে পারিলেন না। পুণ্যভূমিতে নিয়ত স্থিতি না করিলে সাক্ষাৎ আনন্দস্বরূপের আবির্ভাবানুভব হয় না, সুতরাং কেশবচন্দ্রের সহিত তাঁহার বন্ধুগণের বিচ্ছেদ বিলুপ্ত হইল না।

কেশবচন্দ্রে ব্রহ্মস্বরূপের সাম্রাজ্য সংক্ষেপে উল্লেখ করা গেল। তাঁহার পূর্ব্বে ঈশ্বরের স্বরূপসমূহ ব্রাহ্মসমাজে আরাধিত হয় নাই তাহা নহে। ব্রাহ্মসমাজের উপাসনা ব্রহ্মস্বরূপঘটিত। এখানে ব্রহ্মস্বরূপ ভিন্ন উপাসনার অন্য কোন অবলম্বন নাই। কেশবচন্দ্র স্বরূপসমূহ উপাসনায় অবলম্বন করিয়া সন্তুষ্ট ছিলেন না, স্বরূপসমূহকে তিনি তাঁহার জীবনের নিয়ামক করিয়াছিলেন। যখন তিনি ব্রাহ্মসমাজে যোগ দিয়াছেন, তখন স্বরূপঘটিত উপাসনাই বিদ্যমান ছিল, কিন্তু সে সমুদায় স্বরূপ জীবনের উপরে কার্য্য করিবে তাহার কোন আয়োজন ছিল না। তিনিশব্দে স্বরূপসমূহের উল্লেখ করিয়া উপাসক হইতে উপাস্য দেবতাকে অতি দূরে রাখা হইয়াছিল। কেশবচন্দ্রের ইষ্টদেবতা প্রথম হইতে তিনি ছিলেন না, তুমি ছিলেন। তিনি তাঁহার ইষ্টদেবতাকে তুমি বলিয়া নিকটস্থ করিয়াই সন্তুষ্ট ছিলেন না; তাঁহাতে প্রবিষ্ট হইয়া তাঁহাকেই সমগ্র জীবনের নিয়ামক করিয়াছিলেন। অন্যান্য স্বরূপের সাম্রাজ্যকালে জগৎ ও জীবের সহিত তাঁহার কিঞ্চিৎ

ব্যবহিত সম্বন্ধ ছিল, কিন্তু আনন্দস্বরূপ যখন তাঁহাকে গ্রস্ত করিয়া ফেলিল, তখন সমুদায় জগৎ ও জীবের সহিত তাঁহার একাত্মতা উপস্থিত হইল। যাঁহারা তাঁহার শেষ জীবনের প্রার্থনাগুলি পাঠ করিয়াছেন, তাঁহারা বলিতে পারেন, কেশবচন্দ্রের শেষজীবন এ সম্বন্ধে কি প্রকার বিশেষ ভাব ধারণ করিয়াছিল। এ সকল বিষয়ে আর অধিক কিছু বলিতে চাই না, প্রতিজনের অনুসন্ধানের উপরে প্রকৃত-তথ্য-নির্ব্বাচনের ভার রাখিয়াই আমাকে সন্তুষ্ট হইতে হইতেছে।

এখন দেখা যাউক, ব্রাহ্মসমাজের আরম্ভে কখন কোন্ ব্রহ্ম-স্বরূপ উপাসনায় অবলম্বিত হইয়াছে। মহাত্মা রাজা রামমোহন রায় সত্য ও অদ্বিতীয় (তৎসৎ, একমেবাদ্বিতীয়ম্) স্বরূপে ব্রাহ্মসমাজের উপাসনার পত্তনদান করিয়াছেন। তৎকালের সঙ্গীতাদিতে এই দুই স্বরূপেরই প্রাধান্য ছিল। তিনি আছেন ব্রহ্মসম্বন্ধে এই মাত্র বলা যাইতে পারে, ইহার অধিক আর কিছুই বলা যাইতে পারে না, এ মত তাঁহাকে স্বীকার করিয়া লইতে হইয়াছিল। যখন "একমেবাদ্বিতীয়ম্" শ্রুতি তিনি অবলম্বন করিয়াছিলেন, তখন এরূপ মত পোষণ না করিয়া তিনি আর কি করিতে পারেন। যখন জগৎ আদি কিছু হয় নাই, এক ঈশ্বর বিদ্যমান ছিলেন, এ শ্রুতি সেই সময়ের দিকে সাধকের দৃষ্টি ফিরাইয়া দেয়। জগৎ ও জীবের সহিত সকলসম্বন্ধবির-জ্জিত এক অদ্বিতীয় ঈশ্বরকে গ্রহণ করিতে গিয়া অন্যান্য স্বরূপের দিকে আর তাঁহার দৃষ্টি পড়ে নাই। ব্রহ্ম জগতের কারণ ও নির্ব্বাহক এ কথা বলিয়া তিনি জগতের ভিতরে মঙ্গলের নিদর্শন-চিন্তনের অনুমোদন করিয়াছেন বটে, কিন্তু তৎসম্বন্ধে কোন

ব্রহ্মস্বরূপ উপাসনায় নিবিষ্ট না করাতে ইহা নিকৃষ্ট পক্ষের উপাসনামাত্রে পর্য্যবসন্ন হইয়াছে এবং তিনি আপনিও এই ভাবেই তাদৃশ উপাসনাকে গ্রহণ করিয়া সাধারণের জন্য তাহার অনুমোদন করিয়াছেন।

মহাত্মা রাজা রামমোহনের পরে যিনি আসিলেন, তিনি এখন যে উপাসনা প্রচলিত তাহা প্রতিষ্ঠিত করিলেন। স্বরূপঘটিত উপাসনার উন্নতি তাঁহা হইতে হইয়াছে। তিনি উপনিষদের আলোচনায় প্রবৃত্ত হইয়া প্রথমতঃ "সত্যং জ্ঞানমনন্তং" এবং "আনন্দরূপমমৃতং যদ্বিভাতি, এই দুইটী শ্রুতি অবলম্বন করিলেন। হৃদয়ান্তর্ব্বর্ত্তী মহাকাশে ব্রহ্ম সত্য জ্ঞান ও অনন্তস্বরূপে প্রকাশ পাইতেছেন, মহর্ষি দেবেন্দ্রনাথ এই শ্রুতি অবলম্বন করিয়া হৃদয়ে যে প্রকার ব্রহ্মস্বরূপ চিন্তনে প্রবৃত্ত হইলেন, তেমনি অপর শ্রুতির সাহায্যে সমুদায় জগতে ব্রহ্ম আনন্দরূপে সৌন্দর্য্যরূপে প্রকাশিত ইহা অবধারণ করিয়া চক্ষু খুলিয়া সমুদায় জগতে ব্রহ্মসৌন্দর্য্য প্রত্যক্ষ করিলেন। অন্তরে ও বাহিরে এইরূপে ব্রহ্মস্বরূপের প্রতিভাস দেখিয়া তাঁহার মন সন্তুষ্ট হইল না, তিনি সাক্ষাৎসম্বন্ধসূচক শ্রুতিলাভকরিবার জন্য ব্যাকুল হইলেন। তিনি অতিশীঘ্র এ ব্যাকুলতার ফললাভ করিলেন। তিনি যুগপৎ উপনিষৎ ও পুরাণ হইতে এ সম্বন্ধের প্রমাণ পাইয়া শ্রুতিটীকে স্বরূপসাধনের অবলম্বনস্বরূপ গ্রহণ করিলেন। উপনিষৎ হইতে "শান্তং শিবমদ্বৈতম্" পুরাণ হইতে "ধাম্না স্বেন সদা নিরস্তকুহকং সত্যং পরং ধীমহি," তাঁহার নিকটে সমুদায় প্রপঞ্চাতীত সমুদায় আবরণমুক্ত ইষ্টদেবতাকে প্রকাশ করিল। শেষ সময়ে যখন কেশবচন্দ্র তাঁহাকে বলেন, আরাধনামধ্যে পবিত্রস্বরূপের সন্নিবেশ

দেখিতে পাওয়া যায় না, উপনিষদে কি পবিত্রস্বরূপ নাই? তখন তিনি প্রথমতঃ বলেন, "শান্তং শিবমদ্বৈতম্" বলাতে পুণ্যস্বরূপও বুঝাইতেছে, কেন না সমুদায় প্রপঞ্চের অতীত অদ্বিতীয় মঙ্গলস্বরূপ বলিলেই প্রপঞ্চের সহিত সম্বন্ধবশতঃ যে বিকার উপস্থিত হয়, তাহা তাঁহাতে নাই ইহাই বুঝায়। কেশবচন্দ্র এ কথায় সন্তুষ্ট না হইয়া তাঁহাকে বলেন, ইহাতে তো আর পরিষ্কার শুদ্ধস্বরূপের আরাধনা হয় না, এমন কোন স্পষ্ট শ্রুতি আছে কি না যাহাতে শুদ্ধস্বরূপভিন্ন আর কিছু বুঝায় না। তখন তিনি আছে বৈকি বলিয়া "শুদ্ধমপাপবিদ্ধং" এই শ্রুত্যংশ উচ্চারণ করেন। সেই সময় হইতে কেশবচন্দ্রের আরাধনায় "শান্তং শিবমদ্বৈতম্" এর পর "শুদ্ধমপাপবিদ্ধং" সংযোজিত হইল।

কেশবচন্দ্রের পূর্ব্বে ব্রাহ্মসমাজে কখন কোন্ সময়ে কোন্ কোন্ ব্রহ্মস্বরূপ আরাধিত হইয়াছিল, তাঁহার আগমনের পরই বা তাঁহার জীবনে কোন্ ক্রমে ব্রহ্মস্বরূপনিচয়ের আবির্ভাব ও প্রভাব প্রকাশ পাইয়াছিল, তাহা সংক্ষেপে আলোচিত হইল। এখন জিজ্ঞাসা এই, আমাদের সকলের জীবনে এই ক্রমে ব্রহ্মস্বরূপসমূহের আবির্ভাব ও প্রভাববিস্তার হইতে পারে কি না? এ কথা সত্য যে, কেশবচন্দ্রের মধ্যে ব্রহ্মস্বরূপ যে প্রকার বিরাজমান ছিল, আমাদের প্রতিজনের মধ্যেও সেই প্রকার ব্রহ্মস্বরূপ বিদ্যমান রহিয়াছে। যদি তাঁহাতে সেই সমুদায় স্বরূপ প্রকাশ পাইয়া তাঁহার জীবনের উপরে প্রভাব বিস্তার করিয়া থাকে, তবে আমাদের জীবনে উহার প্রকাশ ও প্রভাব তেমন হয় না কেন? আমাদের প্রতি ব্যক্তিতে যখন ভগবান্ বিদ্যমান, তখন তিনি তাঁহার স্বরূপপরিহার করিয়া আমাদের মধ্যে আছেন,

আর কেশবচন্দ্রের ভিতরে স্বরূপ সহ তিনি বিদ্যমান ছিলেন, ইহাতো আমরা কিছুতেই বলিতে পারি না। তবে তাঁহাতে এবং আমাদিগেতে স্বরূপাবির্ভাবসম্বন্ধে এত প্রভেদ কেন? ঈশ্বরের স্বরূপের নিকট প্রণত হইয়া সমগ্রভাবে তদ্দ্বারা পরিচালিত হইবার জন্য কৃতসঙ্কল্প না হইলে স্বরূপ প্রচ্ছন্নভাবে স্থিতি করে, জ্ঞাতসারে আমাদের উপরে তৎপ্রভাববিস্তার হয় না। আমরা মুখে বলি ঈশ্বর আমাদের গুরু, আমরা তাঁহার কথা ভিন্ন আর কাহারও কথা শুনিয়া চলি না, কিন্তু কার্য্যতঃ আমরা প্রবৃত্তি ও রুচির মতে চলি, ঈশ্বরের স্বরূপ আমাদের নেতা নয়। আমরা যদি স্বরূপের হাতে সম্পূর্ণ আমাদিগকে ছাড়িয়া না দি, আমাদের জীবনে কোন উন্নতি হইবার সম্ভাবনা নাই।

কেশবচন্দ্র আপনাকে সম্পূর্ণ স্বরূপাধীন করিয়াছিলেন, লোকের গঞ্জনায় কিছুমাত্র দৃক্‌পাত করিতেন না। ইংলণ্ডে যাইবার পূর্ব্বে তাঁহাতে ভক্তির বাড়াবাড়ী উপস্থিত হওয়াতে তিনি কি প্রকার পরীক্ষায় পড়িয়াছিলেন, বন্ধুগণের ভক্তির আধিক্যে তিনি কি প্রকার লাঞ্ছিত হইয়াছিলেন, তাহা কাহারও অবিদিত নাই। য ন ইংলণ্ড হইতে ফিরিয়া আসিলেন তখন কর্ম্মযোগের আধিক্য উপস্থিত হইল। মনে হইল কর্ম্মের আতিশয্যে উপাসনা ধ্যান ধারণা প্রভৃতি আধ্যাত্মিক ব্যাপার সকল অন্তর্হিত হইয়া যাইবে। কিন্তু এই সময়ে আবার অন্য দিকে সাধন ভজনের এত দূর বাড়াবাড়ী হইয়া উঠিল, স্বহস্তে রন্ধনাদি নানাপ্রকার বৈরাগ্যের লক্ষণ প্রকাশ পাইল যে, ইংলণ্ডে তাঁহার নামে অপবাদ রটিল। পাশ্চাত্যগণ বলিতে লাগিলেন, যে কঠোর বৈরাগ্যে এক সময়ে খ্রীষ্টধর্ম্মের ঘোর অনিষ্টসাধন করিয়াছে, কেশবচন্দ্র সেই

বৈরাগ্য ব্রাহ্মসমাজে আনয়ন করিয়া ভারতের ঘোর অকল্যাণ সাধন করিলেন। ক্রমে যতই তিনি রসস্বরূপে নিমগ্ন হইতে লাগিলেন, ততই শ্রীচৈতন্যের বৈষ্ণবভাব তাঁহাতে প্রস্ফুটাকার ধারণ করিল। তিনি বৈরাগী বৈষ্ণব হইয়া গেলেন এ নিন্দা সর্ব্বত্র ব্যাপ্ত হইয়া পড়িল। শেষ সময়ে টাউনহলে ঈশার প্রতি গাঢ় অনুরাগ ব্যক্ত করিয়া তিনি খ্রীষ্টানমধ্যে গণ্য হইলেন। কেশবচন্দ্রে এ সকল আধিক্য কোথা হইতে আসিল? ঈশ্বরের স্বরূপাধীন হইলে জীবকে যে ক্রমান্বয়ে আধিক্যের ভিতরে গিয়া পড়িতে হয়, ইহা কি তাহা হইতেই নয়? ঈশ্বরের অনন্তত্ব কোন্ স্বরূপের সহিত সংযুক্ত নয়? স্বরূপাধীন হইলে জীবনের সকল বিষয়ের সঙ্গে অনন্তের যোগ হয়, ইহাতে সেই সেই বিষয়ে এমন সকল আধিক্য ঘটে যে, পৃথিবী তাদৃশ আধিক্যপ্রিয় ব্যক্তিগণকে পাগল বলে। কেশবচন্দ্র এরূপ নিন্দার হাত হইতে পরিত্রাণ পান নাই। আমাদের এ সম্বন্ধে যদি নিন্দা না ঘটে তবে বুঝিতে হইবে যে, আমরা অনন্ত উন্নতির ধর্ম্ম আজও গ্রহণ করি নাই কেশবচন্দ্রের পাগলামার ভিতরে বিজ্ঞান ছিল, এজন্যই এ নিন্দা দিন দিন অন্তর্হিত হইয়া যাইতেছে, তাঁহার জীবন একটি প্রস্ফুটিত কুসুমরূপে প্রকাশ পাইতেছে, উহার সদ্গন্ধে চারিদিক্ পূর্ণ হইতে আরম্ভ করিয়াছে। তাঁহার জীবনে যে সৌন্দর্য্য ও সামঞ্জস্য ছিল, তাহা এখন সকলেই বুঝিতে পারিতেছেন্। স্বরূপাধীন হইলে জীবন কিরূপ হয়, তাহা তিনি দেখাইয়া গিয়াছেন। আমরা যদি স্বরূপাধীন হই, আমাদের জীবন তাঁহার জীবনের অনুরূপ হইবে, এবং আমরা যে তাঁহার বন্ধু তাহা সকলের নিকট প্রমাণিত হইবে। স্বরূপাধীন না হইয়া কেহ যে তাঁহার হইবেন,

তাহার কোন সম্ভাবনা নাই। যদি সম্ভাবনা থাকিত, তাহা হইলে তাঁহার পৃথিবীতে স্থিতি কালে আমাদের সহিত তাঁহার কখন বিচ্ছেদ ঘটিত না। যত দিন তাঁহার ও আমাদের মধ্যে স্বরূপ-সাম্রাজ্যের একতা ছিল, তত দিন আমরা তাঁহার সঙ্গে সমান-ভাবে অগ্রসর হইয়াছি। যে দিন হইতে তিনি স্বরূপান্তরের সাম্রাজ্যাধীন হইলেন, আমরা আর সে স্বরূপের অনুবর্ত্তন করিলাম না, সেই দিন হইতে তাঁহার সহিত আমাদের বিচ্ছেদ উপস্থিত হইল। একেতে নিবিষ্টমনা কেশবে প্রেম ও পুণ্য ঘনীভূত হইল,ঘনীভূত হইয়া আনন্দে তাঁহাকে গ্রস্ত করিয়া ফেলিল, নববিধানের নবযোগ তাঁহাতে সিদ্ধ হইল; আমরা আর তাঁহার সহিত সে যোগে এক হইতে পারিলাম না। এখনও তাঁহার সহিত আমাদের একত্বের সম্ভাবনা আছে, সে সম্ভাবনা কেবল নববিধানের নবযোগে যোগী হইলে জীবনে সিদ্ধ হইতে পারে। আজ কেশবচন্দ্রের জন্মদিনে তাঁহার সহিত এক হইবার জন্য যদি বাসনা হৃদয়ে উদ্রিক্ত হইয়া থাকে, তাহা হইলে ঘনীভূত প্রেমপুণ্যে প্রকাশমান আনন্দেতে আমরা যাহাতে মগ্ন হইতে পারি, তাহারই জন্য যত্নের প্রয়োজন। এ সম্বন্ধে আমাদের যত্ন উপস্থিত হইলে স্বয়ং ঈশ্বর আমাদের সহায় হইবেন। তিনি আমাদের সহায় হউন এই আমাদের প্রার্থনা।

কলিকাতা।

৩নং রমানাথমজুমদারের ষ্ট্রীট।

মঙ্গলগঞ্জ মিসন প্রেসে কে, পি, নাথ কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

শ্রীচৈতন্য ও কেশবচন্দ্র *।

হে অনন্ত প্রেমের প্রস্রবণ পরমেশ্বর, যে ব্যক্তি অতি দীন হীন অযোগ্য, যাহার আপনার তাদৃশ প্রেম বা ভক্তি নাই, সে কি প্রকারে ভক্তচূড়ামণি শ্রীচৈতন্যের সঙ্গে কেশবচন্দ্রের কিরূপ সম্বন্ধ তাহার ব্যাখ্যা করিবে। আপনার অযোগ্যতা বুঝিয়াও এ বিষয়ে বলিবার নিমিত্ত তব সন্নিধানে এই জন্য উপস্থিত যে, তুমি আমায় এ সম্বন্ধে যে শিক্ষা দিয়াছ, যে জ্ঞান দিয়াছ তাহা প্রকাশ্যে বলিতে তোমারই অনুরোধ। তোমার অনুরোধ আমার পালনীয়। অনুরোধ রক্ষা করিতে গিয়া যদি ভ্রম ভ্রান্তি হয়, সেগুলি পরবর্ত্তী উপযুক্ত ব্যক্তিগণ তোমার প্রেরণায় শোধন করিয়া লইবেন। তোমার অনুরোধ রক্ষা করিতে গিয়া যদি এমন একটি পথের সূত্রপাত করিতে পারি যে, সে পথ ধরিয়া আমার বলার অপূর্ণতা তাঁহারা পূর্ণ করিতে পারেন, তাহা হইলেই আমার পক্ষে যথেষ্ট পুরস্কার হইল। তুমি আমায় এ সম্বন্ধে যে পথ দেখাইয়াছ, সেই পথের প্রকৃত বর্ণনা যাহাতে করিতে পারি, তজ্জন্য তোমার আশীর্ব্বাদভিক্ষা করিতেছি। তোমার আশীর্ব্বাদে কেশব ও চৈতন্যের সম্বন্ধ প্রকাশ পাইবে, এই আশা করিয়া বার বার তোমার চরণবন্দনা করি।

কেশবচন্দ্রের জীবনের অন্যান্য অংশ তাঁহার জন্মোদিনোপলক্ষে

---

* আচার্য্য কেশবচন্দ্র সেনের পঞ্চষষ্টিতম জন্মোৎসবোপলক্ষে উপাধ্যায়-প্রদত্ত বক্তৃতামূলক।

পূর্ব্বে আলোচিত হইয়াছে, এবার উহার যে অংশ শ্রীচৈতন্যের সহিত সংযুক্ত তাহারই আলোচনায় প্রবৃত্ত হওয়া যাইতেছে। শ্রীচৈতন্যের সহিত সম্বন্ধসংঘটনের পূর্ব্বে তাঁহার জীবনের কি কি উপাদান ছিল, তাহার উল্লেখ প্রয়োজন; কেন না সে গুলি চক্ষুর সম্মুখে আনিলে শ্রীচৈতন্যের সহিত সম্বন্ধে তাঁহাতে কি নূতন উপাদানের প্রবেশ হইল, আমরা তাহা সহজে বুঝিতে পারিব। বিশ্বাস, বিবেক ও বৈরাগ্য, এই তিনটি উপাদান লইয়া কেশবচন্দ্রের ধর্ম্মজীবনের আরম্ভ হয়। এ গুলিতে সর্ব্বপ্রথমে মহর্ষি ঈষার সঙ্গে তাঁহার যে যোগ ঘটিবে, তাহা আর বলিবার অপেক্ষা রাখে না। বিবেক যাঁহার সুতীক্ষ্ণ তাঁহার বিষয়ের প্রতি বিরাগ জন্মিবে, এবং বিবেক পাপ দেখাইয়া তন্নিরসনজন্য তাঁহাকে ঈশ্বরের চরণে প্রার্থী করিবে, ইহা অতি স্বাভাবিক। প্রার্থনা করিলে পাপ যাইবে, এ বিশ্বাস যাঁহার হৃদয়ে নাই, তিনি ঈশ্বরের নিকটে প্রার্থনা করিবেন কেন? অতএব বুঝিতে পারা যাইতেছে, তাঁহার হৃদয়ে পূর্ব্ব হইতে বিশ্বাস ছিল বলিয়াই তিনি প্রার্থনায় ধর্ম্মজীবনের আরম্ভ করিয়াছিলেন। তিনি যে বলিয়াছেন, জীবনের অতি প্রত্যূষে ভিতর হইতে কে যেন বলিত—প্রার্থনা কর প্রার্থনা কর, ইহার মধ্যে বিবেকবাণী ও তৎপ্রতি বিশ্বাস এ দুইই আছে। তিনি ইংরাজী বিদ্যালয়ে অধ্যয়ন করিয়াছিলেন, খ্রীষ্টধর্ম্মাবলম্বী ব্যক্তিগণের সঙ্গে আলাপ পরিচয় রাখিতেন, বাইবেল তাঁহার বিশেষ আদরের গ্রন্থ ছিল; অতএব তিনি মহর্ষি ঈশার সঙ্গেই জীবনের প্রথম ভাগেই সম্বদ্ধ হইয়াছিলেন, এ কথা কিছুতেই বলিতে পারা যায় না; কেন না সে সময়ে আরও কত লোক ইংরাজী বিদ্যালয়ে অধ্যয়ন করিয়াছেন, খ্রীষ্টানগণের সঙ্গে

মিশিয়াছেন, বাইবেল গ্রন্থের প্রতি আস্থাপ্রদর্শন করিয়াছেন, তাঁহারাই বা খ্রীষ্টের ভাবে ভাবুক হইলেন না কেন, আর তিনিই বা তদ্ভাবে ভাবাপন্ন হইলেন কেন, ইহার মীমাংসা আর কিছুতেই হইতে পারে না, কেবল ইহাতেই হইতে পারে যে, খ্রীষ্টকে গ্রহণকরিবার উপযোগী ভাব লইয়া তিনি জন্মগ্রহণ করিয়াছিলেন। কত লোক সে সময়ে খ্রীষ্টকে বাহ্যভাবে গ্রহণকরিয়াছেন, তাঁহার ভাবে ভাবুক হওয়ার প্রয়োজনানুভব পর্য্যন্ত করেন নাই, ইনিই বা বাহ্যভাবে তাঁহাকে গ্রহণ-না-করিয়া তদ্ভাবে ভাবাপন্ন হইলেন কেন, ইহারও মীমাংসা সেই একই কথায় হয়।

মহর্ষি ঈষা স্বয়ং যোগী ছিলেন। যোগী অথচ পাপী এ দুই ভাব একত্র থাকিতে পারে না, কেন না পাপ যোগ কাটিয়া দেয়, ঈশ্বর হইতে বিচ্ছিন্ন করিয়া ফেলে। ঈশা আপনাতে পাপ দেখিতেন না, এই জন্যই সাহসের সহিত তিনি বলিয়াছেন, তোমরা কে আমাতে পাপ দেখাইয়া দিতে পার? তিনি আপনি নিষ্পাপ হইয়া অপরের পাপ সুতীক্ষ্ণ দৃষ্টিতে দেখিতে পাইতেন, এজন্য পাপের নিমিত্ত অনুতাপের ব্যবস্থা তাঁহার ধর্ম্মের প্রধান লক্ষণ। বাইবেল গ্রন্থ পাঠ করিলে উহার অধিকাংশের মধ্যে অনুতপ্ত পাপীর গতির বিষয়ই দেখিতে পাওয়া যায়। পুত্র ভিন্ন ঈশ্বরকে কেহ দেখিতে পায় না, ঈশার এ বিশ্বাস প্রবল ছিল, সুতরাং মানব মানবী পাপের জন্য অনুতপ্ত হইয়া ঈশ্বরের শরণাপন্ন হইবে, ঈশ্বর করুণা করিয়া তাহাদিগকে গ্রহণ-করিবেন, আলিঙ্গনদান করিবেন, যে পুত্রত্ব হইতে তাহারা ভ্রষ্ট হইয়াছিল তাহাদিগকে সেই পুত্রত্বদান করিবেন, পুত্র হইয়া নির্ম্মলচিত্ত

হইয়া তাহারা ঈশ্বরের দর্শন পাইবে, বাইবেল গ্রন্থে এই সকল কথারই প্রাচুর্য্য এবং ঐ গুলিই ঈশার ধর্ম্মের মূল। কেশবচন্দ্রের বিবেক যখন সুতীক্ষ্ণ, তখন তাঁহার আপনাতে পাপদর্শন এবং তজ্জন্য অনুতপ্ত হওয়া নিতান্ত স্বাভাবিক। "আমি সেই অমিত-ব্যয়ী পুত্র বাইবেলে যাহার উল্লেখ আছে," কেশবচন্দ্র প্রকাশ্যে বহু লোকের সম্মুখে এ কথা বলিতে কুণ্ঠিত হন নাই। তাঁহাতে যে সময়ে অনুতাপ অতি প্রবল ছিল, সে সময়ে তাঁহার বন্ধুগণের হৃদয়ে যে অনুতাপের অনল প্রজ্বলিত হইয়া উঠিবে, ইহাতো অতি স্বাভাবিক। কলিকাতা ও বিদেশস্থ ব্রাহ্মগণ অনুতাপের ক্রন্দনে সেই সেই স্থান পূর্ণ করিলেন। কাহারও কাহারও অনুতাপ এত প্রবল হইয়া উঠিল যে, তাঁহারা কেশবচন্দ্রের নিকটে শান্তি না পাইয়া খ্রীষ্টধর্ম্মাবলম্বন করিবেন বলিয়া তাঁহাকে ব্যতি-ব্যস্ত করিয়া তুলিলেন। তিনি বাহ্যতঃ নিরুপায় হইলেন বটে, কিন্তু তাঁহার অন্তরে ঈশ্বরের করুণার উপরে যে সুদৃঢ় বিশ্বাস ছিল, সেই বিশ্বাসকে তিনি সে সময়ে দৃঢ় মুষ্টিতে ধারণ করিলেন, যাঁহারাই পাপের জ্বালায় অতিমাত্র অধীর হইতেন তাঁহাদিগকে ঈশ্বরের দয়ার উপরে নির্ভর করিতে বলিতেন। ঈশ্বরের দয়ার উপরে বিশ্বাসে কেশবচন্দ্রের নির্ভর বাড়িল এবং সেই নির্ভর হইতে তাঁহার জীবনে যুগান্তর উপস্থিত হইল, নবভাবের সমাবেশ হইল।

কেশবচন্দ্র যে কুলে জন্মগ্রহণ করিয়াছিলেন, উহাতে শ্রীচৈতন্যের সমধিক আদর। পিতামহ পরম বৈষ্ণব, অতি বাল্য বয়সে তাঁহাকে তিনি হরিনাম দিলেন, তিনিও যত্নে তাহা ধারণ করিলেন, কিন্তু সে সময়ে তিনি শ্রীচৈতন্যের শরণাপন্ন হইলেন না

কেন, ভক্তি অবলম্বন করিলেন না কেন, এ গভীর রহস্যের উদ্ঘাটন কেবল তাঁহার জীবনের উপাদানগুলির কার্য্য অগ্রে না হইলে ভক্তি আসিতে পারে না, এ না বলিলে আর কিছুতেই হয় না। পর সময়ে ভক্তিশিক্ষার্থীকে যে উপদেশ দিয়াছেন তাহাতে তিনি বলিয়াছেন, ভক্তিশাস্ত্রে পুণ্যের কথা উঠিতে পারে না, কেন না পুণ্য না থাকিলে ভক্তি আসিতেই পারে না, পুণ্যভূমির উপরে ভক্তি স্থাপিত। একথা তিনি কোথায় শিখিলেন ? আপনার জীবন হইতেই তিনি উহা শিক্ষা করিয়াছিলেন। যাউক, অনুতাপানলে হৃদয় যতই শুদ্ধ হইয়া আসিল, ঈশ্বরের দয়ার উপর বিশ্বাস যতই গাঢ় হইয়া আসিতে লাগিল, ততই ভক্তির দিকে তাঁহার টান পড়িল। তিনি গোপনে খোল কিনিয়া আনিলেন, বৈষ্ণবদ্বারা কীর্ত্তন গাওয়াইলেন, পরিশেষে উপাসনার সময়ে কীর্ত্তন ও খোল প্রবর্ত্তিত করিতে অভিলাষী হইলেন। এ কার্য্য তিনি বিনা প্রতি- বাদে করিতে পারিলেন না। উপাসনাভঙ্গের পর যাঁহাদের অমত তাঁহারা উঠিয়া গেলে কীর্ত্তন হইত, খোল বাজিত। বৈষ্ণবগৃহে জন্মগ্রহণ করিয়াও আমারও তাহাতে হাসি পাইত। ক্রমে খোল ও কীর্ত্তনে আর সকলে যোগ দিতে লাগিলেন, কিন্তু ইহার প্রাদুর্ভাব মুঙ্গেরে উপস্থিত হইল। কেশবচন্দ্র সপরিবারে মুঙ্গেরে গেলেন, সেখানে ভক্তির প্রতি অনুরক্ত অনেকগুলি লোক আসিয়া জুটিল। অনুতাপের তরঙ্গ এখনও নিবৃত্ত হয় নাই, পাপের প্রতি দৃষ্টি পূর্ব্ববৎ সকলের আছে। সুতরাং দয়াময় পতিতপাবন ইত্যাদি নাম লইয়া রোদন তখন প্রবল হইয়া উঠিল। ভক্তিভাবের তরঙ্গে অনেক দুরাচারী লোক আসিয়া যোগ দিলেন, কিন্তু তাঁহারা শেষ পর্য্যন্ত তিষ্ঠিতে পারিলেন না।

ঈশার আগমনে যে পুণ্যের উদয় হয়, সে পুণ্য বিনা ভক্তির উদয় হয় না। এক জনের ভক্তির ভাবোচ্ছ্বাসে অপর সকলেতে সে উচ্ছ্বাস সংক্রামিত হয় বটে, কিন্তু ভূমি প্রস্তুত না থাকাতে সে উচ্ছ্বাস ভক্তিতে পরিণত হয় না। মুঙ্গেরের ভাবোচ্ছ্বাস যে এই প্রকৃতির, তাহা তৎকালের ইতিহাস সপ্রমাণ করে। অন্যের যাহা হউক মুঙ্গেরেতে কেশবচন্দ্রের হৃদয়ে ভক্তি দৃঢ়মূল হইল এবং ভক্তির সঙ্গে মুঙ্গেরের নাম এইরূপে চিরগ্রথিত হইয়া পড়িল।

মুঙ্গেরে বহুকালের মধ্যে ভক্তির ভাবোচ্ছ্বাস দেখা দিয়া লয় পাইল, ইহা দেখিয়া কেশবচন্দ্র চুপ করিয়া বসিয়া থাকিবার লোক ছিলেন না। তিনি বুঝিলেন, ভক্তির সঙ্গে যোগের যোগ না হইলে উহা কিছুতেই স্থায়ী হয় না, সুতরাং যোগের দিকে তাঁহার টান পড়িল। এ টান যে ভক্তির স্বভাব হইতে উৎপন্ন হইয়াছিল তাহাতে আর কোন সন্দেহ নাই। ভক্তি যত বাড়ে তত ভক্তির পাত্রেতে গাঢ় আসক্তি জন্মে। এই আসক্তি পরিশেষে এতটা হয় যে, সেই ভক্তির পাত্র বিনা আর কিছুতেই চিত্তের নিবেশ থাকে না। এক তিনি আর সেই ভক্ত, দুইয়ের সর্ব্বদা একত্র স্থিতি, এইরূপ হইতে হইতে যোগের বন্ধন সুদৃঢ় হয়। এই যোগের বন্ধনকে সুদৃঢ় করিতে হইলে আমিত্বের উচ্ছেদ একান্ত প্রয়োজন, সুতরাং যোগের আরম্ভে বুদ্ধের বৈরাগ্য দেখা দিল; স্বহস্তে রন্ধনাদি বৈরাগ্যের বাহ্যনিদর্শন প্রবর্ত্তিত হইল। এই সময়ে কেশবচন্দ্রের লণ্ডনস্থ বন্ধুগণ তাঁহাতে ধর্ম্মোন্মত্ততা উপস্থিত, তিনি বিকৃতমস্তিষ্ক হইয়া গিয়াছেন ইত্যাদি কথায় তাঁহাকে সাবধান করিতে প্রবৃত্ত হইলেন। তিনি তাঁহাদের

এ সকল সংশয়ের প্রতিবাদ করিলেন, কিন্তু তাহাতে কিছু ফলোদয় হইল না, আজ পর্য্যন্তও সে দেশে তাঁহার সম্বন্ধে এ বিষয়ে নিন্দা নিবৃত্ত হয় নাই। এরূপ নিন্দায় তিনি ভীত হইবার লোক ছিলেন না, শ্রীচৈতন্যকে নবদ্বীপ হইতে আনিবার পর, বৃক্ষতল হইতে বুদ্ধকে আনা তখন তাঁহার প্রয়োজন হইয়াছিল, সুতরাং সে কার্য্য হইতে তিনি পৃথিবীর মান্য গণ্য লোকের কথায় নিবৃত্ত হইবেন কেন? বুদ্ধকে আনিলেন, চৈতন্যের পার্শ্বে বুদ্ধকে বসাইলেন। গৌর ও গৌতম একত্র মিলিত হইলে 'আমি' গিয়া সেখানে শুদ্ধ প্রেম আবির্ভূত হইল। সেই শুদ্ধ প্রেম একমাত্র প্রিয়তমের চরণাবলম্বন করাতে আত্মার ও প্রিয়তম পরমাত্মার মধ্যে আমির সূক্ষ্ম কাল রেখায় আজও যে কিঞ্চিৎ ব্যবধান ছিল তাহা ঘুচিয়া গেল। একেতে অভিনিবিষ্ট চিত্ত পুণ্যের উজ্জ্বল শোভায় শোভিত, এবং হৃদয়ে উজ্জ্বল মনোহর প্রেমমাখা পুণ্যকমল প্রস্ফুটিত হইল। সেই কমলে শ্রীহরি রসস্বরূপ হইয়া প্রকাশ পাইলেন, ভক্তি ও প্রেমে একেতে যোগবন্ধন পূর্ণাবয়বলাভ করিল।

ঈশা, শ্রীচৈতন্য ও বুদ্ধদেবের মিলনে কেশবচন্দ্রের জীবন অপূর্ব্বভাব ধারণ করিল। কেশবচন্দ্র কীর্ত্তনে নাচিতেন, কিন্তু সে নাচে যোগ কাটিত না। রোগে দুর্ব্বল শরীর, অথচ কীর্ত্তনের সময়ে সেই শরীর প্রেমমত্তভাবের অধীন হইয়া রাত্রি দুইটা পর্য্যন্ত নৃত্যে মগ্ন থাকিত, অতিকষ্টে তাহা হইতে তাঁহাকে নিবৃত্ত করা যাইত। কিন্তু এই প্রমত্ত নৃত্যের মধ্যে প্রাণের প্রিয়তম শ্রীহরিকে তিনি একবারও চক্ষুর অন্তরাল হইতে দেন নাই, যোগের বন্ধনে প্রেমের সূত্রে তিনি তাঁহাকে হৃদয়ে গাঁথিয়া রাখিয়াছিলেন। চৈতন্য কখন অচেতন হইতে পারেন না, সুতরাং ভক্তের

প্রেম অতি প্রমত্তাবস্থায়ও সদা সচেতন, এই তাঁহার মত ছিল। শ্রীচৈতন্যের প্রেমে মূর্চ্ছা, দেহের সন্ধিসকলের শিথিলতা, রোমকূপে রক্তোদ্গম, প'রশেষে বিচ্ছেদে প্রাণবিয়োগ, আমরা তাঁহার জীবনচরিতে পাঠ করি। চৈতন্য কখন অচেতন হন না, মনে হয় এ মত এতদ্দ্বারা খণ্ডিত হইতেছে। কিন্তু যাঁহারা 'প্রেমবৈচিত্ত্য' কাহাকে বলে তাহা জানেন, তাঁহারা বুঝিতে পারেন, প্রিয়তম নিকটে থাকিতেও 'হারাইলাম হারাইলাম' বলিয়া যে ভয় হয়, সেই ভয়ই বিচ্ছেদের আকারধারণ করে। চৈতন্যসম্বন্ধে ইহাই ছিল, তাহা আর বলিবার অপেক্ষা করে না। রূপ জীব প্রভৃতি গোস্বামিগণ অতি যত্নের সহিত প্রমাণ করিতে যত্ন করিয়াছেন, কৃষ্ণের সঙ্গে কোন কালে তাঁহার প্রিয়জনের বিচ্ছেদ ঘটে না, তিনি চিরদিন তাঁহাদের সঙ্গে মিলিত হইয়া থাকেন। শ্রীচৈতন্যের বিরহবিকার দেখিয়া বা কাহারও মনে হয়—ভক্ত ও কৃষ্ণে বিচ্ছেদ ঘটে, এইটি নিবারণের জন্যই যে তাঁহাদের এরূপ যত্ন, তাহাতে আর কোন সংশয় নাই।

রাধাকৃষ্ণকে ছাড়িয়া শ্রীচৈতন্যগ্রহণ, ইহা শ্রীচৈতন্যকে ছাড়িয়া শ্রীচৈতন্যগ্রহণ বিনা লোকে আর কি বলিবে? কিন্তু কেশবচন্দ্রে ইহা একান্ত অসম্ভব ছিল। শ্রীকৃষ্ণের সঙ্গে শ্রীচৈতন্যের ঘনিষ্ঠ যোগ তিনি যেমন বুঝিতেন এমন আর কে বুঝিত? শ্রীকৃষ্ণের প্রচারিত প্রেমের ধর্ম্মের উপরে শ্রীচৈতন্য উচ্ছ্বসিত প্রেমের ধর্ম্মস্থাপন করিলেন, অথচ তাহা হইতে সকল প্রকারের বিকার তিরোহিত হইতে পারে এজন্য নবভাব তন্মধ্যে সন্নিবিষ্ট করিলেন, কেশবচন্দ্র স্পষ্টবাক্যে একথা প্রকাশ্যে বলিয়াছেন *। সাধারণে

* সেবকের নিবেদন 'একাধারে নরনারী প্রকৃতি' এ উপদেশটি সকলেই

রাধা ও কৃষ্ণকে যে ভাবে গ্রহণ-করে, শ্রীচৈতন্য কি সেই ভাবে তাঁহাদিগকে গ্রহণ-করিয়াছিলেন? তাঁহার রাধাকৃষ্ণ কি লৌকিক রাধাকৃষ্ণ না আধ্যাত্মিক রাধাকৃষ্ণ? ভাগবতে রাধা বলিয়া কেহ ছিলেন না, ইহা কি তিনি জানিতেন না?

অনয়া রাধিতো নূনং ভগবান্ হরিরীশ্বরঃ।

"ইনি অবশ্যই ভগবান্ হরির আরাধনা করিয়াছেন" ভাগবতের এই কথা হইতে রাধা এই নামকরণ হইয়াছে, শ্রীচৈতন্য যদি ইহা না বলিতেন সনাতন গোস্বামী উহা লিখিতেন কি প্রকারে? শ্রীচৈতন্যের কৃষ্ণ কে? যিনি হৃদয় মন আত্মাকে আকর্ষণ করেন তিনি কৃষ্ণ। তিনি সচ্চিদানন্দ রসস্বরূপ, আনন্দ ভিন্ন তাঁহার আর কোন মূর্ত্তি নাই। সঙ্গীতে রাগ সকল যেমন মূর্ত্তিমান্ হইয়া প্রকাশ পায়, তেমনি সাধকহৃদয়ে ঘনীভূত আনন্দ হইয়া পরব্রহ্মের প্রকাশই তাঁহার মূর্ত্তিমত্তা। এই রসস্বরূপের নিয়ত আরাধনায় যিনি প্রবৃত্ত তিনি রাধা, সকল আরাধক হইতে তিনি শ্রেষ্ঠ।

পড়িয়া থাকিবেন। তিনি মিররে এ সম্বন্ধে যাহা লিখিয়াছিলেন তাহা এখানে উদ্ধৃত করিয়া দিতেছি। Chaitanya upreared his system of reformed Vaishnavism upon the already existing basis laid by Krishna many centuries back. Yet there is some difference between the two systems which is note-worthy, Krishna figured as a lover in the sphere of religion and was often in the midst of female devotees who were fond of him. Chaitanya, on the contrary, kept himself and his disciples clear of female company and influence. Krishna preached the religion of the world, of the politician and warrior; while Chaitanya inculcated and practised asceticism and went about as a missionary Vairagi.—THE INDIAN MIRROR, JANUARY 28, 1877.

যস্যাস্তি ভক্তির্ভগবত্যকিঞ্চনা সর্ব্বৈর্গুণৈস্তত্র সমাসতে সুরাঃ।
"ভগবানে যাঁহার অকিঞ্চনা ভক্তি আছে, সকল গুণ লইয়া দেবগণ আসিয়া তাঁহাতে বাস করেন" এই নিয়মানুসারে আরাধক-মাত্রে দেবগুণের অধিষ্ঠান হয় সত্য, কিন্তু ইঁহাতে সে সকলের পূর্ণ পরিমাণে স্থিতি। ইনি মহাভাবরূপা এবং সে ভাবের পরাকাষ্ঠা। ইঁহার সখীগণ ভগবানের লীলার অনুকূল মনোবৃত্তি-সমূহ। রায় রামানন্দের সহিত শ্রীচৈতন্যের কথোপকথন যাঁহারা পড়িয়াছেন, তাঁহারা রাধা ও কৃষ্ণকে শ্রীচৈতন্য কি ভাবে গ্রহণ করিয়াছিলেন তাহা অনেকটা বুঝিতে পারেন। দ্বারকার কৃষ্ণে ঐশ্বর্য্যের এবং বৃন্দাবনের কৃষ্ণে মাধুর্য্যের প্রকাশ বলিয়া তিনি বৃন্দাবনের কৃষ্ণকেই সমধিক আদরের সহিত গ্রহণ করিয়াছেন। রসের পরিপুষ্টির জন্য শ্রীচৈতন্য ভাগবত ছাড়া অন্যান্য পুরাণ গ্রন্থেরও আদর করিয়াছেন, কিন্তু মূলতঃ ভাগবনের উপরে তাঁহার প্রেমের ধর্ম্ম স্থাপিত। রাধা ও কৃষ্ণকে যতই কেন আধ্যাত্মিক করিয়া লওয়া হউক না, ইহা যে অবতারবাদ তাহাতো আর খণ্ডিত হইতেছে না। কৃষ্ণ প্রেমের ধর্ম্মের প্রবর্ত্তক, তিনি স্বয়ং মূর্ত্তিমান্ প্রেম, আগাগোড়া শ্রীচৈতন্থের ধর্ম্মের কি ইহাই মূল নয়? কৃষ্ণ কেবল প্রেম নন, তাঁহার প্রতি যাঁহারা অনুরক্ত তাঁহাদিগেতেও সেই প্রেমের নানাভাবের প্রকাশ তিনি দেখিতেন। এমন কি ভাবাবেশের সময়ে "তরু লতিকার যাহা তাঁহা কৃষ্ণ স্ফুরে" এইরূপে সর্ব্বত্র তিনি সেই প্রেমেরই অবতরণ দর্শন করিতেন, এবং উহাদিগকে আলিঙ্গন করিবার জন্য বিভোর হইয়া দৌড়াইতেন। যখন অত্যন্ত ভাবাবেশ হইত তখন "মুঞি সেই মুঞি সেই" আমিই তিনি আমিই তিনি বলিয়া তিনি আত্মহারা হই-

তেন। শ্রীচৈতন্যের অবতারবাদ এজন্যই শুদ্ধ ছিল। কৃষ্ণেতে ঘনীভূতরূপে যে প্রেমের প্রকাশ তিনি দেখিতেন, সেই প্রেমকে যদি তিনি কৃষ্ণেতেই বদ্ধ রাখিতেন, সর্ব্বত্র তাহার প্রকাশ প্রত্যক্ষ না করিতেন, তাহা হইলে অবতারবাদের দোষ তাঁহাকে স্পর্শ করিত। পুত্রেতে পিতার প্রকাশ যেরূপ খ্রীষ্টধর্ম্মে ("the Father born and begotten in the Son") তেমনি কৃষ্ণেতে প্রেমঘন ঈশ্বরের প্রকাশ দেখিলে কিছু অবতারবাদের দোষ ঘটে না। তবে শ্রীচৈতন্য হিন্দুভাবের অধীন হইয়া কৃষ্ণের মনুষ্যত্বের দিকে দৃষ্টিস্থাপন না করিয়া কেবলই ঈশ্বর দেখিয়াছেন এইমাত্র বিশেষ।

কেশবচন্দ্র "কৃষ্ণ ও খ্রীষ্টে" মিলনসাধন করিয়া এই দোষ অপনীত করিয়াছেন। ঈশ্বরেতে "নরনারীপ্রকৃতির" মিলন দর্শন করিয়া শ্রীচৈতন্যের ধর্ম্মের মূল আত্মস্থ করিয়া লইয়াছেন। উপনিষৎ বলেন,

তদ্যথা প্রিয়য়া স্ত্রিয়া সম্পরিষ্বক্তো ন বাহ্যং কিঞ্চন বেদ নান্তরম্ এবমেবায়ং পুরুষঃ প্রাজ্ঞেনাত্মনা সম্পরিষ্বক্তো ন বাহ্যং কিঞ্চন বেদ নান্তরম্।

প্রিয়জনকর্তৃক আলিঙ্গিত হইলে যেমন অন্তর্বাহ্য জ্ঞান থাকে না, তেমনি পরমাত্মা কর্তৃক আলিঙ্গিত জীবের অন্তর্বাহ্য জ্ঞান থাকে না, শ্রীচৈতন্যের প্রেমের ধর্ম্ম এই ভিত্তির উপরে স্থাপিত। ঈশ্বরের হ্লাদিনী শক্তি কিছু তাঁহা হইতে ভিন্ন নহেন। এই হ্লাদিনী শক্তির সার প্রেম, এই প্রেমের সার মহাভাব, এই মহাভাব বৈষ্ণবগণের ভগবদারাধিকা রাধিকা। ভক্ত শ্রীচৈতন্য যখন মহাভাবে বিভোর হইয়া স্বেষ্টদেবতার সহিত একাত্মা হইয়া

থাকিতেন, প্রেমবৈচিত্ত্যবশতঃ একত্র থাকিয়াও সময়ে সময়ে বিচ্ছেদানুভব করিতেন· তখন তাঁহাতে হাস্যক্রন্দনাদি নানা ভাবের বিকাশ হইত। ঈশ্বর ও প্রকৃতি এ দুইয়ের একত্বানুভব শ্রীচৈতন্যের ধর্ম্মের প্রধান লক্ষণ। ঈশ্বরের পরা ও অপরা প্রকৃতি জীব ও বাহ্য প্রকৃতি, বিষয়ী ও বিষয়। জীবকে পরা প্রকৃতি বলিয়া গীতা গ্রহণ করিয়াছেন, সুতরাং শ্রীচৈতন্য একমাত্র ঈশ্বরকে পরম পুরুষ এবং তদতিরিক্ত আর সকলকে প্রকৃতিমধ্যে গণ্য করিতেন।

প্রকৃতি হইয়া করে প্রকৃতিসম্ভাষণ।
প্রভু বলে তার মুখ না করোঁ দর্শন॥

শ্রীচৈতন্যের মুখের এ কথা এই মূল হইতে উৎপন্ন। তিনি আপনাতে সেই পরম পুরুষের নিত্য অধিষ্ঠান দর্শন করিতেন, এবং আপনাকে তৎকর্ত্তৃক আলিঙ্গিত জীব প্রকৃতি বলিয়া বিশ্বাস করিতেন। শ্রীচৈতন্যের এই ভাব হৃদয়ঙ্গম করিয়া 'একাধারে নরনারীপ্রকৃতির মিলন' তাঁহারই নামে কেশবচন্দ্র সকলের নিকটে ব্যক্ত করিয়া বলিয়াছেন। শ্রীচৈতন্যে এই প্রকারে নরনারীপ্রকৃতির মিলনসংঘটন হওয়াতে ব্যভিচারের পথ কেন অবরুদ্ধ হইয়াছে তাহাও তিনি প্রদর্শন করিয়াছেন। পরমাত্মা-লিঙ্গিত জীব প্রেমে তাঁহাতে মুগ্ধ, ভক্তির এই পরমতত্ত্ব শ্রীচৈতন্য হইতে কেশবচন্দ্রে এইরূপে সংক্রামিত হইয়াছে।

এখানেই শ্রীচৈতন্যের সহিত কেশবচন্দ্রের সম্বন্ধ শেষ হইল না। শ্রীচৈতন্যে ইহা ছাড়া আরও যাহা ছিল, তাহাও তাঁহাতে সংক্রামিত হইল। শ্রীচৈতন্য এক প্রিয়তম ঈশ্বরকে লইয়া সন্তুষ্ট ছিলেন না, পরা প্রকৃতির যে সকল নিত্যভাব নিত্যকাল তাঁহার

চরণস্পর্শ করিয়া বিদ্যমান, সে সকলকে তিনি প্রিয় ইষ্টদেবতার সঙ্গে গ্রহণ করিয়াছেন। এই সকল নিত্য ভাব তাঁহার নিকটে আকাশের মত অলীক ছিল না, অনন্ত চিদানন্দরসের আনন্দরস-বিন্দু ছিল।

আনন্দচিন্ময়রসপ্রতিভাবিতাভিস্তাভির্য এব নিজরূপতয়া কলাভিঃ।

এই আনন্দচিন্ময় রসবিন্দুগুলি সেই ভগবানের নিজ শক্তিরই প্রকাশ; সুতরাং ইঁহারা ভগবানের লীলার নিত্য সঙ্গী, যখনই যে জগতে ভগবানের প্রকটলীলা হয়, তখনই সেই জগতে ভগবানের প্রকটলীলার সঙ্গী হইয়া ইঁহাদেরও তৎসহ সাক্ষাৎ প্রকাশ হয়। এই প্রকটলীলা এখনকার ভাষায় বিধান বলিয়া আখ্যাত হইয়া থাকে। প্রত্যেক বিধানে এক ব্যক্তিকে প্রধান বলিয়া সকলে গ্রহণ করে। কিন্তু সেই ব্যক্তির কার্য্যের সহায় হইয়া যাঁহারা তাঁহার সঙ্গে নিয়ত থাকেন, তাঁহারা প্রতিজনও যে সেই বিধানের পক্ষে প্রয়োজন, ইহা কেহ অস্বীকার করিতে পারেন না। প্রধান ব্যক্তিতে বিধানের মূল বিষয়টি প্রকাশ পায়। যে যে অঙ্গ লইয়া সেই মূল বিষয়, অন্যান্য ব্যক্তি সেই সেই অঙ্গের প্রতিনিধি, সুতরাং সকলকে লইয়া বিধানের পরিপুষ্টি। প্রেমের বিধানে শ্রীকৃষ্ণ প্রধান ব্যক্তি। প্রেমের যে কিছু আয়োজনের প্রয়োজন, তাঁহাতে সে সকল বিদ্যমান ছিল। কিন্তু এই প্রেমের প্রকাশজন্য যাঁহারা সহায় তাঁহারা তাঁহার নিত্য সঙ্গী। শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য, মাধুর্য্য, প্রেমের এই পঞ্চ অঙ্গের প্রাকট্যজন্য যাঁহাদের প্রয়োজন, তাঁহারা সকলে তাঁহার সঙ্গী ছিলেন। যে সকল ভাব এই পাঁচটি অঙ্গের মূলে বিদ্যমান, তাহারা নিত্যভাব। যখনই ঈশ্বরের প্রেমের প্রকাশ হয়, তাহার

সঙ্গে সঙ্গে তাহাদেরও প্রকাশ হইয়া থাকে। ভাব সকল শূন্য আকাশে থাকে না, তত্তদ্ভাবানুকূল নরনারীতে প্রাকট্যলাভ করে। বৃন্দাবনে প্রেমের প্রকট প্রকাশ, শ্রীচৈতন্য এই জন্য বৃন্দাবনে যাঁহারা শ্রীকৃষ্ণের সঙ্গী ছিলেন, তাঁহাদিগকে প্রধানরূপে গ্রহণ করিয়াছেন ; কিন্তু তাহা বলিয়া তিনি মথুরার সঙ্গিগণকে গণনায় আনেন নাই তাহা নহে। তবে বৃন্দাবনে মাধুর্য্যের এবং মথুরায় ঐশ্বর্য্যের প্রকাশ বলিয়া প্রেমে মাধুর্য্য-ও-ঐশ্বর্য্য প্রকাশে যে ভিন্নতা হয়, সেই ভিন্নতা তিনি উভয় স্থলে স্বীকার করিয়া লইয়াছেন।

শ্রীকৃষ্ণের প্রেমের বিধানে এই সকল ভাবের অনুকূল ব্যক্তি-গণেতে উহাদের প্রকাশমাত্র যদি শ্রীচৈতন্য স্বীকার করিতেন, তাহা হইলে তাঁহার ভক্তিবিধান অপূর্ণ থাকিত। তাঁহাতে এবং তাঁহার সঙ্গিগণেতে এই সকল ভাবের অবতরণস্বীকার করিয়া তিনি ভক্তিবিধানকে দৃঢ় মূলের উপরে স্থাপন করিয়াছেন। যাঁহারাই ভক্তিপথাবলম্বন করিবেন, তাঁহাদিগেতেই এই সকল ভাবের অবতরণস্বীকার করিয়া তিনি ভক্তিবিধানকে সার্ব্বভৌমিকতার উপরে স্থাপন করিয়াছেন।

আবির্ভূয় মনোবৃত্তৌ ব্রজন্তী তৎস্বরূপতাম্।
স্বয়ং প্রকাশরূপাপি ভাসমানা প্রকাশ্যবৎ ॥

এই বলিয়া তিনি পৃথিবীস্থ ব্যক্তিগণেতে ভাবাবতরণ সাধারণ নিয়মের অন্তর্গত করিয়াছেন। কেহ আপত্তি করিতে পারেন, এ সকলতো রূপগোস্বামীর কথা, ইহার সঙ্গে শ্রীচৈতন্যের যোগ কোথায় ? এ সকল যে তাঁহারই শিক্ষানুসারে গ্রন্থাকারে নিবদ্ধ হইয়াছে, শ্রীচৈতন্যের জীবনবৃত্তান্তপাঠ করিলেই সকলে তাহা জানিতে পাইবেন। শ্রীচৈতন্য সর্ব্বদা ভাবাবেশে মগ্ন থাকিতেন।

যখন তাঁহাতে যে ভাবের আধিক্য হইত, সমুদায় জগৎকে সেই ভাবে পরিবর্ত্তিত তিনি দেখিতে পাইতেন। যখন ব্রজের ভাব প্রবল হইত, তখন সামান্য রাখালগণকে শ্রীদাম সুদামাদি ভাবে দর্শন করিয়া তাহাদিগকে আলিঙ্গনদান করিতে দৌড়াইতেন। গোপীভাব যখন তাঁহাতে প্রবল হইত, তখন তিনি উহার বাহ্য প্রকাশ সংযত করিয়া গোপী গোপী স্মরণ করিতেন, আর অপরে কেহ নারীগণেতে গোপীভাবদর্শন করিয়া তাঁহাদের সেবাবন্দনা করিলে তিনি তাঁহাদিগের নির্ব্বিকার চিত্তের প্রতি সম্ভ্রম প্রদর্শন করিতেন।

রহস্যলীলা তু পুরুষবদিন্দ্রিয়বিকারৈর্নোপাস্যা।

"যে সকল লোকের ইন্দ্রিয়বিকার আছে সে সকল ব্যক্তি ভগবানের গূঢ় লীলার অনুধ্যান করিবে না," এ নিয়ম শ্রীচৈতন্য হইতে প্রবৃত্ত হইয়াছে, কেন না তিনি জানিতেন ঐ সকল আধ্যাত্মিকভাবে গ্রহণ না করিয়া অজিতেন্দ্রিয় ব্যক্তিগণ লৌকিক ভাবে গ্রহণ করিবে এবং সংসারকে পাপব্যভিচারে ডুবাইবে। তাঁহার সম্প্রদায়ের অনেক লোক তাঁহার এই শাসনাতিক্রম করিয়া কি ঘোর ব্যভিচারেই না নিপতিত হইয়াছে! গোস্বামিগণ পরকীয়াত্ব উড়াইয়া দিয়া বিশুদ্ধ প্রেম-স্থাপনের যত্ন করিয়াছেন, তাঁহাদের পরবর্ত্তিগণ পরকীয়াত্বের প্রাধান্যস্থাপন করিয়া সমগ্র বৈষ্ণব-সমাজকে পাপের সাগরে ডুবাইয়াছে। স্বসম্প্রদায়ের চরিত্র কোন দিন কলঙ্কিত না হয়, এজন্য তিনি ছোট হরিদাসকে কঠোর দণ্ড দিয়াছিলেন, অথচ অনধিকারী ব্যক্তিগণের হস্তে প্রেমের ধর্ম্ম পড়িয়া তাঁহারই নামে পরিচিত লোকদিগের কর্ত্তৃক সে শাসন আজ প্রতিপদে উল্লঙ্ঘিত হইতেছে।

শ্রীচৈতন্যের সর্ব্বশেষ যত্ন কি একবার আমাদিগের বিচার করিয়া দেখিতে হইতেছে। তিনি মার নিকটে সংবাদপ্রেরণ· করিবার সময়ে এই কথাগুলি বলিয়া পাঠাইয়াছিলেন :—

যে কালে সন্ন্যাস কৈনু ছন্ন হইল মতি।

সন্ন্যাসগ্রহণ না করিলে কেহ ভক্তির ধর্ম্ম গ্রহণ করিতেছে না, তাঁহার কথায় কর্ণপাত করিতেছে না, ইহা দেখিয়া যখন তাঁহার হৃদয় করুণারসে আর্দ্র হইল, তখন তাঁহার বুদ্ধি সেই করুণাতে আচ্ছন্ন হইল, আর মাতা বা পত্নীর বিষয় তিনি ভাবিতে পারিলেন না। সন্ন্যাসগ্রহণের পর যখন লোকের বক্ষে ভক্তির ধর্ম্ম স্থান প্রাপ্ত হইল, তখন কতই না যত্নের সহিত তিনি মাতার সংবাদ লইতেন, পত্নীর রক্ষণাবেক্ষণজন্য উপযুক্ত ব্যক্তিকে নিযুক্ত করিয়াছিলেন, তাহা তাঁহার জীবনবৃত্তান্ত যাঁহারা পাঠ করিয়াছেন তাঁহারাই জানেন। সংসারে পরিবারে প্রেমের ধর্ম্ম যাহাতে প্রবেশ করে এবং সংসারের সকল সম্বন্ধের ভিতরে প্রেমের ভিন্ন ভিন্ন রস প্রকাশ পায়, তজ্জন্য যত্ন তাঁহার শেষ যত্ন। সন্ন্যাস দ্বারা তিনি বাহিরে সংসারপরিত্যাগ করিলেন, এই পর্য্যন্ত দেখাইয়া কার্য্যশেষ করিলে শঙ্করের সন্ন্যাস তাঁহা কর্তৃক দৃঢ়মূল হইত, সন্ন্যাসী হইয়াও যে সংসার করিতে পারা যায়, সে দৃষ্টান্ত আর স্থাপিত হইত না। সংসারে বিশুদ্ধ প্রেম স্থান পাইতে পারে না, ইহাই যদি তাঁহার ভক্তির ধর্ম্মের শিক্ষা হইত, তাহা হইলে

ন জ্ঞানং ন চ বৈরাগ্যং প্রায়ঃ শ্রেয়োভবেদিহ।

"ভক্তিমার্গে (কঠোর) জ্ঞান ও (কঠোর) বৈরাগ্য শ্রেয়স্কর হয় না" ভাগবতের এ শাসন তাঁহাকর্তৃকই উপেক্ষিত হইত। শ্রীচৈতন্য সন্ন্যাসী হইয়াও অন্নপানকে ভগবানের প্রসাদ

জানিয়া তৎসম্বন্ধে তিনি যে কঠোরতাশ্রয় করিতেন না তাহা সকলেই জানেন, কিন্তু তিনি যদি সন্ন্যাসীকে সংসারধর্ম্মে প্রবর্ত্তিত না করিতেন, তাহা হইলে এ দৃষ্টান্ত উজ্জ্বলরূপে কাহারও মনে প্রতিষ্ঠিত হইত না। অদ্বৈত প্রথম হইতে সংসারে আছেন, কোন কালে সংসারত্যাগ করেন নাই। নিত্যানন্দ বাল্যকাল হইতে সংসারত্যাগী অবধূত সন্ন্যাসী, তাঁহাকে সংসারধর্ম্মে প্রবিষ্ট করাইয়া সংসার যে জিতেন্দ্রিয় সন্ন্যাসীর প্রেমধর্ম্মসাধনের ভূমি শ্রীচৈতন্য তাহাই প্রদর্শন করিলেন। এক সপ্তাহ যাবৎ নিত্যানন্দ এবং শ্রীচৈতন্যের এ সম্বন্ধে পরামর্শ হয়, সে পরামর্শের কথাগুলি গোপন রহিয়াছে, কিন্তু এই পরামর্শের পর নিত্যানন্দের সংসার-স্বীকার দেখাইয়া দিতেছে, সন্ন্যাসী হইয়া সংসারে প্রেমের ধর্ম্মসাধন করিতে হইবে, সংসারের সম্বন্ধগুলির মধ্যে ঈশ্বরপ্রেমের বিবিধ প্রকাশ দেখিতে হইবে, এই তাঁহার শেষ শিক্ষা। নিত্যানন্দের দৃষ্টান্ত লইয়া কেশবচন্দ্র যে একটি উপদেশ দেন তাহা তৎকালে লিপিবদ্ধ হয় নাই, কিন্তু সে ভাবের প্রার্থনা লিপিবদ্ধ আছে।

শ্রীকৃষ্ণের যোগের ধর্ম্মকে শ্রীচৈতন্য কিরূপে পরিবর্ত্তিত করিয়া ভক্তির ধর্ম্মের উপযোগী করিয়া লইয়াছিলেন, তাহার আলোচনা করিয়া দেখিলে কেশবচন্দ্রে উহার যে পরিবর্ত্তন হইয়াছে, তাহা বলপূর্ব্বক হয় নাই, ইহা আমরা অনায়াসে বুঝিতে পারি। কৃষ্ণেতে বিশ্বরূপের প্রকাশ তিনি কিরূপ যোগে যোগী ছিলেন, তাহা প্রদর্শন করিয়া থাকে। ব্রহ্মেতে নামরূপময় জগৎ ও দেবতাদি সকলে বাস করিতেছেন—এইরূপ ব্রহ্মপ্রতিপত্তি শ্রীকৃষ্ণের যোগ।

পুরুষঃ স পরঃ পার্থ ভক্ত্যা লভ্যস্ত্বনন্যয়া।
যস্যান্তঃস্থানি ভূতানি যেন সর্ব্বমিদং ততম্॥

"যাঁহার ভিতরে সমুদায় ভূতগণ এবং যিনি সমুদায় জগতে ব্যাপ্ত হইয়া আছেন সেই পরম পুরুষকে, হে পার্থ, অনন্য ভক্তিতে লাভ-করা যায়" ; বিশ্বরূপমধ্যে এই মতের জীবনে স্ফূর্ত্তি দেখিতে পাওয়া যায়। তবে এই বিশ্বরূপের অবস্থাভেদে পরিবর্ত্তন হইত ইহা দুর্য্যোধনের সভাস্থলে, কুরুক্ষেত্রের যুদ্ধক্ষেত্রে, এবং নারদের বিশ্বরূপদর্শনে আমরা বুঝিতে পারি। যখন সাধকের চিত্তানুসারে এইরূপ পরিবর্ত্তন ঘটিয়া থাকে, তখন শ্রীচৈতন্য যে শ্রীকৃষ্ণের যোগকে প্রেমপ্রকাশের অনুরূপ করিয়া লইবেন, ইহা আর বিচিত্র ব্যাপার কি? শ্রীকৃষ্ণেতে সমুদায়দর্শনকরা তাঁহার পক্ষে একান্ত স্বাভাবিক ছিল। পূর্ব্বে বলিয়াছি, আমরা যাহাকে একালে বিধান বলি, সেকালে ভক্তগণ উহাকে প্রকটলীলা বলিতেন। ভারতে ভগবানের যে সকল লীলা প্রকটিত হইয়াছে, ভক্তগণ তাহাই গ্রহণ করিয়া প্রেমের ধর্ম্ম সাধন-করিয়াছেন। কেশবচন্দ্র ভারতে আপনাকে আবদ্ধ রাখেন নাই, পৃথিবীর নানা স্থানে নানা সময়ে ভগবানের যে সকল লীলা বা বিধান হইয়া গিয়াছে, সে সমুদায়কে গ্রহণ করিয়াছেন। তাঁহার প্রতিষ্ঠিত "সাধুসমাগম" ব্যাপার ইঁহাদিগকে ভগবানেতে মিলিত ভাবে দর্শন-করিবার আয়োজন। এক এক জন বিধানপ্রবর্ত্তককে গ্রহণ করিতে গিয়া তৎসহকারে তাঁহাদের সঙ্গিগণকেও গ্রহণকরা হইয়াছে ; বিদেশের ঈশা মুষা প্রভৃতি, স্বদেশের ঋষি মহর্ষি শিবকৃষ্ণাদিকে গ্রহণ করিয়া প্রকাণ্ড একটি ভক্তদল কেশবচন্দ্র কর্ত্তৃক সংসৃষ্ট হইয়াছে। ইঁহাদের সকলকে ভগবানের বক্ষে তিনি দর্শন করিতেন। ঈশ্বর ও তাঁহার জনগণকে শ্রীচৈতন্য যে ভাবে নিয়ত মিলিত দেখিতেন, সেই ভাবেরই ইহা সার্ব্বভৌমিক প্রয়োগ।

ভবে বিজ্ঞানবিদ্গণকে এবং পরিবারের অঙ্গীভূত কিঙ্কর-কিঙ্করী-গণকে পর্য্যন্ত প্রেরিতশ্রেণীমধ্যে প্রবিষ্ট করিয়া কেশবচন্দ্র যে ঐ ভাবের আরও পরিপুষ্টিসাধন করিয়াছেন তাহা আর বলিবার অপেক্ষা রাখে না।

শ্রীচৈতন্যসমাগম পাঠ করিলে সকলে দেখিবেন, কেশবচন্দ্র শ্রীচৈতন্যের অখণ্ড দলের উপর কি প্রকার আত্মপ্রকাশ করিয়াছেন। শ্রীচৈতন্যের দলকে তালশাসের সঙ্গে তিনি তুলনা করিয়াছেন। একটি তালে দুই [illegible] বা ততোধিক শাঁস থাকে, অথচ তাহাকে [illegible] এক, শ্রীচৈতন্যের দল তেমনি বহু লোকে সংসৃষ্ট হইয়া [illegible] এক [illegible] অখণ্ড। শ্রীচৈতন্যের বিদ্যমানকালে ভক্তবৃন্দ যেরূপ এক অখণ্ড দল ছিলেন, তাহার বৃত্তান্ত পাঠ করিলে বাস্তবিকই বহু লোক অদ্ভুত অলৌকিক একত্বে কি প্রকার অখণ্ড বস্তু হইয়া যায়, তাহার অতি উৎকৃষ্ট দৃষ্টান্ত চক্ষুর সম্মুখে উপস্থিত হয়। অদ্বৈত-ও-নিত্যা [illegible] মধ্যে সময়ে সময়ে যে প্রণয়-কোপ [illegible] পাইত, পর সময়ে তাহাই তাঁহাদের অনুবর্ত্তিগণের মধ্যে [illegible] সংঘটিত করিয়াছিল, এবং নিত্যানন্দের শিষ্য চৈতন্য-ভাগবত [illegible] অনেক স্থলে

এত পরিহারেও যদি প্রভুর নিন্দা করে।
তবে লাথি মারো তার মস্তক উপরে।

এই তীব্র কথাগুলি নিবদ্ধ করিয়াছেন। অদ্বৈত জ্ঞানপ্রধান, তাঁহার দল পুণ্যের তীব্রতাজন্য প্রসিদ্ধ। নিত্যানন্দ স্বয়ং অতি [illegible]ক, তাঁহার দল প্রেমের পক্ষপাতী। এ বিরোধ যে এই দুই ভাবের বিরোধ, তাহাতে সন্দেহ নাই। এ বিরোধ পল, পিটার এবং তাঁহাদের অনুবর্ত্তিগণের বিরোধের অনুরূপ। ঈদৃশ বিরোধ-

সত্ত্বেও খ্রীষ্টেতে যেমন পল প্রভৃতি, তেমনি শ্রীচৈতন্যে ইহারা এক ছিলেন। এক জনেতে দশ জন মিলিত হইলে প্রতিমাবিসর্জ্জন অর্থাৎ সর্ব্বশুদ্ধ ভগবানেতে মগ্ন হওয়া সহজ হয়, কেশবচন্দ্রের এ মত এই সত্য দেখাইয়া দেয়। কোন এক বিধানের সমগ্র ভাব এক জনেতে, আর তাহার ভিন্ন ভিন্ন অঙ্গ তৎসহচর ভিন্ন ভিন্ন ব্যক্তিতে থাকে। এই সকল ভিন্ন ভিন্ন অঙ্গের অঙ্গে অঙ্গে যে বিরোধী ভাব আছে যতক্ষণ তাহার সামঞ্জস্য না হয়, ততক্ষণ বিরোধ চলিতে থাকে, বিরোধ মিটিলেই সেই সমগ্রভাবের প্রতিনিধি ব্যক্তির সহিত সকলের একত্ব ঘটে। ভিন্ন ভিন্ন অঙ্গ সমগ্রভাবসম্পন্ন ব্যক্তিতে আপনার আপনার দিক্ দেখিতে পান, সুতরাং পরস্পরে বিরোধ ঘটিলেও তাঁহার সহিত বিরোধ ঘটে না, এবং তাঁহাতে সকলের এক হইবার উপায় থাকিয়া যায়। যদি কোন ব্যক্তির সেই মূল ব্যক্তির সঙ্গেই অমিল হয়, তাহা হইলে বিরোধপরিহার অসম্ভব হইয়া উঠে।

শ্রীচৈতন্যের ভাবের সমাবেশে কেশবচন্দ্রেতে কি হইল, এখন একবার তাহা দেখিতে যত্ন করা যাউক। যখন খোল আনিয়া কেশবচন্দ্র কীর্ত্তনে প্রবৃত্ত হইলেন তখন 'সাধনভক্তি' তাঁহাতে উপস্থিত হইল। সাধনভক্তিতে শ্রীচৈতন্য সহায় হইলেন বটে, কিন্তু উহাতে তাঁহার সঙ্গে ঘন যোগ ঘটিল না। ঈশার অনুসরণে পুণ্যসাধন, চৈতন্যের অনুসরণে ভক্তিসাধন, এ দুই সাধনে এখনও পুণ্য ও প্রেমের মিলন হয় নাই। এ দুইয়ের মিলনের জন্য তাঁহাতে যোগ উপস্থিত হইল। যোগ কাহার সঙ্গে? এক অদ্বিতীয় পরব্রহ্মের সহিত। পুণ্যসাধনে চিত্ত নির্ম্মল হইয়া আসিল, ভক্তিসাধনে প্রেম দিন দিন প্রস্ফুটিত হইতে লাগিল;

কিন্তু একেতে চিত্তের অনুরাগ বদ্ধমূল হইবার পক্ষে যে অন্তরায় ছিল তাহার নিরসন প্রয়োজন হইল। বুদ্ধ আসিয়া এ অন্তরায় যাই অন্তর্হিত করিলেন, অমনি এক অদ্বিতীয় ঈশ্বর আসিয়া সমগ্র হৃদয়াধিকার করিলেন। তখন প্রেমপুণ্য মিশিয়া আনন্দঘন রস-স্বরূপে কেশবচন্দ্রের সমুদায় হৃদয়-মন মগ্ন হইয়া পড়িল। এখন ঈশা চৈতন্য তাঁহাতে এক হইলেন। এত কাল প্রেম ও পুণ্যের, ন্যায় ও দয়ার যে বিরোধ ছিল, তাহা তাঁহাতে ঘুচিয়া গেল। একেতে গভীর প্রেম উপস্থিত না হইলে যে প্রেমপুণ্যের মিলন হয় না, আনন্দরসে জীব ডুবিয়া যায় না, কেশবচন্দ্রের জীবনে তাহার প্রমাণ পাওয়া যায়। যদি তিনি ভক্তি লইয়া সন্তুষ্ট থাকিতেন, যোগের অনুষ্ঠান না করিতেন, তাহা হইলে অহমের তিরোধানে ঈশ্বরের সম্যক্ অধিকার স্থাপিত হইত না। ঈশ্বরের সম্যক্ অধিকার স্থাপিত না হইলে কি কখনও তাঁহাতে প্রেমপুণ্যের মিলন হইত, ন্যায় ও দয়ার বিরোধ ঘুচিত ?

প্রেমপুণ্যের যোগে তাঁহাতে আনন্দঘন রসস্বরূপের প্রকাশ হইলে কেশবচন্দ্রের কি অবস্থা হইয়াছিল, তাঁহার শেষ জীবন যাঁহারা প্রত্যক্ষ করিয়াছেন, তাঁহারাই তাহা বলিতে পারেন। শ্রীচৈতন্যের জীবনে হাস্যক্রন্দনাদি ভক্তির বিকার সর্ব্বদা প্রকাশ পাইত। কেশবচন্দ্রের যোগপ্রধান ভক্তিতে আজপর্য্যন্তও আমরা তাদৃশ ভক্তির বিকার প্রত্যক্ষ করি নাই। মারাত্মক ব্যাধিতে তাঁহার দেহ যতই জীর্ণ শীর্ণ হইয়া পড়িল, ততই ভক্তির এই সকল বিকার তাঁহাতে দেখা দিল। তিনি অনুরাগ-শূন্য হইয়া যোগে বসিতেন না, তাঁহার যোগ প্রেমমাখা ছিল, সুতরাং জীবনের অন্তিম অবস্থায় যোগ যত গাঢ় হইয়া আসিল

প্রেমও তত গাঢ় হইতে লাগিল। প্রেমের প্রগাঢ়াবস্থায় হাস্ত ক্রন্দনের এত আধিক্য হইয়া পড়িল যে, যদি তাঁহার আত্মসংবরণের ক্ষমতা না থাকিত, তাহা হইলে সেই হাস্যাদির আবেগেই তাঁহার দেহ হইতে প্রাণ বিযুক্ত হইত। চৈতন্য কখন চেতনাহীন হইতে পারেন না, এ পোষিত মত সে অবস্থায়ও তাঁহাকে পরিত্যাগ করে নাই। রোগের যাতনা দিন দিন যতই বাড়িতে লাগিল, যোগের মাত্রাও তাহার সঙ্গে সঙ্গে বাড়িতে লাগিল। কেন না যাতনাতিক্রমকরিবার এই যোগই তাঁহার হস্তে একমাত্র উপায় ছিল। শেষ সময়ে চিকিৎসকেরা যখন তাঁহাকে, এই বলিয়া ভয় দেখাইলেন, এরূপ ভাবাধীন হইলে তাঁহারা তাঁহার চিকিৎসা করিতে পারিবেন না, তখন তিনি যোগের মাত্রা অধিক হইতে দিতেন না বটে, কিন্তু যন্ত্রণার বিরামজন্য যোগাবলম্বন করিতে বাধ্য হইতেন। এরূপ অবস্থা পূর্ব্বে ছিল না, এখন কেন হইল, এ কথা জিজ্ঞাসা করাতে তিনি উত্তর দিয়াছিলেন, "এ রোগের যোগ, রোগ গেলে এ যোগ থাকিবে কি না জানি না।" রোগ গেলে উহা থাকিত কি না আমরা তাহা যদিও বলিতে না পারি, কিন্তু এ কথা বলিতে পারি যে,

রসো বৈ সঃ

শ্রীচৈতন্যের প্রেমের ধর্ম্মের যে এই মূলমন্ত্র তাহা তাঁহাতে চরমে মূর্ত্তিমান্ হইয়াছিল। তবে একা শ্রীচৈতন্য তাঁহার হৃদয়া-ধিকার-করিয়া ছিলেন না বলিয়া সমধিক ভাবোচ্ছ্বাসকে তিনি আত্মবশে রাখিতে পারিতেন।

ভাবাবেশে "তরুলতিকায় যাঁহা তাঁহা কৃষ্ণ স্ফুরে" এ ভাব কেশবচন্দ্রের যোগভক্তিপ্রধান জীবনে স্থায়ী ভাবে পরিণত

হইয়াছিল। সর্ব্ববস্তুতে ব্রহ্মের আবির্ভাবদর্শন তাঁহাতে এত দূর প্রবল হইয়া উঠিয়াছিল যে, গৃহে, প্রত্যেক গৃহের সামগ্রীতে, শয্যা লেখনী প্রভৃতিতে তিনি আবির্ভাবোপলব্ধি করিতেন, যদি কোন ব্যক্তি সে সকলকে সামান্যজ্ঞানে স্পর্শাদি করিতেন, তাহা হইলে তিনি তাহাতে ব্যথিতহৃদয় হইতেন। তাঁহার অন্তিম সময়ের প্রার্থনাগুলি তাঁহাতে কি পরিবর্ত্তন হইয়াছিল তাহা দেখাইয়া দেয়। একেতে প্রেমপুণ্যের মিলনে রসস্বরূপে যে নিমগ্নভাব উপস্থিত হয় তাহাতে একত্বরস অত্যন্ত ঘনীভূত হইয়া উঠে, সাধক সম্পূর্ণরূপে ব্রহ্মকর্ত্তৃক গ্রস্ত হইয়া পড়েন। তাঁহার শেষ প্রার্থনায় যখন আমরা লোহার সোণা হইয়া যাওয়া পাঠ করি, তখন বুঝিতে পারি শ্রীচৈতন্যের ন্যায় প্রেমিক ভক্ত ভক্ত হইয়াও কেন ভাবে বিভোর হইয়া "মুঞি সেই মুঞি সেই" বলিতেন। শ্রীচৈতন্যের প্রেমের ধর্ম্মের সর্ব্বোচ্চ ভাব মধুরভাব, সেই ভাবের পরিপাকে এই ভাবের উদয় হয়। কেশবচন্দ্র বলিয়াছেন, যদিও ছোট কাঁটা বড় কাঁটা তথাপি যোগের শুভ দুপ্রহরে দুই কাঁটা মিলিয়া এক হইয়া যায়। প্রেমের ধর্ম্মে যোগ মিশিয়া যখন এই শুভ দুপ্রহর উপস্থিত হয়, তখন লোহা আর লোহা থাকে না সোণা হইয়া যায়, জীবের জীবত্ব ঘুচিয়া গিয়া দেবত্ব তাহাকে সম্পূর্ণরূপে অধিকার করে। সাধক, জীব ও ব্রহ্ম, এই তিন এক হইয়া ব্রহ্মসাগরে ডুবিয়া যাওয়া কেশবচন্দ্রের এই শেষ লক্ষ্য, এ লক্ষ্য তাঁহার জীবনে সিদ্ধ হইয়াছিল। জীব বলিতে তিনি ইহলোক পরলোকের সকল জীব বুঝিতেন। যত সকল ধর্ম্মপ্রবর্ত্তক মহাজন, ঋষি মহর্ষি এবং তাঁহার অনুবর্ত্তিগণ, এমন কি প্রাকৃতিক সমুদায় পদার্থ এবং আপনি, এই যোগেতে

একীভূত হইয়া ব্রহ্মেতে স্থিতি করিতেছেন, ইহা তিনি সাক্ষাৎ প্রত্যক্ষ করিয়াছিলেন। এক ব্যক্তিতে সকল বিধানের সমাবেশে কি হইতে পারে, কেশবচন্দ্র ইহার নিদর্শন আত্মজীবনে বিলক্ষণ দেখাইয়া গিয়াছেন। এই সর্ব্বসমাবেশ যদি কথায় বদ্ধ থাকিত, তাঁহার জীবনে প্রকাশ না পাইত, তাহা হইলে আমরাও শেখা কথায় জীবন শেষ করিতে পারিতাম, কিন্তু এখন আর তাহা করিবার উপায় নাই। তাঁহার জীবনে যাহা সিদ্ধ হইয়াছে, তাহা যদি আমাদের জীবনে সিদ্ধ না হয়, তাহা হইলে আমরা বিধানের প্রতি বিশ্বস্ত হইলাম না, আমাদের জীবন বিফল হইল। সহস্র বর্ষ পরে যাঁহারা আসিবেন তাঁহাদের জীবনে বিধানের আদর্শ প্রতিফলিত হইবে, এখন বিরোধী ভাবসমূহের বিরোধ চলিতে থাকিবে, একথা বলিয়া আমরা আমাদের দায়িত্ব লঘু করিতে পারি না। যদি বিধানের অঙ্গপ্রত্যঙ্গ বলিয়া আমাদের অভিমান থাকে তাহা হইলে সে অভিমান যে অভিমান নয় সত্য, ইহা দেখান আমাদের ও জগতের কল্যাণের হেতু। কৃপানিধান পরমেশ্বরের কৃপা বিনা সমুদায় অঙ্গপ্রত্যঙ্গের মিলনে বিধানের পূর্ণতা আমাদের জীবনে কখন সম্ভবপর নয়। অতএব সর্ব্বশেষে তাঁহার চরণে এই ভিক্ষা যে, তিনি যাঁহাদিগকে আপনি আহ্বান করিয়াছেন তাঁহাদের জীবন যাহাতে নিষ্ফল না হয়, তাহার উপায় আপনি করিয়া দিন।

কেশবচন্দ্রে—বিশ্লেষ ও সংশ্লেষ।*

সাধকের পক্ষে কেশবচন্দ্রের জীবনাধ্যয়ন করা বড়ই প্রয়োজন। জীবনের নিম্ন সোপান হইতে উচ্চতর সোপানে আরোহণ কি প্রণালীতে হইয়া থাকে তাহা অপর কাহারও জীবনে এরূপ শৃঙ্খলাপূর্ব্বক দেখিতে পাওয়া যায় না। বৎসর বৎসর তাঁহার জন্মদিনে তৎসম্বন্ধে কিছু বলা, মনে হয়, একটা রীতি হইয়া গিয়াছে। রীতির অনুরোধে যদি বলা হয়, তাহা হইলে বলা বন্ধ হওয়াই ভাল। বৎসরের মধ্যে তাঁহার জীবনের কোন এক অংশ নূতন ভাবে জীবনের উপরে কার্য্য করে। সেই অংশ দ্বারা স্বয়ং উপকৃত হইয়া প্রকাশ্যে সেই উপকারস্বীকারকরা কর্ত্তব্য বলিয়া এটী একটী রীতি হইয়া দাঁড়াইয়াছে। কেশবচন্দ্রের জীবনে যদি সাধনের ক্রম প্রকাশ না পাইত, তাহা হইলে সে জীবনের আলোচনায় কোন প্রয়োজন ছিল না। বর্ত্তমান সময়ে কোন্ সোপান হইতে সাধনের আরম্ভ তাহা জানিয়া সাধনে প্রবৃত্ত হইতে হইলে কেশবচন্দ্রের জীবন তৎপক্ষে সহায়, এজন্যই তাহার পুনঃ পুনঃ আলোচনা। কেশবচন্দ্রের জীবনে প্রথম হইতে বিশ্লেষ ও সংশ্লেষ উভয়ই দেখা দিয়াছিল। সুতরাং সেই বিশ্লেষ ও সংশ্লেষ কি প্রণালীতে হইয়াছিল তাহাই দেখান অদ্যকার বক্তৃতার উদ্দেশ্য। এই বিশ্লেষ ও সংশ্লেষ দেখাইতে গিয়া তাঁহার জীবন দুই ভাগে বিভক্ত করা যাইতে পারে, একটি ব্যক্তিগত আর একটি সামাজিক।

---

* ষট্‌ষষ্টিতম জন্মোৎসবোপলক্ষে উপাধ্যায়প্রদত্ত-বক্তৃতামূলক।

ব্যক্তিগত জীবনের বিষয় প্রথমে আলোচনাকরা যাউক। কেশবচন্দ্রের জীবনসম্বন্ধে যে সকল নিশ্চিত কথা আছে, তাহা অবলম্বন-করিয়াই আলোচনাকরা উচিত। যখন তিনি আপনি আপনার অধ্যাত্ম জীবনের কথা বলিয়া গিয়াছেন, তখন তৎসম্বন্ধে কল্পনার আশ্রয়লইবার কোন প্রয়োজন নাই। সকল ধর্ম্মসম্প্রদায় হইতে বিদায়গ্রহণ করিয়া একেবারে আপনাকে অবলম্বনশূন্যকরা এইটি তাঁহার জীবনের সর্ব্বপ্রথম কার্য্য। এ বিশ্লেষব্যাপার, বলিতে হইবে, তাঁহাকে জনসমাজ হইতে বিচ্ছিন্ন করিয়া ফেলিল। সমাজস্থ সকল বক্তিই কোন না কোন সম্প্রদায়ভুক্ত। তিনি বৈষ্ণব পরিবারে জন্মগ্রহণ করিয়াছিলেন। পরিবারের যিনি শীর্ষস্থানীয় তিনি দৃঢ়নিষ্ঠ বৈষ্ণব ছিলেন। এই দৃঢ়নিষ্ঠতা তাঁহাকে অন্ধ করে নাই। গোস্বামিগণ বৈষ্ণবমাত্রের গুরু। পণ্ডিত হউন, মূর্খ হউন, সে বিচার না করিয়া বৈষ্ণবমাত্রেই তাঁহাদের প্রতি সসম্ভ্রম ব্যবহার-করিয়া থাকেন। ইনি সেরূপ ছিলেন না। গোস্বামীর সন্তান স্বশাস্ত্রানভিজ্ঞ হইলে তিনি তাঁহার নিকটে আদর পাইতেন না। কেশবচন্দ্র বাল্যকালে অন্যান্য বালকগণ সহ এই বৃদ্ধ পিতামহের নিকটে হরিনামগ্রহণ করেন। অন্যান্য বালক সে নামের সদ্ব্যবহার করে না, ইনি উহার সদ্ব্যবহার করিয়াছিলেন। এই এক লক্ষণেই পিতামহ বুঝিয়াছিলেন, কেশবচন্দ্রের ভবিষ্যৎ জীবন কি হইবে? সে কথা যাউক, তিনি যে সম্প্রদায়ে জন্মিয়াছিলেন, সে সম্প্রদায় তাঁহাকে বদ্ধ করিয়া রাখিতে পারিল না। ইংরাজী অধ্যয়ন-করিতে গিয়া খ্রীষ্টসম্প্রদায়ের সহিত তাঁহার সংস্রব ঘটিল। পাদ্রিগণ তাঁহার মত একজন সম্ভ্রান্ত বংশের যুবককে

দলভুক্ত করিতে কেনই বা লালায়িত হইবেন না। সেজন্য তাঁহারা কোন যত্ন করেন নাই তাহাও নহে, কিন্তু কেশবচন্দ্র কোন সম্প্রদায়ভুক্ত হইবার লোক নহেন। প্রচলিত কোন সম্প্রদায় তাঁহার অসম্প্রদায়িক মনকে সাম্প্রদায়িকতার বন্ধনে বদ্ধ করিতে পারিল না। সকল ধর্ম্মসম্প্রদায় হইতে এই প্রকার বিশ্লেষে তিনি সকল প্রকার বাহ্যাবলম্বনশূন্য হইলেন। কোন গ্রন্থ বা কোন সাধু তাঁহাকে সাহায্য করিবেন তাহার উপায় এইরূপে রুদ্ধ হইল। এইরূপে নিরবলম্ব হইয়া তিনি একমাত্র ঈশ্বরকে অবলম্বন করিলেন। ঈশ্বর ছাড়া যাহা কিছু তাহা হইতে বিশ্লেষ একমাত্র ঈশ্বরের সহিত সংশ্লেষের হেতু হইল। গুরু নাই, আচার্য্য নাই, সাধু নাই, ধর্ম্মবন্ধু নাই, কোন গ্রন্থ নাই যে তিনি তদনুসরণ করিবেন। এ অবস্থায় একমাত্র ঈশ্বরই তাঁহার সকল বিষয়ে সহায় হইলেন। কোন কথা জিজ্ঞাসা করিতে হইলে তিনি তাহা ঈশ্বরকেই জিজ্ঞাসা করিতেন। কোন সংশয়ের উচ্ছেদ করিতে হইলে জ্ঞানদাতা গুরু ঈশ্বরেরই তিনি শরণাপন্ন হইতেন। অমুক বিষয়ে কি করিতে হইবে তৎসম্বন্ধে সৎপরামর্শ তিনি তাঁহারই নিকটে চাহিতেন। চাহিলেই পাওয়া যায়, এবিশ্বাস তাঁহার প্রথম হইতে ছিল। সুতরাং ঈশ্বরের নিকট চাওয়া তাঁহার পক্ষে স্বাভাবিক ছিল। বৈদিক সময়ে অভাবনিপীড়িত আর্য্যগণ দেবতার নিকটে যাহা যাহা অভাব তাহা চাহিতেন। বেদান্তের সময়ে বৈদান্তিক ঋষিগণ শেষ সময়ে শারীরিক অভাবের জন্য কাতর ছিলেন না কিন্তু অমৃতত্বের প্রার্থী ছিলেন। কেশবচন্দ্র যে সম্প্রদায়ে জন্মগ্রহণ করিয়াছিলেন সে সম্প্রদায়ের স্বধর্ম্মনিরত ব্যক্তিগণ সংসারের কোন বিষয়

ইষ্টদেবতার নিকটে প্রার্থনা করিতেন না। তাঁহাদের মধ্যে প্রার্থনা আত্মনিবেদনের আকার ধারণ করিয়াছিল। কেশবচন্দ্রের পিতামহ একান্তী বৈষ্ণব ছিলেন। তাঁহার নিজহস্ত লিখিত দৈনিক প্রার্থনা দেখিয়াছি। সে সকল প্রার্থনা আত্মনিবেদন; সংসারের সর্ব্বপ্রকার সম্পদ্‌লাভানন্তর তাহা হইতে বিরত হইয়া একমাত্র ভগবান্‌কে পাইবার জন্য ব্যাকুলতা। কেশবচন্দ্রের প্রার্থনা প্রথম হইতে তদ্ভাবাপন্ন ছিল। আদেশ কাহাকে বলে তাহা তিনি জানিতেন না, কিন্তু প্রার্থনার যে উত্তরপ্রতীক্ষা করিতেন, তাহা আদেশ বিনা আর কিছুই ছিল না।

কেশবচন্দ্র এইরূপে সকল হইতে বিচ্ছিন্ন হইয়া একমাত্র ঈশ্বরের হইলেন। ঈশ্বর সর্ব্বদা নিকটে, তিনি প্রার্থনা শুনেন এবং তাহার উত্তর দেন, ইহাতে তাঁহার নিশ্চিত বিশ্বাস ছিল। এ বিশ্বাসসত্ত্বেও আপনাকে ঈশ্বর হইতে বিচ্ছিন্ন করিতে না পারিলে অধিক ঘনিষ্ঠতা জন্মিতে জান্মতে ঈশ্বর ও আত্মা দুই মিশিয়া যায়, অদ্বৈতবাদে পড়া অনিবার্য্য হয়। কেশবচন্দ্রেতে অদ্বৈতবাদে না পড়িবার কারণ প্রথম হইতে বিদ্যমান ছিল। তাঁহার আত্মদৃষ্টি তাঁহাকে অদ্বৈতবাদ হইতে রক্ষা করিয়াছে। তিনি অতি সূক্ষ্ম দৃষ্টিতে আপনার দোষ দুর্ব্বলতা দেখিতেন; আপনাকে ঘোর পাপী বলিয়া জানিতেন, এই পাপবোধ আপনাকে অণুঃকরণ করিয়া ঈশ্বরকে মহীয়ান্ করিবার প্রধান সহায় ছিল। জীব ও ঈশ্বর এমনি ভাবে মিশিয়া আছেন যে, উভয়কে কিছুতে পৃথক্ করিতে পারা যায় না। যদি বলি জীব অল্পজ্ঞ অল্পশক্তি ঈশ্বর অনন্তজ্ঞান অনন্তশক্তি, সুতরাং

উভয়ের পার্থক্য ইহাতেই তো হৃদয়ঙ্গম হয়। এখানেও অদ্বৈতবাদের সম্ভাবনা নাই, ইহা বলা যাইতে পারে না। এক বিন্দু জলও জল, সমগ্র সমুদ্রও জল, সিন্ধুতে বিন্দু মিশিলে আর কি পৃথক্ করিবার উপায় থাকে? শক্তিসম্বন্ধেও এই কথা বলা যাইতে পারে। অপাপবিদ্ধ ঈশ্বর হইতে জীবকে পাপ এমনি স্বতন্ত্র করে যে, কিছুতেই আর সে ঈশ্বরেতে মিশিয়া যাইতে পারে না। ধর্ম্ম ও অধর্ম্ম যেখানে এক হইয়া যায় নাই, সেখানে অদ্বৈতবাদ সম্ভবে না, এজন্য অদ্বৈতবাদী হইতে গেলে আগে ধর্ম্মাধর্ম্ম বিলুপ্ত করিতে হয়। আত্মদৃষ্টি প্রবল থাকিলে কোন কালে ধর্ম্মাধর্ম্মের রেখাবিলোপ হয় না। কল্পনার চক্ষে দেখিলে আপনাকে নিষ্পাপ বলিয়া মনে হয়, কিন্তু সত্যদৃষ্টিতে দেখিলে কেশবচন্দ্র আপনাকে যেমন নানা পাপে পাপী বলিয়া ঘোষণা করিয়াছেন,সকলকে আত্মসম্বন্ধে সেইরূপই মনে করিতে হয়। বার্দ্ধক্য উপস্থিত, আজও আত্মসম্বন্ধে এ কথা বলিতে পারি না, কথায় আচরণে সকল সময়ে সত্যরক্ষা করিয়া চলিতে পারি। লোকে অসত্যভাষী অসত্যাচারী বলিলে তৎপ্রতি রুষ্ট হই, কিন্তু স্থিরভাবে আত্মদৃষ্টিতে আপনাকে যখন দেখি, তখন আর আপনাকে মিথ্যা-ভাষী মিথ্যাচারী নই বলিয়া গ্রহণ করিতে পারি না। কোন একটি বিশেষ আচরণ বা বিশেষ কথাসম্বন্ধে লোকে ভ্রমে পড়িয়া মিথ্যাকথা বা মিথ্যাচরণ আরোপ করিতে পারে এবং মনে হইতে পারে সে ব্যক্তি অবিচার করিল, কিন্তু জীবনের সমগ্রটা ধরিয়া একথা বলিতে পারি না,তাহার বিচার নিরবচ্ছিন্ন ভুল। কেশবচন্দ্র যখন প্রকাশ্য সভায় আত্মপাপ স্বীকার করিলেন, তখন তাঁহার বিদেশীয় কোন বন্ধু তাঁহার মস্তিষ্কবিকার ঘটিয়াছে, ইহা স্থির

করিলেন, কিন্তু সূক্ষ্মদৃষ্টির নিকটে পাপের সম্ভাবনা পর্য্যন্ত কি প্রকার ভীষণ বলিয়া প্রতীত হয়, ইহা যাঁহারা আপনারা প্রত্যক্ষ করিয়াছেন, তাঁহাদিগের নিকটে কেশবচন্দ্রের কথা অতিরঞ্জিত বলিয়া কিছুতেই মনে হয় না। আপনাকে অধঃকরণ-করিয়া ধূলি অপেক্ষা হীন করিয়া, এমন কি উড়াইয়া দিয়া ঋষিগণ ব্রহ্মকে বস্তু এবং জীবকে তাহার ছায়া করিলেন, ঈশা আমি ভাল নই ঈশ্বর ভাল, এই বলিয়া আপনাকে অধঃকরণ করিলেন, ইহার প্রত্যেকটিই জীব ও ব্রহ্মের পার্থক্যানুভবে উপায় তাহাতে সন্দেহ কি। আমি পাপ ঈশ্বর পুণ্য, ঈদৃশ ভেদে যে পার্থক্য উপস্থিত হয়, সে পার্থক্যের বিলোপ অসম্ভব। যোগের অবস্থাতেও এ রেখা ব্রহ্ম হইতে জীবকে স্বতন্ত্র করিয়া রাখে বলিয়া জীব নির্ব্বাণপ্রাপ্ত হয় না, সহবাসসম্ভোগ করিতে সমর্থ হয়। পাপবোধে ঈশ্বর হইতে জীবের বিশ্লেষ কেশবজীবনে সিদ্ধ হইল, এখন দেখা যাউক, ঈশ্বর সহ ঘনিষ্ঠ সংশ্লেষ তাঁহাতে কি প্রকারে ঘটিল।

কেশবচন্দ্রের পাপবোধ ব্রাহ্মসমাজমধ্যে অনুতাপের অগ্নি প্রজ্বলিত করিল। এ অনুতাপের সময়ের কথা মনে হইলে আজও প্রাণ কেমন করিয়া উঠে। তীব্র অনুতাপ কাহারও কাহারও মনে নিরাশা আনিয়া উপস্থিত করিল। নিরাশা এত দূর গভীর হইয়াছিল যে, ব্রাহ্মধর্ম্ম পরিত্যাগকরিয়া ধর্ম্মান্তর-গ্রহণের ভয় কেশবচন্দ্রকে তাঁহারা দেখাইতে লাগিলেন। কেশব-চন্দ্রের মুখে অসহায় ভাব এমনই প্রকাশ পাইত যে তখনকার সে দৃশ্য মনে করিলে আজও মহাক্লেশ উপস্থিত হয়। ঈশ্বরের [illegible] উপরে তিনি যেমন আপনি নির্ভর করিতেন, তেমনি অপরকে

সকলেও সেই দয়ার উপরে নির্ভর করুন, এ উপদেশ ভিন্ন তিনি আর কি দিতে পারেন। "যে রোদন করিতে করিতে বীজবপন করে; সে হাসিতে হাসিতে শস্যসংগ্রহ করে" তৎকালের এই উপদেশ, এ সময়ে কোন্ দিকে তাঁহার চিত্তের গতি হইয়াছিল তাহা দেখাইয়া দেয়। পাপবোধ ঈশ্বরের সঙ্গে স্বাতন্ত্র্য ঘটাইয়াছিল, এখন অনুতপ্ত পাপীর একান্ত শরণাপন্নতা ঈশ্বরের সঙ্গে মিলনের পক্ষে আনুকূল্য করিল, বিশ্লেষ হইতে সংশ্লেষ উপস্থিত হইল। কেশবে ভক্তিসঞ্চার হইল, সে ভক্তি চারিদিকে ছড়াইয়া পড়িল। ভক্তি আসিলে কেবল ভগবানের প্রতি নয় ভক্তগণের প্রতিও ভক্তি উপস্থিত হয়, সুতরাং ভক্তির উদয়ে সে লক্ষণও প্রকাশ পাইল। যাঁহারা ভক্তির প্রভাবাধীন হইলেন, তাঁহারা যে কেবল কেশবচন্দ্রের প্রতি অতিরিক্ত ভক্তি দেখাইয়াছিলেন তাহা নহে; তাঁহার বন্ধুগণের প্রতিও এমন ভক্তি দেখাইতেন যাহা মানুষের মানুষকে দেখান উচিত নয়। "নরপূজার" অপবাদমধ্যে বন্ধুগণ নহেন একা কেশবচন্দ্র জড়িত হইয়াছিলেন। সাম্প্রদায়িকতার উপরে কেশবচন্দ্রের বিরাগ কোন কালে তাঁহাকে পরিত্যাগ করে নাই। এ সময়ে তিনি আমায় বলিয়াছিলেন, মুঙ্গেরে যে ভাব উপস্থিত ইহাতে শীঘ্র একটি ক্ষুদ্র সম্প্রদায় জন্মিবে। যদি তিনি সাম্প্রদায়িকতার বিরোধী না হইতেন, তাহা হইলে উহার পুষ্টিসাধন করিতেন, কখনও ভাঙ্গিয়া দিতেন না। মুঙ্গেরে ভ্রাতৃভাবের মধ্যে যে মধুরতা জন্মিয়াছিল, সে মধুরতা আর ফিরিয়া আসিল না, এজন্য কেশবচন্দ্র চিরদিন আক্ষেপ করিয়াছেন, আমাদেরও সে সম্বন্ধে আক্ষেপ করিবার বিলক্ষণ কারণ আছে। সে ভাব না

ফিরিলে যে প্রকৃত ভ্রাতৃভাব জন্মিতে পারে না, এক দেহের অঙ্গ হইয়া একত্র ভগবৎপ্রেরণালাভ সম্ভবে না, পারিবারিক বা সামাজিক সম্বন্ধ দৃঢ়মূল হইতে পারে না, তাহাতে কোন সংশয় নাই। যে দোষের সংস্রবজন্য সে ভাবের অন্তর্দ্ধান হইয়াছে, আশা আছে, ভগবৎকৃপায় সে দোষের নিবৃত্তির সঙ্গে সঙ্গে আবার সে ভাবের পুনরাবর্ত্তন হইবে।

ভক্তিতে ঈশ্বর সহ সংশ্লেষের আরম্ভ হইয়া যোগেতে তাহা দৃঢ়মূল হইল। এখন হইতে তাঁহার জীবনে সংশ্লেষই প্রধান। যোগের কথা বলিবার পূর্ব্বে মধ্যে আর আর কতকগুলি কথা বলা প্রয়োজন, না বলিলে পূর্ব্বে যাহা বলা হইল পরে যাহা বলা হইবে, তাঁহার মধ্যে পূর্ব্বাপর সম্বন্ধ অস্ফুট থাকিয়া যাইবে। সকল সম্প্রদায়, সকল সাধুমহাজন, সকল গ্রন্থ হইতে বিশ্লিষ্ট হইয়া কেবল ঈশ্বরের আশ্রয়গ্রহণ কোন্ বিশেষ ভাব হইতে হইয়াছিল, ইহা বুঝিতে না পারিলে কেশবচন্দ্রের জীবনের অনেকগুলি গূঢ়তত্ত্ব প্রচ্ছন্ন থাকিয়া যাইবে। সে বিশেষ ভাব "স্বাধীনতা"। স্বাধীনতা তাঁহার জীবনের মূলমন্ত্র। চারিদিকের বিবিধ প্রকারেব অধীনতা দেখিয়া তাঁহার মন জ্বলিয়া উঠিত এবং অধীন হইব না, অধীন হইব না, কখন অধীন হইব না, তাঁহার মন নিরন্তর এই কথা বলিত। রাগ-দ্বেষ-হিংসাদির কখনও অধীন হইব না, এই দৃঢ় প্রতিজ্ঞা হইতে তাঁহাতে বিবেক, কোন প্রকার বিষয়ের নিকটে আত্মবিক্রয় করিব না, এই প্রতিজ্ঞা হইতে তাঁহাতে বৈরাগ্য প্রাধান্যলাভ করিল। স্বাধীন না হইলে ঈশ্বরের অধীন হইতে পারা যায় না, এই জ্ঞান তাঁহাতে সতত জাগ্রৎ থাকাতে তাঁহার স্বাধীনতা কোন দিন স্বেচ্ছাচারে পরিণত

হয় নাই। কোন মানুষকে গুরুপদে স্থাপন-করিয়া তাঁহার কথা শুনিয়া চলিলে ঈশ্বরের কথা শোনা বন্ধ হইবে, এ আশঙ্কা তাঁহার মনে চির জাগরূক ছিল বলিয়া আপনিও কাহাকেও গুরু করেন নাই, বন্ধুবর্গকেও গুরুকরণ হইতে সর্ব্বদা নিবৃত্ত রাখিয়াছেন। তিনি আপনি অধীন ছিলেন না, সুতরাং অপরকে তাঁহার অধীনকরাকে তিনি অত্যন্ত ঘৃণা করিতেন। ঈশা প্রভৃতিকে তিনি যেমন মান্য করিতেন এমন আর কে করে? অথচ তিনি ঈশ্বরব্যতীত আর কাহাকেও জীবনের আদর্শ করেন নাই,কেন না ইঁহাদের জীবনের আলোক সকল সময়ে সকল প্রকারের অভাবমোচনে সমর্থ নয়, এক ঈশ্বরের আলোকই উহা করিতে সমর্থ। গুরু হইয়া অপরের পরিত্রাণের ভারগ্রহণ করা বা তাহাদের পথপ্রদর্শক হওয়ার অভিমান তিনি কখন করেন নাই। কেন না তিনি জানিতেন যাহারা আপনারা পাপী, যাহারা আপনারা অসর্ব্বজ্ঞ, তাহাদের ঈদৃশ কার্য্যে সাহসিকতা কেবল মূঢ়তা নয়, ঈশ্বর ও মানবের বিরুদ্ধে মহাপরাধ। শিষ্যের বিত্তাপহারী গুরু অপেক্ষা চিত্তাপহারী গুরু আরও ভয়ানক। এ সম্বন্ধে আমরা মনে মনে যে তীব্র ভাব বহন করি, ঈশ্বরভিন্ন আর কাহাকেও স্ব স্ব জীবনের উপরে আধিপত্য করিতে দিতে যে একান্ত অপ্রস্তুত, তাদৃশ আধিপত্যের যে আমরা একান্ত বিরোধী, তাহা তাঁহা হইতেই আমাদিগেতে সংক্রামিত হইয়াছে। তিনি যদি আমাদিগকে কোন বিষয়ে সাবধান করিয়া থাকেন, আমাদিগকে এ বিষয়ে সাবধান করিয়াছেন। কি জানি বা ঈশ্বর বিনা আর কাহারও অধীন হইয়া আমরা বর্ত্তমান বিধানের উচ্ছেদ করি, এ আশঙ্কা তাঁহার মনে প্রবল ছিল।

স্বাধীনতা হইতে যেমন একমাত্র ঈশ্বরের শরণাপন্নতা, স্বাধীনতা হইতে তেমনি আত্মদৃষ্টির নৈর্ম্মল্য তাঁহাতে উপস্থিত হইয়াছিল। রিপুগণের অধীন হইব না, কুবাসনার অধীন হইব না, একমাত্র ঈশ্বরের অধীন হইব, এ প্রতিজ্ঞা যাঁহার মনে সুদৃঢ়, তাঁহার আত্মদৃষ্টি পরিষ্কৃত না হইয়া থাকিতে পারে না। যখনই মনের ভিতরে কোন বাসনা কোন প্রবৃত্তি উদ্দীপ্ত হয় অমনি মন জাগিয়া উঠে, উহা যাহাতে তাহাকে কুপথে লইয়া যাইতে না পারে তজ্জন্য সংগ্রামে প্রবৃত্ত হয়, এই সংগ্রাম যে পরিমাণে ঘোরতর হয় সেই পরিমাণে সেই বাসনা বা প্রবৃত্তিকে জয়করিবার জন্য উৎসাহানল প্রজ্বলিত হইয়া উঠে। বাসনা প্রবৃত্তি নির্জ্জিত হইলেও উহার সম্ভাবনামাত্র যত দিন আছে, তত দিন উৎসাহ ও জয়ের আকাঙ্ক্ষা কিছুতেই নিবৃত্ত হইবার কথা নহে। সুতরাং এই এক কারণেই কেশবচন্দ্রে আত্মদৃষ্টি চিরদিন নির্ম্মল ছিল, উৎসাহ কোন দিন নির্ব্বাণ হয় নাই, জয়াকাঙ্ক্ষা চির অক্ষুণ্ণ ছিল। পরিষ্কার কথায় তিনি স্বাধীনতা হইতে এ সকল বিশেষ বিশেষ ভাবের উদ্ভাবন করেন নাই বটে, কিন্তু জীবনের অন্যান্য বিভাগে যাহা বলিয়াছেন, তাহা হইতে ঈদৃশ উদ্ভাবন সহজে প্রতিপন্ন হয়। সে যাহা হউক, স্বাধীনতা যে তাঁহাকে সর্ব্বপ্রকারের অধীনতা হইতে মুক্ত রাখিয়াছিল, এবং আর কাহারও নিকট হইতে নয়, ঈশ্বরের নিকট হইতে যাহা কিছু প্রয়োজন তাহা লাভ করিব, এ আশা তাঁহার হৃদয়ে চির অক্ষুণ্ণ রাখিয়াছিল এবং তাহা হইতেই উৎসাহ ও জয়লাভ জীবনে ঘটিয়াছিল, তাহাতে কোন সন্দেহ নাই। পাপরোগের চিকিৎসক বলিয়া তিনি একমাত্র ভগবানেরই আশ্রয়গ্রহণ করিয়াছিলেন, অপরকেও

তাঁহারই আশ্রয় লইতে অনুরোধ করিতেন, ইহাতে কুচিকিৎসকের হাতে তাঁহাকে পড়িতে হয় নাই, যাঁহারা তাঁহার কথায় বিশ্বাস করিয়া ভগবানের আশ্রয় লইয়াছেন, তাঁহাদিগকেও দুর্গতিগ্রস্ত হইতে হয় নাই। সংসারে যাহারা অপর লোকের পাপের চিকিৎসার ভার লয়, তাহারা কুচিকিৎসকগণের ন্যায় একই ঔষধ রোগের অবস্থাবিচার না করিয়া প্রয়োগ করে, ইহাতে রোগ নষ্ট না হইয়া আরও বাড়িয়া যায়। এক স্বাধীনতার গুণে আত্মসম্বন্ধে এবং পরের সম্বন্ধে সকল প্রকারের মিথ্যাদৃষ্টি তাঁহাতে নিবৃত্ত হইয়াছিল।

তাঁহাতে যোগের আরম্ভ দেখাইবার পূর্ব্বে ব্রাহ্মসমাজের যে দুই মহাত্মা হইতে তিনি উপকৃত হইয়াছিলেন এবং উপকৃত হইয়াছিলেন বলিয়া তাঁহাদিগকে ধর্ম্মপিতামহ ও ধর্ম্মপিতা বলিয়া চিরদিন মান্য করিয়াছিলেন, তাঁহাদের নিকট হইতে তিনি কি উপকার পাইয়াছেন তাহা দেখান নিতান্ত প্রয়োজন। এই সময়ে তাঁহার সমাজগত জীবনের আরম্ভ। আপনার পাপ ও অবস্থার সঙ্গে পূর্ব্বে যে সংগ্রাম ও জয়লাভ ছিল, এখন তাহা অপরের সম্বন্ধে উপস্থিত হইল। ধর্ম্মপিতামহের সহিত তিনি সাক্ষাৎসম্বন্ধে সম্বদ্ধ নহেন, তবুও তাঁহার বিশেষ ভাব জীবনে গ্রহণ করিতে তিনি বিস্মৃত হন নাই। ধর্ম্মপিতামহ ব্রহ্মতত্ত্ববিষয়ে আচার্য্য শঙ্করের অনুবর্ত্তী, ধর্ম্মনীতিবিষয়ে মহর্ষি ঈশার অনুবর্ত্তী। ধর্ম্মপিতা এ উভয়কেই পরিহার করিয়াছেন। কেশবচন্দ্র সাক্ষাৎসম্বন্ধে ধর্ম্মপিতার সহিত সম্বদ্ধ এবং তাঁহার ব্রহ্মযোগের উত্তরাধিকারী, কিন্তু ধর্ম্মপিতামহের সম্মানিত পথ ধর্ম্মপিতার ব্রহ্মযোগের সহিত মিলাইলে কি আকারধারণ করে, কেশবচন্দ্রের জীবন তাহা সুস্পষ্ট

দেখাইয়াছে এবং উহাই তাঁহার ব্রাহ্মসমাজে স্থান কোথায় নির্দ্দেশ করে। ধর্ম্মপিতামহ অদ্বৈতবাদপরিহার করেন নাই, উহাকে উচ্চ-স্থান দিয়াছেন। ধর্ম্মপিতা "অহং ব্রহ্মাস্মি" বেদান্তের এ বাক্যে ভীতহইয়া শঙ্করকে বিষবৎ পরিত্যাগ-করিলেন। ইনি বেদান্ত হইতে ব্রহ্মতত্ত্বগ্রহণ করিলেন বটে, কিন্তু উহার সেই সেই গুলি বাদ দিলেন যাহাতে অদ্বৈতবাদের গন্ধ আছে। খ্রীষ্টসমাজ খ্রীষ্টকে ঈশ্বরের স্থানে বসাইয়া যে অনিষ্ট সাধন করিয়াছেন, তাহার মূল স্বয়ং খ্রীষ্ট, এই বিশ্বাসে ধর্ম্মপিতা খ্রীষ্টকেই পরিত্যাগ-করিলেন। কেশবচন্দ্র খ্রীষ্টকে গ্রহণ-করিয়া ধর্ম্মপিতামহের অনুবর্ত্তী, এবং খ্রীষ্টের "আমি ও আমার পিতা এক" এ কথার সঙ্গে "অহং ব্রহ্মাস্মি" একথার ঐক্যদর্শনে বৈদান্তিক যোগের মর্ম্মগ্রাহী হইলেন। তিনি বৈদিক ও পৌরাণিক অদ্বৈতবাদের সমাধান করিয়া উভয়ের সার সত্য গ্রহণ-করিলেন। সকল ব্যক্তি সকল পদার্থ সকল বিষয়ের মধ্য হইতে "আমি ব্রহ্ম আছি" ব্রহ্ম এই কথা কহিতেছেন, ইহাই কেশবচন্দ্রের সমাধান ছিল। তাঁহার সমাধান এই *:—"ব্রাহ্মধর্ম্ম এই দুই (বৈদিক ও পৌরাণিক) অদ্বৈতবাদসম্বন্ধে কি বলেন ? তিনি বলেন এ দুইয়ের মধ্যে সত্য আছে, ইহাতে দেখিবার এবং সম্ভোগকরিবার বিষয় আছে। প্রেমে মত্ত হইয়া এমনি ভাবে চারিদিকে তাকাইতে হইবে যে, ভক্ত সর্ব্বত্র ঈশ্বরের হস্ত দেখিতে পাইবেন। তিনি স্বতন্ত্র, কিন্তু একটা কথা শিখিতে হইবে চক্ষু অপবিত্রতা দেখিবে না। চক্ষুকে প্রেমে অনুরঞ্জিত করিলে একজন ভক্ত 'জয় দয়াময়' 'জয় দয়াময়' বলিতেছেন তন্মধ্যে ব্রহ্মকে

---

* বক্তৃতাকালে উদ্ধৃতাংশ পঠিত হয় নাই, ইহার ভাবমাত্র উল্লিখি হইয়াছিল।

দেখিতে পাওয়া যায়, তাঁহার মুখে ব্রহ্ম ক্রীড়া করিতেছেন স্পষ্ট প্রত্যক্ষ হয়। বন্ধুগণ ঈশ্বরের গুণকীর্তন করিতেছেন, শাস্ত্রী শাস্ত্রের ব্যাখ্যা করিতেছেন, শুনিয়া গা শিহরিয়া উঠিল। ভক্ত বলিলেন, কে আমার এই সুমিষ্ট সঙ্গীত শুনাইল? কে আমায় এই সকল জ্ঞানের কথা বলিল? অমনি ভক্তের কর্ণে এই গম্ভীর শব্দ প্রবেশ করিল 'আমি তোমার ঈশ্বর।' আমি এই গম্ভীর কথাকে অস্বীকার করিতে পারি না; কিন্তু আমার চক্ষু বিবাদী হইল। সে বলিল কৈ, এইতো বন্ধুগণকে এই তো শাস্ত্রীদিগকে দেখিতেছি। এখানে দেবতা নাই। কর্ণ বলিতেছে, আমি প্রমাণ দিতেছি, ঈশ্বর সঙ্গীত শুনাইলেন, শাস্ত্রের ব্যাখ্যা করিলেন, তিনি ইহা আপনি বলিতেছেন। চক্ষু ও কর্ণের বিবাদ উপস্থিত হইল, ভক্তি আসিয়া মীমাংসা করিলেন, যাহা কিছু সত্য তাহা ঈশ্বর।...যে সুমিষ্ট কথা শুনিলে, অমৃতের প্রণালী দিয়া ঈশ্বর কথা কহিলেন। হে শাস্ত্রী, বুঝিলাম তুমি খোশা। তোমার ভিতরে থাকিয়া ঈশ্বর অমৃত বর্ষণ করেন। আমি তোমার ছাড়িয়া তোমার ভিতর হইতে যে সত্য আইসে তাহাই গ্রহণ করিব।

"প্রচণ্ড রৌদ্রে উত্তপ্ত হইয়া বৃক্ষের ছায়ায় বসিয়া সুশীতল হইলাম। জিজ্ঞাসা করিলাম, কে আমায় আশ্রয় দিয়া শীতল করিল? হে বৃক্ষ, তুমিই কি আমায় সুশীতল করিলে? অমনি দৈববাণী হইল, 'আমি তোমার ঈশ্বর।' হায়! আমায় এই প্রখর রৌদ্রের উত্তাপ হইতে রক্ষা করিবার জন্য পথিমধ্যে ঈশ্বর বটবৃক্ষের ভিতরে বসিয়া দুপ্রহরের সময় শান্তি দিলেন, শাস্ত্রীর মধ্য দিয়া শাস্ত্র শুনাইলেন, বন্ধুর মধ্য দিয়া সুমিষ্ট সঙ্গীত শুনাই-

লেন। হে বৃক্ষ, তুমি আমার পরম উপকার করিলে, আমি তোমার ভিতর দিয়া আমার প্রাণের ঈশ্বরকে দেখিলাম। আমি তোমাদের কাহাকেও অশ্রদ্ধা করিব না। পিতা মাতা ভাই বন্ধু দাস দাসী সকলেই আমার হিত সাধন করিতেছেন, পরম উপকার করিতেছেন। সকলকেই জিজ্ঞাসা করি, তোমরা কে? ভাই ভগ্নীর হাত ধরিয়া জিজ্ঞাসা করিলাম, বল তোমরা কে? মনুষ্য শরীর ধারণ করিয়া লীলা করিতেছ, তোমরা সামান্য নও। সেখান হইতেও এই গম্ভীর ধ্বনি আসিল, 'আমি তোমার ঈশ্বর'। যেখানে যাই দেখি সকল কাজ তিনিই করেন। বন্ধু বান্ধব পিতা মাতা দাস দাসী সকলেই মিথ্যা, সত্য কেবল ঈশ্বর। কে আমার বন্ধু বান্ধব পিতা মাতা দাস দাসী যাহারা কার্য্য সাধন করিয়া আমার উপকার করিয়া থাকে? যখন জিজ্ঞাসা করিলাম, তোমরা কে? তোমরা কে আমার উপকার করিলে? উত্তর আসিল, 'আমি তোমার ঈশ্বর'। আহা! কি সুমধুর কথা। আহা কি সুমধুর কথা! ঈশ্বর আপনি আমার জন্য দাসত্ব স্বীকার করিলেন। প্রেমের মত্ততা আর অধিক দূর যাইতে পারে কি না সন্দেহ। ভক্তি অদ্বৈতবাদের পথ বন্ধ করিল। সকল বস্তু সকল ঘটনার মধ্যে ঈশ্বর প্রকাশ পাইলেন।..." কেশবচন্দ্রে শিষ্যপ্রকৃতি কোন্ মূল হইতে উদ্ভূত হইয়াছিল, এই কথাগুলি পড়িলেই সকলে বুঝিতে পারিবেন।

কেশবচন্দ্র বেদান্তগুলি তন্ন তন্ন করিয়া অধ্যয়ন করিয়া অদ্বৈতবাদের সারসংগ্রহ করিয়াছেন তাহা নহে। সাধনে তাঁহার অন্তশ্চক্ষুর নিকটে উহা যেরূপে প্রতিভাত হইয়াছে, তাহাই তিনি প্রকাশ করিয়াছেন। বেদান্তের আলোচনা করিয়া

এখন দেখিতে পাওয়া যাইতেছে, কেশবচন্দ্রের ব্যাখ্যাই প্রকৃত ব্যাখ্যা। "অহং ব্রহ্মাস্মি" এ শ্রুতিটীর অপরাংশ এই,—"ব্রহ্ম বা ইদমগ্র আসীৎ তদাত্মানমেবাবেৎ 'অহং ব্রহ্মাস্মী'তি তস্মাত্তৎ সর্ব্বমভবৎ।" ব্রহ্মই আদিতে এই বিশ্ব ছিলেন। তিনি আপনায় জানিলেন, 'আমি ব্রহ্ম আছি।' সে জন্য তিনিই সকল হইলেন।" এখানে মনে হয় বেদান্ত ঘোর অদ্বৈতবাদের সৃষ্টি করিয়াছেন। কিন্তু বেদান্ত ব্রহ্ম কাহাকে বলেন তাহা জানিলে আর সে ভ্রম থাকে না। "নামরূপ যাঁহার ভিতরে আছে তিনি ব্রহ্ম" (তে যদন্তরা তৎ ব্রহ্ম)। সৃষ্টির অগ্রে ব্রহ্ম ছিলেন কি ভাবে? সৃষ্টিতে প্রকাশমান নাম ও রূপ আপনার ভিতরে আপনার সঙ্গে অভিন্ন ভাবে রাখিয়া আপনি আপনাতে তিনি বিরাজমান ছিলেন। 'ব্রহ্মই আদিতে এই বিশ্ব ছিলেন' ইহার অর্থ— নামরূপময় বিশ্ব প্রকাশিতহইবার পূর্ব্বে ব্রহ্মেতে অভিন্নভাবে স্থিতি করিতেছিল। আজ সমুদায় সৃষ্টিকার্য্য কি নিঃশেষ হইয়া গিয়াছে? তাঁহার সৃষ্টিশক্তির ক্রিয়া ফুরাইয়া গিয়াছে, ইহাতো কল্পনায় আসে না। তবে এখনও তাঁহার ভিতরে অনেক আছে, যাহা প্রকাশ পায় নাই। প্রকাশ না পাউক, কিন্তু স্বয়ং ব্রহ্ম কি জানেন না আমি ব্রহ্ম অর্থাৎ এখনও আমার ভিতরে অনেক আছে, যাহা আমায় প্রকাশ করিতে হইবে। এখনও যে গুলি প্রকাশ পায় নাই, তাহার সঙ্গে ব্রহ্মের যে সম্বন্ধ, উপনিষদ্ সৃষ্টির আদিকল্পনা করিয়া তাহাই বলিয়াছেন, তাহার অতিরিক্ত কিছু বলেন নাই। আমি ব্রহ্ম, আমাতে সকলই অন্তর্ভূত, সে গুলি আমি প্রকাশিত করিব, তার সঙ্গে সঙ্গে আমি জীবসন্নিধানে অধিকতর প্রকাশ পাইব, "আমি ব্রহ্ম আছি" এ বাক্যের এই ভাব।

তিনি ব্রহ্ম, তাঁহাতে সকল আছে, তিনি তাহাদিগকে প্রকাশ করিয়া আত্মপ্রকাশ করিলেন। এখানে মনে হয়, পাকতঃ আবার অদ্বৈতবাদ আসিল, কেন না যে নামরূপ প্রকাশ পাইল সেতো তিনি আপনি ; বামদেব হয়তো এই বোধেই বলিয়াছিলেন "আমি মনু হইয়াছিলাম, আমি সূর্য্য হইয়াছিলাম।" এ সকলের মীমাংসা বিস্তৃত ভাবে দেখাইবার সময়ও নাই, অবসরও নাই, উপযুক্ত স্থানও নয়। যা যা এবং যে যা (রূপং রূপং প্রতিরূপো বহিশ্চ" "অয়মাত্মা ব্রহ্ম সর্ব্বানুভূঃ) ব্রহ্ম তাহার সঙ্গে তাহাই হইয়া তাহার অন্তরে বাহিরে বিদ্যমান, উপনিষদের এই মূল তত্ত্ব বুঝিলে আর কোন গোল থাকে না। ব্রহ্ম চক্ষুর চক্ষু, কর্ণের কর্ণ, প্রাণের প্রাণ, সূর্য্যের সূর্য্য ইত্যাদি বলিলে যা বুঝায়, মনুর মনু বলিলেও তাই বুঝায়। যে বস্তু যা এবং যে ব্যক্তি যা ঈশ্বর তাহার অনুরূপ না হইলে কখনও তাহার নিয়ন্তা হইতে পারেন না। নিয়ন্তা ও নিয়ম্যের মধ্যে যে এই ঐক্য আছে, উপনিষদ্ তাঁহার আপনার ভাষায় তাহা ব্যক্ত করিয়াছেন। সাধক যখন ব্রহ্মের সহিত এক হন তখন সকলের সহিত এক হন, কেন না ব্রহ্ম সকলের সহিত এক। এই একত্বের অবস্থায় সকল ব্যক্তি সকল পদার্থের মধ্য হইতে "আমি ব্রহ্ম আছি" এই বাণী তিনি নিয়ত শুনিতে পান।

এই যে ব্রহ্ম হইতে নাম ও রূপ প্রকাশ পায়, উহারা মিথ্যা নয়, সত্য (নামরূপে সত্যম্)। "বাচারম্ভণং বিকারো নামধেয়ং মৃত্তিকেত্যেব সত্যম্" এই শ্রুতি সকল বস্তুর মিথ্যাত্বঘোষণা করে, সাধারণের মনে এই ধারণা। "ত্রয়ং বা ইদং নামরূপং কর্ম্ম" ইত্যাদি উপনিষদের বাক্যানুসারে এই শ্রুতিটীর ভাবপরিগ্রহ না

করিলে ইহার যথার্থ অর্থ প্রকাশ পায় না। এই শ্রুতিটীর সহিত মিলিত করিয়া ব্যাখ্যা করিলে এইরূপ অর্থ দাঁড়ায়—'মৃত্তিকা এই টিই সত্য, ইহার বিকার (ঘটশরাবাদি) বাক্‌সমুত্থিত নাম।' * নাম বলিয়া এ সকল মিথ্যা নয়, কেন না 'নামরূপ সত্য, সেই নামরূপ দ্বারা প্রাণ অর্থাৎ ক্রিয়াশক্তি আচ্ছন্ন হইয়া রহিয়াছে' (নামরূপে সত্যং তাভ্যাময়ং প্রাণশ্ছন্নঃ)। এখানে দেখা যাইতেছে, মৃত্তিকাকে শ্রুতি অসত্য বলেন নাই সত্য বলিয়াছেন। সেই মৃত্তিকা নানা আকার ধারণ করিয়া নানা নাম গ্রহণ-করিয়া থাকে। এই আকার বা রূপও বেদান্ত মতে অসত্য নয়, সুতরাং রূপানুসারী তত্তৎ নামও সত্য। জগতের পদার্থসমুদায়কে সত্য বলিয়া বেদান্ত জগৎকেও সত্য বলিয়া নির্দ্দেশ-করিয়াছেন, ইহাতে কোন সংশয় নাই (প্রাণাবৈ সত্যং তেষামেষ সত্যম্)। জগৎ, জীব ও ঈশ্বর, এ তিনকে সত্য বলিয়া গ্রহণপূর্ব্বক কেশবচন্দ্র যে যোগ জীবনে সিদ্ধ করিয়াছেন, তাহা যে বেদান্তাবিরোধী নয়, মনে হয়, ইহা আর বলিবার আবশ্যক করে না। কিন্তু আশ্চর্য্য এই, জগৎ ও জীবের সহিত উপকৃত-উপকারিত্বের সম্বন্ধদর্শনে সেই সম্বন্ধে জগৎ ও জীবকে লইয়া ব্রহ্মের সঙ্গে তিনি যে এক হইলেন, এ যোগটি খাটি বেদান্তসিদ্ধ। "ইয়ং পৃথিবী সর্ব্বেষাং ভূতানাং মধু" ইত্যাদি মধুব্রাহ্মণে উপকৃত-উপকারিত্ব-সম্বন্ধ-বশতঃ সমুদায়-জগৎ, জীব ও নিয়ন্তা সহ ঐক্যে সর্ব্বান্তর্ভাবক ব্রহ্মের সহিত

* বক্তৃতাকালে শ্রীমদ্‌বিজ্ঞান-ভিক্ষুর নাম উল্লিখিত হইয়াছিল। তিনি এ শ্রুতির এইরূপ ভাবার্থ প্রকাশ করিয়াছেন—"অপি চ বাচারম্ভণবাক্যেন বিকারস্যাত্যন্ততুচ্ছত্বং নোচ্যতে কিন্ত্বনিত্যতয়া পারমার্থিকসত্যত্বাভাব এব, যতো বিকারো বাচারম্ভণং নামকার্য্যঃ পশ্চাচ্চ নামমাত্রাবশেষো ভবতি।"

একতা উপদিষ্ট হইয়াছে। কেশবচন্দ্র বেদান্তের এই যোগ পর্য্যালোচনা-করিয়া উহাতে প্রবিষ্ট হইয়াছেন, তাহা নহে। যখন তিনি এই যোগের কথা প্রকাশ্যে বলিয়াছিলেন, তখন আমি বেদান্তের আলোচনা করি নাই, সুতরাং বেদান্তের সহিত তাঁহার এই নবযোগের যে ঈদৃশ ঘনিষ্ঠ সম্বন্ধ আছে, তাহা কি প্রকারে বুঝিব। সত্য কথা এই, যদি কেশবচন্দ্র হইতে এ যোগের আভাস না পাইতাম, তাহা হইলে আজ যেরূপ বেদান্তের মর্ম্ম-পরিগ্রহ করিতেছি সেরূপ করিতে পারিতাম কি না, তৎসম্বন্ধে গভীর সন্দেহ।

এই পৃথিবী হইতে অন্তর্দ্ধানের অল্প দিন পূর্ব্ব হইতে কেশব-চন্দ্রে যোগ যে কিরূপ ঘনীভূত আকার ধারণ-করিয়াছিল, তাহা অনেকেই বিদিত আছেন। এই যোগই তাঁহার পক্ষে রোগ-শয্যায় রোগের দারুণ যন্ত্রণার অপহারক পরম ঔষধ ছিল। যোগের অবস্থায় তাঁহার মুখের উৎফুল্লতা যাঁহারা দেখিয়াছেন তাঁহারা উহা কোন কালে বিস্মৃত হইতে পারিবেন না। তাঁহার দর্শন ও শ্রবণ কি প্রকার গভীর আকার ধারণ-করিয়াছিল, তাঁহার লিখিত "পাগল" প্রবন্ধই তাহা দেখাইয়া দেয়। সমুদয় জগৎ এবং ইহলোক ও পরলোকস্থ জীবমণ্ডলী সহ একাত্মতালাভ করিয়া স্রষ্টার অদ্বিতীয়ত্বের মত স্পষ্টের অদ্বিতীয়তানুভব, এ যোগ কিছু সামান্য যোগ নয়। ধর্ম্মপিতামহ ও ধর্ম্মপিতার মধ্যে যে বিরোধ ছিল,এক যোগের দ্বারা তাহা অপনীত করিয়া ব্রাহ্মসমাজ-মধ্যে তিনি যে স্থানাধিকার করিয়াছেন, তাহা হইতে তাঁহাকে যে কেহ বিচলিত করিবেন, তাহার সম্ভাবনা নাই। তাঁহার যোগ উদার সার্ব্বভৌমিক প্রেমের উপরে স্থাপিত ছিল, সুতরাং

এ যোগের যেমন মাধুর্য্য তেমনি সমুদায় সম্প্রদায় সমুদায় ধর্ম্ম সমুদায় সাধুমহাজনকে একসূত্রে গ্রথিত করিয়া ঔদার্য্যের পরাকাষ্ঠা-প্রদর্শনে উহার সামর্থ্য ছিল। যদি তাঁহাতে এ যোগ সিদ্ধ না হইত, তাহা হইলে ব্রাহ্মধর্ম্মকে নববিধান নামে তিনি কখন প্রখ্যাত করিতেন না। অদ্য তাঁহার জন্মদিনে তাঁহার জীবনে প্রথমে বিশ্লেষ ও সংশ্লেষ পরিশেষের সংশ্লেষ কি প্রকার প্রাধান্যলাভ করিয়াছিল তাহা প্রদর্শিত হইল। এই প্রদর্শন সাধনার্থিগণের সাধনে সহায়তা করিবে, এই আশা। সাধকগণের সাধনে যিনি সিদ্ধিবিধান করেন তাঁহার কৃপায় তাঁহারা সিদ্ধমনোরথ হইবেন, ইহাই একান্ত অভিলাষ।

কলিকাতা।

৩নং রমানাথ মজুমদারের ষ্ট্রীট।

"মঙ্গলগঞ্জ মিসন প্রেসে"

কে, পি, নাথ কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

বেদান্তের অপবাদখণ্ডনম্ ।*

হে জ্ঞানের অনন্ত প্রস্রবণ পরমেশ্বর, ঋষিগণের হৃদয়ে আবির্ভূত থাকিয়া তুমি তোমার আত্মসম্বন্ধে যে বিশেষ জ্ঞান অবতারণ করিয়াছ, আমরা নিজ সামর্থ্যে তন্মধ্যে প্রবেশ করিব ইহা কদাপি সম্ভবে না। যাঁহারা তোমার প্রেরণায় তাহার ব্যাখ্যা করিয়াছেন, তাঁহাদের ব্যাখ্যা পরস্পরবিরোধী হইয়া পৃথিবীতে বেদান্তের প্রতি অনাস্থা উৎপাদন করিয়াছে। ব্যাখ্যানের ব্যাখান দ্বারা সে অনাস্থা তিরোহিত করা তাহাও মনুষ্যসামর্থ্যের অতীত। তুমি আমাদের মনে এই বিশ্বাস উৎপাদন করিয়াছ যে, কি বেদান্ত কি তাহার ব্যাখ্যা সকলের মধ্যেই অখণ্ড সত্য বিদ্যমান। অখণ্ড সত্য নয়নগোচর হয় না বলিয়া যেখানে বিরোধ নাই সেখানে লোকে বিরোধদর্শন করে। যাহাতে শাস্ত্রে শাস্ত্রে বিরোধ না থাকে, অজ্ঞানতাবশতঃ জনসমাজে যে মতের বিকার উপস্থিত হইয়াছে তাহা অন্তরিত হয়, তাহারই জন্য তুমি বর্ত্তমান বিধান আমাদিগের মধ্যে উদিত করিয়াছ। যাহাতে তব প্রদত্ত বিধানালোকে বেদান্তমধ্যে প্রবেশ করিয়া উহার প্রতি আরোপিত মিথ্যাপবাদের নিরসন করিতে পারি, তুমি কৃপা করিয়া তাদৃশ সামর্থ্য অর্পণ কর।

বেদান্ত-মতে সমুদায় জগৎ মায়িক ও মিথ্যা, জীব বলিয়া স্বতন্ত্র কোন পদার্থ নাই, মায়ামুগ্ধ ব্রহ্মখণ্ডই জীব, মায়াদ্বারা উপ-

---

* ষট্‌সপ্ততিতম মাঘোৎসবোপলক্ষে উপাধ্যায়প্রদত্ত বক্তৃতামূলক।

হিত ব্রহ্মই ঈশ্বর বলিয়া অভিহিত, সুতরাং মায়ার অপগমে জগৎও থাকে না, জীবও থাকে না, ঈশ্বর বলিয়া স্বতন্ত্র কেহ থাকেন না, এক ব্রহ্মই আপনাতে আপনি স্থিতি করেন। এই ঘোর অদ্বৈত-বাদের ফল এই যে, ধর্ম্মাধর্ম্ম কিছুই নয়, নীতি অনীতি উভয়ই সমান, এ সকল ভেদবোধ-অজ্ঞানতামূলক। শঙ্করের কেবলা-দ্বৈতবাদ, রামানুজের বিশিষ্টাদ্বৈতবাদ, বিষ্ণুস্বামীর শুদ্ধাদ্বৈতবাদ অদ্বৈতবাদের দোষবিরহিত নয়। যাঁহারা আপনাদিগকে অদ্বৈতবাদী বলিয়া স্বীকার করেন না, তাঁহারও সর্ব্বথা অদ্বৈতবাদের হাত হইতে আপনাদিগকে রক্ষা করিতে পারেন না। আধ্যাত্মিকতার উচ্চভূমিতে উঠিলে তাঁহারাও এই অদ্বৈতবাদের গর্ত্তে নিপতিত হন। এইরূপে দেখিতে পাওয়া যায়, বেদান্তের মূল অদ্বৈতবাদ, বেদান্তের সংস্রব রাখিতে গেলেই অদ্বৈতবাদের দোষে লিপ্ত হওয়া অবশ্যম্ভাবী। শ্রীমচ্ছঙ্কর সকল দেশে প্রখ্যাত। কি ভারত কি অন্যত্র বেদান্ত বলিতে সকলে তাঁহারই ব্যাখ্যার সঙ্গে উহাকে এক বলিয়া মনে করেন। তাঁহার পরে অনেক আচার্য্য মায়াবাদ-খণ্ডন করিয়াছেন, মায়াবাদকে বৌদ্ধমত বলিতে সঙ্কোচ করেন নাই, কিন্তু তাঁহাদের এ মতকে কেহ বেদান্তসিদ্ধ মত বলিয়া গ্রহণ করেন না, তাঁহাদের মত পৌরাণিক মত বলিয়া সকলেই অগ্রাহ্য করেন। কৃষ্ণদ্বৈপায়নকৃত বেদান্তসূত্র বেদান্তের মীমাংসাগ্রন্থ, অথচ ইহার কোন সূত্রে জগৎ মিথ্যা মায়িক এ কথার লেশমাত্র নাই। রজ্জুতে সর্পভ্রমের ন্যায় ব্রহ্মেতে জগদ্ভ্রান্তি উপস্থিত হয়, এরূপ কোন কথা না আছে বেদান্তে না আছে বেদান্তসূত্রে, অথচ এইটিই বেদান্তের মূলমত বলিয়া গৃহীত হইয়াছে। যখন সকলই মায়িক ও মিথ্যা কিছুই সত্য নয়, তখন লোকে যাহাকে শাস্ত্র বলে

ধর্ম্ম বলে তাহাও মিথ্যা। যদি ধর্ম্ম ও শাস্ত্র মিথ্যা হইল, তাহা হইলে জ্ঞানী ব্যক্তির নিকটে পশুর আচরণ বলিয়া কিছুই নাই, যে কোন পাপাচরণ জ্ঞানীর নিকটে পাপাচরণ নহে। দাক্ষিণাত্যে এই মতের প্রাবল্যবশতঃ পাপ ব্যভিচার পাপ বলিয়া গণ্য নহে, এ দেশেও যে সেই প্রকার হইবে তাহাতে আর বিচিত্র কি? আর এক দিন একটি পণ্ডিতবংশের বালক স্বয়ং মূর্খ সামান্য শ্রমজীবি-গণের নিকটে বলিতেছিল, এ সকলই মায়া মিথ্যা ধর্ম্মাধর্ম্ম কিছুই নাই।...মকদ্দমায় নয় কিছু টাকা খরচ হবে, হারাইয়া দিলেই হইবে। অর্ব্বাচীন বালকের মুখে যখন এই কথা, পাণ্ডিত্যাভিমানী প্রাচীনদের এ মতে কিরূপ সর্ব্বনাশ হয় কে বলিবে?

পাশ্চাত্য দেশের পণ্ডিতগণ বিচারনিপুণ। তাঁহারা বেদান্তকে নীতিহীন অদ্বৈতবাদ বলিয়া প্রচার করিতে কিছুমাত্র কুণ্ঠিত নহেন। জ্যেষ্ঠ কেয়ার্ডের মত জ্ঞানী ব্যক্তি বেদান্তের প্রতি এইরূপ অপবাদ দিয়াছেন। এ অপবাদ যদি দৃঢ়মূল না হইত, তাহা হইলে তৎখণ্ডনে প্রয়াস পাইবার আজ কোন প্রয়োজন ছিল না। অতি প্রথমে ব্রাহ্ম-সমাজ "বেদান্তমতের অপবাদখণ্ডন" বলিয়া ইংরেজী ভাষায় এক-খানি পুস্তিকা প্রচার করিয়াছিলেন, কিন্তু তন্মধ্যে আজ যে অপ-বাদের কথা উত্থাপনকরা গিয়াছে সে অপবাদের কথা নাই। এ কথা তখন উঠিবারও কোন কারণ ছিল না, কেন না তৎকালে শঙ্করের আলোকে ব্রাহ্মেরা চলিতেন, তখন আর নূতন আলোক আলিঙ্গনকরা হয় নাই। বেদান্তের সঙ্গে ব্রাহ্মসমাজের অতি ঘনিষ্ঠ-যোগ, সুতরাং উহার ইতিহাসমধ্যে বেদান্তের প্রতি প্রকৃত সদ্বি-চার হইয়াছে কি না আমরা প্রথমে তাহাই দেখিব। ধর্ম্মপিতামহ রাজা রামমোহন রায়ের সময়ে শঙ্কর এত দূর প্রবল ছিলেন যে

রাজা আপনি বলিয়াছেন, জগৎ মিথ্যা হইয়া উড়িয়া না গেলে ব্রহ্মসাক্ষাৎকারের কোন সম্ভাবনা নাই। তাঁহার প্রচারিত উপনিষদের ব্যাখ্যায় তিনি শঙ্করকেই অনুবর্ত্তন করিয়াছেন। এরূপ অনুবর্ত্তন অন্ধতা হইতে উদ্ভূত এ কথা কখন বলিতে পারি না। ধর্ম্মপিতামহ বৌদ্ধধর্ম্মের তত্ত্ব বিশেষরূপে অবগত ছিলেন। তিনি অল্পবয়সে তিব্বতে গমনপূর্ব্বক সে ধর্ম্মের তত্ত্বানুসন্ধান করিয়াছেন। ইংরাজীতে নিবদ্ধ খ্রীষ্টান পাদরি ও চিনদেশীয় শিষ্যত্রয়ের বিচারমধ্যে তিনি বৌদ্ধধর্ম্মবিষয়ে যে গুটিকয়েক কথা লিখিয়াছেন তাহাতেই বুঝিতে পারা যায়, বিবিধ আকারের বৌদ্ধধর্ম্মের বিষয়ে তাঁহার কি প্রকার বিশিষ্ট জ্ঞান ছিল। শঙ্করকে অন্যান্য আচার্য্য প্রচ্ছন্ন বৌদ্ধ বলিয়া নিন্দা করিয়াছেন, এ নিন্দা তাঁহার অজ্ঞাত ছিল, ইহাও আমরা মনে করিতে পারি না। সুতরাং শঙ্করের মধ্য দিয়া যে বৌদ্ধধর্ম্মের সমাগম হইয়াছে, ইহা হৃদয়ঙ্গম করিয়াই মায়াবাদের তিনি কোন প্রতিবাদ করেন নাই। কেবল প্রতিবাদ করেন নাই তাহা নহে, সর্ব্বতোভাবে উহার (ব্রাহ্মণসেবধিতে) পুষ্টিপোষণ করিয়াছেন। সমুদায় জগৎ মায়ার রঙ্গভূমি বলিয়া প্রত্যক্ষ হইলে অনন্তজ্ঞানভিন্ন জীবও নাই জগৎও নাই ঈদৃশ ধারণা উপস্থিত হয়। এই ধারণা হইলে তত্ত্বজ্ঞানলাভ হইল, বুদ্ধ ও শঙ্কর এক হইলেন, তবে একজন বলিলেন বোধি, আর একজন বলিলেন চিৎসুখ ব্রহ্ম, এ পার্থক্য কিছুই নয়, কারণ নাম ভিন্ন হইলেও বস্তু একই। বেদান্ত ব্রহ্মকে স্রষ্টা বলিয়াছেন, বুদ্ধ তাহা বলেন নাই, বেদান্তের সঙ্গে বৌদ্ধমতের এ স্থলে অবশ্য ভেদ আছে, কিন্তু শঙ্করের সঙ্গে এস্থলেও ভেদ নাই, কারণ ব্রহ্মে স্রষ্টৃত্বকল্পনা মায়িক ও মিথ্যা। যাহা হউক, ধর্ম্মপিতামহ রাজা রামমোহন শঙ্করকে গ্রহণ করিয়া

বুদ্ধকে তাঁহার সঙ্গে সঙ্গে গ্রহণ করিয়াছেন, ইহা অবশ্য স্বীকার-করিতে হইবে। অপরোক্ষ ব্রহ্মজ্ঞানের দিক্ দিয়া তিনি যেমন শঙ্করকে গ্রহণ করিয়াছেন, তেমনি পরোক্ষব্রহ্মজ্ঞানসাধনের জন্য খ্রীষ্ট-ধর্ম্মকে ব্রাহ্মধর্ম্মমধ্যে তিনি স্থান দিয়াছেন। যদিও তাঁহার ব্যাখ্যাত উপাসনাপ্রণালীমধ্যে দেশীয়ভাবে পরোক্ষব্রহ্মোপাসনার ব্যবস্থা দেখিতে পাওয়া যায়, তবু বলিতে হইবে উহা খ্রীষ্টধর্ম্ম ও পাশ্চাত্য তাৎকালিক দর্শনাদির প্রভাবসম্ভূত। এই দিক্ তাঁহার উপরে এত দূর প্রভাববিস্তার করিয়াছিল যে তিনি সংস্কৃতাধ্যয়নের প্রতিবাদ করিয়া ইংরাজী শিক্ষা ও জ্ঞানবিজ্ঞানপ্রচারের একান্ত পক্ষপাতী হইয়াছিলেন। বেদান্ত পড়িয়া লোকে সংসারের প্রতি বীতরাগ হইবে, জনসমাজের অনিষ্ট হইবে, শঙ্করের দর্শনই বেদান্তদর্শন এই ধ্রুব বিশ্বাসবশতঃ তাঁহাকে এরূপ সিদ্ধান্ত করিতে হইয়াছিল।

যিনি তাঁহার পরে আসিলেন, তিনি শঙ্করের পথ একেবারে পরিত্যাগ করিলেন। এক জন অযোগ্য ব্যক্তির মুখে "আমি ব্রহ্ম" এই কথা শ্রবণ করিয়া তাঁহার যে ভয় উপস্থিত হইল সেই ভয়ই তাঁহাকে শঙ্করের মুষ্টিগ্রাহ হইতে বিমুক্ত করিল। উপাস্য উপাসক, আরাধ্য আরাধক অপরোক্ষ ব্রহ্মকে লইয়া এরূপ সম্বন্ধস্থাপন শঙ্করের মতে হইতে পারে না, কিন্তু ইনি সেই সম্বন্ধস্থাপনের জন্য প্রেরিত। যিনি যে কার্য্যের জন্য প্রেরিত হইয়াছেন, সে কার্য্যের যাহাতে ব্যাঘাত উপস্থিত হয়, তাহাতে তিনি সায় দিবেন কি প্রকারে? ধর্ম্মপিতা দেবেন্দ্রনাথ স্বতন্ত্র পথ ধরিলেন, বেদান্তের যে প্রবচনটি দৈবক্রমে তাঁহার নিকটে উপস্থিত হইল, তাহাতেই তাঁহার জীবনের গতি অন্য দিকে ফিরিল।

ঈশাবাস্তমিদং সর্ব্বং যৎকিঞ্চ জগত্যাং জগৎ।
তেন ত্যক্তেন ভুঞ্জীথা মা গৃধঃ কস্তস্বিদ্ধনম্॥

শঙ্করের অনুসরণ করিয়া ধর্ম্মপিতামহ এই প্রবচনটির অর্থ করিয়াছেন ;—"পরমেশ্বরের চিন্তন দ্বারা যাবৎ নামরূপবিশিষ্ট মায়িক বস্তু সংসারে আছে সে সকলকে আচ্ছাদন করিবেক অর্থাৎ ভ্রমাত্মক নামরূপবিশিষ্ট বস্তু সকল পরমেশ্বরের সত্তাকে অবলম্বন করিয়া প্রকাশ পাইতেছে এমত জ্ঞান করিবেক যাবৎ বস্তুকে মিথ্যা জানিয়া সংসার হইতে অভ্যাস দ্বারা বিরক্ত হইবেক সেই বিরক্তি দ্বারা আত্মাকে পালন অর্থাৎ উদ্ধার করিবেক। এইরূপ বিরক্ত যে তুমি পরধনে অভিলাষ কিম্বা আপনার ধনে অত্যন্ত অভিলাষ করিবে না।" ধর্ম্মপিতা এ অর্থে এ প্রবচন গ্রহণ করিলেন না, তিনি ইহার অর্থ করিলেন, "এই ব্রহ্মাণ্ডের অন্তর্গত যে কিছু পদার্থ, সমুদায়ই পরমেশ্বরের দ্বারা ব্যাপ্য রহিয়াছে। পাপচিন্তা ও বিষয়-লালসা পরিত্যাগ করিয়া ব্রহ্মানন্দ উপভোগ কর, কাহারও ধনে লোভ করিও না।" পিতামহ ও পিতা একটি প্রবচনের অর্থ ভিন্নভাবে করিয়া যে ভিন্ন পথাশ্রয় করিয়াছেন, ইহা অনায়াসে সকলে বুঝিতে পারেন। ইঁহাদের মধ্যে কে প্রবচনের প্রকৃতার্থ গ্রহণ করিয়াছেন, এ বিচার তোলা নিষ্ফল, কেন না প্রবচনে যে সকল কথা নাই, সে সকল কথা যোগ করিয়া দিয়া উভয়েই স্ব স্ব পক্ষ স্থাপন-করিয়াছেন। 'জগতে যাহা কিছু আছে' পিতামহ সে স্থলে 'নামরূপবিশিষ্ট মায়িক বস্তু' এই কথা গুলি যোগ করিয়াছেন, 'ভোগ কর' স্থলে 'পালন করিবেক' অর্থ করিয়াছেন। এ অর্থ স্পষ্ট ব্যাকরণবিরোধী। যে স্থলে অর্থান্তর না করিলে চলে না, সেখানে আর্ষ বা ছান্দস বলিয়া ব্যাকরণের প্রতি উপেক্ষা করা

দোষাবহ নয়, কিন্তু এখানে যখন সেরূপ কোন অনুরোধ নাই, তখন অর্থান্তরস্থাপন এবং মধ্যমপুরুষস্থলে প্রথমপুরুষ করিয়া পুরুষের ব্যতিক্রমকরা স্বমতরক্ষাভিন্ন আর কি হইতে পারে? ধর্ম্মপিতাও যে অর্থ করিতে গিয়া যাহা প্রবচনে নাই তাহা টানিয়া আনেন নাই, এ কথাও বলা যাইতে পারে না। প্রবচনে আছে 'ভোগ কর', তিনি ভোগ করিবার বিষয় করিলেন 'ব্রহ্মানন্দ'। প্রবচনে ধনের উল্লেখ আছে, সুতরাং এখানে ভোগের সঙ্গে ধনের যোগ করিয়াই অন্বয় করা সমুচিত, তাহা না করিয়া অপ্রাসঙ্গিক ব্রহ্মানন্দশব্দ আনয়নকরিবার কোন কারণ নাই। ঈশোপনিষদের এইটি প্রথম প্রবচন, সুতরাং অন্য পূর্ব্ববর্ত্তী প্রবচনের অনুবৃত্তি করিয়া ব্রহ্মানন্দশব্দ আসিয়াছে, ইহা বলিতে পারা যায় না। প্রবচনে 'ত্যক্ত' শব্দ আছে, পিতামহ ত্যক্ত শব্দের অর্থ 'বিরক্ত' এবং পিতা 'পাপচিন্তা ও বিষয়লালসা ত্যাগ' অর্থ করিয়াছেন। এ দুই প্রকারের অর্থই যে অন্বয়মুখে সিদ্ধ হয় না, তাহা বলিবার কোন অপেক্ষা রাখে না, সুতরাং ইঁহাদের দুজনের মতপার্থক্যানুসারে অর্থপার্থক্য ঘটিয়াছে, ইহাই স্বীকার-করিয়া লইতে হইবে।

পিতামহ এসংসারকে মায়িক ও মিথ্যা বলিয়া গ্রহণ করিয়াছেন, পিতা তাহা করেন নাই। তিনি সমুদায় জগতের ভিতরে ব্রহ্মেরই আবির্ভাবদর্শন করিয়াছেন, এবং উহাকে ব্রহ্মানন্দসম্ভোগের উপকরণ করিয়া লইয়াছেন। পাপচিন্তা ও বিষয়লালসা ঈদৃশ সম্ভোগের অন্তরায়, সুতরাং তিনি সে দুই পরিহার করিবার প্রমাণ এই প্রবচন হইতে সংগ্রহ করিয়াছেন। 'কাহারও ধনে লোভ' না করা ইহাও সেই ব্রহ্মানন্দসম্ভোগের অনুকূল ব্যাপার। একই প্রবচন হইতে এক জন বৈরাগ্যভূমিসমুচিত বৈরাগ্য, আর এক জন

আর্য্যঋষিসমুচিত ব্রহ্মানন্দসম্ভোগ নিষ্পন্ন করিয়া আপনাদের মত-পার্থক্য বিশিষ্টরূপে প্রদর্শন করিতেছেন। এ মতপার্থক্য কিছু সামান্য নয়। প্রথমতঃ এতদ্দ্বারা সংসারের প্রতি দৃষ্টি দুজনের সম্পূর্ণ পৃথক্ হইয়া পড়িয়াছে। এক জন সংসারত্যাগী আর এক জন সংসারের মধ্যে থাকিয়া যোগসাধনে প্রবৃত্ত। কেবল মতে নয়, উভয়ের জীবনও ইহা প্রদর্শন করিয়াছে। দ্বিতীয়তঃ এক জনের পক্ষে সংসার ব্রহ্মসাক্ষাৎকারের প্রতিকূল, আর এক জনের পক্ষে উহা অনুকূল; এবং অনুকূল বলিয়াই "আনন্দরূপমমৃতং যদ্বিভাতি" সমুদায় জগতে ব্রহ্ম আনন্দ অর্থাৎ সৌন্দর্য্য হইয়া প্রকাশ পাইতেছেন, সাধনে এই শ্রুতি তাঁহার অবলম্বন ছিল এবং এই সাধনবলে তিনি বাহ্যজগতে পরম সুন্দর ঈশ্বরকে দর্শন-করিয়া সমগ্ররজনী অনিদ্রায় কাটাইতেন। পিতা বাহিরে কেবল ঈশ্বরকে দেখিতেন তাহা নহে, অন্তরে তাঁহাকে অন্তর্যামিরূপে পরমাত্মরূপে নিয়ত দর্শন-করিতেন। পিতামহ কি অন্তর্যামি-বা-পরমাত্মবিষয়ে উদাসীন ছিলেন এ কথাই বা বলিব কি প্রকারে? তিনিও যে 'সাধনে গায়ত্রীকে প্রাধান্য দিয়াছেন। তবে এখানেও দুজনের মত-পার্থক্য গায়ত্রীর অর্থপার্থক্য দেখিলেই বুঝিতে পারা যায়। পিতামহ গায়ত্রীর অর্থ করিতেছেন "সকলের কারণ সর্ব্বত্রব্যাপি সূর্য্য অবধি করিয়া আমাদের সকলের দেহবস্তের অন্তর্যামি তাঁহাকে চিন্তা করি।" পিতা অর্থ করিতেছেন "সেই জগৎপ্রসবিতা পরম দেবতার বরণীয় জ্ঞান ও শক্তি ধ্যান করি, যিনি আমারদিগকে বুদ্ধিবৃত্তি-সকল প্রেরণ করিতেছেন।" পিতামহ শঙ্করের মত* সূর্য্যাদি উপাধি-

---

* শঙ্করের মতে নিয়ম্যনিয়ন্তৃত্বসম্বন্ধ মায়িক, সুতরাং মায়িক উপাধির সঙ্গে সংযুক্ত।

বিশিষ্ট অন্তর্যামীর চিন্তার অনুমোদন করিয়াছেন, পিতা সাক্ষাৎ ঈশ্বরের স্বরূপচিন্তন ও তৎপ্রেরণা স্বীকার করিয়া লইয়াছেন। পিতা ও পিতামহের মতপার্থক্যবিষয়ে বিস্তৃত আলোচনা না করিয়া বেদান্তের অপবাদখণ্ডন' বিষয়ে তাঁহারা কি আনুকূল্য করিয়াছেন, আমাদের এখন তাহাই দেখান প্রয়োজন।

পিতামহ পরমার্থের দিকে জগৎ মায়িক বলিয়াছেন এ কথা সত্য, কিন্তু ব্যবহারের দিকে তিনি যে জগৎ ও জীবের নিয়ন্তার চিন্তন ও বন্দনে আপনি ও অপরকে প্রবৃত্ত করিয়াছেন, ইহা আমরা কেহই অস্বীকার-করিতে পারি না। বলিতে হইবে, এই দিক্ই তাঁহাতে প্রবল, অন্যথা তিনি বেদান্তানুশীলনাপেক্ষা পাশ্চাত্য জ্ঞানবিজ্ঞানানুশীলনে দেশীয় ব্যক্তিগণকে সমধিক প্রোৎসাহিত করিবেন কেন? এরূপ করিয়া কি তিনি শঙ্করের প্রতি অবিশ্বস্ত হইয়াছেন? কখনই নহে। যখন জগৎ ও জীব তাঁহার মতেও ব্রহ্মের ন্যায় তিন কালে সত্য, তখন পিতামহ ব্যাবহারিকপক্ষাবলম্বী হইয়া কিছু শঙ্করের অবমাননা করেন নাই, বরং সাক্ষাৎসম্বন্ধে ব্রহ্মদর্শন জগৎ মিথ্যা হইয়া উড়িয়া না গেলে কখন সম্ভবপর নয়, এ কথা বলিয়া তাঁহার সম্মাননাই করিয়াছেন। ব্যাবহারিকপক্ষাবলম্বন করিয়া তিনি বেদান্তের নিরবচ্ছেদ মিথ্যাত্ববাদ অপ্রতিপন্ন করিলেন, অবশিষ্টকার্য্যকরিবার জন্য যিনি তাঁহার পরে আসিলেন, তিনি ব্যাবহারিক-ও-পারমার্থিকবাদের প্রভেদ উড়াইয়া দিলেন। এরূপ উড়াইয়া দেওয়াতে কিছু বেদান্তের অবমাননা হইল না, কেন না মূল বেদান্তগ্রন্থে বা বেদান্তসূত্রে এরূপ প্রভেদক কোন কথা নাই। মাণ্ডুক্য উপনিষদে সর্ব্বাতীত ব্রহ্মসম্বন্ধে যে 'অব্যবহার্য্য' শব্দের প্রয়োগ আছে, তাহা এরূপ দার্শনিকপ্রভেদরচনাকরিবার জন্য

নহে,—পূর্ব্বাপরের বিচারে সহজে হৃদয়ঙ্গম হয়—জীব ও জগৎ হইতে ব্রহ্মকে পৃথক্ করিয়া দেখাইবার জন্য। সুতরাং এক 'অব্যবহার্য্য' শব্দের বলে প্রকাণ্ড একটি দার্শনিক মতের সৃষ্টি বলপূর্ব্বক বৌদ্ধধর্ম্মোৎপন্ন নিজমত বেদান্তের উপরে চাপাইয়া দেওয়ার জন্য চেষ্টাভিন্ন আর কি বলা যাইতে পারে? 'জীব, জগৎ ও ব্রহ্ম' এ তিনের সম্বন্ধে বেদান্ত যাহা বলিয়াছেন, ভাষ্যনিরপেক্ষ হইয়া তাহার পর্য্যালোচনা করিলে তিনেরই নিত্য সম্বন্ধ বিনা আর কিছু প্রতিপন্ন হয় না। বেদান্ত মায়াবাদপরিপোষণ করিয়াছেন, উহার কোন কথাতেই তাহা প্রমাণিত করিতে পারা যায় না। জীব ও ব্রহ্মকে ছায়া ও আতপের সঙ্গে তুলনা করিয়া বেদান্ত জীবকে মিথ্যা বলিয়াছেন, এ কথাই বা বলিব কি প্রকারে, যখন দেখিতে পাই, ছায়া ও আতপের ন্যায় নিত্যসম্বন্ধ হইয়া ব্রহ্মলোকে জীব ও ব্রহ্মের একত্র স্থিতি বেদান্ত প্রতিপাদন-করিতেছেন? এরূপ দৃষ্টান্ত যে স্বরূপের একতাপ্রদর্শনজন্য তাহাতে কোন সংশয় নাই। অভিলাষের বিষয়গুলি সত্য; উহারা অনৃত অর্থাৎ হৃদয় হইতে অপসৃত হইয়া প্রচ্ছন্ন হইয়া থাকে, বেদান্ত যেখানে একথা বলিয়াছেন, সেখানে সে অভিলাষের বিষয়গুলি পিত্রাদি নিত্য সম্বন্ধ। এ সকল সম্বন্ধ আছে বিলুপ্ত হয় নাই, অথচ কেন লোকে সে সকল প্রত্যক্ষ করিতে পারে না, তাহারই কারণপ্রদর্শনজন্য বেদান্ত বলিতেছেন, অভিলাষের বিষয়গুলি সত্য হইয়াও প্রচ্ছন্ন হইয়া পড়িয়াছে, আমরা এখানে উহাদিগকে দেখিতে পাই না, উহারা ব্রহ্মলোকে স্থিতি করিতেছে, সুষুপ্তিকালে উহাদের সহিত আমাদের সম্বন্ধ ঘটে। বেদান্ত নাম ও রূপ উভয়কেই সত্য বলিয়াছেন। সমুদায় জগৎ প্রাণের ক্রিয়া হইতে উৎপন্ন। এই প্রাণ নাম ও রূপের

দ্বারা আচ্ছন্ন হইয়া রহিয়াছে। একই সময়ে অভিলষণীয় সমুদায় বিষয় হৃদয় সন্নিধানে উপস্থিত থাকিতে পারে না। কতকগুলি হৃদয় হইতে অপসৃত হইয়া গেলে তবে অন্য কতকগুলি আমাদের জ্ঞানগোচর হয়। যেগুলি হৃদয় হইতে অপসৃত হইয়া গেল সে গুলি অসৎ অর্থাৎ অবিদ্যমান, আর যেগুলি হৃদয়সন্নিধানে থাকিল, সেগুলি সৎ অর্থাৎ বিদ্যমান, বেদান্ত ও সাংখ্যে সৎ ও অসৎ এই অর্থে ব্যবহৃত হইয়া থাকে। ঋত * ও সৎ, অনৃত ও অসৎ পর্য্যায় শব্দ। অসৎ বলিতে কিছুই নয় এরূপ অর্থ বেদান্তসিদ্ধ নয়, অসৎ বলিতে অব্যক্ত বুঝায়। মন হইতে যেগুলি সরিয়া পড়িল সেগুলি অসৎ অর্থাৎ অব্যক্ত হইল, আর যে গুলি মনের সম্মুখে থাকিল সেগুলি সৎ বা ব্যক্ত ভাবে মনের সম্মুখে বিদ্যমান রহিল। এরূপ ব্যাখ্যা বেদান্তের কোন কথার দ্বারা অপ্রতিপন্ন হয় না, বরং ইহার বিপরীত ব্যাখ্যা করিলেই বিবিধ বেদান্তবাক্যের সহিত বিরোধ ঘটে।

ফলতঃ বেদান্তে অসদ্বাদ বা মিথ্যাত্ববাদ নাই, মিথ্যাত্ববাদ যে নিতান্ত যুক্তিবিরুদ্ধ স্বয়ং শঙ্করও তাহা বলিয়াছেন। ধর্ম্মপিতা যদি মিথ্যাত্ববাদে অনাস্থাপ্রকাশ করিয়া জগৎ সত্য, জীব সত্য, ব্রহ্ম সত্য, এই মতপ্রচার করিয়া থাকেন, তাহা হইলে তিনি যে ঠিক

---

* ঋত—ইয়র্ত্তি হৃদয়ং বাহুলকাৎ ক্তঃ—অমরকোষটীকা বিমলা। হৃদয় অধিকার করিয়া যাহা নাই তাহা অনৃত। "কস্মিন্নু সত্যং প্রতিষ্ঠিতমিতি হৃদয় ইতি হোবাচ হৃদয়েন হি সত্যং জানাতি হৃদয়ে হ্যেব সত্যং প্রতিষ্ঠিতং ভবতি" হৃদয়ে সত্য প্রতিষ্ঠিত, হৃদয় দ্বারা সত্য জানা যায় সুতরাং হৃদয় হইতে অপসৃত হইলে সত্য জানা যায় না, এইটি বেদান্তের মত। সাংখ্য সহ বেদান্ত এখানে এক মত।

বেদান্তের অনুসরণ করিয়াছেন, তাহাতে আর কোন সংশয় নাই। এ সম্বন্ধে তিনি বেদান্তের প্রতি আরোপিত অপবাদের খণ্ডন করিয়াছেন, ইহা আমরা সাহসের সহিত বলিতে পারি। কিন্তু একটি বিষয়ে না ধর্ম্মপিতামহ না ধর্ম্মপিতা বেদান্তের সমাদররক্ষা করিয়াছেন। সেটি "ঈশাবাস্যমিদং" এই প্রবচনের সঙ্গে অব্যবধানে সংযুক্ত অন্যতর প্রবচন।

কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি জিজীবিষেচ্ছতং সমাঃ।
এবং ত্বয়ি নান্যথেতোঽস্তি ন কর্ম্ম লিপ্যতে নরে॥

ধর্ম্মপিতামহ শঙ্করের অনুসরণ করিয়া ইহার এইরূপ অর্থ করিয়াছেন, "এই সংসারে যে পুরুষ শতায়ু হইয়া বাঁচিতে ইচ্ছা করিবেক সে অগ্নিহোত্রাদি কর্ম্মের অনুষ্ঠান করিতে করিতেই এক শত বৎসর বাঁচিতে ইচ্ছা করিবেক। এইরূপ নরাভিমানী যে তুমি তোমাতে এই প্রকার অগ্নিহোত্রাদি কর্ম্ম ব্যতিরেকে আর অন্য কোন প্রকার নাই যাহাতে অশুভ কর্ম্ম তোমাতে লিপ্ত না হয় অর্থাৎ জ্ঞানেতে অশক্ত যাহারা তাহাদের বৈধকর্ম্মের অনুষ্ঠানের দ্বারা অশুভ হইতে পারে না।" ধর্ম্মপিতা "ব্রাহ্মধর্ম্ম" হইতে এ প্রবচনটিকে বহির্ভূত করিয়া রাখিয়াছেন। এখানেই বেদান্তের অপবাদখণ্ডনের জন্য তৃতীয় ব্যক্তির সমাগম হইল। সমগ্র জীবন কর্ম্মশীল থাকিবে, বেদান্তের এ মত কোথাও নিরস্ত হইয়াছে ইহা দেখিতে পাওয়া যায় না। বেদান্তবিৎ সাধক যখন বালভাবে সম্পন্ন হইয়া নিরভিমান হন, তখন কর্ম্মজন্য পাপ তাঁহাকে স্পর্শ করিতে পারে না। পুণ্য কর্ম্ম করিয়াও তিনি বড় হন না না করিয়াও তিনি হীন হন না, এ কথা বলাতে বেদান্ত কর্ম্মত্যাগের ব্যবস্থা করিয়াছেন, এ কথা কিরূপে বলিব? কর্ম্মানুষ্ঠানে যে অভিমান উপস্থিত হয়, উহাই

সর্ব্বনাশের মূল। বালভাবে ব্রহ্মে নিত্য স্থিতি করিলে পাপের সম্ভাবনা থাকে না, পুণ্য অর্থাৎ ঈশ্বরের ইচ্ছানুবর্ত্তন করিয়া তাঁহাতে কোন অভিমান উপস্থিত হয় না, কেন না উহাই তাঁহার তখন স্বভাব হইয়া গিয়াছে। এই স্বভাববশতঃ তাঁহাতে অপুণ্য অর্থাৎ ঈশ্বরের ইচ্ছাবিরোধী কার্য্য অসম্ভব হইয়া পড়িয়াছে। বেদান্তের কর্ম্মবিষয়ে ব্যবস্থা কি, উপরি উদ্ধৃত বেদান্তপ্রবচনে সকলে তাহা দেখিতে পাইবেন, সুতরাং "ঈশাবাস্যমিদং" এবং "কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি" এই দুই প্রবচনের অন্বয়মুখে অর্থ কি, সর্ব্বাগ্রে আমরা তাহাই প্রদর্শন-করিতেছি। প্রবচনদ্বয়ের মধ্যে যে কর্ত্তৃপদ আছে, তাহা মধ্যমপুরুষ। সুতরাং মধ্যমপুরুষপ্রধান করিয়া ব্যাখ্যাকরাই সমুচিত। এইরূপ ব্যাখ্যায় এই দাঁড়ায় ;—"জগতীমধ্যে স্থিরচর যাহা কিছু আছে তাহা ঈশ্বর দ্বারা তোমাকর্ত্তৃক আচ্ছাদ্য। সেই ঈশ্বরদত্ত ধনে (বিষয়) ভোগ কর, কাহারও ধনে লোভ করিও না।" "এ সংসারে কর্ম্ম করিতে করিতে শত বর্ষ জীবিত থাকিবেক এরূপ ইচ্ছা করিবেক। এ বিধি তোমাতে এইরূপে হইয়া থাকে, এ ছাড়া অন্য প্রকারে নয়। কেন না ইহাতে মনুষ্যে কর্ম্ম লিপ্ত হয় না।" অন্বয়মুখে ব্যাখ্যা না করিয়া ভাবার্থ লইয়া ব্যাখ্যা করিলে প্রবচনের বিষয়টি পরিস্কাররূপে হৃদয়ঙ্গম হয়। ভাবার্থ এই :—"হে সাধক, এই জগতে যে কিছু স্থিরচর পদার্থ আছে, সে গুলিকে তোমায় ঈশ্বর দ্বারা আচ্ছাদিত করিয়া লইতে হইবে। আর তিনি তোমায় যে ধন দেন, তদ্দ্বারা তুমি তোমার জীবিকা-নির্ব্বাহ করিবে, কাহারও ধনে লোভ করিও না। এ সংসারে কেহ যদি শত বর্ষ জীবিত থাকিতে ইচ্ছা করে, তবে তাহাকে নিত্য কর্ম্মানুষ্ঠান করিতে হইবে। প্রথম প্রবচনে তোমায় যাহা বলা

হইয়াছে, তদনুসরণ করিয়া তুমি এই বিধির অনুসরণ করিবে, অন্য প্রকারে নয়। কেন না এই প্রকারে কর্ম্ম করিলে মানবে কর্ম্মজনিত দোষ ঘটে না।" শ্রীমদ্ভগবদ্গীতা বেদান্তের প্রকৃষ্ট ভাষ্য। বেদান্তের অনুসরণ করিয়া প্রবক্তা যোগাচার্য্য শ্রীকৃষ্ণ কর্ম্মের অপরিহার্য্যত্বপ্রদর্শন করিয়াছেন। যেখানে তিনি বলিয়াছেন—"যে মানব আত্মরতি, আত্মতৃপ্ত, আত্মাতেই সন্তুষ্ট, তাহার করিবার কিছু নাই। কর্ম্ম করিবারও তাহার কোন প্রয়োজন নাই, না করিবারও তাহার কোন প্রয়োজন নাই। সমুদায় ভূমণ্ডলীমধ্যে ইহার কোন প্রয়োজনে ব্যাঘাত উপস্থিত হয় না।"—সেখানে তিনি এই বলিয়া উপসংহার করিয়াছেন, "সে জন্য অনাসক্ত হইয়া কর্ত্তব্যজ্ঞানে কর্ম্মানুষ্ঠান কর। অনাসক্ত হইয়া কর্ম্মানুষ্ঠান করিলে মানুষ ঈশ্বরকে লাভ করিয়া থাকে।" বালভাবে সিদ্ধ শ্রীকৃষ্ণ আপনার সম্বন্ধে বলিয়াছেন "পার্থ, তিন লোকের মধ্যে আমার কিছু কর্ত্তব্য নাই, অপ্রাপ্য পাইবার নাই। অথচ আমিও কর্ম্মানুবর্ত্তন করিয়া থাকি।"

বেদান্তের অনুবর্ত্তন করিতে হইলে কর্ম্ম অপরিহার্য্য, বেদান্ত 'বিদ্যা' নাম দিয়া কর্ম্মের যে বিস্তৃত নুতন নিয়োগ ব্যবস্থাপিত করিয়াছেন, তৎপাঠেই তাহা সহজে বুঝিতে পারা যায়। কেশবচন্দ্র ব্রাহ্মসমাজে তৃতীয় ব্যক্তি। তিনি আরম্ভেই ঈশ্বরের আজ্ঞাপালনে ব্রতী হইয়া উপস্থিত হইলেন এবং তৎপালনে মহোৎসাহ ও মহোদ্যমই তাঁহাকে ধর্ম্মপিতা হইতে বিচ্ছিন্ন করিয়া ফেলিল। ঈশ্বরের আজ্ঞাপালন,মনে হয়, বেদান্তসিদ্ধ নয়, ইহা খ্রীষ্টধর্ম্মসমুচিত। কিন্তু যাঁহারা সমাবর্ত্তনকালে অনুশিষ্টের প্রতি আচার্য্যের উপদেশ পাঠ করিয়াছেন তাঁহারা দেখিতে পাইবেন, ঈশ্বরের অনুশাসন অনুসরণ-করিবার জন্য আচার্য্য কিরূপ উপদেশ দিয়াছেন। বুদ্ধিবৃত্তিতে

অধিষ্ঠিত থাকিয়া স্বয়ং ঈশ্বর কার্য্যে নিয়োগ করেন, প্রত্যেক আর্য্য ইহা বৈদিককাল হইতে কেবল বিশ্বাস করিয়াছেন তাহা নহে, সেই প্রেরণার অনুসরণ করিয়া আসিয়াছেন। আর্য্যতনয় যখন ভূমিষ্ঠ হন, তখনই তাঁহাকে "বেদ" বা ঈশ্বরের বাণী এই নামে অভিহিত করা হয়। ব্রহ্মচর্য্যাবলম্বন করিয়া আচার্য্যগৃহে বাসের অন্য কোন উদ্দেশ্য নয়—উদ্দেশ্য এই প্রচ্ছন্ন বেদকে বহিঃপ্রকাশ করা। "ব্রহ্মচারী জনয়ন্ ব্রহ্ম" এ ঋকের এতদ্ভিন্ন আর কি অভিপ্রায় হইতে পারে? কেশবচন্দ্র বেদ বেদান্ত পাঠ না করিয়া আন্তরিক প্রেরণায় প্রথম হইতে যে পথের অনুবর্ত্তন করিয়াছেন, তাহা এজন্যই অবৈদিক নহে। বৈরাগ্যে তাঁহার জীবনের আরম্ভ তাহার অর্থ এই, ভগবানের বাণীশ্রবণের জন্য এক বৈরাগ্যই উপ-যোগিতা অর্পণ-করে, এই বৈরাগ্যই ব্রহ্মচর্য্যের প্রাণ। ঈশ্বরের সহিত সাক্ষাৎসম্বন্ধ না হওয়া পর্য্যন্ত ব্রহ্মচারী গৃহে গমনে অনুমতি প্রাপ্ত হইতেন না, এই বৈদান্তিক আচার কেশবচন্দ্রের জীবনে ঈশ্বরপ্রেরণায় কিরূপ সিদ্ধ হইয়াছিল, তাহা তাঁহার গার্হস্থ্যজীবনের প্রারম্ভের বৃত্তান্ত যাঁহারা "জীবনবেদের বৈরাগ্যাধায়ে" পাঠ করিয়া-ছেন, তাঁহারাই বুঝিতে পারিয়াছেন। কেশবচন্দ্র আপনার এবং অপরের জীবনকে বেদ বলিয়া নির্দ্দেশ করিয়াছেন, ইহাতে দেখিতে পাওয়া যায়, তিনি বৈদিক ঋষিগণের ভাব লইয়া জন্মগ্রহণ করিয়াছিলেন। ঋষিগণ কোন কালে কর্ম্মহীন জীবনধারণ করিতেন না, কায়িক বাচনিক মানসিক আধ্যাত্মিক সর্ব্বপ্রকারের কর্ম্মানু-ষ্ঠানরত ছিলেন, বেদান্তপর্য্যালোচনায় ইহা কিরূপ প্রতিপন্ন হয় সর্ব্বাগ্রে আমরা তাহারই আলোচনায় প্রবৃত্ত হই।

বেদান্ত কর্ম্মত্যাগ ও সন্ন্যাস ব্যবস্থাপিত করিয়াছেন, গৃহীর

কোন কালে "ব্রহ্মসংস্থতা" অর্থাৎ ব্রহ্মেতে স্থিতি সম্ভবপর নয়, এই মত সাধারণ্যে পরিগৃহীত হইয়াছে। এরূপ বিশ্বাস লোকদিগের মধ্যে কেন স্থান পাইল ইহার কারণান্বেষণ করিতে গিয়া যদি আমরা শঙ্করের উপরে সমুদায় দোষ আরোপিত করি, তাহা হইলে নির্দ্দোষ ব্যক্তির উপরে দোষারোপ করা হইবে। যখন উপনিষদে দেখিতে পাওয়া যায়, ব্রহ্মজ্ঞ আচার্য্য যাজ্ঞবল্ক্য গার্হস্থ্যের পর প্রব্রজ্যাবলম্বন করিয়াছেন, তখন গার্হস্থ্যের প্রতি উদাসীন হইয়া প্রব্রজনপ্রবর্ত্তন এক শঙ্কর করিয়াছেন, এ কথা বলিলে চলিবে কেন? "ব্রাহ্মণ" অর্থাৎ ব্রহ্মসংস্থ হওয়া বেদান্তধর্ম্মের চরম উদ্দেশ্য। ব্রহ্মসংস্থ কিরূপে হইতে পারা যায়, এ প্রশ্নের উত্তরে বেদান্ত বলিয়াছেন, যে কোন উপায়ে পণ্ডিত্যাদির অভিমান-পরিশূন্য হইয়া বালভাবাপন্ন হওয়া যায়, তাহাই ব্রহ্মসংস্থত্বের জন্য অবলম্বনীয়। পিতামাতার ইচ্ছা বিনা বালকের স্বতন্ত্র ইচ্ছা নাই, পিতামাতার ইচ্ছাতেই তাহার জীবন নিষ্পন্ন হয়, সাধকের এরূপ ঈশ্বরেচ্ছাধীন হইবার পক্ষে অন্তরায় কি? পুত্রবিত্তাদি অভিলাষ। এই অভিলাষবর্জ্জন না হইলে বালভাব উপস্থিত হয় না, এজন্য উপনিষৎ সর্ব্বপ্রথমে তাদৃশ অভিলাষপরিত্যাগের জন্য নির্ব্বন্ধ প্রকাশ করিয়াছেন। অভিলাষত্যাগই যখন একমাত্র উদ্দেশ্য, তখন যে উপায়েই কেন তাহা হউক না তাহাই অবলম্বনীয়; সুতরাং উপনিষৎ উপায়সম্বন্ধে কোন নির্ব্বন্ধপ্রকাশ করেন নাই। অগ্রে গার্হস্থ্য পরে প্রব্রজন অথবা প্রব্রজনানন্তর গার্হস্থ্য, এ দুইই এজন্য উপনিষৎসিদ্ধ। যাজ্ঞবল্ক্য গার্হস্থ্যানন্তর প্রব্রজন করিলেন, ব্যাসপুত্র মহাযোগী শুক প্রব্রজনানন্তর গার্হস্থ্যস্বীকার করিলেন; ছান্দোগ্যোপনিষৎ ব্রহ্মচর্য্যের প্রাধান্যস্থাপন করিয়াছেন। তাঁহার

মতে যজ্ঞাদি যাহা কিছু অনুষ্ঠেয়, সকলই ব্রহ্মচর্য্যের অন্তর্ভূত,ব্রহ্মচর্য্য এবং এ সকলেতে কোন প্রভেদ নাই। ব্রহ্মপ্রেরণায় যাহা কিছু অনুষ্ঠিত হয়, তাহা অতিবিশুদ্ধ অতিপবিত্র, সুতরাং ব্রহ্মচর্য্যের মধ্যে উহার পরিগণনা যুক্তিযুক্ত (প্রশ্ন ১।১৩)। ছান্দোগ্যে প্রব্রজনের ব্যাপার নাই, গার্হস্থ্যে উহার উপসংহার হইয়াছে। বৃহদারণ্যকে প্রব্রজনের উল্লেখ থাকিলেও উপনিষদের উপসংহার কিন্তু গার্হস্থ্যে। বেদান্তসূত্রভাষ্যে বিজ্ঞানভিক্ষু যে সিদ্ধান্ত করিয়াছেন এইরূপে সেই সিদ্ধান্তই বেদান্তধর্ম্মে সিদ্ধ পায়। তাঁহার সিদ্ধান্ত এই যে, সকলকেই প্রব্রজন করিতে হইবে এরূপ কোন নিয়ম নাই, সেরূপ নিয়ম থাকিলে গার্হস্থ্যে বেদান্তের উপসংহার হইত না।

যাউক, এখন বেদান্ত সমুদায় জীবনব্যাপী কর্ম্ম কি প্রণালীতে নিবদ্ধ করিয়াছেন, সংক্ষেপে তাহাই প্রদর্শন করিতে যত্ন করা যাউক। বেদ হইতে বেদান্তের অভ্যুদয়, সুতরাং বৈদিক দেবতাসমূহের একেবারে পরিত্যাগ কখন সম্ভবপর নয়, তবে এ সকলের সঙ্গে প্রেরয়িতা হইয়া পরমাত্মার স্থিতি, এইটি নির্দ্ধারণ করিয়া বেদান্ত সহজে নবীন পথ সর্ব্বত্র অবলম্বন-করিয়াছেন। গৃহের ও কর্ম্মের সমুদায় আয়োজনের মধ্যে বৈদিক ঋষি দেবদর্শন করিতেন, বেদান্ত দেবদর্শনকে পরমাত্মদর্শনে পরিণত করিয়া লইলেন। ফলতঃ বেদান্ত বেদের ভাষ্যস্বরূপ। বৈদিক সময়েই আত্মজ্ঞানের আরম্ভ বলিতে হইবে। "অক্ষর পরম আকাশ দেবতাগণের বাসস্থান," "দেবতাগণের বল একই" ঋগ্বেদ যখন একথা বলিয়াছেন, অথর্ব্ববেদ যখন "ধীর অমর অবিকারী আত্মা" এত দূর বলিয়া ফেলিয়াছেন, তখন দেবগণের দৃশ্যাংশ অতিক্রম করিয়া তাঁহাদের মধ্যে আকাশস্বরূপ পরমাত্মাকে তাঁহাদের "বল" রূপে সুতরাং প্রেরয়িতৃরূপে দেখা

বেদান্তের পক্ষে স্বাভাবিক। প্রাণের প্রেরয়িতাকে, চক্ষুর প্রেরয়িতাকে, শ্রোত্রের প্রেরয়িতাকে, মনের প্রেরয়িতাকে প্রাণের প্রাণ, চক্ষুর চক্ষু, শ্রোত্রের শ্রোত্র, মনের মন এবং সকলের অন্তরাত্মা হইয়া তাহাদের মধ্যে তদনুরূপ হইয়া আত্মপ্রকাশ করিতেছেন, বেদান্ত যখন পরমাত্মসম্বন্ধে একথা বলিয়াছেন, তখন বেদান্তের আদ্যন্তমধ্যে সর্ব্বত্র পরমাত্মাই উপদিষ্ট, সূত্রকারকৃত এ সিদ্ধান্ত কখন অপসিদ্ধান্ত নহে। জগতের সর্ব্বত্র সাম বা স্তোত্রগান হইতেছে, ছান্দোগ্য এ দৃষ্টিতে যে উপাসনাবিধান করিয়াছেন, উহাকে আমরা তুচ্ছ দৃষ্টিতে দেখিতে পারি না। সামশব্দের মধ্যে সা—বাক্, অম—প্রাণ। প্রাণশক্তিযোগে বাক্য উচ্চারিত হইয়া স্তোত্র নিনাদিত হইয়া থাকে। এই বাক্ ও প্রাণ সমুদায় জগদ্ব্যাপী। সুতরাং যিনি বাকের বাক্ প্রাণের প্রাণ তাঁহারই গুণগাথা জগতের সমুদায় বস্তুতে সমুদায় ব্যাপারে অভিব্যক্ত হইতেছে, এই দৃষ্টিতে পরমাত্মার আরাধনা যোগের পক্ষে নিরতিশয় অনুকূল। আত্মার কর্ণ যদি নিরন্তর এই পরমাত্মার গুণগানশ্রবণ করে; পৃথিব্যাদি লোকসকল; মেঘ বিদ্যুৎ জলবর্ষণ; বসন্তাদি ঋতু; অজ গো প্রভৃতি উপকারী প্রাণী; চক্ষুরাদি ইন্দ্রিয়; উদয়াস্ত দিনবিভাগ; অগ্নি বায়ু সূর্য্য চন্দ্রমা, ইত্যাদির মধ্যে এই স্তোত্রগান প্রত্যক্ষ করে, এমন কি দৈহিক মানসিক সকল ব্যাপারের মধ্যে কেবল ভগবদ্‌গুণগান হইতেছে ইহা উপলব্ধি করে, কি আশ্চর্য্য মধুর যোগই না জীবনে নিষ্পন্ন হয়। কেশবচন্দ্রের জীবনে যে এই ব্যাপারটি সিদ্ধ হইয়াছিল, যাঁহারা স্বয়ং তাহা প্রত্যক্ষ করেন নাই তাঁহারা তাঁহার লেখা হইতে উহা অবগত হইতে পারেন। উদয়াস্তবিরহিত আদিত্যের রশ্মিসমূহে মধুবহানাড়ী, বেদ উপনিষৎ ইতিহাসসমূহে মধুকর, আধিভৌতিক দেবাদিতে বেদরস, বৈদিক

দেবগণের মুখে ভৌতিকদেবগণের * এবং ব্রহ্মমুখে স্বরূপাবিষ্ট মন-আদির সেই রসপান কল্পনা-করিয়া এতৎসাধনসম্পন্ন ব্যক্তিগণের উদয়াস্তবিরহিত আদিত্যের ন্যায় জ্ঞানের অবিচ্ছেদসাধন ছান্দোগ্য বিধান-করিয়াছেন। এটি আপাততঃ দেখিতে নিতান্ত অযুক্ত বলিয়া মনে হয়, কিন্তু অবিচ্ছেদে দিবালোকে জগৎ হইতে যে জ্ঞান আমাদের মধ্যে প্রবিষ্ট হইতেছে, সেই জ্ঞানকে যদি আমরা পরমাত্মপ্রেরণায় আমাদিগেতে উহা সিদ্ধ হইতেছে ইহা অনুভব করিতে পারি, তাহা হইলে আর ইহার অযুক্ততা দাঁড়ায় না। সংক্ষেপে একটী কথা বলিলে চলে, ছান্দোগ্যের সাধনপ্রণালী বৈজ্ঞানিক, বৃহদারণ্যকের সাধন প্রণালী আধ্যাত্মিক। একটীতে বিজ্ঞানযোগ আর একটীতে অধ্যাত্মযোগ সিদ্ধ হয়। প্রকৃতি, জীব ও পরমাত্মার সহিত একত্বে যে ব্রহ্মযোগ হয় বৃহদারণ্যকের সেই যোগকে পূর্ণ যোগ বলা যাইতে পারে। এ সকল বিষয়ের বিস্তৃত বর্ণনার অবসর নাই, এখানে দিঙ্মাত্র যাহা প্রদর্শিত হইল তাহাই যথেষ্ট।

একটি বিষয়ের উল্লেখ করিয়া বক্তব্যের উপসংহার করা প্রয়োজন। বেদান্তের ধর্ম্ম আনন্দ ও শান্তিতে পর্য্যবসন্ন। সুতরাং এখানে নিষ্ক্রিয়ত্ব অবশ্যম্ভাবী, এ বিশ্বাস আমাদের মনে বহুকাল রাজত্ব করিয়াছে। বেদান্তের বিশেষ পর্য্যালোচনায় আমাদের সে বিশ্বাস কেবল অন্তরিত হইয়াছে তাহা নহে, আনন্দ ও শান্তির চিরক্রিয়াশালিত্ব অবশ্যম্ভাবী, এই বিপরীত মত আমাদের মনে দৃঢ়মূল হইয়াছে। "কেইবা চেষ্টা করিত কেইবা জীবনধারণ করিত এই আকাশ যদি আনন্দ না হইত" † এ শ্রুতি চেষ্টা ও জীবনধারণের

---

* ভূতগণ দেবশক্তিশূন্য নয় বলিয়া দেবতা (ছা. ৬।৮।২)।

† "কে বা শরীর-চেষ্টা করিত, কে বা জীবিত থাকিত, যদি আকাশে এই

সঙ্গে আনন্দের অবিচ্ছেদ যোগ দেখাইতেছেন। চেষ্টা ও জীবন-ধারণের মূলে যদি আনন্দ না থাকিত তাহা হইলে চেষ্টাও হইত না, জীবনধারণও হইত না। শ্রুত্যন্তরে কথিত হইয়াছে "যখন সুখ পায় তখনই করে। সুখ না পাইয়া করে না সুখ পাইয়াই করে।" সুখের সঙ্গে ক্রিয়াশালিত্বের কেমন ঘনিষ্ঠ যোগ। "ব্রহ্ম আপনি আপ-নাকে করিলেন, তাই তাঁহাকে সুকৃত বলে। যিনি এই সুকৃত, তিনিই রসস্বরূপ। এই রসস্বরূপকে পাইয়া জীব আনন্দিত হয়। কেইবা চেষ্টা করিত, কেইবা জীবনধারণ করিত, এই আকাশ যদি আনন্দ না হইত। ইনিই আনন্দিত করেন।" এই সমগ্র শ্রুতিটীর পর্য্যালোচনা করিয়া আমরা দেখিতে পাইতেছি, ব্রহ্ম নিষ্ক্রিয় নহেন। তাঁহার সুক্রিয়াই তাঁহার শক্তির বিকাশ। যখন তিনি আপনার শক্তির বিকাশ করেন, তখন সেই শক্তির বিকাশ রসরূপে আনন্দরূপে প্রকাশ পায়। জীব এই রসসম্ভোগে আনন্দ পূর্ণ হয়। এই যে আকাশ এতো ভূতাকাশ নয়, ইহা নিরবচ্ছেদ ক্রিয়ার আধার প্রকাশস্বরূপ আনন্দ। জীব এই আনন্দসাগরে ডুবিয়া আছে, তাই তাহার স্ফূর্ত্তি, তাই তাহার জীবন, তাই তাহার অবিশ্রান্ত ক্রিয়া। শিশু জন্মগ্রহণ করিয়াই অঙ্গসঞ্চালনে প্রবৃত্ত হয়, যদি তাহার অঙ্গসঞ্চালনে কোন বাধা উপস্থিত না হয়, ক্রমে তাহার মনে কত স্ফূর্ত্তি দেখিতে পাওয়া যায়, ক্রমে তাহাতে ক্রীড়া কূর্দ্দন উপস্থিত হয়। বিনা প্রতিরোধে যদি সে খেলিতে পায়, তাহার আনন্দ দিন দিন বাড়িতে থাকে। ইহাতে আমরা এই দেখিতে পাইতেছি, অপ্রতিহত ক্রিয়াই আনন্দ।

আনন্দস্বরূপ পরমাত্মা না থাকিতেন।"—ব্রাহ্মধর্ম্ম। "আকাশ যদি আনন্দ না হইত"—মিতাক্ষরা ব্রহ্মসূত্রবিবৃতি।

ক্রিয়া প্রতিহত হউক, নিরানন্দ দুঃখ বিষাদ সমুদায় জীবনকে অবসন্ন করিয়া ফেলিবে। ব্রহ্মেতে বিষাদ নাই, নিরানন্দ নাই, অবসাদ নাই, কেন না যিনি অনন্তশক্তি অপ্রতিহতশক্তি, 'আপনি আপনাকে প্রকাশ করিলেন' বলিয়া উপনিষৎ তাঁহাকে 'সুকৃত' নাম দিলেন, রসস্বরূপ বলিলেন, অথচ উপনিষদের ব্রহ্ম নিষ্ক্রিয়, নিষ্ক্রিয় হইয়াও আনন্দ, এ সিদ্ধান্ত কোথা হইতে আসিল আমরা বুঝিয়া উঠিতে পারি না। যদি বল, 'সুকৃত' এবং 'নিষ্ক্রিয়' এ দুই বিশেষণ একই ব্রহ্মেতে কি প্রকারে শোভা পায়, তাহার উত্তর এই যে, তিনি নিত্যক্রিয়, তাঁহার ক্রিয়ার আরম্ভ নাই শেষ নাই। যে ক্রিয়ার আরম্ভ আছে শেষ আছে, তাদৃশী ক্রিয়া তাঁহাতে নাই এই দেখাইবার জন্য 'সুকৃত' বিশেষণের পাশে 'নিষ্ক্রিয়' বিশেষণ আমরা অনায়াসে যোজনা করিতে পারি। 'নিষ্ক্রিয়' এই বিশেষণের সঙ্গে 'শান্ত' এই বিশেষণ সংযুক্ত থাকাতে বুঝা যাইতেছে,—যেহেতু তাঁহাতে ক্রিয়ার আরম্ভ বা শেষ নাই অতএব তিনি 'শান্ত' অর্থাৎ নির্ব্বিকার।

বেদান্ত 'আনন্দ' কাহাকে বলেন, তাহা বুঝিতে পারা গেল, এখন তাঁহার মতে 'শান্ত' কি তাহা বুঝা প্রয়োজন হইয়াছে। তরঙ্গায়িত নদীবক্ষ যখন তরঙ্গশূন্য হয়, তখন উহাকে প্রশান্ত বলি। শান্তি তবে তরঙ্গবর্জ্জিততা। নদীবক্ষ প্রথমে নিস্তরঙ্গ ছিল শান্ত ছিল, বায়ুবিতাড়িত হইয়া উহা তরঙ্গায়িত হইল অশান্ত হইল। বায়ুর উপশম হইল, তাহার সঙ্গে সঙ্গে নদীবক্ষ পূর্ব্ববৎ নিস্তরঙ্গ হইল শান্ত হইল। যেখানে ক্রিয়ার বিচ্ছেদ নাই, সুতরাং আনন্দের বিচ্ছেদ নাই, সেখানে শান্তিও নিরবচ্ছেদে বিরাজ করে। আনন্দ ও শান্তি এইরূপে নিত্য সহযোগী। "পরমাত্মাকেই প্রিয়রূপে

উপাসনা করিবেক” “এই নিখিল ব্রহ্মব্যাপ্য জগৎ যাঁহা হইতে উৎপন্ন, যাঁহাতে অপৃথক্ ভাবে স্থিত, সুতরাং যাঁহার সাক্ষাৎ ক্রিয়া, তাঁহাকে শান্তভাবে উপাসনা করিবেক” বেদান্তে অন্তর্বাহ্যব্রহ্মোপাসনার এই ব্যবস্থা। উপনিষদের ধর্ম্মকে আমরা এজন্যই ক্রিয়াপ্রধান বলিতে কুণ্ঠিত হই নাই। বৈদান্তিক কর্ম্ম উপনিষদে বিদ্যা বলিয়া অভিহিত। অবিদ্যা বৈদিক ক্রিয়াকলাপ, বিদ্যা আত্মজ্ঞান ব্রহ্মজ্ঞান। উপনিষদে যে সকল অনুষ্ঠান উক্ত হইয়াছে তন্মধ্যে আত্মজ্ঞান ব্রহ্মজ্ঞান প্রধান, সুতরাং উহা বিদ্যা আখ্যায় আখ্যাত। যোগাচার্য্য বলিয়াছেন, “নিয়ত কর্ম্মানুষ্ঠান কর, কর্ম্ম না করা অপেক্ষা কর্ম্ম করা শ্রেষ্ঠ। তুমি কর্ম্ম না করিয়া শরীরযাত্রাও নির্ব্বাহ করিতে পারিবে না।” “শরীরধারী ব্যক্তি কখনও সর্ব্বতোভাবে কর্ম্ম ত্যাগ করিতে পারে না, সুতরাং যে ব্যক্তি কর্ম্মের ফলত্যাগ করিয়াছে তাহাকেই ত্যাগী বলা যায়।” “যাঁহা হইতে ভূতগণের চেষ্টা সমুপস্থিত হয়, যিনি এই সমুদায় ব্যাপ্ত হইয়া রহিয়াছেন, নিজ কর্ম্মদ্বারা তাঁহাকে অর্চ্চনা করিয়া মনুষ্য সিদ্ধিলাভ করে।” “হে অর্জ্জুন, সকল ভূতের হৃদয়দেশে ঈশ্বর স্থিতি করিতেছেন, তিনি যন্ত্রারূঢ়বৎ তাহাদিগকে [illegible] ভ্রমণ করাইতেছেন।” “সর্ব্বতোভাবে তাঁহারই শরণাপন্ন হও, তাঁহার প্রসাদে পরম শান্তি এবং শাশ্বতস্থান লাভ করিবে।” ঔপনিষদ কর্ম্মবিষয়ে এতক্ষণ যাহা আলোচিত হইল, তাহার সঙ্গে এসকল কথার কিরূপ যোগ আছে, সাধকমাত্রেই তাহা সহজে হৃদয়ঙ্গম করিতে পারিবেন। নিশ্বাস প্রশ্বাস নিমেষ উন্মেষ প্রভৃতি সকলই কর্ম্মমধ্যে গণ্য ; সে সমুদায়ে ঈশ্বরের ক্রিয়া এবং আত্মার মধ্যে পরমাত্মার প্রেরণা প্রত্যক্ষ করিয়া যে ব্যক্তি নিয়ত ক্রিয়াশীল সে ব্যক্তি ঔপনিষদধর্ম্ম-

প্রতিপালনে নিরত, এ কথা অকুণ্ঠিত ভাবে বলা যাইতে পারে। তৃতীয় ব্যক্তি ঈদৃশ ধর্ম্ম স্বীকার করিয়া বেদান্তের নামে চিরপ্রসিদ্ধ নিষ্ক্রিয়ত্বের অপবাদখণ্ডন করিয়াছেন, ইহা কিছু সামান্য কথা নহে। এইরূপে আমরা দেখিতে পাইতেছি, বেদান্ত অদ্বৈতবাদ-মায়াবাদ-ভিন্ন আর কিছুই নহে, এই অপবাদ ব্রাহ্মসমাজ কর্ত্তৃক বিশিষ্টরূপে অপনীত হইয়াছে। সর্ব্বোপরি ব্রহ্মের নিয়তক্রিয়াশীলত্ববশতঃ সাধকের ধর্ম্মে প্রবৃত্তি অধর্ম্ম হইতে নিবৃত্তি প্রদর্শন দ্বারা উহার প্রতি আরোপিত অনীতিমত্তার অপবাদ সর্ব্বথা খণ্ডিত হইয়াছে *। এই অতি বিশুদ্ধ বেদান্তমতের সহিত ব্রাহ্মসমাজের ধর্ম্মের যাঁহারা একত্ব দেখিতে পাইবেন, তাঁহাদের নিকটে এ ধর্ম্ম জাতীয় ধর্ম্ম হইবে, তাহাতে আর সংশয় নাই। ইহা দ্বারা সম্প্রতি উন্মেষপ্রাপ্ত জাতীয় ভাব অবশ্য দৃঢ়মূল হইবে।

---

* "অন্যত্র ধর্ম্মাদন্যত্রাধর্ম্মাদন্যত্রাস্মাৎ কৃতাকৃতাৎ। অন্যত্র ভূতাচ্চ ভব্যাচ্চ যত্তৎ পশ্যসি তদ্বদ॥" এই শ্রুতিটীকে কেন যে ধর্ম্মাধর্ম্মের প্রভেদ-বিলোপসাধনের জন্য কেহ কেহ নিয়োগ করিয়াছেন, আমরা তাহা বুঝিয়া উঠিতে পারি না। নচিকেতা যমকে বলিতেছেন, "ধর্ম্ম (বিহিত কর্ম্ম) অধর্ম্ম (নিষিদ্ধ কর্ম্ম), কার্য্য ও কারণ, ভূত ভবিষ্যৎ ও বর্ত্তমান, এ সকলের অতীত আপনি যাঁহাকে প্রত্যক্ষ করিয়াছেন, তাঁহার বিষয় বলুন।" ইহা হইতে ধর্ম্মাধর্ম্মের বিলোপ হইল কি প্রকারে? বিহিত ও নিষিদ্ধ কার্য্যের অতীত সেই, যে স্বভাবতঃ শুভের অনুসরণ করিয়া থাকে, এটি বিহিত অতএব করিব, এটি নিষিদ্ধ অতএব করিব না, এরূপ বিচার করিয়া যাহার কিছু করিতে হয় না। আত্মা পূর্ণ স্বাধীন, কার্য্যকারণশৃঙ্খলে বদ্ধ নয় এবং সর্ব্বথা কালাতীত, কালের প্রভাবসম্ভূত জরামৃত্যুব্যাধি প্রভৃতির অধীন নহে। প্রবচনের ইহাই প্রকৃত ভাব। শুভ, কল্যাণ, মঙ্গল, শিব এই পর্য্যায়শব্দগুলি সর্ব্বাতীত

ব্রহ্মের স্বরূপবাচক

কলিকাতা।

৩নং রমানাথ মজুমদারের ষ্ট্রীট।

"মঙ্গলগঞ্জ মশন প্রেসে"

কে, পি, নাথ কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

শক ১৮২৭।

আর্য্যধর্ম্ম ও তদ্ব্যাখ্যাতৃগণ *।

হে মহান্ পরমদেব, তুমি কৃপা করিয়া অন্তরের দৃষ্টি বিশুদ্ধ করিয়া না দিলে আমার সামর্থ্য কি যে আর্য্য ঋষিগণের হৃদয়ে প্রবেশ করিয়া তাঁহাদিগের প্রচারিত ধর্ম্ম এবং সে ধর্ম্মের ব্যাখ্যাতৃগণের বিভিন্ন দিক্ একত্র করিয়া তন্মধ্যে সামঞ্জস্য অবধারণ করি। যখন বিষয়টি মনে প্রতিভাত হয়, তখন জানিতাম না যে ধর্ম্মপিতা মহর্ষি দেবেন্দ্রনাথ স্বধামে গমন করিবেন। তিনি ঋষিগণের ধর্ম্মকেই আপনার জীবনের সর্ব্বস্ব করিয়াছিলেন। দিব্য দৃষ্টিতে তিনি উহার যে অংশ গ্রহণ করিয়াছিলেন, তৎসহ অপরাংশের বিরোধ প্রতীত হইলেও যে উহা বিরোধ নয় বিরোধাভাসমাত্র, তাহা দেখাইবার জন্য উপযুক্ত সময় ইহারই মধ্যে উপস্থিত হইবে, ইহা বিষয়নির্ব্বাচনসময়ে কিছুই বুঝিতে পারি নাই। সময় উপস্থিত বটে, কিন্তু হে দেব, সামর্থ্য কোথায় যে, সকল বিরোধভঞ্জন করিয়া নির্ব্বিবাদ ভূমিতে ঋষিগণের ধর্ম্ম আনিয়া উপস্থিত করি। সামর্থ্য নাই, এ কথা যে বৃথা বিনয়প্রদর্শনজন্য বলিতেছি না, তাহা তুমি বিলক্ষণ জান, আমারও সে সম্বন্ধে কোন সংশয় নাই। তুমি আপনি যাহা দেখাইয়াছ, বুঝাইয়াছ, যদি কেবল তাহারই অনুসরণ করিয়া এ দুরূহ কার্য্যসাধন করিতে সমর্থ হই, তাহা হইলেই আপনাকে কৃতার্থ মনে করিব। এ বিষয় বলিতে গিয়া

* ১৩ই মাঘ উপাধ্যায়প্রদত্ত-বক্তৃতামূলক।

যদি কোথাও ভ্রান্তি উপস্থিত হয়, কালসহকারে তাহা অপসারিত হইবে, কিন্তু ইহার মধ্যে যাহা সত্য তাহা চিরদিন সাধকদিগের যোগধর্ম্মসাধনে সহায় হউক, এই তব চরণে বিনীত ভিক্ষা।

বেদের অন্তভাগের নাম বেদান্ত। বেদান্ত বেদের ব্যাখ্যান, একথা বলিলে ইহা বুঝায় না যে, ব্যাখ্যানের ভিতরে কিছুই নূতন নাই, সকলই পুরাতন। পুরাতম সত্যের ভিতরে তাহার এমন সকল দিক্ লুক্কায়িত থাকে, যাহা ব্যাখ্যান বিনা কিছুতেই প্রকাশ পায় না। সত্য বহুমুখীন। যদি কোন সত্য কালসহকৃত উন্নতি আপনার ভিতরে অন্তর্ভূত করিয়া লইতে না পারে,তবে উহা কখন সত্য নয়। সত্য বীজমাত্র, উহার বর্দ্ধনশীল ভিতরে প্রকাণ্ড বৃক্ষ লুক্কায়িত। এই বৃক্ষ যুগযুগান্তরে কত ব্যক্তিকে ছায়া দান করিবে, তাহার কিছুই স্থিরতা নাই। বেদের ভিতরে যে সত্যবীজ প্রচ্ছন্নভাবে ছিল, বেদান্ত তাহার আবিষ্কার ও ব্যাখ্যা করিলেন। বেদান্ত নাম দিয়া পরবর্ত্তী সময়ে অনেকগুলি গ্রন্থ রচিত হইয়াছে, সে সকল সম্প্রদায়বিশেষের মতপ্রতিপোষণের জন্য রচিত। কোন সম্প্রদায়ের সহিত সম্বন্ধবিরহিত দশ খান উপনিষৎ ঋষিগণের ধর্ম্মব্যাখ্যানে প্রধান সহায়। মহর্ষি বেদব্যাসপ্রণীত বেদান্তসূত্রে এই সকল উপনিষদের মীমাংসাকরিবার জন্য রচিত। শ্বেতাশ্বতরোপনিষৎ খানি পৌরাণিক ধর্ম্মের সহিত সংযুক্ত, কিন্তু এখানিও বেদান্তসূত্র-প্রণয়নের অনেক দিন পূর্ব্ব হইতে বিদ্যমান ছিল এরূপ বিশ্বাসকরিবার যখন কারণ পাওয়া যায়, তখন ইহাকেও আমরা ঋষিগণের ধর্ম্মের প্রমাণ বলিয়া গ্রহণ করিতে পারি। বেদান্তশাস্ত্রের ভিতরে প্রবেশ করিতে গেলে মাণ্ডুক্যোপনিষৎখানি ভাল করিয়া বোঝা চাই। অন্যান্য উপনিষদের মূল সূত্র কি,

এই খানি ভাল করিয়া বুঝিলে বুঝিতে পারা যায় *। আমরা যখন জাগ্রদবস্থায় থাকি, তখন আমাদের এই দৃশ্যমান বিশ্বের সহিত সম্বন্ধ। চক্ষুরাদি ইন্দ্রিয়গণ এই বিশ্বকেই বিভক্ত ভাবে গ্রহণ করে। এই বিশ্বের যিনি আত্মা বা নিয়ন্তা তাঁহাকে বৈশ্বানর বলে। দ্যুলোক, সূর্য্য, বায়ু, আকাশ, জল, পৃথিবী, আহবনীয় অগ্নি, এই সাতটি ইহার অঙ্গ। পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, পঞ্চ প্রাণ, মন, বুদ্ধি, অহঙ্কার, চিত্ত এই উনিশটি উঁহার মুখ। এই সকল দ্বারা ইনি স্থূল বিষয়সমূহ গ্রহণ করিয়া থাকেন। এই বৈশ্বানর সাধারণতঃ বিশ্বনামেও অভিহিত হন। ইনি বহিঃপ্রজ্ঞ অর্থাৎ বাহিরের বিষয় সমুদায় জানেন। বেদের সময়ে ঋষিগণের যখন কেবল বাহ্যজগতের সহিত সম্বন্ধ ছিল, তখন তাঁহারা অন্তররাজ্যে প্রবেশ করেন নাই। চক্ষুরাদি ইন্দ্রিয় দ্বারা তাঁহারা বাহিরের বিষয় গ্রহণ করিতেন, বাহিরের বিষয়সমুদায় পাইবার জন্যই তাঁহাদিগের অভিলাষ ছিল, তাহারই জন্য তাঁহারা অগ্নি-সূর্য্যাদিতে প্রতিষ্ঠিত শক্তির নিকটে প্রার্থনা করিতেন। এস্থলে উপনিষৎ বেদের ন্যায় বহির্বিষয়সকল গ্রহণ করিয়াছেন, কিন্তু এইরূপ গ্রহণে উপনিষৎ নিজের প্রণালী উহার সঙ্গে মিশাইয়াছেন। সমুদায় জগৎ ব্রহ্মেতে বিদ্যমান, ব্রহ্ম আত্মা অর্থাৎ নিয়ন্তা হইয়া সকল জগতে বিদ্যমান। এই নিয়ন্তা আত্মা বাহিরে,

---

* মুক্তিকোপনিষৎ প্রাচীন না হইলেও উহাতে যে লিখিত আছে—"মাণ্ডুক্যমেকমেবালং মুমুক্ষূণাং বিমুক্তয়ে। তথাপ্যসিদ্ধঞ্চেৎ জ্ঞানং দশোপনিষদঃ পঠ॥"—এক মাণ্ডুক্যই মুমুক্ষগণের মুক্তির পক্ষে যথেষ্ট। তাতেও যদি জ্ঞান সিদ্ধ না হয়, দশখানি উপনিষৎ পাঠ কর—ইহার কারণ উপরে যাহা বলা গেল তাহাই।

অন্তরে, জীবচৈতন্যে বিরাজমান থাকিয়াও ঐ সকলের অতীত হইয়া আছেন। এই যে নিয়ন্তা আত্মার চারি প্রকারে স্থিতি, তদনুসারে উঁহার চারিপাদ উপনিষৎ কল্পনা করিয়াছেন। জাগ্রদবস্থার বিশ্বে প্রকাশমান নিয়ন্তা আত্মা প্রথমপাদ। এখানে বেদের সহিত বেদান্তের ঘনিষ্ঠ সম্বন্ধ হইলেও "দেবগণের বল বা শক্তি একই" এই বৈদিক মূলতত্ত্ব ধরিয়া সূর্য্যাদিতে ভিন্নভিন্নরূপে প্রকাশমান নিয়ন্তা একই, কেন না এক এক পদার্থে নিয়ন্তৃরূপে বিদ্যমান থাকিয়াও তিনি তাহাতে বদ্ধ নহেন তাহার বাহিরেও বিদ্যমান। সকল ভূতের অন্তরাত্মা হইয়া বিদ্যমান নিয়ন্তাকে পরিগ্রহকরিবার জন্য উপনিষৎ নিম্নস্থ মূলতত্ত্ব বেদ হইতে গ্রহণকরিয়া 'বহিশ্চ' এই শব্দে আপনার বিশেষ ভাব তাহার সঙ্গে সংযুক্ত করিয়াছেন।

রূপং রূপং প্রতিরূপো বহিশ্চ।

"সর্ব্বভূতের অন্তরাত্মা রূপে রূপে প্রতিরূপ হইয়া আছেন, বাহিরেও আছেন।" প্রতিরূপ হইয়া আছেন, এ কথার অর্থ কি? যিনি আত্মা যিনি চৈতন্য তিনি সূর্য্যেতে সূর্য্য হইলেন, অগ্নিতে অগ্নি হইলেন, বায়ুতে বায়ু হইলেন, জলেতে জল হইলেন, পৃথিবীতে পৃথিবী হইলেন, আকাশে আকাশ হইলেন, এ কিরূপ কথা। "সেই প্রেরয়িতা শ্রোত্রের শ্রোত্র, মনের মন, বাক্যের বাক্য, প্রাণের প্রাণ, চক্ষুর চক্ষু" উপনিষৎ এই কথা বলিয়া প্রেরয়িতা এবং প্রেরিত, নিয়ন্তা ও নিয়ম্য, এ দুইয়ের মধ্যে স্বরূপে একতা দেখাইয়াছেন। স্বরূপের একতা না থাকিলে এক অপরের উপরে কোন ক্রিয়াপ্রকাশ করিতে পারে না। স্বরূপে একতা থাকিলেও, অপৃথক্ ভাবে উক্ত-

য়ের নিত্য স্থিতি হইলেও মোক্ষার্থী ব্যক্তি প্রেরিত ও প্রেরয়িতার ভিতরে প্রেরিতত্ব-ও-প্রেরয়িতৃত্বরূপ যে নিরতিশয় পার্থক্য আছে তাহা হৃদয়ঙ্গম করিয়া মোক্ষপ্রাপ্ত হন *। বেদান্তে সর্ব্বত্র প্রসিদ্ধ ব্রহ্মই উপদিষ্ট হইয়াছেন †। উপাসনাবিধিতে মন আদি যাহা কিছু উপদিষ্ট হইয়াছে, তাহাতে সর্ব্বাত্মরূপে প্রেরয়িতৃরূপে ব্রহ্মকেই গ্রহণ করিতে হইবে, বেদান্তসূত্রের এই বিধি। সুতরাং বেদান্তে বৈদিক রীতির অনুসরণ করিয়া যেখানেই সূর্য্যাদির উল্লেখ হইয়াছে, সেখানেই উঁহাদের প্রেরয়িতা পরমাত্মা উল্লিখিত হইয়াছেন, ইহা বুঝিতে হইবে। বাহিরে যে সকল রূপ দেখিতে পাওয়া যায় তন্মধ্যে কল্যাণতম প্রেরয়িতার রূপ আবৃত হইয়া স্থিতি করিতেছে। সাধনের দ্বারা সেই আবরণ উন্মোচন করিয়া ব্রহ্মের মঙ্গল মূর্ত্তি অবলোকন করিতে হইবে, স্বয়ং বেদান্তের এই সুস্পষ্ট বিধি ‡। এই মঙ্গলমূর্ত্তিদর্শন অতি স্বাভাবিক। কেন না সূর্য্যাদি হইতে নিরন্তর জীবগণের যে মঙ্গল হইতেছে, সে মঙ্গল কিছু সূর্য্যাদি করিতেছেন না, তৎপ্রেরয়িতা পরব্রহ্ম হইতে তাহা নিরন্তর প্রবৃত্ত হইতেছে।

ছান্দোগ্য উপনিষৎ খানি সামবেদের অন্তিমভাগ। সুতরাং যে কয়েক ভাগে সামগান হইয়া থাকে, সেই সেই ভাগের সহিত ইহাতে বেদান্তসিদ্ধ উপাসনা সংযুক্তকরা হইয়াছে। সাম ও

---

* শ্রোত্রস্য শ্রোত্রং মনসো মনো যদ্বাচোহ বাচং স উ প্রাণস্য প্রাণঃ। চক্ষুষশ্চক্ষুরতিমুচ্য ধীরাঃ প্রেত্যাস্মাল্লোকাদমৃতা ভবন্তি॥ তল, ১ (১) ।২। টীকা—ধীরাঃ শ্রোত্রাদিভ্যঃ তত্তৎসামর্থ্যভূতং কারণম্ অতিমুচ্য অতিশয়েন পৃথক্কৃত্য অস্মাৎ লোকাৎ প্রেত্য অমৃতাঃ ভবন্তি।

† সর্ব্বত্র প্রসিদ্ধোপদেশাৎ। ১। ২। ১।

‡ ঈশ ১৫।১৬। বৃহ ৭।১০।

psalm একই কথা। ঋগ্বেদোক্ত স্তোত্র (অবশ্য তদতিরিক্তও আছে) গানে পরিণত করিয়া যজ্ঞের সময়ে গীত হইয়া থাকে, এজন্যই উহাকে সাম বলা হয়। হিঙ্কার, প্রস্তাব, উদ্গীথ, প্রতিহার, ও নিধন সামগান এই পাঁচ ভাগে বিভক্ত। ওঙ্কার ও উপদ্রব (ফেরতা গান) এ দুইটি ধরিলে সামগানের সাতটি বিভাগ। সামগানেতে প্রাণের ক্রিয়া প্রকাশ পায়। এই প্রাণই বেদান্তমতে পরোক্ষ ব্রহ্ম। সমুদায় পদার্থ ও সমুদায় ব্যাপারে সাম-বা-স্তোত্রগান-উপলব্ধি-করিবার জন্য উপদেশের উদ্দেশ্য এই যে, যিনি সমুদায় জীব ও জগতের প্রাণ হইয়া নিত্য বিরাজমান রহিয়াছেন, সমুদায় পদার্থ সমুদায় ব্যাপার তাঁহারই স্তোত্রগান করিতেছে, এই সত্য প্রত্যক্ষ করিলে কোন পদার্থ বা ব্যাপার জগৎপ্রাণ পরব্রহ্মের সহিত যোগের অন্তরায় উপস্থিত করিবে না। পৃথিবী, অগ্নি, অন্তরিক্ষ, আদিত্য, দ্যুলোক; বর্ষণের পূর্ব্বে প্রবৃত্ত বায়ু, মেঘ, জলবর্ষণ, বিদ্যুৎপ্রকাশ, পুনরায় মেঘের বাষ্পাকারে পরিণাম; বসন্ত, গ্রীষ্ম, বর্ষা, শরৎ, হেমন্ত; অজা, অবি, গো, অশ্ব, পুরুষ; প্রাণ, বাক্, চক্ষু, শ্রোত্র, মন; উদয়ের প্রক্রম, উদয়, মধ্যাহ্ন, অপরাহ্ণ, অস্তগমন; অগ্নি, বায়ু, আদিত্য, নক্ষত্র চন্দ্রমা; ত্রয়ী বিদ্যা, তিন লোক, অগ্নি, বায়ু ও আদিত্য এই তিন, নক্ষত্র, পক্ষী কিরণ ও এই তিন, সর্প, গন্ধর্ব্ব ও পিতৃগণ এই তিন; লোম, ত্বক্, মাংস, অস্থি, মজ্জা, কেবল এই সকল পাঁচ পাঁচটিতে নয়, সমুদায় পদার্থে ও অগ্নিমন্থনাদি সমুদায় ব্যাপারে পাঁচ বিভাগেবিভক্ত সামগানে এবং হিঙ্কারাদি-সপ্ত-ভাগ, বাক্, ও আদিত্যে সপ্তভাগেবিভক্ত সামগানে জগৎপ্রাণ পরব্রহ্মের স্তোত্র-বন্দনা হইতেছে, এই দৃষ্টিতে সামোপাসনা করিবে। দৈহিক

ও ভোক্তৃ ব্যাপারে * এবং স্থাবর জঙ্গম সমুদায় পদার্থে ব্রহ্মের ব্যাপ্তি দর্শন করিয়া তাঁহার প্রেরণায় নিখিলকর্ম্মনির্ব্বাহ †, বেদান্তের প্রথম শিক্ষা। জাগ্রদবস্থায় ইন্দ্রিয়গোচর সমগ্র জগতের সহিত আমাদের সম্বন্ধ যখন অপরিহার্য্য, তখন বিশ্বে বিশ্বাত্মার সহিত একাত্মতাসাধন যে যোগের, (Objective যোগের) প্রকৃষ্ট পন্থা, ইহা আমরা কিছুতেই অস্বীকার করিতে পারি না। বাহ্য জগৎসম্বন্ধে বেদান্ত সর্ব্বত্র এই পন্থাই অবলম্বন করিয়াছেন। মাণ্ডুক্যোপনিষৎ অল্প কথায় উহা সর্ব্ব প্রথমে দেখাইয়াছেন। বলিতে হইবে, এখানে ব্রহ্মের প্রাণ-বা-ক্রিয়াশক্তির সহিত সাধকের যোগ।

বাহ্য জগৎ হইতে বেদান্ত যখন অন্তর্জগতে প্রবেশ করিলেন, তখন বৈদিক পন্থা পরিহার-করিয়া বেদান্তের পন্থার আরম্ভ হইল। আমরা যখন নিদ্রিতাবস্থায় থাকি তখন আমাদের বাহ্য জগতের সহিত সম্বন্ধ বিচ্ছিন্ন হইয়া যায়। এখন আমাদের মানস-জগতে স্থিতি। বাহিরে যাহা কিছু ছিল, তাহা আর এখন বাহিরে নাই, অন্তরে মনোমধ্যে উহা প্রকাশ পাইতেছে। বাহি-রের বিষয়সমূহ যখন বাহিরের সহিত সম্বন্ধনিরপেক্ষ হইয়া অন্তরে প্রকাশ পায়, তখন আমরা উহাকে স্বপ্ন এই আখ্যা দিয়া থাকি।

---

* ছান্দোগ্য ৩।৫।১৫—১৭।

† ঈশ ১২। ঈশোপনিষদের এই দুইটি প্রবচন সমগ্র বেদান্তের উপা-সনার তত্ত্ব কি তাহা প্রদর্শন-করে। স্থাবর জঙ্গম সমুদায় পদার্থ ঈশ্বরকর্ত্তৃক আচ্ছাদিত করিয়া লইয়া তাঁহার প্রদত্ত ভোগ্য ভোগ করিলে সাধকে কর্ম্মের দোষ স্পর্শ করে না, ঈশোপনিষদের এই উক্তির উপরে সমুদায় গীতা প্রতিষ্ঠিত।

জাগ্রদবস্থায় বাহ্যজগতের সহিত সম্বন্ধ, স্বপ্নাবস্থায় অন্তররাজ্যের সহিত সম্বন্ধ। বাহিরে যে সমুদায় বিষয় ছিল, সেই গুলি এখন অন্তরে সংস্কারের আকারে প্রকাশিত, বাহিরের ইন্দ্রিয়গণ এখন অন্তরে সামর্থ্যমাত্রে প্রতিভাত, সুতরাং বাহ্যজগতে প্রকাশমান বিশ্বাত্মার যে সাতটি অঙ্গ ও উনবিংশতি মুখ কল্পিত হইয়াছে, ইহাতেও তাহাই কল্পিত হইয়াছে। ইনি সূক্ষ্মবিষয়সমূহ গ্রহণ-করেন বলিয়া ইহার নাম তৈজস। স্থূলের সহিত কোন সম্বন্ধ নাই, কেবল প্রকাশস্বরূপ, এজন্য ইহাকে তৈজস আখ্যা দেওয়া হইয়াছে। ইনি অন্তঃপ্রজ্ঞ, কেন না অন্তরের বিষয় সকল জানেন। বাহ্যজগন্নিরপেক্ষ হইয়া স্বপ্নে অন্তর্জগতে বিচরণ, বেদান্ত এই ব্যাপারটিকে দেহনিরপেক্ষ আত্মার স্বরূপপরিগ্রহের উপায়রূপে গ্রহণ করিয়াছেন। পরলোকতত্ত্বের আবিষ্কারপক্ষেও বেদান্ত ইহাকে প্রধান সহায় করিয়া লইয়াছেন। আমরা যাহা দেখিয়াছি শুনিয়াছি, সেইগুলি স্বপ্নে মনের নিকটে প্রতিভাত হয়। সুতরাং এখানে কেবল মনের শক্তিই প্রকাশ পায়, আত্মা বা পরমাত্মার কোনতত্ত্ব এতদ্দ্বারা লাভকরা যায় না, বৈদান্তিক ঋষিগণ এ কথা মানেন না। তাঁহারা একথা মানিয়াছেন, স্বপ্নে যে সমুদায় দৃষ্ট বা অনুভূত হয়, সে সমুদায় আত্মা নহে, কিন্তু তিনি যে স্বপ্রকাশ স্বয়ং জ্যোতি এবং তাঁহারই প্রকাশে মনের নিকটে স্বপ্নে অনুভূত বিষয়সমূহ প্রকাশ পায়, তাহাতে আর তাঁহাদের কোন সংশয় নাই। আত্মা স্বপ্রকাশ ও স্বয়ং জ্যোতি হইলেও পরমাত্মাকে ছাড়িয়া তাঁহার স্বপ্রকাশত্ব বা স্বয়ং জ্যোতিষ্ট্ব থাকিতে পারে না, স্বপ্নে অনুভূত বিষয়সমূহও ব্রহ্মশক্তিনিরপেক্ষ হইয়া উদ্ভূতকরিবার তাঁহার কোন শক্তি নাই, সুতরাং

স্বপ্নাবস্থায় যাঁহাকে তৈজস নামে অভিহিত করা যায়, তিনি মনোরাজ্যে প্রকাশমান পরমাত্মা।

এই মনোরাজ্যে বা চিন্তার রাজ্যে যিনি প্রকাশমান তাঁহাকে প্রত্যক্ষ করিবার জন্য উপনিষৎ যে সাধনপ্রণালী নিবদ্ধ করিয়াছেন, তাহা অতি আশ্চর্য্য। বাহিরের রাজ্যে

রূপং রূপং প্রতিরূপো বহিশ্চ

এই শ্রুতিটী যেমন সাধকের অবলম্বন, তেমনি

অয়মাত্মা ব্রহ্ম সর্ব্বানুভূঃ

এই শ্রুতিটী অন্তররাজ্যে অবলম্বন। মধু ব্রাহ্মণ এই অন্তর-রাজ্যের সাধনের প্রণালী দেখাইয়াছেন। প্রকৃতি, জীব ও নিয়ন্তা এ তিনের একতায় ব্রহ্মেতে সর্ব্বৈক্য সমুপস্থিত হয়। এই সর্ব্বৈক্য-সাধনের পক্ষে মনন বা চিন্তার প্রাধান্য। পৃথিবীপ্রভৃতিতে যিনি তাহাদিগের নিয়ন্তা হইয়া অবস্থিত, তাঁহাকে প্রত্যক্ষকরা এ এক কথা, আর সেই পৃথিবীপ্রভৃতি প্রাণিগণের যে উপকারসাধন করে, এবং প্রাণিগণ দ্বারা পৃথিব্যাদির যে উপকার সাধিত হয়, তাহা প্রত্যক্ষকরা ইহা অন্য কথা। চিন্তা বা মনন ভিন্ন উহা কদাপি প্রত্যক্ষ হয় না। এই উপকারের সঙ্গে জীব ও নিয়ন্তার কি সম্বন্ধ ইহা অবধারণ করিতে গিয়া আমরা একেবারে চিন্তারাজ্যে গিয়া উপস্থিত হই। পৃথিব্যাদি দ্বারা প্রাণিগণের যে সকল উপকার হয়, তাহা কখন নিয়ন্তার ক্রিয়া বিনা উপস্থিত হয় না। কি নিয়মে কি প্রণালীতে নিয়ন্তা এই সকল উপকারের ব্যাপার উপস্থিত করিতেছেন, তাহা সাধক চিন্তা ও মনন দ্বারা অবধারণ করিয়া থাকেন। চিন্তা ও মনন দ্বারা সাধকের নিকটে এ সম্বন্ধে যাহা প্রতিভাত হয়, তাহা সত্য বা কল্পনা ইহা অবধারণকরিবার

উপায় কি ? যাহা মনে প্রতিভাত হয়, তাহা যদি স্বয়ং ব্রহ্ম প্রতিভাত না করান, তাহা হইলে সত্যের রাজ্যে প্রবেশ না ঘটিয়া অসত্যের রাজ্যে প্রবেশ হয়। ব্রহ্ম সকলের কারণ তাঁহার কোন কারণ নাই, অন্য দশটি কার্য্য যে প্রকার সে প্রকার তিনি একটি কার্য্য নহেন, জগৎ, জীব ও তাঁহার মধ্যে ব্যবধারক কিছুই নাই, তাঁহার বাহিরে কিছুই থাকিতে পারে না, সুতরাং তিনি নিরবলম্ব হইয়া আপনি সকল অনুভব করেন, এবং নিরবলম্ব হইয়া আপনি সকল অনুভব-করান। সকলই তাঁহার অনুভূতি বা জ্ঞানের প্রতিচ্ছবি *; জীবে যে অনুভূতি উপস্থিত হয়, তাহা তাঁহা হইতেই উপস্থিত হইয়া থাকে। যদি এইরূপই হইল, তাহা হইলে প্রকৃতি, জীব ও নিয়ন্তা, এ তিনের সম্বন্ধবিষয়ে আমাদের মনে যে জ্ঞান প্রতিভাত হয়, তাহা সত্য জ্ঞান।

ব্রহ্ম সকলই অনুভব করেন, ইহা শুনিলেই মনে হয়, আমরা যেমন বিবিধ বিষয় অনুভব-করি, এবং প্রত্যেক অনুভবের সঙ্গে সঙ্গে আমাদের মনে যে প্রকার সুখদুঃখাদি বিবিধ ভাবের উদয় হয়, ব্রহ্মেতেও তাহাই হয়, শ্রুতি বুঝি ইহাই বলিতেছেন। মধু, মঙ্গল বা উপকারের কথা তুলিয়া সর্ব্বত্র তাহাই প্রকাশ পাইতেছে, শ্রুতি ইহাই দেখাইয়াছেন। মধু, মঙ্গল বা উপকারের অনুভব বিনা এখানে আর কোন্ অনুভব আছে ? সাধক যত দিন সর্ব্বত্র মঙ্গল-বা-উপকারানুভব না করিতেছেন, তত দিন তাঁহাতে প্রকৃত জ্ঞান উপস্থিত হয় নাই, ইহাই মানিতে হইবে। ব্রহ্মের অনুভব যখন সাধকের অনুভব হয়, তখন তিনি মঙ্গল

---

* তদেতদ্ব্রহ্মাপূর্ব্বমনপরমনন্তরমবাহ্যময়মাত্মা ব্রহ্ম সর্ব্বানুভূঃ।

বৃহদারণ্যক ৪।৫।১৯।

বা উপকার ভিন্ন আর কিছুই কোথাও দেখিতে পান না; সুতরাং এক মঙ্গল বা উপকারের অনুভব ভিন্ন তাঁহাতে আর কোন অনুভব থাকে না। সকল প্রকারের অনুভব এক মঙ্গলেরই অনুভব, একই মঙ্গল আধারভেদে কত আকারে প্রকাশ পাইতেছে, ইহা যখন অনুভবগোচর হয়, তখনই অনুভবের একত্ব ও বহুত্ব কি, সাধক বুঝিতে সমর্থ হন। ব্রহ্ম সকলই অনুভব করেন, শ্রুতি এ কথা এই জন্য বলিয়াছেন যে, মঙ্গল কত আকার ধারণ করিয়া প্রকাশ পাইতেছে তাহা তিনি সকলই জানেন। এ সকল জানিয়াও তাঁহার অনুভবের একত্ব বিনষ্ট হইল না, কেন না সে সকল অনুভব মঙ্গলেরই অনুভব।

মধু ব্রাহ্মণের অর্থ ও ভাব কি তাহা বলিতে গিয়া অনেক সময় গেল, এখন এ সাধনটি যে মনোরাজ্যের ব্যাপার, ইহা প্রদর্শনকরা কর্ত্তব্য। বেদান্ত জীবের অন্যতর নাম বিজ্ঞান রাখিয়াছেন। বিজ্ঞান সাক্ষাৎ জ্ঞান। দৃশ্যমান পদার্থ-ও-ব্যাপার-সমূহ এই সাক্ষাৎ জ্ঞানকে আবৃত ও আচ্ছাদিত করিয়া রাখিয়াছে। নরনারী নিয়ত কি দেখিতেছে? জরা, মৃত্যু, ব্যাধি, দুঃখ, ক্লেশ, দারিদ্র্য ইত্যাদি। এই সকলের আঘাতে ইহার অন্তরালে যে মঙ্গল বিদ্যমান, তাহা স্মৃতিপথে উদিত হয় না। যখন তাহারা সুখে থাকে, তখন আমোদে মাতিয়া কোথা হইতে সুখ আসিতেছে তাহা ভুলিয়া যায়, কিন্তু দুঃখ আসিলেই বিধাতাকে ধিক্কারদান করে। অবিদ্যা, অজ্ঞান, মায়া বা সংসার ইহাকেই বলা যায়। এই অবিদ্যা, অজ্ঞান, মায়া বা সংসার বিজ্ঞান বিনা কখন অপনীত হয় না। বিজ্ঞান কি? জরা-মৃত্যু-ব্যাধি-দুঃখ-দারিদ্র্য ক্লেশ-

ইত্যাদির ভিতর মঙ্গল-দর্শন, ইহাদের দ্বারা জীবের প্রকৃত উপকার সাধিত হইতেছে, ইহা সাক্ষাৎ অনুভব। যিনি জীবের নিয়ন্তা হইয়া সর্ব্বত্র প্রকাশমান, জরা-মৃত্যু-ব্যাধি-প্রভৃতিকে যিনি তাহার প্রকৃত কল্যাণে পরিণত করিতেছেন, তাঁহাকে বা তাঁহার এই কল্যাণতম ক্রিয়াকে চিন্তা বা মনন বিনা কিছুতেই জ্ঞানগোচর করিতে পারা যায় না। যখন তিনি এইরূপে অনুভূত হন, তখন বিজ্ঞান উপস্থিত হইল। এই বিজ্ঞান জীবকে বিজ্ঞান বা সাক্ষাৎ জ্ঞান দান-করিল। যখন জীব এই বিজ্ঞানে বিজ্ঞানবান্ হইল, তখন তাহার বিজ্ঞান বা বিজ্ঞানাত্মা নাম হইল। আর এখন জীব নিয়ন্তাকে ধিক্কারদান করে না, অজ্ঞানতাবশতঃ তৎপ্রতি যে বিরুদ্ধ ভাব ছিল তাহা এখন চলিয়া গিয়াছে। এই বিরুদ্ধ ভাব চলিয়া যাওয়াতে প্রকৃতির প্রতি যে বিরুদ্ধভাব ছিল এখন আর তাহাও নাই। প্রকৃতি হইতে যে জরা মৃত্যু ব্যাধি প্রভৃতি প্রকাশ পায়, সেগুলি জীবের কল্যাণজন্য পরমোপকার সাধনের জন্য ইহা বুঝিয়া, প্রকৃতি, তন্নিয়ন্তা ও জীব, এ তিনের বিরোধ ঘুচিয়া গিয়া এক মঙ্গলের অনুভবে একত্ব উপস্থিত হয়। এই একত্ব উপস্থিত হইলে প্রতিজীব প্রতিপদার্থ প্রতিঘটনা প্রতিব্যাপারে বিদ্যমান থাকিয়া যিনি নিয়মন করিতেছেন, তিনি এক অখণ্ড ব্রহ্মবস্তু, তাঁহারই ভিতরে জগৎ ও জীব মঙ্গলানুভবে এক হইয়া বিদ্যমান, ইহা দেখিয়া নিয়ন্তা ও নিয়ম্য-সমূহকে লইয়া সাধক ব্রহ্মেতে একাত্মতা লাভ করেন। বেদান্ত এই ব্যাপারকে সর্ব্বৈক্য বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। এ সর্ব্বৈক্য চিন্তা-বা-মননসাধ্য অন্তররাজ্যের ব্যাপার; ইহা সর্ব্বদাই মানসগোচরে বিদ্যমান থাকে।

যেখানে সকল জ্ঞান বিলুপ্ত হইয়া যায়, কোন মনন বা চিন্তা থাকে না, সেই সুষুপ্তির অবস্থাকেও বেদান্ত একান্ত যোগের নিদর্শন বলিয়া গ্রহণ করিয়াছেন। এখানে লয়ের ব্যাপার। প্রপঞ্চ যেমন আছে, তেমনই থাকে, অথচ ব্রহ্মে বিলীন অর্থাৎ অপৃথক্ ভাবে স্থিতি করিয়া তাঁহারই ক্রিয়ামাত্রপ্রকাশ করে। তাঁহার ক্রিয়া কি? আনন্দ *। এই আনন্দে মগ্ন হইয়া জীব আত্মবিস্মৃত হয়, তাহার অন্তর্বাহ্য কোন জ্ঞান থাকে না †; ব্রহ্মই সর্ব্বেসর্ব্বা হইয়া প্রকাশ পান। মাণ্ডুক্য এ ব্যাপারটি প্রদর্শন করিতে গিয়া যাহা বলিয়াছেন, তাহার ভাব এইরূপে সংগৃহীত হইতে পারে,—জাগ্রৎ ও স্বপ্ন এ উভয় অবস্থাতে যে সকল বিষয় অনুভূত হইয়া থাকে, সেগুলি জ্ঞানাকারে একীভূত হইয়া যায়, উহাদের আর বিভক্তাবস্থা থাকে না এক চেতনামাত্র অবশেষ থাকে ‡। যখন বিষয়সমূহ জ্ঞানমাত্রাবশেষ হয়, তখন বিষয়জনিত বিকারের কোন সম্ভাবনা থাকে না, সুতরাং জ্ঞানের সূক্ষ্মস্বরূপে আনন্দের অভ্যুদয় হয়। যে চেতনামাত্র অবশেষ আছে সেই চেতনাই এখানে মুখ। সেই চেতনাযোগেই আনন্দভোগ

* তদাত্মানং স্বয়মকুরুত। তস্মাত্তৎ সুকৃতমুচ্যত ইতি। যদ্বৈতৎ সুকৃতং রসো বৈ সঃ। রসং হ্যেবায়ং লব্ধ্বানন্দী ভবতি। কোহ্যেবান্যাৎ কঃ প্রাণ্যাৎ যদেষ আকাশ আনন্দো ন স্যাৎ। এষ হ্যেবানন্দয়াতি। তৈ, ২।৭।১।২। ব্রহ্ম স্বয়ং আপনাকে (প্রকাশ) করিয়াছেন বলিয়া তাঁহার নাম সুকৃত। তিনি সুকৃত বলিয়াই রসস্বরূপ। তিনি আনন্দ বলিয়াই আনন্দলাভে সকলে ক্রিয়াশীল।

† তদ্যথা প্রিয়য়া স্ত্রিয়া সম্পরিষ্বক্তো ন বাহ্যং কিঞ্চন বেদ নান্তরম্, এবমেবায়ং পুরুষঃ প্রাজ্ঞেনাত্মনা সম্পরিষ্বক্তো ন বাহ্যং কিঞ্চন বেদ নান্তরম্। বৃহ ৬।৩।২১।

‡ সুষুপ্তাবস্থায় চেতনামাত্র অবশেষ থাকে, আধুনিক মনোবিজ্ঞান তাহা বিশিষ্টরূপে সপ্রমাণ করিয়াছেন।

হইয়া থাকে। যিনি এইরূপে সুষুপ্তাবস্থায় আনন্দময় হইয়া আনন্দবিতরণ করেন, তিনি প্রাজ্ঞনামে অভিহিত হন। ইনি সর্ব্বজ্ঞ, সর্ব্বেশ্বর, সর্ব্বান্তর্যামী, সকলের উৎপত্তি ও লয়ের হেতু।

সর্ব্বং খল্বিদং ব্রহ্ম তজ্জলানিতি।

এই শ্রুতিটী সাধনার্থ এখানে গৃহীত হইয়া থাকে। দৃশ্যমান যাহা কিছু সকলই ব্রহ্মেতে অবস্থিত, কেন না জগৎ ও জীবসকলকে ব্রহ্ম আপনার অন্তর্ভূত করিয়া বিদ্যমান। সকলই ব্রহ্মের অন্তর্ভূত, অথচ ব্রহ্ম সাধারণের চক্ষে অপ্রকাশিত, জগৎ ও জীবই নিয়ত তাহাদিগের নিকটে ভাসমান। জগৎ ও জীবের অনুভূতি পশ্চাতে ফেলিয়া দিয়া ব্রহ্মকে সম্মুখবর্ত্তী করিবার জন্য শাণ্ডিল্য এক অভিনব পন্থার উদ্ভাবন করিয়াছেন। সৃষ্টি, স্থিতি, লয়, সর্ব্বত্রই এই ক্রম দেখিতে পাওয়া যায়। মহর্ষি শাণ্ডিল্য সাধনপ্রণালী উদ্ভাবনজন্য ক্রমের বিপর্য্যয়সাধন করিলেন। যাহা কিছু দেখিতেছি শুনিতেছি, উহা ব্রহ্ম হইতে উৎপন্ন। এই উৎপন্ন পদার্থসমূহ কিছুতেই অস্বীকার করিতে পারা যায় না; কিন্তু ইহারা যে উৎপাদয়িতাকে আচ্ছাদন-করিয়া রাখিয়াছে সেই আচ্ছাদন কি প্রকারে অপনয়ন করা যায়। স্থাবর জঙ্গমাত্মক এই জগৎ ব্রহ্মসত্তায় সত্তাবান্, ব্রহ্মজ্ঞানে জ্ঞানসম্পন্ন। সেই সত্তা ও জ্ঞানে উহা ব্রহ্মের সঙ্গে অপৃথক্ ভাবে অবস্থিত। উহাকে সত্তা-ও-জ্ঞানাবশেষকরাই লয়সাধন। শাণ্ডিল্য এইরূপেই উহার লয়সাধন করিয়াছেন। এরূপে লয়সাধন করিলে সাধকের উপরে উহার ক্রিয়ার নিবৃত্তি হইল না। এই ক্রিয়াইতো আবার জগৎকে জাগাইয়া তুলিয়া ব্রহ্মকে পুনরায় আচ্ছাদিত করিয়া ফেলিতে পারে। না পারে না। ব্রহ্মেতে বিলীন থাকিয়া উহার যে

ক্রিয়া প্রকাশ পাইতেছে, সে ক্রিয়া উহার নিজের নহে, ব্রহ্মেরই ক্রিয়া; আর সেই ক্রিয়া হইতে জীব নিরন্তর আনন্দানুভব করিতেছে। আনন্দানুভবে বিষয়ান্তরের অনুভব বিলুপ্ত হইয়া গেলেও ব্রহ্মানুভব চেতনায় থাকিয়া যায়, কেন না অনুভূত আনন্দই আনন্দস্বরূপকে বিস্মৃত হইতে দেয় না। বস্তু-ও-জীব-দর্শনে স্বভাবতঃ লোকের মনে আনন্দোদয় হয়। যত ক্ষণ সেই আনন্দ-মনের উপরে প্রবলভাবে ক্রিয়াপ্রকাশ করে, তত ক্ষণ সেই বস্তু ও জীবের স্বতন্ত্রানুভব থাকে না, নিরবচ্ছিন্ন সুখই অনুভূত হইতে থাকে। এই যে সুখে লয়ের ব্যাপার এইটি সাধনের দ্বারা ঋষিগণ চিরস্থায়ী করিয়াছেন। এ কথা বলা অনাবশ্যক যে, স্বভাবতঃ আনন্দে যে বিষয়ান্তরের লয় উপস্থিত হয়, আনন্দমাত্র চেতনায় ভাসমান থাকে, সে আনন্দ অন্য কিছু নয় সুখস্বরূপ সুখদাতা পরব্রহ্ম, তত্ত্বজ্ঞান বিনা ইহা সাধারণ লোকের চিত্তে কখন প্রতিভাত হয় না।

মাণ্ডুক্যোপনিষদের তিনটি সাধনের পন্থা ও তত্ত্ব বিবেচিত হইল, এখন চতুর্থটির বিচার প্রয়োজন। এই চতুর্থটিতে পূর্ব্বের তিনটি একেবারে অস্বীকৃত হইয়াছে। ইহাতে মনে হয়, পূর্ব্বের তিনটি ভ্রমাত্মক বলিয়া অস্বীকৃত হইয়াছে। এরূপ মনে করা সত্য নহে। এই গুলিতে বদ্ধ থাকিলে ব্রহ্মসম্বন্ধে অপরোক্ষজ্ঞান-জন্মিবার কোন সম্ভাবনা নাই, এজন্য শ্রুতি পূর্ব্ব তিনটিকে অস্বীকার-করিয়া ব্রহ্মকে সর্ব্বাবরণবিবর্জ্জিত করিয়াছেন। প্রথমে যখন বহির্জগতে ব্রহ্ম নিয়ন্তৃরূপে অনুভূত হইলেন তখন এ অনুভব ভ্রম নহে, কেন না তাঁহাকে বিনা এ বিশ্ব মুহূর্ত্তের জন্য থাকিতে পারে না। বহির্জগতে

যদি আমাদের মন বদ্ধ হইয়া থাকে, তাহা হইলে অন্তর্জগতে তাঁহাকে দেখা আর ঘটে না। সুতরাং বাহির ছাড়িয়া সাধককে ভিতরে প্রবেশ করিতে হয়। ভিতরে আসিয়া যাহা অনুভূত হইল তাহাতে সূক্ষ্ম বিষয়সমূহের নিয়ন্তৃরূপে ব্রহ্ম অনুভূত হইলেন। সূক্ষ্মবিষয়সমূহের অনুভূতির সঙ্গে সেই সেই বিষয় হইতে আমরা কি উপকার প্রাপ্ত হইতেছি, এবং কে সেই উপকার সর্ব্ববিষয় হইতে উদ্ধৃত করিতেছেন, তাহাও আমরা অনুভবগোচর করিলাম। এখানেই যদি আমাদের সাধনের গতি স্থগিত হয়, তাহা হইলে আমাদের মধ্যপথে স্থিতি হইল। স্থূল সূক্ষ্ম উভয় বিধ বিষয় হইতে বিরক্ত হইয়া, যে জ্ঞানের উহারা ভিন্ন ভিন্ন প্রকাশ, সেই জ্ঞানে উহাদিগকে বিলীন করিয়া মূলে চিত্তাভিনিবেশ না করিলে বিষয়সম্বন্ধবর্জ্জিত ব্রহ্ম আমাদের অনুভূতির বিষয় হইলেন না। তাঁহাকে অনুভূতিগোচর করিতে হইলে স্থূল সূক্ষ্ম বিষয়সমূহ যে জ্ঞানে একীভূত হইয়া গিয়াছে, উহার স্বরূপ কি তাহা অবগত হওয়া একান্ত প্রয়োজন। জ্ঞানের স্বরূপ আনন্দ, এই জন্য জ্ঞানের সঙ্গে সঙ্গে আনন্দানুভব হইয়া থাকে। আনন্দ তদতিরিক্ত বিষয়সমূহের জ্ঞান বিলুপ্ত করিয়া জীবকে আপনাতে মগ্ন করিয়া ফেলে। মনে হয় এখানেইতো কৃতার্থতালাভ হইল, এ ভূমি পরিত্যাগ-করিয়া অন্য ভূমিতে আরোহণকরিবার কি প্রয়োজন। আনন্দ অনুভূত হইলেই কি সর্ব্বাবরণবর্জ্জিত ব্রহ্ম সাক্ষাৎ প্রত্যক্ষ হইলেন? তিনি আনন্দস্বরূপ অনুভূত আনন্দ হইতে ইহা বুঝিলাম। এই অনুভূতিই তিনি, ইহা কি প্রকারে নির্দ্ধারণ করিব? যদি এই অনুভূত আনন্দ তিনি না হন, তাহা হইলে কোন প্রকার অনুভূতির উপরে নির্ভর করে না এমন কি তাঁহার অন্য

কোন স্বরূপ নাই ? সেই স্বরূপ কি অবগত হইবার জন্য আনন্দ-স্বরূপ আনন্দদাতা প্রাজ্ঞকেও অপসারিত করিয়া চতুর্থ ভূমিতে আরোহণ প্রয়োজন হইল। এই তিনটির বহিষ্করণের পর অবশিষ্ট রহিল চেতনাচেতন, কেন না এই চেতনাচেতনেতেই এই তিন আত্মপ্রকাশ করিয়াছেন। যখন এ সকলেরও কিছু রহিল না, তখন ঈদৃশ পদার্থ যে কোন ইন্দ্রিয় দ্বারা গৃহীত বা ব্যবহৃত হইবেন, কোন লক্ষণে লক্ষিত বা চিন্তনীয় বা শব্দের বিষয় হইবেন, তাহারও সম্ভাবনা থাকিল না। ঈদৃশ বস্তুকে অবস্তু ভিন্ন আর কি বলা যাইতে পারে ? তবে কি এত যত্নের পর অবস্তুতে আসিয়া উপস্থিত হওয়া গেল ? অবস্তু হইতে কি বস্তুর সমাগম হয় ? ইনি অবস্তু নহেন, কেন না জাগ্রদাদি অবস্থাতে নিয়ন্তৃরূপে যে আত্মা জ্ঞানগোচর হইয়াছেন, তিনি উড়িয়া যান নাই, তিনি বিদ্যমান রহিয়াছেন। যিনি এখন বিদ্যমান রহিয়াছেন তিনি প্রপঞ্চের অতীত, অবিক্রিয়, মঙ্গল ও দ্বৈতবিরহিত। এখানে দেখিতে পাইতেছি, মঙ্গলই সাক্ষাৎসম্বন্ধে ঈশ্বরের স্বরূপ। সমগ্র প্রপঞ্চ যখন তাঁহাতে স্থিতি করিতেছে তখন তিনিতো প্রপঞ্চের অতীত হইবেনই। আপনি যদি শান্ত বা অবিক্রিয় না থাকেন তাহা হইলে বিবিধ পরিবর্ত্তনের তিনি কারণ হইতে পারেন না, পরিবর্ত্তনের সঙ্গে সঙ্গে আপনি পরিবর্ত্তিত হইয়া যান, তাঁহার আর পরিবর্ত্তনঘটাইবার সামর্থ্য থাকে না। যদি তাঁহাতে ভাবান্তর থাকে, তাহা হইলেও তিনি এখন এক প্রকার তখন আর এক প্রকার হইয়া যান, কিছুরই আর তিনি স্থায়ী মূল হইতে পারেন না। মনন ও চিন্তন দ্বারা সর্ব্বত্র মঙ্গল অনুভূত হয়, মঙ্গল কিন্তু মনন বা চিন্তার ফল নহে।

যদি মঙ্গল বলিয়া কিছু না থাকিত, তাহা হইলে সর্ব্বত্র মঙ্গলের অনুভব কোন কালে হইত না। জগতে ও জীবে মঙ্গল নিয়ত আত্মপ্রকাশ করেন, জগৎ ও জীব হইতে মঙ্গল কদাপি অন্তর্হিত হন না, কেন না উঁহার অস্তিত্ব জগৎ বা জীবের উপরে নির্ভর করে না, ইনি স্বয়ং বিদ্যমান। যখনই আমাদিগের নিকটে মঙ্গল আত্মপ্রকাশ করেন, তখন স্বয়ং পরব্রহ্ম আত্মপ্রকাশ করেন, সুতরাং মঙ্গলের প্রকাশ প্রত্যক্ষকরাই ব্রহ্মবিষয়ক অপরোক্ষ জ্ঞান। উপনিষৎ এজন্যই সূর্য্যাদিতে নিয়ন্তার মঙ্গলমূর্ত্তি প্রচ্ছন্নভাবে আছে, ইহা পরিষ্কার কথায় উল্লেখ করিয়াছেন। এখানে

অহং ব্রহ্মাস্মি।

এইটি সাধকের অবলম্বন। "অহং ব্রহ্মাস্মি" ব্রহ্মের স্বমুখের এই বাণীশ্রবণ না করিলে কখন অপরোক্ষ জ্ঞান হয় না। বাহিরের, অন্তরের এবং জ্ঞানরাজ্যের নিয়ন্তৃ'কে বুদ্ধিগোচর করিলেই অপরোক্ষদর্শন ঘটিল না। বাহিরের রাজ্যে, ইন্দ্রিয়-গোচর বিষয়সমূহে, অন্তররাজ্যে সেই বিষয়সমূহের ভিন্ন ভিন্ন সংস্কারে, জ্ঞানরাজ্যে সে সকল একাকার হইয়া জ্ঞানমাত্রে যিনি নিয়ন্তৃরূপে প্রকাশ পান, তিনি এখনও আত্মপরিচয় দান করেন নাই, আমরাই তাঁহাকে খুঁজিয়া বাহির করিতেছি। খুঁজিয়া বাহির করিয়া এই হইল যে, তিনি তিন রাজ্যের নিয়ন্তা এইটি আমরা হৃদয়ঙ্গম করিলাম, কিন্তু তিনিতো 'আমি সেই' বলিয়া পরিচয় দিলেন না। সুতরাং তিন রাজ্যে তাঁহাকে ধরা অনুমানের ব্যাপার রহিল, মনন ও চিন্তার ফল বলিয়া তৎপ্রতি সংশয় উপস্থিত হওয়া কিছু অসম্ভব নয়, কিন্তু যখন তিনি আপনি "অহং ব্রহ্মাস্মি" বলিয়া পরিচয় দেন, তখন আর তাঁহাকে সংশয় করিতে

পাওয়া যায় না। কে তুমি? এ প্রশ্নের উত্তরে 'আমি ব্রহ্ম' এই যে উত্তর পাইলাম, ইহা যে আমার মনঃকল্পিত নয়, তাহা কি প্রকারে বুঝিব? আমার ইচ্ছা, রুচি ও প্রবৃত্তির বিরোধে যখন ভিতরে থাকিয়া কেহ বলিতেছেন 'ইহা হইতে নিবৃত্ত হও,' তখন আমা হইতে স্বতন্ত্র আর এক ব্যক্তির নিষেধবাণী আমি শুনিতে পাইলাম। এই নিষেধবাণীর সঙ্গে সঙ্গে কর্ত্তৃত্বসূচক 'আমি বলিতেছি, নিবৃত্ত হও' এই কথাই আইসে। আমা ছাড়া আর এক আমির এই প্রথম পরিচয়। এ আমি জগৎ নন, জীব নন, আমার মনের কোন ভাব নন, কেন না সকলকে অভিভব করিয়া এ আমি আপনার শাসনপ্রচার করিতেছেন। ধর্ম্মরাজ্যে তাঁহার সঙ্গে একবার পরিচয় হইলে সর্ব্বত্র তাঁহার পরিচয় পাইতে আর প্রয়াস থাকে না। চন্দ্র, সূর্য্য, গ্রহ, নক্ষত্র, বৃক্ষ, লতা, পশু, পক্ষী, মানব মানবী, যাহার প্রতি সাধক দৃষ্টিনিক্ষেপ করেন, তাহার ভিতর হইতেই ব্রহ্ম বলিয়া উঠেন, এই আমি তোমার সম্মুখে বিদ্যমান। চন্দ্র সূর্য্যাদি হইতে উপকার পাইয়া সুখ পাইয়া জিজ্ঞাসা করিলাম, কে আমার উপকার করিল, কে আমায় সুখী করিল? অমনি ব্রহ্ম বলিলেন, আমি তোমার উপকার করিলাম, আমি তোমায় সুখী করিলাম। গৃহের সুশীতল আশ্রয়ে থাকিয়া জিজ্ঞাসা করিলাম, কে আমায় এরূপ সুশীতল আশ্রয় দিয়া কৃতার্থ করিল, অমনি ব্রহ্ম বলিলেন, আমি তোমায় সুশীতল আশ্রয় দিলাম। আমি আমি বলিয়া ব্রহ্ম যে পরিচয় দিলেন তন্মধ্যে মঙ্গলের প্রকাশ আমরা দেখিতে পাই। সুতরাং মঙ্গলই যে সেই আমি, তাহাতে আর সংশয় কি? সূর্য্যাদি সকলের মধ্যে মঙ্গলমূর্ত্তি প্রচ্ছন্ন আছে ইহা যখন তত্তদন্তর্যামীকে লক্ষ্য করিয়া

উল্লিখিত হইয়াছে, তখন 'আমি' আর মঙ্গল যে একই তাহাতে আর সংশয় কি ?

আমি আমি বলিয়া তিনি পরিচয় দেন, এ কথাতো তিনের অতীত চতুর্থসম্বন্ধে খাটে না। মাণ্ডুক্য ইহার সম্বন্ধে যে সকল বিশেষণ প্রয়োগ-করিয়াছেন, সে সকল বিশেষণে তিনি তো সর্ব্বথা জ্ঞানের অতীত হইয়া পড়িয়াছেন। আমরা বলি, মাণ্ডুক্য যে সকল অভাবাত্মক বিশেষণ দিয়াছেন, সে সকল উপনিষদুক্ত ভাবাত্মক বিশেষণগুলিকে সুদৃঢ় করিতেছে। যদি চতুর্থে অভাবাত্মক বিনা ভাবাত্মক কোন বিশেষণই না থাকিত, তাহা হইলে এই অভাবাত্মক বিশেষণগুলির অন্যদিকে যে ভাবাত্মকতা আছে, তাহা কিছুতেই প্রতিপন্ন হইত না। শিব বা মঙ্গল এই বিশেষণটি সমুদায় অভাবাত্মক বিশেষণগুলির অন্য দিক্ উপস্থিত করিয়া আমাদের মনে এই প্রতীতি জন্মাইতেছে যে, তিনি অদৃষ্ট, কেন না তিনি স্বয়ং দর্শয়িতা, তিনি অব্যবহার্য্য, কেন না তিনি সমুদায়ের ব্যবহর্ত্তা *, তিনি অগ্রাহ্য, কেন না তিনি স্বয়ং সমুদায়ের গ্রাহয়িতা, তিনি অলক্ষণ, কেন না তিনি সমুদায় লক্ষণের উৎপাদয়িতা, তিনি অচিন্ত্য, কেন না তিনি সমুদায় চিন্তার প্রবর্ত্তয়িতা, তিনি অব্যপদেশ্য (শব্দাতীত), কেন না শব্দের বিষয় সমুদায় নাম ও রূপের তিনি উদ্ভাবয়িতা। প্রপঞ্চাতীত, ব্যবহারের অবিষয়, ভাবান্তরশূন্য মঙ্গলস্বরূপ আত্মা (আমি) † হইতে মনুষ্যাদির

* জগৎ ও জীবের বিবিধ অপূর্ণতা যিনি হরণ করেন (বি+অব+হৃ+তৃচ্) তিনি ব্যবহর্ত্তা।

† অহমাত্মা গুড়াকেশ সর্ব্বভূতাশয়স্থিতঃ। গীতা ১০অ, ২০শ্লো। আত্মা ও আমি এ দুইকে এক করিবার কারণ এই যে, জীব ও জগতের প্রত্যেক ক্রিয়ার সঙ্গে নিয়ন্তা সঞ্চরণ করেন, এজন্য তিনি আত্মা (অত-সতত গমন+

কল্যাণ নিয়ত প্রবর্ত্তিত হইতেছে *, ঐ সকল বিশেষণের তাৎপর্য্য, ইহাই দেখাইয়া দিতেছে। তাঁহার প্রবর্ত্তিত কল্যাণ প্রত্যক্ষ করিয়াই মানুষের মনে এই জিজ্ঞাসা উপস্থিত হয়, কে আমার মঙ্গল করিল? তাহার এই জিজ্ঞাসার উত্তরে, আমি তোমার মঙ্গল করিলাম, অশব্দবাণীসম্ভূত এরূপ উক্তি সাধকহৃদয়ে ধ্বনিত হয়। তিনি যখন সমুদায় ব্যবহারের প্রবর্ত্তয়িতা, তখন জীবের সহিত তাঁহার ব্যবহারে নিয়ত মঙ্গল প্রকাশ পাইবে না তো আর কি প্রকাশ পাইবে?

উপরে যে সকল কথা বলা হইল, সেগুলি উপনিষদের অনুরূপ কি না, তাহা এই কথাগুলি বিচার করিয়া দেখিলেই প্রতীত হইবে। "আদিতে ব্রহ্মই এই বিশ্ব ছিলেন। তিনি আপনাকে জানিয়াছিলেন, 'আমি ব্রহ্ম আছি' তাই তিনি সকল হইলেন।" এ কথা গুলি প্রহেলিকার মত মনে হয়। উপনিষদে ব্রহ্মশব্দ কি অর্থে ব্যবহৃত হইয়া থাকে, ইহা জানিলে আর ইহার প্রহেলিকাত্ব থাকে না। 'সমুদায় নাম ও রূপ যাঁহার অভ্যন্তরে বিদ্যমান তিনি ব্রহ্ম।' ব্রহ্মশব্দের এই অর্থটি—'আদিতে ব্রহ্মই এই

মন্); আমিও সেইরূপ প্রত্যেক ক্রিয়ার সঙ্গে আত্মপ্রকাশ করিয়া থাকেন। বিশ্বে প্রকাশমান আত্মাকেও এই কারণেই 'বৈশ্বানর' শব্দে অভিহিত করা হইয়াছে (বিশ্বের নর [নৃ নয়ে+অচ্] নেতা—স্বার্থে অণ্)।

* "'সমেধয়তি যন্নিত্যং সর্ব্বার্থানামুপক্রমম্। শিবমিচ্ছন্ মনুষ্যাণাং তস্মাদেবঃ শিবঃস্মৃতঃ॥' ইতি মহাভারতে শিবশব্দস্য মনুষ্যাদিহিতৈষিত্ব-তৎ-প্রারিপ্সিতপুরুষার্থোপযোগিসকলব্যাপারসমেধয়িতৃত্ব প্রবৃত্তিনিমিত্তকত্বেন ব্যাখ্যাততয়া ....। 'সমেধয়তি' ইতি ব্যুৎপত্ত্যন্তরন্তু—শিবশব্দাৎ শুভবাচিনস্তৎকরোতিণ্যন্তাৎ পচাদ্যচ্প্রত্যয়েন লভ্যতে।—শৈবভাষ্যের ব্যাখ্যা।

বিশ্ব ছিলেন' এই বাক্যটিতে যোগ করিলে ইহার অর্থ হইল— এই নামরূপময় জগৎ সৃষ্টির পূর্ব্বে ব্রহ্মেতে অন্তর্ভুক্ত হইয়া ছিল; সুতরাং জগৎ ও ব্রহ্ম এ দুয়ের তৎকালে কোন ভিন্নতা ছিল না, জগৎ ও ব্রহ্ম একই ছিলেন। "তিনি আপনাকে জানিয়াছিলেন, 'আমি ব্রহ্ম আছি'"। ইহার অর্থ হইল—সমুদায় জগৎ আমার অন্তর্ভুক্ত করিয়া আমি বিদ্যমান আছি। 'তিনি জানিয়াছিলেন' এ কথায় মনে হয়, ইতঃপূর্ব্বে ব্রহ্মের আত্মজ্ঞান ছিল না, তখনই তাঁহার এ জ্ঞান জন্মিল। একটু বিবেচনা করিয়া দেখিলে প্রতীত হইবে, ব্রহ্মশক্তি হইতে যে জগৎ অভিব্যক্ত হইয়াছে তাহা ছাড়া অনভিব্যক্ত জগৎ আরও কত আছে যাহার অভিব্যক্তি আজও হয় নাই। অনভিব্যক্ত জগৎসম্বন্ধে আমাদের কোন জ্ঞান নাই, কিন্তু ব্রহ্ম জানিতেছেন, কত জগৎ এখনও তাঁহাতে লুক্কায়িত আছে। ঋষিগণ এই সত্যটি উপলব্ধি করিয়া, দৃশ্যমান জগৎসম্বন্ধে উহার অনভিব্যক্ত অবস্থায় ব্রহ্মের যে তৎসম্বন্ধে জ্ঞান ছিল এবং সেই জ্ঞান হইতে উহার পরে অভিব্যক্তি হইয়াছে; ইহা প্রদর্শনের জন্য উহার অভিব্যক্তিকালের পূর্ব্বের কাল লক্ষ্য করিয়া 'জানিয়াছিলেন' এই অতীতের ক্রিয়া ব্যবহার করিয়াছেন। 'আমি ব্রহ্ম আছি' ইহার অর্থ তবে এই হইল, অনভিব্যক্ত জগৎ লইয়া আমি বিদ্যমান আছি। তাঁহার এই জ্ঞানই জগতের অভিব্যক্তির কারণ, অন্যথা তাঁহার জ্ঞানে যাহা নাই তাহার অভিব্যক্তি হইবে কি প্রকারে? অনভিব্যক্ত জগৎ ব্যক্ত করিতে গিয়া কি হইল, 'তিনি সকল হইলেন'। জগৎ এবং তিনি সৃষ্টির পূর্ব্বে (অভিব্যক্ত হইবার পূর্ব্বে) অভিন্ন ছিলেন। যখন উহাকে তিনি ব্যক্ত করিলেন তখন কি সে অভিন্নতা বিদূরিত হইল?

না, তখনও জগৎ ও তিনি অভিন্ন রহিলেন। কিরূপে? সত্তাতে শক্তিবৈচিত্র্যে। যে 'আমির' ভিতরে অনভিব্যক্ত জগৎ ছিল, সেই 'আমির' ভিতর অভিব্যক্ত জগৎ এখনও বিদ্যমান। কেবল বিদ্যমান তাহা নহে, অভিব্যক্ত জগতের মধ্যে এখনও যাহা অনভিব্যক্ত আছে, ব্রহ্ম তদ্বিষয়ে অভিজ্ঞ বলিয়া ক্রমান্বয়ে তিনি সে সকল তন্মধ্যে অভিব্যক্ত করিতেছেন। 'আমি' বলিলে যে কর্তৃত্ব বুঝায়, সে কর্তৃত্ব নিরবচ্ছেদে চলিতেছে, এজন্য এ জগতের প্রত্যেক পদার্থ ও প্রত্যেক ব্যক্তির সঙ্গে ব্রহ্মের কর্তৃত্ববাচক 'আমি' শব্দ অনুস্যূত রহিয়াছে। 'আমি মনু হইলাম, আমি সূর্য্য হইলাম' ইত্যাদি কথাগুলির ভাব এই, মনুকে মনুকরা সূর্য্যকে সূর্য্যকরা কেবল সত্তাদানে নয় ক্রমান্বয়ে মনুত্ব-সূর্য্যত্ব অভিব্যক্তকরা ব্রহ্মের কার্য্য। এ মনুত্ব এ সূর্য্যত্বের স্ফূর্ত্তি তাঁহার জ্ঞানের অনুরূপ, সুতরাং তিনি জ্ঞানাকারে মনুর সঙ্গে মনু সূর্য্যের সঙ্গে সূর্য্য, তত্তৎপদার্থ ও ব্যক্তির সঙ্গে জ্ঞানাকারে তত্তৎপদার্থ ও ব্যক্তি হইয়া আছেন, তাহাদের হইতে ইঁহাকে সরাইলে তাহারা কিছুই থাকে না। প্রত্যেক মানবদেহে যে আত্মা বিদ্যমান, সেই আত্মা আপনাকে 'আমি' বলিয়া জানে। সেই আত্মা বা আমির অনুরূপ সেই দেহ, ইহা দর্শন করিয়া ঋষিগণ পরম আত্মা পরম আমির অনুরূপ সমগ্র বিশ্ব, এরূপ অবধারণ করিয়াছেন। জীব-'আমি' ও ব্রহ্ম-'আমি'— এইরূপ আমিশব্দের বাচ্য করিয়া জীব ও ব্রহ্মকে নিরূপণ করাতে তাঁহারা যে একটি মহৎ সত্য আবিষ্কার করিয়াছেন, তাহাতে আর কোন সন্দেহ নাই। দেহ-প্রাণ-মনের প্রত্যেক ক্রিয়ার সঙ্গে জীব-'আমি' যেমন নিরন্তর গ্রথিত আছে, সমুদায় বিশ্ব ও জীবের ক্রিয়ার সঙ্গে ব্রহ্ম-'আমি' নিয়ত তেমনই গ্রথিত আছেন। ব্যাখ্যা-

কারগণের ব্যাখ্যানরীতি অবলম্বন না করিয়া ঋষিগণ আপনাদের প্রত্যক্ষ অনুভূতিমাত্র অল্প কথায় প্রকাশ করিয়াছেন। ব্যাখ্যাতৃগণ তাঁহাদের প্রচারিত সত্যের যিনি যে দিক্ দেখিয় ছেন, সেই দিক্ দিয়া তাহার ব্যাখ্যা করিয়াছেন, সুতরাং ব্যাখ্যার ভিন্নতা হইয়া পড়িয়াছে। সকল ব্যাখ্যাতার ব্যাখ্যা একত্র আনয়ন করিলে পরস্পর সমঞ্জস হইয়া ঋষিগণের মূল অনুভূতি কি, তাহা আমরা সহজে বুঝিতে পারি।

ব্যাখ্যাতৃগণের ব্যাখ্যার সামঞ্জস্য দেখাইবার পূর্ব্বে আর একটী শ্রুতির প্রয়োগ দেখান আবশ্যক, অন্যথা ঋষিগণের ধর্ম্মের যে দিকে জীবসম্বন্ধে বিশেষ কথা আছে, তাহা অস্ফুট অবস্থায় থাকিয়া যাইবে।

যোঽসাবসৌ পুরুষঃ সোঽহমস্মি।

এ শ্রুতিটীর সংক্ষেপার্থ 'ইনি যা আমি তা।' ব্রহ্মবিতরণ করিতেছেন, জীব ভোগ করিতেছে, উপনিষদে জীব ও ব্রহ্মের এ সম্বন্ধ অতি সুস্পষ্ট। ব্রহ্মই আত্মার আত্মা আমির আমি,উপনিষদে ইহার উল্লেখ বিরল নহে। জীব অল্পশক্তি অল্পজ্ঞান,ঈশ্বর পূর্ণজ্ঞান পূর্ণশক্তি উপনিষদুক্ত জীব ব্রহ্মের এ প্রভেদ স্বরূপের একতাঘটিত। জীব ও জগতের সহিত ব্রহ্মের একতা আছে, এবং এই একতাবশতই জীব ও জগতের সহিত ব্রহ্ম সম্বন্ধবর্জ্জিত নহেন। সম্বন্ধসত্ত্বেও সম্বন্ধবর্জ্জিত মনে করা অবিদ্যা বা অজ্ঞানতা। এ অবিদ্যা বা অজ্ঞানতার মূল ভোগাসক্তি। জীবের ভোগের জন্য ব্রহ্ম যাহা নিয়ত অর্পণ করিতেছেন, তৎপ্রতি আসক্ত হইয়া ভোগেতে দৃষ্টি বদ্ধ হয়, দাতার প্রতি আর দৃষ্টি থাকে না। জীবের যখন এই বিকৃত দৃষ্টি নিবৃত্ত হয়, তখন সে পরমপুরুষ ও আপনার মধ্যে

স্বরূপের একতাদর্শন করিয়া বলিয়া উঠে 'ইনি যা আমি তা।' ঈশ্বর মঙ্গল, জীব যখন মঙ্গলময় হইয়া কেবলই মঙ্গলের অনুসরণ করে, মঙ্গল ভিন্ন তাহার কথায় বা তাহার আচরণে আর কিছু প্রকাশ পায় না, মঙ্গলই তাহার জীবনের একমাত্র নিয়ামক হয়, তখন তাহার বিপরীত দৃষ্টি নিবৃত্ত হয়, ব্রহ্মের সহিত নিরবচ্ছেদ যোগ অক্ষুণ্ণ থাকে। এই স্বরূপের একতাবশতঃ সে বলিয়া উঠে, 'ইনি যা আমি তা'। অনায়াসে মঙ্গলের অনুবর্ত্তন—ধর্ম্মজীবন, নিয়ত মঙ্গলের প্রেরণানুবর্ত্তনে যত্ন—ধর্ম্মসাধন। শম দম আদি যদিও উপনিষদে সাধনরূপে গৃহীত হইয়াছে তথাপি সাধন বিষয়ে উহার কোন নির্ব্বন্ধ নাই। যাহাতে আত্মা অভিমানশূন্য হইয়া বাল্যভাবে নিয়ত স্থিত করিতে পারে, বাল্যভাবে ব্রহ্মের সহিত একীভূত হইয়া সংসারে বিচরণ করিতে পারে, সেই সাধনই উঁহার মুখ্য সাধন।

বেদান্তব্যাখ্যাতা আচার্য্যগণের মতের সামঞ্জস্য প্রদর্শনের পূর্ব্বে ব্রাহ্মসমাজে বেদান্তের সমাগম ও তাহার সমাদর কি আকারে হইল, ইহা প্রদর্শন করা আবশ্যক। ধর্ম্মপিতামহ রাজা রামমোহন রায় এ দেশে বেদান্তের পুনরুদ্ধার করিলেন। তিনি যে এ বিষয়ে শ্রীমচ্ছঙ্করের পদাঙ্কানুসরণ করিয়াছেন, ইহা পূর্ব্বে অনেক বার বলিয়াছি। ভক্তি-ও অনুরাগপ্রবণচিত্ত ঋষি-আত্মা মহর্ষি দেবেন্দ্র নাথ অদ্বৈতবাদের কঠোর ভূমিতে প্রতিহত হইয়া আপনার হৃদয়ের অনুকূল বেদান্তপ্রবচনগুলি স্বাধ্যায় ও সাধনের বিষয় করিয়া লইলেন। ইনি যদি এরূপ না করিতেন ব্রাহ্মসমাজ শুষ্ক কঠোর ব্রহ্মজ্ঞানে আজ মরুভূমি হইয়া উঠিত, ইহাতে সরস ভক্তি ও অনুরাগের কুসুম কদাপি

প্রস্ফুটিত হইত না। উপাস্য উপাসক, আরাধ্য আরাধক, পূজ্য-পূজক সম্বন্ধ যিনি প্রতিষ্ঠিত করিতে আসিয়াছেন, তিনি ব্রহ্ম ও জীবের মধ্যে ভেদবিলোপ করিয়া অদ্বৈতবাদের ঘূর্ণাবর্ত্তে ব্রাহ্ম-সমাজতরী বিপদ্‌গ্রস্ত করিবেন, ইহা কি কদাপি সম্ভব? শঙ্কর * ভিন্ন অন্যান্য আচার্য্য মূর্ত্তির উপাসনার প্রবর্ত্তক, সুতরাং তাঁহারা না ধর্ম্মপিতামহ না ধর্ম্মপিতা কর্ত্তৃক আদরে গৃহীত হইয়াছেন। শ্রীমচ্ছঙ্করের প্রতিভা সমুদায় ভারতবর্ষ ও পাশ্চাত্য প্রদেশকে এমনই আত্মসাৎ করিয়াছে যে, অন্যান্য আচার্য্যগণ তাঁহার মত অতিনিপুণতাসহকারে খণ্ডন-করিয়াও তাঁহাকে অধঃকরণ-করিতে পারেন নাই। এই সকল খণ্ডন নিরতিশয় দুর্ব্বল এ কথা বলিতে পারা যায় না; কেন না তন্মধ্যে এমন সকল কথা আছে যাহার কোন উত্তর নাই। শ্রীমচ্ছঙ্কর বিনা অন্য আচার্য্যগণের মত ব্রহ্মজ্ঞানের অনুকূল নয়, ইহা দেখিয়াই হয়তো ধর্ম্ম-পিতামহ শ্রীমচ্ছঙ্করকে গ্রহণ-করিয়াছিলেন, অন্য আচার্য্যগণের মতের তিনি অনুসন্ধান লন নাই। ধর্ম্মপিতা আচার্য্য রামানুজের ভাষ্যাদির কত দূর আলোচনা করিয়াছেন আমি তাহা জানি না, তবে উপনিষদের ব্যাখ্যা করিতে গিয়া ভাষ্যকার শঙ্করের সহিত বিরোধ উপস্থিত হইলে আচার্য্য রামানুজের অনুবর্ত্তনে উহার তিনি ব্যাখ্যা করিয়াছেন, লোকপরম্পরায় আমরা ইহা শুনি-

* শঙ্কর অদ্বৈতপথে সকল সম্প্রদায়ের লোককে আনয়ন করিতে অসমর্থ হইয়া মূর্ত্তি-অবলম্বনে পঞ্চোপাসনা প্রবর্ত্তিত করিয়াছিলেন বটে, কিন্তু সেই সেই সম্প্রদায়ের মধ্যে এমন করিয়া অদ্বৈতবাদ প্রবিষ্ট করিয়া দিয়াছিলেন যে জ্ঞানের পরিপাকাবস্থায় তাঁহারা মূর্ত্তিপরিহার করিয়া নিরবয়ব ব্রহ্মে স্থিতি-করিবার জন্য সর্ব্বত্যাগী হইতেন।

যাছি। যাহা হউক, শ্রীমচ্ছঙ্কর বিনা অন্যান্য আচার্য্যগণ যে ব্রাহ্মসমাজের বাহিরে স্থিতি করিতেছেন তাহাতে আর কোন সংশয় নাই।

ধর্ম্মপিতা যখন ভক্তি ও অনুরাগের পথাবলম্বী ছিলেন তখন অন্যান্য আচার্য্যের নাম করুন আর না করুন, তাঁহাদের সহিত তাঁহার হৃদয়ের সহানুভূতি স্বাভাবিক। তবে ইহারা মূর্ত্তির বা অবতারের অনুবর্ত্তন করিয়াছেন, ইহা দেখিয়া তিনি ইহাদের নাম কোথাও লন নাই, হাফেজের অনুবর্ত্তনে আপনার হৃদয়ের প্রেম উচ্ছ্বসিত করিয়া লইয়াছেন। শঙ্কর, রামানুজ, মধ্ব, বিষ্ণুস্বামী, নিম্বাদিত্য ও শ্রীকণ্ঠ,এ কয়েকজন সম্প্রদায়ের প্রবর্ত্তক। সুতরাং ইহাদের ব্যাখ্যার অনুবর্ত্তন করিয়া তত্তৎসম্প্রদায়ের সাধকগণ বেদান্তগ্রহণ করিয়াছেন। আচার্য্য বল্লভ বিষ্ণুস্বামীর মতানুবর্ত্তী। বিষ্ণুস্বামীর মত এখন ইহারই লেখা হইতে জানিতে পাওয়া যায়। বিজ্ঞান ভিক্ষু কোন সম্প্রদায়ের প্রবর্ত্তক নহেন, সুতরাং তাঁহার বেদান্তব্যাখ্যা ভারতে এক প্রকার অপরিচিত হইয়া রহিয়াছে। ইনি কোন্ সময়ে জন্মিয়াছিলেন তাহা স্থির করিবার কোন উপায় নাই। ইনি শঙ্করের মতের খণ্ডন করিয়াছেন, কিন্তু তাঁহার নাম করেন নাই। অন্যান্য আচার্য্যের মতের প্রতি যদি স্পষ্ট কটাক্ষপাতও করিতেন, তাহা হইলে ইহার সময়-নির্ণয় হইবার উপায় হইত। ইনি গৌড় সন্ন্যাসী এই মাত্র জনশ্রুতি আছে। ন্যায়, সাংখ্য, পাতঞ্জল দর্শন ইনি বেদান্তের সঙ্গে সমঞ্জস করিয়া লইয়াছেন, ইহাই ইহার বিশেষত্ব।

শঙ্কর।

এই সকল আচার্য্যের মিলন ভূমি কোথায়, এইটি সর্ব্বপ্রথমে

নির্দ্দেশকরা প্রয়োজন। এক বিষয়ে ইঁহারা সকলে এক মত। ব্রহ্মসত্তানিরপেক্ষ হইয়া জগৎ ও জীব থাকিতে পারে না, তাঁহার সঙ্গে যোগে ইহাদের সত্যত্ব, ব্রহ্ম হইতে স্বতন্ত্র করিলেই ইহারা মিথ্যা, এ বিষয়ে কোন আচার্য্যের অমত নাই। জীব ও প্রকৃতি লইয়া আচার্য্যগণের মতভেদ দৃষ্ট হয়। গূঢ়রূপে এ মতভেদেরও ভিতরে প্রবেশ করিলে মতভেদ নামমাত্র, কার্য্যতঃ মতের একতা আছে। শ্রীমচ্ছঙ্করের সঙ্গে দৃশ্যতঃ সকল আচার্য্যেরই মত পার্থক্য, সুতরাং সর্ব্বাগ্রে ইঁহার মত নির্ব্বাচনকরা অত্যন্ত প্রয়োজন। ব্রহ্ম জগতের কারণ, সুতরাং তিনি জগতের স্রষ্টা, এ কথা স্বীকার করিয়াও তাহার সঙ্গে সঙ্গে জগৎ মায়িক মিথ্যা ইহাও তিনি বলিয়াছেন। এখানেই পরবর্ত্তী আচার্য্যগণের সহিত তাঁহার ঘোরতর বিরোধ। এই মতের জন্য ইনি প্রচ্ছন্ন বৌদ্ধ, এমন কি পাষণ্ডনামে নিন্দিত হইয়াছেন। জীব ও প্রকৃতিকে যাঁহারা ব্রহ্মে নিত্য অবস্থিত মানেন, তাঁহাদের মধ্যেও কেহ কেহ জগৎকে মায়িক বা ঐন্দ্রজালিক বলিয়া নির্দ্দেশ করিতে কুণ্ঠিত হন নাই। ইহার যে ব্রহ্মনিরপেক্ষ সত্যত্ব নাই, এ কথা কোন আচার্য্য অস্বীকার করিতে পারেন না *। জগতের ন্যায়

---

* যস্মিংশ্চ বিকারজাতং সর্ব্বং বাচারম্ভণমাত্রং সমুদ্রে তরঙ্গবুদ্বুদাদিবৎ ক্ষণভঙ্গুরং মায়েন্দ্রজালাদিসদৃশং, যস্য চ কিরণাদিবৎ সর্ব্বে জীবা অংশাঃ, যদধীনসত্তাস্ফূর্ত্তিকত্বাত্তু প্রকৃতিতদ্‌গুণজীবাদয়োঽপি স্বপ্নে বস্তুদৃষ্টত্বেন স্বতঃ সিদ্ধত্বাভাবেন চ ন পরমার্থসন্তঃ; যশ্চ স্বতো মায়াতদ্‌গুণজীবাদিভ্যো ভিন্নাভিন্নো জীববিলক্ষণচিন্মাত্রোঽপি ন তেষাং দোষৈঃ কদাপি লিপ্যতে, অতএব চ পঞ্চবিংশতিতত্ত্বানামাত্মা, জীব ইব কার্য্যকারণসংঘাতস্থ, তন্তুরিব চ পটস্য, যদপেক্ষয়া চ ভোক্তাত্মা জীবোঽপি প্রাণাদিবজ্জড়তয়া অনাত্মৈব, তমেব পরমাত্মানং পরং ব্রহ্ম নিখিলবেদান্তমহাবাক্যার্থভূতং শমদমাদিসাধনসম্পন্নো

জীবেরও ব্রহ্মসাপেক্ষ সত্তা, ইহা বলিতেও ইঁহাদের আপত্তি নাই। যদি এইরূপই হইল, শঙ্করের সহিত ইঁহাদের মতের পার্থক্য কি? যদি পার্থক্যই না থাকিবে তাহা হইলে তিনি এত নিন্দাভাজনই বা কেন হইলেন, ইহা বিচার করিয়া দেখা প্রয়োজন। সমুদায় জগৎ ও জীবের অতীত তুরীয় ব্রহ্মকে অপরোক্ষ জ্ঞানের বিষয়-করিবার জন্য ইঁহার যত্ন। এই যত্ন যাহাতে সাধিত হয়, ইনি সেই পন্থাই অবলম্বন-করিয়াছেন। আমরা দেখিয়াছি, তুরীয় ব্রহ্মকে জ্ঞানের বিষয় করিতে হইলে জীব বা জগৎ সকলই উড়াইয়া দিতে হয়, এমন কি জগৎ ও জীবের সহিত ব্রহ্মের নিয়ন্তৃত্বসম্বন্ধপর্য্যন্ত রাখিলে চলে না। অপরোক্ষ ব্রহ্মজ্ঞানের পক্ষাপাতী শ্রীমচ্ছঙ্কর যদি সকলই উড়াইয়া দিয়া থাকেন, তাহার কারণ ইহাই; অন্যথা তিনি পরিষ্কার বাক্যে জীব ও জগতের অনাদিসিদ্ধত্ব, ব্রহ্মের ন্যায় তিন কালে জগতের সত্যত্ব কদাপি স্বীকার-করিতেন না। তিন কালে ইহাদের সত্যত্ব তিনি স্বীকার-করিলেন বটে, কিন্তু কালের অতীতাবস্থায় তো ইহাদের সত্যত্ব মানিলেন না, এ কথা বলিলেও চলিতেছে না। যৎকালে ব্রহ্মের সহিত জগৎ ও জীব অবিভক্ত ভাবে ছিল কালে বদ্ধ ছিল না, তখনও ব্রহ্মে অবস্থিত নাম ও রূপকে ইনি ব্রহ্মের জ্ঞেয় বলিয়া নির্দ্দেশ-করিয়াছেন। জগৎ ও জীবের লয়সাধন করিয়া অপরোক্ষ-ব্রহ্ম-জ্ঞানলাভের যত্ন, ইঁহাকে একেবারে অন্ধ করে নাই, কেন না ইনি পরিষ্কার কথায় বলিয়াছেন, এ লয়সাধন সাধকের জ্ঞানে

বিদ্বান্ "স ম আত্মা" "সোঽহম্" ইতি মায়াজীবাদিবিবেকেনাত্মতয়া সাক্ষাৎ-কৃত্য অবিদ্যাকামকর্ম্মধর্ম্মাধর্ম্মাদিক্ষয়ে নিখিলদুঃখাদিহৈবাত্যন্তং বিমুচ্যতে।—বিজ্ঞানভিক্ষু।

প্রতিভাত হয়, জগৎ যে প্রকার পূর্ব্বে ছিল, সেই প্রকারই তখনও থাকিয়া যায়।

স্থানে স্থানে তিনি যাহা বলিয়াছেন, তাহাতে এই প্রতীতি হয় যে, তিনি ব্রহ্মকে জগতের কারণ বলেন নাই, ঈশ্বরকে জগতের কারণ বলিয়াছেন। ব্রহ্ম মায়াগন্ধবিরহিত, সৃষ্টির জন্য যিনি মায়াসম্বন্ধবশতঃ মায়ী নামে আখ্যাত হইয়াছেন, তিনি সর্ব্বাতীত ব্রহ্ম নহেন। এই মায়ী ঈশ্বরাখ্যায় আখ্যাত। ইনি যখন মায়ার সহিত সম্বন্ধপরিহার করেন, তখন ব্রহ্ম আর তাঁহাতে কোন প্রভেদ থাকে না। ব্রহ্ম ও ঈশ্বর, এ দুইয়ের প্রভেদ-করিয়াও তিনি এ প্রভেদ সর্ব্বত্র রক্ষা করিয়াছেন, এ কথা বলা যাইতে পারে না *। দুইয়ের প্রভেদ করিয়া প্রভেদরক্ষা না করা ইহার কারণ কি, এ জিজ্ঞাসার উত্তর অতি সহজ। সর্ব্বাতীত অপরোক্ষ ব্রহ্ম জগদাদির সহিত সকলসম্বন্ধবর্জ্জিত হইলেও তাঁহারই ভিতরে জগৎ ও জীব স্থিতি করে, এজন্য তাঁহার সহিত বাহ্য আন্তর ও আত্মিক জগতে প্রকাশমান নিয়ন্তা আত্মার একত্ব "একাত্মপ্রত্যয়সারম্" এই বাক্যে স্বয়ং শ্রুতিই নির্দ্দেশ-করিয়াছেন। এ নির্দ্দেশে একই ব্রহ্ম সর্ব্বাতীত, সর্ব্বগত ও সর্ব্বান্তর্ভাবক, ইহাই আসিতেছে। সুতরাং

* তস্য সমস্তজগৎকারণস্য ব্রহ্মণো ব্যাপিত্বং নিত্যত্বং সর্ব্বজ্ঞত্বং সর্ব্বাত্মকত্বমিত্যেবং জাতীয়কো ধর্ম্ম উক্তএব ভবতি। (বে, সূ. ১।২)। যৎ সর্ব্বজ্ঞং সর্ব্বশক্তি ব্রহ্ম নিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বভাবং শারীরাদধিকমন্যৎ তদ্বয়ং জগতঃ স্রষ্টৃ ব্রূমঃ। (বে, সূ, ২।১।২২)। যস্মাদস্মিন্ ব্রহ্মণি কারণে পরিগৃহ্যমাণে প্রদর্শিতেন প্রকারেণ সর্ব্বে কারণধর্ম্মা উপপদ্যন্তে সর্ব্বজ্ঞং সর্ব্বশক্তি মহামায়ঞ্চ তদ্ ব্রহ্ম ইতি তস্মাদনতিশঙ্কনীয়মিদমৌপনিষদং দর্শনমিতি।
(বে, সূ, ২।১।৩৭।)

সাধমার্থ জীব ও জগতের লয় করিলে কি হয় তাহা বলিতে গিয়া ব্রহ্মের স্রষ্টৃত্বাদি অস্বীকৃত, অন্য সময়ে তাঁহার স্রষ্টৃত্বাদি স্বীকৃত হইয়াছে। জীবসম্বন্ধে যে বিরোধ তাহাও নামমাত্র। শক্তি বিনা সৃষ্টি হইতে পারে না, এ কথা যেমন তিনি পরিষ্কার ভাষায় বলিয়াছেন, তেমনি জীবের প্রথম হইতে অস্তিত্ব না থাকিলে সৃষ্টি অসম্ভব, ইহা তিনি বলিতে কুণ্ঠিত হন নাই *। জীব ও জগৎ ব্রহ্মের সহিত সম্বন্ধবশতঃ সত্য, তাঁহার এ কথার সঙ্গে কাহার বিরোধ আছে †? যদি জীব, জগৎ ও ব্রহ্ম, এ তিনের সম্বন্ধবিষয়ে কোন বিরোধই না থাকিবে, তাহা হইলে পরবর্ত্তী আচার্য্যগণ কি বৃথাই শঙ্করের মতখণ্ডনের জন্য বাগ্‌জাল-বিস্তার করিয়াছেন? বিবাদের কারণ এই টুকু দেখিতে পাওয়া যায়,—শঙ্কর আত্যন্তিকলয়ে জগৎ ও জীবকে মিথ্যাভূত করিয়া দিয়া ব্রহ্মমাত্রাবশেষ রাখেন, অন্যান্য আচার্য্যগণ সূক্ষ্মাকারে অবিভাগাবস্থায় জীব ও জগতের ব্রহ্মেতে স্থিতি বিশ্বাস-করেন। এখানেও আত্যন্তিক লয় ও সাধারণ লয় এই দুই লইয়া বিরোধ.

---

* উপলভ্যতে চ সংসারস্যানাদিত্বং শ্রুতিস্মৃত্যোঃ। শ্রুতৌ তাবৎ—'অনেন জীবেনাত্মনা' ইতি সর্গমুখে শারীরমাত্মানং জীবশব্দেন প্রাণধারণ-নিমিত্তেনাভিলপন্ননাদিঃ সংসার ইতি দর্শয়তি। আদিমত্ত্বে তু ততঃ প্রাগনব-ধারিতঃ প্রাণঃ স কথং প্রাণধারণনিমিত্তেন জীবশব্দেন সর্গমুখেঽভিলপ্যেত।
(বে, সূ, ২।১।৩৬)।

† নম্বু বাচারম্ভণমাত্রঞ্চেজ্জীবো মৃষৈব প্রাপ্তঃ তথা পরলোকেহলোকাদি চ কথং তস্য? নৈষ দোষঃ, সদাত্মনা সত্যত্বাভ্যুপগমাৎ, সর্ব্বঞ্চ নামরূপাদি সদাত্মনৈব সত্যং বিকারজাতং স্বতন্ত্রনৃতমেব। 'বাচারম্ভণং বিকারোনামধে-য়ম্' ইত্যুক্তত্বাৎ। তথা জীবোঽপীতি যক্ষানুরূপো হি বলিরিতিন্যায়-প্রসিদ্ধিঃ। ছা, ভা।

কেন না সাধারণ লয়ে জীব ও জগতের শক্তিরূপে স্থিতি শ্রীমচ্ছঙ্করেরও অভিমত *। জীব ব্রহ্মের বিকার নয়, ব্রহ্মই কার্য্যে প্রবেশ করাতে জীব হন, শঙ্কর এ কথা বলিয়া জগৎসম্বন্ধে তাঁহার যে মত, জীবসম্বন্ধে সে মতের কিছু যে ব্যতিক্রম করিয়াছেন তাহা নহে, কেন না তিনি কার্য্যকারণের ভেদ বা আশ্রিতাশ্রয় সম্বন্ধ স্বীকার করেন না, কারণেরই সংস্থানবিশেষকে কার্য্য বলেন। † জীবের জন্ম নাই উপাধিসম্বন্ধই তাহার জন্ম, ইহাতো তিনিও অস্বীকার করেন নাই। ‡ আচার্য্যগণের সঙ্গে তাঁহার বিরোধ অকিঞ্চিৎকর, কেন না কারণের কার্য্যোৎপাদনে সামর্থ্য কারণমধ্যে বিদ্যমান থাকে, ইহা যখন তিনি স্বীকার করিয়াছেন, তখন সেইটিই যদি অপরে ভাষান্তরে ব্যক্ত করিয়া থাকেন, তাহা

---

* 'অনেন জীবেন' ইতি স্ববুদ্ধিস্থং পূর্ব্বসৃষ্ট্যনুভূতং প্রাণধারণমাত্মানমেব স্মরন্ত্যাহ 'অনেন জীবেনাত্মনা' ইতি। ছা, ভা,

প্রলীয়মানমপি চেদং জগৎ শক্ত্যবশেষমেব প্রলীয়তে শক্তিমূলমেব চ প্রভবতীতরথাঽকস্মিকত্বপ্রসঙ্গাৎ। (বে, সূ, ১।৩।৩০)।

উপনিষদে জলের সঙ্গে জলের স্থায় একীভাব এবং ব্রহ্মেতে অভিন্নভাবে স্থিতি উভয়ই আছে। এ উভয়ের সামঞ্জস্য সামর্থ্যাকারে স্থিতিভিন্ন আর কি হইতে পারে ? এ বিষয়ে শঙ্করের বিমত হইবার কোন কথা নাই ; কেন না তিনি আপনি বলিয়াছেন, "এবময়মপি বুদ্ধিসম্বন্ধঃ শক্ত্যাত্মনা বিদ্যমানএব সুষুপ্তিপ্রলয়য়োঃ পুনঃ প্রবোধপ্রসবয়োরাবির্ভবতি। এবং হ্যেতদ্যুজ্যতে। ন হ্যাকস্মিকী কস্যচিদুৎপত্তিঃ সম্ভবতি, অতিপ্রসঙ্গাৎ। (বে, সূ, ২।৩।৩১)।

† ন হি কার্য্যকারণয়োর্ভেদ আশ্রিতাশ্রয়ভাবো বা বেদান্তবাদিভিরভ্যুপগম্যতে। কারণস্যৈব সংস্থানমাত্রং কার্য্যমিত্যভ্যুপগমাৎ।

(বে, সূ, ২।২।১৭)।

‡ উপাধ্যুৎপত্ত্যা চাস্যোৎপত্তিস্তৎপ্রলয়ে চ প্রলয় ইতি। (বে, সূ, ২।৩।১৭)

হইলে বিরোধের ভূমি রহিল কোথায় * ? বিবর্ত্তবাদ ও পরিণাম-বাদ, এ দুইয়ের পার্থক্যও অতি সামান্য, কেন না এ উভয়ই সৃষ্টির গভীর-রহস্যোদ্ঘাটনে সমান অসমর্থ। রজ্জুতে সর্পভ্রান্তি, শুক্তিতে রজতভ্রান্তি, এ দৃষ্টান্তে দৃশ্যমান পদার্থের যে সত্তাৰ বিনষ্ট হয় না, শঙ্কর এ কথা আপনি অস্বীকার করেন নাই †। শঙ্কর জ্ঞানকর্কশ ভক্তির অনুকূল নহেন, এ কথাও বলা যাইতে পারে না।

সত্যাপি ভেদাপগমে নাথ তবাহং ন মামকীনস্ত্বম্।

সামুদ্রোহি তরঙ্গঃ ক্বচন সমুদ্রো ন তারঙ্গঃ॥

"হে নাথ, তোমার আমার মধ্যে ভেদ চলিয়া গেলেও আমি তোমার তুমি আমার নও, কারণ সমুদ্র হইতে তরঙ্গ, তরঙ্গ হইতে কোথাও সমুদ্র উৎপন্ন নয়।" ভক্তগণ শঙ্করের এ কথা নিরন্তর উদ্ধৃত করিয়া থাকেন। এ কথা যে তাঁহার, তাঁহার নিজের বেদান্তসূত্র ভাষ্যই তাহার প্রমাণ ‡। ভক্তিশাস্ত্রে ভগবদাজ্ঞা ও

---

* যচ্চ যদাত্মনা যত্র ন বর্ত্ততে ন তৎ তত্র তত উৎপদ্যতে যথা সিকতাভ্যস্তৈলম্। (বে, সূ, ২।১।১৬)।

† দধিঘটরুচকাদ্যর্থিভিঃ প্রতিনিয়তানি কারণানি ক্ষীরমৃত্তিকাসুবর্ণাদীন্যুপাদীয়মানানি লোকে দৃশ্যন্তে। ন হি দধ্যর্থিভির্মৃত্তিকোপাদীয়তে, ন ঘটার্থিভিঃ ক্ষীরম্। তদসৎকার্য্যবাদো নোপপদ্যতে। (বে, সূ, ২।১।১৮)।

একরূপেণ হ্যবস্থিতো যোঽর্থঃ স পরমার্থঃ। লোকে তদ্বিষয়ং জ্ঞানং সম্যক্ জ্ঞানমিত্যুচ্যতে যথাগ্নিরুষ্ণ ইতি। (বে, সূ, ২।১।১১)।

ন হি রজতসর্পপুরুষমৃগতৃষ্ণিকাদিবিকল্পাঃ শুক্তিকারজ্জুস্থাণূষরাদিব্যতিরেকেণাবস্ত্বাস্পদাঃ শক্যাঃ কল্পয়িতুম্। (মাণ্ডুক্যভাষ্য)।

‡ সমুদ্রাদুদকাত্মনোঽনন্যত্বেঽপি তদ্বিকারাণাং ফেনবীচীতরঙ্গবুদ্বুদাদীনামিতরেতরবিভাগ ইতরেতরসংশ্লেষাদিলক্ষণশ্চ ব্যবহার উপলভ্যতে।

(বে, সূ, ২।১।১৩।)

ভগবদনুগ্রহ প্রধান। ভগবদাজ্ঞা বিনা সংসার হয় না, ভগবদনুগ্রহ বিনা তত্ত্বজ্ঞানলাভ হয় না, শঙ্কর মুক্তকণ্ঠে ইহা স্বীকার করিয়াছেন *। অনাত্মবস্তুতে আত্মদৃষ্টি অবিদ্যা, ইহা কোন বাদীই অস্বীকার করেন না। অনাত্মদৃষ্টিনিবন্ধন উৎপন্ন সংসারের নিবৃত্তি হয় প্রপঞ্চের নহে, এ কথাতেও কাহারও আপত্তি দেখিতে পাওয়া যায় না।

শ্রীকণ্ঠ।

আচার্য্য শ্রীকণ্ঠ শঙ্করকে নিরবয়বাদী আখ্যা দিয়াছেন। এই এক আখ্যাতেই তাঁহার নিজের মত কি আমরা সহজে বুঝিতে পারি। সমুদায় জগতের সহিত সম্বন্ধ বিচ্ছিন্ন করিয়া শঙ্কর সর্ব্বাতীত ব্রহ্মকে গ্রহণ করিয়াছেন, সমুদায় জগতের সহিত সম্বন্ধবিশিষ্ট করিয়া শ্রীকণ্ঠ সর্ব্বগত সর্ব্বান্তর্ভাবক ব্রহ্মকে উপাস্য করিয়াছেন। জগৎ ও জীব তাঁহার নিকটে ব্রহ্মশক্তি, ব্রহ্মস্বরূপ, ব্রহ্মগুণ; ব্রহ্ম কখন এই স্বরূপ-শক্তি-ও-গুণ-বিরহিত নন। ব্রহ্মের সহিত সম্বন্ধ বিনা জন্ম-স্থিতি-প্রবৃত্তি সম্ভবে না, সুতরাং এ জগৎ ব্রহ্ম-ব্যতিরিক্ত নহে। ঈশ্বরের সর্ব্বজ্ঞত্ব, সর্ব্বশক্তিত্ব, সর্ব্বকারণত্ব, সর্ব্বনিয়ন্তৃত্ব, সর্ব্বোপাস্যত্ব, সর্ব্বানুগ্রাহকত্ব, সর্ব্বপুরুষার্থপ্রদত্ব প্রভৃতি গুণ দেশকালাদিপরিচ্ছেদশূন্যা চিদানন্দময়ী স্বাভাবিকী পরমশক্তি বিনা কখনই সম্ভবে না। চেতনাচেতন সমগ্র প্রপঞ্চ এই পরমশক্তির ঐশ্বর্য্য, এবং ইহাই তাঁহার

---

* অবিদ্যাবস্থায়াং কার্য্যকারণসংঘাতাবিবেকদর্শিনো জীবস্যাবিদ্যাতিমিরান্ধস্য সতঃ পরস্মাদাত্মনঃ কর্ম্মাধ্যক্ষাৎ সর্ব্বভূতাধিবাসাৎ সাক্ষিণশ্চেতয়িতুরীশ্বরাৎ তদনুজ্ঞয়া কর্ত্তৃত্বভোক্তৃত্বলক্ষণস্য সংসারস্য সিদ্ধিঃ, তদনুগ্রহহেতুকেনৈব চ বিজ্ঞানেন মোক্ষসিদ্ধির্ভবিতুমর্হতি। (বে, সূ, ২।৩।৪১)।

রূপ। বিশেষণ ও বিশেষ্যের ন্যায় প্রপঞ্চরূপা শক্তি এবং ঈশ্বর যখন ভিন্ন বস্তু নহেন, তখন প্রপঞ্চ ঈশ্বরেরও ঐশ্বর্য্য ও রূপ। প্রপঞ্চ যখন তাঁহার রূপ হইল, তখন সাধকের পক্ষে প্রপঞ্চের প্রতি বিদ্বেষ ঈশ্বরের প্রতি বিদ্বেষ, তৎপ্রতি হিংসাতে ঈশ্বরের প্রতি হিংসা হয়।

শঙ্কর সর্ব্বাতীত ব্রহ্মকে গ্রহণ-করিতে গিয়া তাঁহার শিব বা মঙ্গলস্বরূপ গ্রহণ-করেন নাই। শ্রীকণ্ঠ সেই শিবস্বরূপকে 'শিবতত্ত্ব'রূপে গ্রহণ-করিয়া তাঁহাকেই সমুদায় জগতের জন্মাদির কারণ বলিয়া গ্রহণ করিয়াছেন। এই শিবতত্ত্ব 'নিখিল মঙ্গলের আধার' 'সমস্তসংসারকলঙ্কশূন্য।' সুতরাং শান্ত ও শিব, এই দুইটি বিশেষণ এক শিবশব্দের মধ্যে অন্তর্ভূত করিয়া লওয়া হইয়াছে। সংক্ষেপে উভয়ের প্রভেদ নির্দ্দেশ করিতে গেলে বলিতে হয়,

অহং ব্রহ্মাস্মি,

এই শ্রুতি যেমন শঙ্করের অবলম্বন,

সর্ব্বং খল্বিদং ব্রহ্ম তজ্জলানিতি,

এই শ্রুতি তেমনই শিবাচার্য্য শ্রীকণ্ঠের অবলম্বন। ইনি চিদানন্দময়ী শক্তি কেন গ্রহণ-করিয়াছেন তাহার কারণ আপনি প্রদর্শন করিয়াছেন। উপনিষৎ প্রাজ্ঞেতে যে সকল বিশেষণযোগ করিয়াছেন, শক্তি বিনা সে সকল বাস্তবিকই প্রকাশ পায় না। সর্ব্বজ্ঞ, সর্ব্বেশ্বর, সর্ব্বান্তর্য্যামী, সকলের উৎপত্ত্যাদির হেতু, এ সকল বিশেষণ শক্তিব্যঞ্জক তাহাতে আর সংশয় কি? সর্ব্বাতীত ব্রহ্মের শিবস্বরূপ অবশ্য বস্তুর স্বরূপব্যঞ্জক। এই স্বরূপের যে নিয়মনী শক্তি আছে তাহাতো শ্রুতি অস্বীকার করেন নাই। বৈশ্বানর,

তৈজস ও প্রাজ্ঞ, এ তিন যেমন নিয়ন্তা, চতুর্থ সর্ব্বাতীত ব্রহ্মও তেমনি নিয়ন্তা আত্মা। শ্রীকণ্ঠ প্রভৃতি আচার্য্যগণ শিবস্বরূপের নিয়ন্তৃত্বস্বীকারপূর্ব্বক সর্ব্বাতীত ব্রহ্মকে সর্ব্বকারণরূপে গ্রহণ-করিয়া যে বলিয়াছেন, ব্রহ্ম কখন শক্তিহীন হইতে পারেন না, এ কথা বলিবার তাঁহাদের অধিকার আছে। 'ব্রহ্ম-নিত্য-শুদ্ধ-বুদ্ধ-মুক্ত-স্বভাব সর্ব্বজ্ঞ সর্ব্বশক্তি' এ কথা স্বয়ং শঙ্করও বলিয়াছেন। সে যাহা হউক, শৈবাচার্য্য "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম তজ্জলানিতি" এই শ্রুতি গ্রহণ-করিয়া উহার ঠিক প্রয়োগ করিয়াছেন, এখন ইহাই বিচার করিয়া দেখা প্রয়োজন। এ পথে সিদ্ধি কি, লক্ষ্য কি,সেইটি নির্ব্বাচন-করিলেই উহার যথার্থ প্রয়োগ আমরা বুঝিতে পারিব। সিদ্ধ ব্যক্তির সম্মুখে প্রপঞ্চ থাকিয়াও তিনি প্রপঞ্চদর্শন করেন না, এক ব্রহ্মকেই তিনি দেখেন, এ কথার অর্থ এই যে, তিনি প্রপঞ্চকে বিলীন অর্থাৎ শিবতত্ত্বসহ অপৃথক্ ভাবে গ্রহণ-করিয়া কেবল তাঁহারই ক্রিয়া বা লীলা নিয়ত প্রত্যক্ষ করেন। এরূপ প্রত্যক্ষ করিয়া তিনি আনন্দে মগ্ন হইয়া যান।

রামানুজ।

রামানুজ এবং শ্রীকণ্ঠ এ উভয়ের মতের বিলক্ষণ সাদৃশ্য আছে। ইহাদেব উভয়ের কৃত বেদান্তসূত্রভাষ্য মূলতঃ এক। এ উভয়ের মধ্যে পার্থক্য কি, সেইটি দেখিলে রামানুজ কোন্ সোপানে থাকিয়া বেদান্তব্যাখ্যা করিয়াছেন, তাহা আমরা সহজে বুঝিতে সমর্থ হইব। শ্রীকণ্ঠ ব্রহ্মকে নিয়ন্তৃরূপে গ্রহণ-করেন নাই তাহা নহে, কিন্তু ব্রহ্মের আনন্দে বিলীন হইয়া যাওয়াই তাঁহার উদ্দেশ্য। রামানুজ সর্ব্বত্র নিয়ন্তৃত্বেরই প্রাধান্যস্বীকার করিয়া-

ছেন। শ্রীকণ্ঠ ব্রহ্মশক্তিকে চিদানন্দময়ী বলিয়া গ্রহণ করিয়াছেন, রামানুজ ব্রহ্মের নিয়মনী শক্তিকেই প্রাধান্য দিয়াছেন। ইঁহার মতে শক্তি, অংশ, বিভূতি, রূপ, শরীর, তনু ইত্যাদি ভগবানের নিয়মন ব্যাপার ভিন্ন আর কিছুই নহে। মুক্তিবিষয়ে এ দুই আচার্য্যের যে মতপার্থক্য আছে, তাহাতেই ইঁহাদের প্রভেদ সুস্পষ্ট হৃদয়ঙ্গম হয়। শ্রীকণ্ঠ ব্রহ্মসাম্যকে, রামানুজ ব্রহ্মসাধর্ম্ম্যকে মুক্তি বলেন। কেবল স্বরূপের একতা নহে আনন্দে মগ্ন হইয়া অভিন্ন ভাবে স্থিতি ব্রহ্মসাম্য। ব্রহ্মের সমানধর্ম্মী হইয়া নিয়ত তাঁহার গুণানুভব সাধর্ম্ম্য। এই গুণানুভব চিন্তনমননসাধ্য, সুতরাং

অয়মাত্মা ব্রহ্ম সর্ব্বানুভূঃ,

এই শ্রুতির এখানে প্রাধান্য। ছলকপটশূন্যব্রহ্মানুভব, অন্য কথায় ব্রহ্মের অনুভব নিজের অনুভব হওয়াই মুক্তের মুক্তাবস্থা। ব্রহ্মগুণানুভব ব্রহ্মের কল্যাণগুণানুভব ভিন্ন আর কিছুই নহে। সুতরাং শ্রীকণ্ঠ যেমন আনন্দে মগ্নভাবজ্ঞাপক তৃতীয় সোপানস্থ, রামানুজ তেমনি গুণানুভবজ্ঞাপক দ্বিতীয় সোপানস্থ। রামানুজোক্ত একতাও আনন্দমগ্নতাজন্য নয় নিয়াম্য-নিয়ামকের একতাঘটিত। ব্রহ্ম প্রকারী জীব তাঁহার প্রকার, মুক্তাবস্থাতেও এ প্রকার-ও-প্রকারিত্ব-বোধ থাকে।

মধ্ব।

আচার্য্য মধ্বের প্রধান পার্থক্য এই যে, তিনি দশোপনিষদের উপরে একান্ত নির্ভর না করিয়া ভাল্লবেয় প্রভৃতি কতকগুলি অপ্রসিদ্ধ শ্রুতি-অবলম্বনে বেদান্তসূত্রের ব্যাখ্যা করিয়াছেন। শিব-নারায়ণ-প্রভৃতি শব্দ বেদান্তসূত্রে নাই, অথচ শ্রীকণ্ঠাদি

আচার্য্যগণ সেই সকল ভিন্ন প্রস্থানোক্ত * বচন স্থানে স্থানে তুলিয়াছেন, মধ্ব কিন্তু দশোপনিষদের বচনই স্থানে স্থানে উদ্ধৃত করিয়াছেন। জীব, জগৎ ও ঈশ্বর, এ তিনই মধ্বমতে সত্য, তবে জীব ও জগৎ ঈশ্বরাধীন, ঈশ্বরাধীন না হইয়া স্বতন্ত্রভাবে উহাদের কার্য্যকরিবার সামর্থ্য নাই। ঈশ্বর জীবাদিনিরপেক্ষ হইয়া আপনার স্বরূপশক্তিতে সৃষ্ট্যাদি করিয়া থাকেন। প্রকৃতির সত্বাদি সকলই ঈশ্বর হইতে, সুতরাং প্রকৃতি সর্ব্বথা অস্বতন্ত্র। যাহা কিছু নানা ভাগে বিভক্ত, তাহাই বিকারী। প্রকৃতি, পুরুষ ও কাল নানা ভাগে বিভক্ত, সুতরাং উহারা বিকারের অধীন। জীব নিত্য, ঈশ্বর হইতে তাহার উৎপত্তি উপাধিযোগে হইয়া থাকে। জীব ব্রহ্ম হইতে ভিন্ন হইলেও উহার জ্ঞানানন্দাদি সকল গুণই ব্রহ্মগুণ, সুতরাং গুণের একতাবশতঃ উহাকে ব্রহ্মের সহিত অভিন্ন বলিয়া গ্রহণকরা হয়। জীব অল্পশক্তি ও অল্পজ্ঞ, সুতরাং উহার সকল বিষয় জানিবার বা করিবার সামর্থ্য নাই। জীবের কর্তৃত্ব আছে বটে, কিন্তু সে কর্তৃত্ব ভগবান্ই তাহাকে দিয়া থাকেন। ঈশ্বরের আজ্ঞাতেই তাহার প্রবৃত্তি উপস্থিত হয়, তাঁহার অনুগ্রহেই তাহার বন্ধননিবৃত্তি হয়। জীব মুক্ত হইলে যদিও ঈশ্বরের সহিত তাহার অভিন্নতা উপস্থিত হয়, তথাপি আন্তরিক ভেদ অপগত হয় না, কেন না জলের সহিত জল মিশাইলে এক হইয়া যায় বটে, কিন্তু পরিমাণাদিতে তখনও আন্তরিক ভেদ থাকে। মুক্তাবস্থাতে জীব এক ঈশ্বর-

* ন চ......পৃথক্প্রতীকগ্রহণাভাবেঽপি ন দোষ ইতি বাচ্যম্। মহা-নারায়ণস্ত ভিন্নপ্রস্থানত্বেন বিনা প্রতীকগ্রহণমিমানি সূত্রাণ্যেতদুপনিষৎ-পরাণীতি নির্ণয়াযোগাৎ।—মিতাক্ষরা ব্রহ্মসূত্রবিবৃতি

ভিন্ন আর কাহারও অধীন থাকে না। রামানুজ মুক্তাবস্থায় ঈশ্বরাধীনতার কথার উল্লেখ করেন নাই। ইহার কারণ এই যে, নিয়ন্তার সহিত নিয়ম্য মুক্ত পুরুষের এমনই একতা হয় যে, তখন আর বিধি-নিষেধের কোন প্রয়োজন থাকে না। ভিন্ন ভিন্ন স্থানে পরমাত্মা আত্মপ্রকাশ করিয়া থাকেন, কিন্তু স্থানের ভিন্নতাবশতঃ তাঁহার রূপের কোন ভিন্নতা হয় না। তিনি যখন প্রকৃতি-আদির প্রবর্ত্তক, তখন তাহাদিগের ন্যায় তাঁহার রূপ হইবে কি প্রকারে? তিনি বিজ্ঞানানন্দরূপ, সুতরাং ইহাতেই অন্যান্য রূপ হইতে তাঁহার রূপের বৈলক্ষণ্য। এস্থলে,

রূপং রূপং প্রতিরূপো বহিশ্চ,

এ শ্রুতির আমরা নিয়োগ দেখিতেছি।

বল্লভ।

বল্লভ বিষ্ণুস্বামীর স্থলাভিষিক্ত। ইঁহার মত শুদ্ধাদ্বৈতবাদ নামে অভিহিত হইয়া থাকে। আমরা ইঁহাকে বিষ্ণুস্বামীর নামেই পরিচিত করিব। পরব্রহ্ম সচ্চিদানন্দ। সৃষ্টির আদিতে সদংশে জড়, এবং চিদংশে জীব অগ্নির স্ফুলিঙ্গের ন্যায় তাঁহার ইচ্ছাতে তাঁহা হইতে নিঃসৃত হয়। ব্রহ্মের আনন্দাংশ অন্তর্যামী। আনন্দাংশ অন্তর্হিত হওয়াতেই জীবের জীবত্ব, সেই আনন্দের আবির্ভাবেই উহার ব্রহ্মত্ব বা সাযুজ্যলাভ হইয়া থাকে। আনন্দের আবির্ভাবে জড় ব্রহ্মসত্তাপূর্ণ হয়। প্রপঞ্চ প্রকৃতি-বা-পরমাণুসমুৎপন্ন নয়, কারণরূপী ভগবানের কার্য্য; কার্য্য হইয়াও উহা তাঁহার রূপ। যদি তাঁহার রূপ না হয়, তাহা হইলে উহার অসত্তা উপস্থিত হয়। প্রপঞ্চ অজ্ঞান বা ভ্রম নয়, উহার বিনাশ নাই, আবির্ভাব-ও-তিরোভাবমাত্র আছে। আমি

কর্ত্তা, আমি সমুদয় করি ইত্যাদি অহঙ্কার অবিদ্যা। এই অবিদ্যা হইতে যে সংসার হয়, সে সংসারের বিনাশ আছে। মুক্তিতে এই সংসারেরই বিনাশ হয়, প্রপঞ্চের বিনাশ হয় না। ঈশ্বর যখন আপনাতে আপনি বিরাজ করিতে অভিলাষ করেন, তখন প্রপঞ্চের লয় হয় বটে, কিন্তু দিনের অপগমে রাত্রির আগমন হইলে যে প্রকার উহা সুখাবহ হয়, তেমনি লয়ও জীবের সুখের কারণ হয়। ঈশ্বর যখন আপনাতে আপনি বিরাজমান না থাকিয়া স্বেচ্ছানুরূপ লীলায় প্রবৃত্ত থাকেন, তখন মুক্ত জীব আনন্দে মগ্ন থাকিয়া সর্ব্বাত্মা পরব্রহ্মকে সাক্ষাৎ সম্বন্ধে দর্শন-করেন। বল্লভ স্বয়ং ত্রিশ বৎসর পর্য্যন্ত পরিব্রাজক থাকিয়া পরিশেষে ভগবদাজ্ঞায় গার্হস্থ্যাশ্রয় করেন। ইঁহার মতে গার্হস্থ্য শ্রেষ্ঠ, কেন না উহাতে ব্রহ্মভাবাপন্ন হইয়া সর্ব্বেন্দ্রিয় ও সর্ব্বান্তঃ-করণে ভগবদ্ভজনজনিত আনন্দলাভ হয়। সন্ন্যাসধর্ম্মকে ইনি পাষণ্ড ধর্ম্ম বলেন, এ জন্য শঙ্করকে পাষণ্ডধর্ম্মের প্রবর্ত্তয়িতা বলিতে ইনি কুণ্ঠিত হন নাই। বৃহন্নারদীয় পুরাণে দেখিতে পাওয়া যায়

যঃ স্বকর্ম্মপরিত্যাগী পাষণ্ডীত্যুচ্যতে বুধৈঃ।

১৪ অ, ১৩৩ শ্লো।

সুতরাং এরূপ নিন্দাবাদ তিনি আপনি করিয়াছেন তাহা নহে।

নিম্বার্ক।

ভিন্ন, অভিন্ন, ভিন্নাভিন্ন, এরূপ স্পষ্ট ভাষায় উপনিষৎ কিছুই বলেন নাই, অথচ জগৎ, জীব ও ঈশ্বরের স্বাভাবিক-সম্বন্ধনির্ব্বাচন করিতে গিয়া কোথাও ভিন্নরূপে, কোথাও অভিন্নরূপে, কোথাও ভিন্নাভিন্ন উভয়রূপে পদার্থত্রয়ের সম্বন্ধ প্রদর্শন-করিয়াছেন। আচার্য্যগণ এই সম্বন্ধ স্পষ্ট ভাষায় ব্যক্ত করিবার জন্য কেহ ভেদ,

কেহ অভেদ, কেহ ভেদাভেদ পক্ষ উত্থাপন করিয়া স্ব-স্ব-ভাষ্য-রচনা করিয়াছেন। মধ্ব ভেদপক্ষাবলম্বনপূর্ব্বক জীব ও জগতের অস্বতন্ত্রতা, এবং ঈশ্বরাধীনতা স্বীকার-করিয়া অভিন্নতার সঙ্গে ভেদ-শ্রুতি সকলের সামঞ্জস্য রক্ষা করিয়াছেন। শঙ্কর, শ্রীকণ্ঠ, রামানুজ, ও বিষ্ণুস্বামী অভেদপক্ষাশ্রয়পূর্ব্বক ব্রহ্মভিন্ন অন্য বস্তুর তাত্ত্বিক-সত্তা অস্বীকার করিয়াছেন। ব্রহ্ম ভিন্ন যদি অন্যবস্তুর তাত্ত্বিক সত্তা না থাকে, তবে জগৎ ও জীব কোথা হইতে আসিল, ইহা মীমাংসাকরিবার জন্য শঙ্কর অজ্ঞান বা মায়া বলিয়া 'আছে অথচ নাই' * এরূপ এক অনির্ব্বচনীয় পদার্থ স্বীকার-করিয়াছেন। অজ্ঞান অবস্তু হইলেও ব্রহ্মকে তাহার আশ্রয় না করিলে চলে না, করিলেও তাঁহার শুদ্ধ জ্ঞানস্বরূপে অজ্ঞানসংস্পর্শের দোষ পড়ে, ইহা দেখিয়া শ্রীকণ্ঠ ও রামানুজ শঙ্করের পথ পরিহারপূর্ব্বক ব্রহ্মের সহিত অভিন্ন চিৎ ও অচিৎ পদার্থ স্বীকার-করিয়া লইলেন। চিৎ ও অচিৎ বিশেষণস্থানীয় এবং ব্রহ্ম বিশেষ্যস্থানীয়। বিশেষ্য ছাড়া বিশেষণের স্বতন্ত্র অস্তিত্ব নাই, সুতরাং বিশেষণ স্থানীয় চিৎ ও অচিৎ ব্রহ্মের একত্ব ও অখণ্ডত্বের ব্যাঘাতক নয়। বিষ্ণুস্বামী এক অখণ্ড ব্রহ্মবস্তু স্বীকার করিয়া এই মত স্থাপন-করিলেন যে, সচ্চিদানন্দ ব্রহ্মই ইচ্ছাবশতঃ চিৎ ও আনন্দের তিরোধান করিয়া জড়, এবং একমাত্র আনন্দের তিরোধান করিয়া জীব উৎপন্ন করি-

---

* 'আছে অথচ নাই' এ কথা শুনিতে নিতান্ত অসম্বদ্ধ, কিন্তু ব্রহ্মের সহিত সম্বন্ধে যাহার সত্তা, সম্বন্ধবিরহিত হইলে যাহার অসত্তা উপস্থিত হয়, তাহা আছে ও নাই উভয়ই। এ দিক্ দিয়া দেখিলে আর 'আছে অথচ নাই,' এ কথার অসম্বদ্ধ ভাব থাকে না। জ্ঞানে এইটি প্রতিভাত হয় বলিয়া বস্তুতঃ লয় না হইলেও জ্ঞানে জগতের লয়সাধন যোগিগণের সাধনের পন্থা।

লেন, সুতরাং এই তিরোধান অন্তরিত করিলেই ব্রহ্ম যে অখণ্ড বস্তু সেই অখণ্ড বস্তু রহিলেন। নিম্বার্ক ইহাদের কোন কথাই অবলম্বন করিলেন না। তিনি দেখিলেন, মায়া বা অজ্ঞান স্বীকার করিলে ব্রহ্মই মায়াতে বদ্ধ, ব্রহ্মই মায়া হইতে মুক্ত হন, এই অসম্বদ্ধ কথা মানিতে হয়; বিশেষণ ও বিশেষ্যের সম্বন্ধ নির্দোষ নহে, কেন না বিশেষণরূপী জড় ও জীব দোষসংশ্লিষ্ট; ব্রহ্মের সহিত উঁহাদের একত্ব মানিলে বিশেষণগত দোষে যেমন বিশেষ্য দূষিত হয়, তেমনি উঁহাদের দোষে ব্রহ্ম দোষসংস্পৃষ্ট হন। শঙ্করের মায়া পদার্থ মিথ্যাভূত, সুতরাং তদ্‌ঘটিত দোষও মিথ্যা বলিয়া উড়াইয়া দেওয়ার উপায় আছে, কিন্তু শ্রীকণ্ঠ ও রামানুজের বিশেষণভূত চিৎ ও অচিৎ সেরূপ মিথ্যা নহে, সুতরাং তদ্‌ঘটিত দোষের আর অপনয়নহইবার সম্ভাবনা নাই। নিম্বার্ক এ জন্যই মায়াবাদ হইতে বিশিষ্টাদ্বৈতবাদকে অধঃকরণ করিয়া স্বয়ং স্বাভাবিক ভিন্নাভিন্নবাদ * আশ্রয়-করিয়াছেন। ভিন্নাভিন্ন হইলেও একের দোষ অপরেতে সংস্পৃষ্ট হয়, এ দোষ তিনি এই বলিয়া অপনয়ন করিয়াছেন যে, জগৎ, জীব ও ঈশ্বরে স্বরূপগত ভিন্নতা আছে। এ স্বরূপগত ভিন্নতা জড়ের চৈতন্যবিরহিতত্ব, জীবের অল্পশক্তিত্ব অল্পজ্ঞানত্ব। চিৎ ও অচিৎ উভয়েই ব্রহ্মশক্তি এ জন্য অভিন্ন, কিন্তু উঁহাদের আংশিকতা বা অল্পতানিবন্ধন উঁহারা ভিন্ন। সাধন মনন-বা-চিন্তনপ্রধান। নিম্বার্কাচার্য্যের

* শ্রীচৈতন্যের অনুগামিগণ মাধ্বসম্প্রদায়ভুক্ত, কিন্তু মধ্ব যে প্রকারে অভেদ-শ্রুতিগুলিকে ভেদবাদের সহিত সমঞ্জস করিয়াছেন, মনে হয় তাহাতে ইঁহারা সন্তুষ্ট না হইয়া আপনাদের বৈদান্তিক মতকে 'অচিন্ত্যভেদাভেদবাদ' নামে অভিহিত করিয়াছেন।

মুক্তিসম্বন্ধে মত এই;—এই বিশ্ব ঈশ্বরের পরাশক্তি-ও-অপরাশক্তিসম্ভূত। সুতরাং উহা সর্ব্বদা ব্রহ্মেতেই স্থিতি করে। এরূপ স্থলে মোক্ষাবস্থায় জীবের বিশ্বরূপী ভগবানে প্রবিষ্ট হইয়া স্থিতি, কিছু বিবাদের বিষয় নহে। জীবের আত্ম-স্বরূপের বিলোপ হয় না; মুক্ত ব্যক্তি নিত্য ভগবানের সহবাস অনুভব করিয়া থাকেন। এই নিত্য সহবাসানুভবই ভগবদ্ভাবাপত্তি-রূপ মোক্ষ।

নিম্বার্ক ভগবদ্গীতার মতানুবর্ত্তনে ভাষ্যরচনা করিয়াছেন সত্য, কিন্তু গীতায় যেমন সাংখ্য ও পাতঞ্জল সহ বৈদান্তিকমতের সম্মিলন সাধিত হইয়াছে, ইনি সেরূপ সম্মিলনসাধন করিতে যত্ন করেন নাই। এ বিষয়ে বলিতে হইবে বিজ্ঞানভিক্ষুই আদরণীয়। তাঁহার আর এক প্রশংসনীয় গুণ এই যে, বেদান্তে যে সকল সংজ্ঞা নাই সে সকল সংজ্ঞা উদ্ভাবন-করিয়া নিজ-মত-স্থাপনে তিনি ব্যগ্র ছিলেন না। ভেদ, অভেদ, ভেদাভেদ এ সকল সংজ্ঞার প্রতি উপেক্ষাপ্রদর্শনপূর্ব্বক তিনি অবিভাগবাদস্থাপন করিয়াছেন। ভিন্ন ও অভিন্ন শব্দ বেদান্তে নাই বটে, কিন্তু বিভক্ত ও অবিভক্ত শব্দ জীব, জগৎ ও পরমাত্মার সম্বন্ধস্থলে স্পষ্ট উল্লিখিত আছে *। ঈশ্বর জগৎ ও জীবের সহিত অবিভক্ত ভাবে সর্ব্বদা স্থিত রহিয়াছেন, এ কথা বলিলে অদ্বৈতবাদের দোষ স্পর্শে না, অথচ অদ্বৈতবাদ যে ঘনিষ্ঠযোগস্থাপনে সাহায্য করেন, তাহা অতি সুন্দররূপে সাধিত হয়। বাহিরে যাহা বিভক্ত বলিয়া প্রতীত হয়, ভিতরে প্রবেশ করিলে দেখিতে পাওয়া যায় তাহা অবিভক্ত ভাবে অবস্থিত। এরূপ দৃষ্টিতে ভূতার্থবাদে দ্বৈতাদ্বৈতবাদের

* বৃহ, ৬।৩।২৩—৩১।

দোষ অন্তর্হিত হইয়া যায়। এ সকল কথা এখন যাউক, ভিন্ন ভিন্ন আচার্য্যগণের মতসামঞ্জস্যে বেদান্তের ধর্ম্ম কি প্রকার পরিষ্কার প্রকাশ পাইয়াছে, ইহাই আমাদের ভাল করিয়া বুঝিয়া দেখা উচিত। মাণ্ডুক্যোপনিষদবলম্বনে আমরা বেদান্তের ধর্ম্ম দেখাইতে যত্ন করিয়াছি। মাণ্ডুক্য বহির্জগৎ, অন্তর্জগৎ, অধ্যাত্মজগৎ এবং এ সকলের অতীত ভূমিতে ব্রহ্মদর্শনের প্রণালী নিবদ্ধ করিয়াছেন। বহির্জ্জগৎ প্রথম, অন্তর্জগৎ দ্বিতীয়, অধ্যাত্মজগৎ তৃতীয় ও অতীতভূমি চতুর্থ। আমরা দেখিয়াছি, মধ্ব প্রথম, রামানুজ দ্বিতীয়, শ্রীকণ্ঠ তৃতীয়, শঙ্কর চতুর্থ ভূমির সাধক। মোটামুটি ভাবে ধরিলে বিষ্ণুস্বামীতে তৃতীয় ও চতুর্থের এবং নিম্বার্কে প্রথম ও দ্বিতীয়ের সংমিশ্রণ। এই সকল আচার্য্য যে বেদান্তের ধর্ম্মের এক এক দিক্ দেখাইয়াছেন, চারি ভূমিতে চারিটি বৈদান্তিক মূলতত্ত্বের প্রয়োগ দ্বারা আমরা তাহা দেখাইয়াছি। এই চারিটি মূলতত্ত্বের একত্র সন্নিবেশে বেদান্তের ধর্ম্মের পূর্ণতা হয়। কি হয় আমরা তাহা দেখাইতে যত্ন করিব। চারিটির একতা দ্বারা বেদান্ত ধর্ম্মের পূর্ণতাসাধন করিতে হইলে নিম্ন ভূমিতে উহার পূর্ণতা হয় না, উচ্চ ভূমিতে আরোহণ করিলে তবে উহা পূর্ণতালাভ করে। গীতার ধর্ম্মের আলোচনা করিতে গিয়া আমরা দেখিয়াছি, কর্ম্ম, জ্ঞান ও ভক্তি তত দিন স্বতন্ত্র থাকে, যত দিন না অপরোক্ষ ব্রহ্মদর্শন ঘটে। বেদান্তধর্ম্মসম্বন্ধেও তাহাই। বেদান্তধর্ম্মের পূর্ব্বাপরের একতা অপরোক্ষব্রহ্মদর্শন হইলে তবে সম্ভবপর হয়। কিরূপে হয়, দিঙ্মাত্রনিদর্শনে তাহা দেখাইতে যত্ন করিব।

শ্রীমচ্ছঙ্কর নিবৃত্তিপথাবলম্বী। নিবৃত্তিপথে সিদ্ধ না হইলে অপরোক্ষ-ব্রহ্মদর্শনে কৃতার্থহইবার কোন সম্ভাবনা নাই। ভোগ-

প্রবৃত্তি ব্রহ্মদর্শনে অন্তরায়। ভোগের প্রতি লালসা ব্রহ্মবস্তু হইতে আমাদিগকে দূরে লইয়া যায়, ভোগের প্রতি বিতৃষ্ণা আমাদিগকে দূর হইতে নিকটে আনে। বিষয়বিরাগভিন্ন তৎপ্রতি বিতৃষ্ণা উপস্থিত হইবে কি প্রকারে? সাংসারিক বিষয়সমূহের অনিত্যত্ব, পরিণামবিরসত্ব ইত্যাদি চিন্তন ও অনুধ্যান দ্বারা তৎপ্রতি বিতৃষ্ণা উৎপাদন-করিয়া ব্রহ্মসত্তায় চিত্তের অভিনিবেশ নিবৃত্তিপথের সাধন। এই সাধনে মন শ্রান্ত হইলে "অহং ব্রহ্মাস্মি" এই বাণী সাধক শুনিতে পান। এখানেই যদি সাধক স্থগিতগতি হন, তাহা হইলে অপর তিন ভূমির সাক্ষাৎকারের বিষয় আর তাঁহার সাক্ষাৎ অনুভবের বিষয় হয় না। চতুর্থ ভূমিতে শিবস্বরূপের সহিত সাক্ষাৎকারহইবার কথা। উহা যদি না হয়, তাহা হইলে অন্য তিন ভূমির সহিত যোগ কাটিয়া গেল। অপরোক্ষব্রহ্মদর্শনে বাহ্যাবরণ উন্মোচিত হইলে শিবস্বরূপ প্রত্যক্ষ হয়। শিবস্বরূপের সংস্পর্শে যখন সাধকে আনন্দের উচ্ছ্বাস উপস্থিত হয়, তখন সেই আনন্দে আত্মা, মন এবং বহির্জগৎ পর্য্যন্ত পূর্ণ হইয়া উঠে। এইরূপে তিন ভূমি আনন্দে পূর্ণ হইলে যিনি 'অহং ব্রহ্মাস্মি' বলিয়া আত্মপরিচয় দিয়াছিলেন, তিনি সকল ভূমিতে আপনার মঙ্গলমূর্ত্তি প্রকাশিত করেন, এবং প্রত্যেক প্রশ্নের উত্তরে 'আমি আমি' বলিয়া উত্তর দিয়া সাধককে কৃতকৃত্য করেন। এ সম্বন্ধে পূর্ব্বে অনেক কথা বলা হইয়াছে, তাহাতেই তিন ভূমির বিশেষ বিশেষ বিজ্ঞান হৃদয়ঙ্গম হইবে।

প্রথম ভূমিতে জগতে জগতের নিয়ন্তাকে, দ্বিতীয় ভূমিতে অন্তর্জগতে কল্যাণবিধাতাকে, তৃতীয় ভূমিতে আত্মাতে আনন্দ-

বর্দ্ধনকে বুদ্ধিগোচর করিলেও অপরোক্ষ জ্ঞান সিদ্ধ হয় না, এ কথা পূর্ব্বে বলিয়াছি। চতুর্থ ভূমিতে ব্রহ্মপরিচয়লাভ করিলে তৎপরে এই সকল ভূমির সহিত সম্বন্ধ পরিবর্ত্তিত হইয়া যায় কেন, তাহার কারণনির্দ্দেশকরা প্রয়োজন। নিবৃত্তি বিনা চতুর্থ ভূমিতে আরোহণ সিদ্ধ হয় না। নিবৃত্তিতে সিদ্ধ ব্যক্তির লক্ষণ কি তাহা না জানিলে এ ভূমির মহত্ত্ব আমরা কিছুতেই হৃদয়ঙ্গম করিতে পারিব না। উপনিষদে সমুদায় প্রাণিগণের সহিত যোগে একাত্মতা উল্লিখিত হইয়াছে, এবং এই একাত্মতাতে ভূতগণের প্রতি বিদ্বেষ কেবল তিরোহিত হয় তাহা নহে, শোক-মোহাদিও তাহার সঙ্গে সঙ্গে অন্তর্হিত হয়। বালকের ন্যায় সর্ব্বদা গর্ব্ববিরহিত না হইলে ঈদৃশ ভাবের উদয় হয় না, এজন্য সাধক সর্ব্বদা বালভাবে বাস করিতে অভিলাষ করিবেন, উপনিষৎ এই উপদেশ দিয়াছেন। শমদমাদি যে কোন উপায়ে এই ভাবপ্রাপ্তি হয়, উপনিষদের মতে তাহাই অনুসরণীয়। অনন্ত ভূমা মহান্ মঙ্গলময় পুরুষের সাক্ষাৎকারে এই বালভাব নিরতিশয় দৃঢ় হয়। এ অবস্থায় সাধকের আর আপনার ইচ্ছা থাকে না, ভগবদিচ্ছাই তাঁহার নিয়ামক হয়। চতুর্থ ভূমিতে যে আত্ম-পরিচয় লাভ হইয়াছে, এখন সেই আত্মপরিচয় তিন ভূমিতেই সাধক প্রাপ্ত হন। এ পরিচয় মঙ্গলের সহিত পরিচয়। মঙ্গলময়ের মঙ্গলক্রিয়াদর্শনে যখনই তাঁহাকে তৎসম্বন্ধে সাধক প্রশ্ন করেন, তখনই তিনি 'আমি' বলিয়া উত্তর দেন, সুতরাং মঙ্গলক্রিয়ার অবরোধকরা সাধকের পক্ষে অসম্ভব হয়। তিনি সর্ব্বদা মঙ্গলেরই বশবর্ত্তী হন, সুতরাং তাঁহার আপনার ইচ্ছা থাকে না। এই সময়ে তাঁহার আচরণ লোকচক্ষে অনেক সময়ে ভাল লাগে না ; কেন

না সাধারণ লোকে স্বেচ্ছানুবর্ত্তী হইয়া কার্য্য করে বলিয়া তাঁহার কার্য্যের মূল বুঝিতে তাহারা নিতান্ত অসমর্থ হয়। শুকদেবের জীবন উপনিষদুক্ত এই ধর্ম্মের দৃষ্টান্ত, সুতরাং তাঁহার জীবনের বৃত্তান্ত সংক্ষেপে উল্লেখ করিয়া বক্তব্য বিষয় শেষকরা যাইতেছে।

শুকদেব বাল্যকাল হইতে মুমুক্ষু। কোন প্রকার আশ্রমধর্ম্মের প্রতি তাঁহার অনুরাগ ছিল না। রাজর্ষি জনক তাঁহার এই ভাবের অনুমোদন করেন, তাহাতে তিনি তীব্র বেগের সহিত সাধনে প্রবৃত্ত হন। এই সাধনে তিনি সর্ব্বভূতের সহিত একাত্মতা· লাভ করেন। পিতা ব্যাস আর তাঁহাকে পাইবেন না, এই আশঙ্কায় শোকে অভিভূত হন। তিনি সর্ব্বভূতের সহিত একাত্মতালাভ করিয়া সেখানেই আপনার গতি স্থগিত করেন নাই। নূতন ভাবে জগৎ ও জীবের সহিত সম্বন্ধস্থাপন হইলে তিনি পিতৃগৃহে প্রত্যাবর্ত্তন করেন, প্রত্যাবর্ত্তন করিয়া আত্মতুল্য যোগনিরতা নারীর পাণিগ্রহণ করেন। তাঁহার সংসার যোগীর সংসার ছিল, তাঁহার গার্হস্থ্য ধর্ম্ম ভগবদনুরাগমূলক ছিল, সুতরাং তাঁহার তনয়গণ প্রত্যেকেই যোগাচার্য্যপদবী লাভ·করিলেন। ঈশ্বরের সহিত নিত্য যোগে যুক্ত হইয়া, ঈশ্বরানুরাগে উদ্দীপ্ত-হৃদয় হইয়া তাঁহার সংসারধর্ম্মপালন এবং সেই ধর্ম্মে স্থিতি করিয়া মুক্তিলাভ দেখাইয়া দেয়, উপনিষদের সমগ্রধর্ম্ম তাঁহার জীবনে প্রতিফলিত হইয়াছিল। জগতে, জীবে, সমুদায় ব্যবহারে ব্রহ্মের সহিত অবিচ্ছেদযোগবশতঃ যোগের যে পূর্ণতা উপস্থিত হয়, *

* ঐকাশ্রম্যং গৃহস্থস্য চতুর্ণাং শ্রুতিদর্শনাৎ।
তস্মাদ্গার্হস্থ্যমেবৈকং বিজ্ঞেয়ং ধর্ম্মসাধনম্‌॥
কূর্ম্মপুরাণ ২অ,।

গৃহ-ভিন্ন অন্যত্র সে পূর্ণতালাভের সম্ভাবনা নাই, এজন্যই উপনিষৎ গার্হস্থ্যেই ঔপনিষদ ধর্ম্মের পর্য্যবসান করিয়াছেন। বাল্যকাল হইতে মোক্ষনিরত ব্যাসতনয় শুক আত্মজীবনে ঔপনিষদ ধর্ম্মের দৃষ্টান্ত প্রদর্শন করিয়াছেন, ইহাতে আমাদের পক্ষে সে ধর্ম্ম বুঝিবার অল্প সাহায্য হয় নাই।

এক গৃহস্থাশ্রমে থাকিয়া চারি আশ্রমের ধর্ম্ম প্রতিপালিত হইতে পারে এজন্য গৃহস্থাশ্রম সর্ব্বপ্রকার ধর্ম্মসাধনের উপযোগী। গৃহস্থাশ্রমে যে সকল বিশেষ কর্ত্তব্য প্রতিপালিত হয়, তাহার সঙ্গে ঋষিগণ ব্রহ্মযোগ এমনই ঘনিষ্ঠ ভাবে সংযুক্ত করিয়া দিয়াছেন যে, উপনিষৎ পাঠে অবাক্ হইতে হয়, এমন সকল ব্যাপারের সঙ্গে ঈদৃশ উচ্চযোগের সম্বন্ধ ঋষিগণ কি প্রকারে সংঘটিত করিয়াছেন। আহারপানাদি এমন কোন কার্য্য নাই, উপনিষদের প্রণালী অবলম্বন করিলে যাহা যোগচ্ছেদের কারণ হইতে পারে। ঐ প্রণালীর কঠিন আবরণ উন্মোচন করিলে তন্মধ্যে এমন সরসধর্ম্ম-লাভ হয় যে, উপনিষদই পরবর্ত্তী প্রেমের ধর্ম্মের মূল তৎসম্বন্ধে আর কোন সন্দেহ থাকে না। বিজ্ঞান-ভিক্ষু ভালই বলিয়াছেন ;—"যস্মিন্ হি পক্ষে গার্হস্থ্যাদৌ বিক্ষেপপ্রাবল্যেন ব্রহ্মৈকাগ্র্যং ন সম্ভবতি, তস্মিন্ পক্ষে ব্যাসঙ্গনিবৃত্তিদ্বারোপকারিণী প্রব্রজ্যা জ্ঞানাঙ্গতয়া বিধীয়তে ন নিয়মেনেত্যর্থঃ। নিয়মে সতি বক্ষ্যমাণস্য গৃহস্থে-নোপসংহারস্যানুপপত্তেঃ...'তত্ত্বজ্ঞানেন মুচ্যন্তে যত্র তত্রাশ্রমে রতাঃ' ইত্যাদি স্মৃতিবিরোধাচ্চ।" এই জন্যই স্বয়ং ব্যাস স্বতনয় শুককে বলিয়াছিলেন "একোবাপ্যাশ্রমানেতান্ যোঽনুতিষ্ঠেদ্যথাবিধি। অকামদ্বেষসংযুক্তঃ স পরত্র বিধীয়তে ॥" শান্তিপর্ব্ব ২৪২অ, ১৪শ্লো।

কেশবচন্দ্রের আত্মতন্ত্রাধিকার

"হে পরম পিতা, হে আমাদের আচার্য্য সদ্‌গুরু উপদেষ্টা, আমাদের একটি মত আছে যে আমরা তোমার মতে চলি। এ মত মুখের মত হ'তে পারে আবার কাজের মত হ'তে পারে। তুমি একমাত্র আমাদের সদ্‌গুরু। আমরা কি খাব, কি পরিব, লোকের কাছে কি রকম ব্যবহার করিব, কি পড়িব, কি পড়িব না, পরের উপকার কি রকম করিয়া করিব, কিরূপে তোমার পূজা করিব, হরিনাম সাধন কিরূপে করিব, কি করে হৃদয় পবিত্র করিব—এ সকল কথা, গুরু, তুমি ঠিক করে দেবে। আমরা চাই যে তোমার মতে চলিব। একটি করে দেবে, আর আমরা তোমার মতে চলিব। একটি দল কলিকাতায় প্রস্তুত হচ্চে যারা কাহারও মতে চলে না কিন্তু ঈশ্বরের মতে চলে; আমরা পৃথিবীর কাছে এটা সিদ্ধান্ত করে দিতে চাই। কিন্তু তোমার মতে চলিতে সাধন করা অতি কঠিন। তোমার মত কি করিয়া জানিব। প্রার্থনাতে, বিবেকের মধ্যে, যে সকল লোক তুমি এনে দিবে তাদের ভিতর, আর যে সকল পুস্তক তুমি দিবে তার ভিতর। গুরু হয়ে তিন জায়গায় তুমি প্রকাশিত। পিতা, পুত্র, পবিত্রাত্মা তিন, কিন্তু এক। গুরুর মত তিন প্রকারে তিন প্রণালীতে আসিতেছে। ইহারা ঈশ্বর তনয়, ইঁহাদের ভিতর দিয়া যা আসে তা তোমার কথা। চন্দ্র, সূর্য্য, গিরি, নক্ষত্র, লতা পাতার

---

* সপ্তষষ্টিতম জন্মোৎসবোপলক্ষে উপাধ্যায়প্রদত্ত বক্তৃতামূলক।

ভিতর দিয়া যা আসে তাও তোমার কথা। আর আমার অন্তরে পবিত্রাত্মার ভিতরে বিবেককর্ণে যা শুনি, তাহা ব্রহ্মবাণী। তিন দিক্ দিয়ে শুনি, অথচ গুরু এক। পিতা বেদ, পুত্র বেদ, পবিত্রাত্মা বেদ, ত্রিবেদ। পিতা পুরাণ, সন্তান পুরাণ, পবিত্রাত্মা পুরাণ। তিন দিকে কাণ খাড়া করে রাখিতে হবে। তারে কি খবর এলো বিবেকের ভিতর দিয়া শুনিতে হইবে। তিন মত অথচ এক মত। তিন গুরু, অথচ এক গুরু। মানুষ গুরু, পিতা গুরু, জয় গুরুজীর জয়। আমার গুরু চন্দ্র সূর্য্য পবন, মানুষ ধার্ম্মিক, অধার্ম্মিক; আমার গুরু বিড়াল, কাক, গাছ, লতা, পুষ্প, আমার গুরুভক্তি, শক্তিপ্রেম। ছিলেন এক, হইলেন অনেক গুরু, তাঁর নাম ব্রহ্ম। দয়াসিন্ধু, মিনতি করি সকল গুরুর সামঞ্জস্য করে দাও। তোমার মতে কেবল চলিব মানুষের কথা এখানে চলিবে না। যা তুমি করে দেবে তাই হবে। গুরু, কথা কও, যার ভিতর দিয়া কথা বলিতে চাও বল। যার ভিতর দিয়া বলিবে আমি তার পাদপদ্মে প্রণাম করিব। স্বর্গরাজ্যের কথা যার ভিতর দিয়া প্রেরণ কর আমরা নমস্কার করিয়া গ্রহণ করিব। হে দয়াময়, কত ঘটনার কত মর্ম্ম কে বলিতে পারে? তোমার কথা শুনিয়া চলিলে সব একমত হবে, বিবাদ থাকিবে না। সব কাজ ভাল করে চল্‌বে, নিখুত হইবে। দয়াময়, যখন পবিত্রাত্মা দ্বারা প্রত্যাদিষ্ট হই, তখন মাচ কথা কয়, গাছ কথা কয়, ইন্দুর ছুঁচো স্বর্গরাজ্যের সংবাদ আনে। তাই করযোড়ে প্রার্থনা করি, হে দেবী, হে মঙ্গলমী, দয়া করে এ পাপী সন্তানদিগকে এমন আশীর্ব্বাদ কর যেন চিরকাল তোমার মতে চলিয়া শুদ্ধ হই।"

আজ কেশবচন্দ্রের জন্মদিন। অদ্য জন্মদিনে 'কেশবচন্দ্রের আত্মতন্ত্রাধিকার' বলিবার বিষয়। 'অধিকার' সাধারণ ভাষায় শাসনপ্রণালী। চারি প্রকারের শাসনপ্রণালী আছে—ঈশতন্ত্র (Theocracy); আত্মতন্ত্র (Autocracy); অভিজনতন্ত্র (Aristocracy); সাধারণতন্ত্র (Democracy)। এই চতুর্ব্বিধ শাসনপ্রণালীর মধ্যে কেশবচন্দ্রের দোষদর্শিগণ তাঁহাতে দ্বিতীয়টী দেখিতে পাইয়া তাঁহাকে আত্মতন্ত্র বা Autocrat বলিয়া প্রচার করিয়াছেন। এটি তাঁহাতে দোষ বা গুণ তাহার বিচার পরে হইবে, তিনি যে আত্মতন্ত্র ছিলেন, ইহা আমরা আরম্ভেই স্বীকার করিয়া লইতেছি। যদি জিজ্ঞাসা হয়, দোষদর্শীর কথার প্রতি সম্মাননা কেন? স্বীকার করিয়া লইলে তো তিনি যাহা বলিয়াছেন, তাহা সত্য, সত্য হইলেই দোষও সত্য, ইহা মানিয়া লওয়া হইল। কেশবচন্দ্রের উপরে যিনি যে দোষ দিয়াছেন, সে দোষ স্বীকার-করিয়া লইয়া আমরা আমাদের তৎসম্বন্ধে যাহা বক্তব্য তাহা বলিয়াছি, এবারও তাহাই করিতেছি। যে দোষটি দিলে বিনা বিচারে দোষ বলিয়া সকলের নিকটেই প্রতিভাত হইবে, সেইটি জনচক্ষুর গোচরকরা দোষদর্শনের রীতি। কেশবচন্দ্র যদি আত্মতন্ত্র না হইতেন, তাহা হইলে সেটিকে দোষ বলিয়া কেহ কি উপস্থিত করিতে সাহস করিতেন? অবশ্য তাঁহাতে আত্মতন্ত্রতা ছিল, তাই উহার ঘোষণা সম্ভবপর হইয়াছে। সে আত্মতন্ত্রতা দোষের কি গুণের, তিনি কি একা আপনি আত্মতন্ত্র ছিলেন, তাঁহার প্রভাবাধীন কোন ব্যক্তিকে আত্মতন্ত্র হইতে দিতেন না, এ সকল বিচার তুলিবার পূর্ব্বে আমরা তাঁহাকে আত্মতন্ত্র বলিয়া নির্দ্দেশ করিতেছি। তিনি কোন দিন পরতন্ত্র

ছিলেন না আত্মতন্ত্র ছিলেন, এ কথা বলিলে আত্মতন্ত্রতা গুণ বলিয়া মনে হয়, কিন্তু দশ জনকে লইয়া যখন তাঁহার কার্য্য ছিল, তখন আপনার কথা 'পাঁচ কাহন' করিয়া আর সকলকে অধঃকরণ করা কি প্রকারে গুণ বলিয়া পরিচিত হইবে? এ সংসারে যদি কোন ব্যক্তির তদতিরিক্ত লোকদিগের সঙ্গে ব্যবহার করিতে না হইত, তাহা হইলে সে ব্যক্তির আত্মতন্ত্রতায় কোন ক্ষতিবৃদ্ধি ছিল না, সে স্থলে দোষগুণের বিচার তুলিবারও কোন কারণ ছিল না। কিন্তু কেশবচন্দ্র যখন নেতা হইয়া লোকদিগকে চিরজীবন চালাইয়াছেন, তখন তাঁহাতে আত্মতন্ত্রতা অবশ্য দোষাবহ।

বিচারে সুবিধার জন্ম এত দূর আমরা মানিয়া লইলাম। এখন দেখা যাউক, এই আত্মতন্ত্রতা কোন্ সময় হইতে তাঁহাতে লক্ষিত হইয়াছে। বলিতে হইবে, অতি শৈশব হইতে। তাঁহার বাল্যবন্ধু প্রতাপচন্দ্র তাঁহার বাল্যকালের যে ইতিবৃত্ত নিবদ্ধ করিয়াছেন, তৎপাঠে জীবনের প্রারম্ভ হইতে তাঁহাতে যে আত্মতন্ত্র ভাব দেখা দিয়াছিল, তাহাতে আর কোন সংশয় থাকে না। ভাই প্রতাপচন্দ্র লিখিয়াছেন, "যদি তিনি কখন আমাদের সঙ্গে খেলা করিতে সম্মত হইতেন, তাহা হইলে তিনি কোন নূতন খেলা অথবা যে খেলা কাহারও জানা নাই, সেই খেলা উদ্ভাবন করিতেন, এবং উহার প্রধান অংশ আপনার জন্ম রাখিতেন। কখন কখন তিনি একটি ঔষধালয় খুলিতেন, আপনি তাহার ডাক্তার হইতেন, এবং আমাদিগের কাহাকেও কাহাকেও তাঁহার অধীনস্থ ঔষধদাতা (Apothecaries) এবং কাহাকেও কাহাকেও রোগী করিতেন। কখন কখন তিনি পোষ্টাফিস খুলিতেন, আমাদিগকে ডাকহরকরার কাজ দিতেন, এবং তিনি আপনি

পোষ্টমাষ্টার জেনেরল হইয়া নাকে এক জোড়া সবুজ রঙের চস্‌মা পরিয়া জাঁকাল রকমে আফিসে বসিতেন। আমাদের মনে আছে, এক সময়ে তিনি আমাদিগকে এক দল ইংরাজী বাজনাদার করিয়াছিলেন। আমরা সকলে পায়ে পরণের ধুতি জড়াইয়া পাজামা করিলাম এবং আমাদিগের কোন রকমের বাদ্য যন্ত্র ছিল না বলিয়া আমাদের তর্জ্জনী ও বৃদ্ধাঙ্গুলি খুব ফাঁক করিয়া মধ্যে যে একটি গর্ত্ত হইল তাহার উপর মুখ লাগাইয়া ফুৎকার দিয়া অনুরাগ-ভরে বাজনা বাজাইতে লাগিলাম। আর সকলে যাহা করে কেশব তাহা করিয়া সন্তোষলাভ করিতেন না। তিনি কোথা হইতে একটি পুরাতন ঢোল আনিলেন, এবং তাহা একটি ছোট বালকের পিঠে রাখিয়া জোরে বাজাইতে বাজাইতে দলের আগে আগে চলিলেন।" আত্মতন্ত্র ব্যক্তি আপনাকে সকলের শীর্ষদেশে রাখে, অপর সকলকে নিজের ইচ্ছামত অধঃস্থ পদ দেয়, ইহা যদি 'আত্মতন্ত্রাধিকারের' প্রধান লক্ষণ হয়, তাহা হইলে যে লক্ষণ তাঁহাতে যে বাল্যে প্রকাশ পাইয়াছে, ইহা আর কে না স্বীকার করিবেন ?

তাঁহার আত্মতন্ত্রতার সঙ্গে ঈশতন্ত্রতা জীবনের কোন্ অংশে আসিয়া মিলিত হইল, তাহা ঠিক নির্দ্ধারণকরা কঠিন, তবে তাঁহার জীবনবেদপাঠ করিয়া জানা যায়, যৌবনে প্রবেশের অল্পদিন পূর্ব্বে তাঁহাতে ঈশতন্ত্রতা আসিয়া জুটিয়াছিল। তিনি চতুর্দ্দশবৎসরবয়সে মৎস্যাহারত্যাগ এবং অষ্টাদশবর্ষবয়সে বৈরাগ্যাশ্রয় করেন। বলিতে হইবে, চতুর্দ্দশ বর্ষ হইতে তাঁহাতে ঈশতন্ত্রতার আরম্ভ। এখন আমাদিগের বিচার করিয়া দেখা উচিত, যে ব্যক্তিতে আত্মতন্ত্রতা নাই, সে ব্যক্তিতে ঈশতন্ত্রতা

অন্তবগণের কি না? আমাদিগের দেশে সাংখ্য ও যোগ আত্মতন্ত্র-প্রধান, এখানে ঈশতন্ত্রতার গন্ধ নাই। যোগদর্শনে ঈশ্বরের উল্লেখ আছে, কিন্তু তাঁহার চিন্তা ও প্রণবজপ আর কিছুরই জন্য নয়, চিত্তসমাধানজন্য। এ কারণে যে কেবল তাঁহারই আশ্রয় করিতে হইবে যোগদর্শন এ কথা বলেন নাই। আর দশটি উপায়ের মধ্যে ঈশ্বরচিন্তন ও প্রণবজপ একটি অন্যতর উপায়মাত্র। চরমে লাভ হইবে কি? আত্মতন্ত্রতা। প্রকৃতি আত্মাকে মুগ্ধ করিয়া রাখিয়াছে; আত্মা আপনাকে ভুলিয়া গিয়াছে। আমি সুখী আমি দুঃখী ইত্যাদি কত কি ভাব তাহাতে উদিত হইয়া সে প্রকৃতির অধীন হইয়া পড়িয়াছে। এই পরতন্ত্রতাই বন্ধনের অবস্থা। প্রকৃতির অধীনতা সম্যক্ প্রকারে অতিক্রম করিয়া আত্মা আপনাতে আপনি যখন স্থিতি করিল, তখন তাহার মুক্তি হইল। ইহার অর্থ এই, আত্মা ইতঃপূর্ব্বে প্রকৃতিতন্ত্র ছিল, এখন আত্মতন্ত্র হইল। আত্মতন্ত্র হইলেই, মনে হয়, সে যে ঈশতন্ত্র হইবে তাহার কোন কারণ নাই। কিন্তু প্রকৃত আত্মতন্ত্রতা হইতে ঈশতন্ত্রতা আসে, বেদান্তের এই সিদ্ধান্ত। অহংকারতন্ত্রতা কখন আত্মতন্ত্রতা নহে। যেখানে অহঙ্কার আছে সেখানে আত্মতন্ত্রতা নহে, প্রকৃতিতন্ত্রতা। কোন প্রকার অভিমান থাকিলেই জানিতে হইবে তাহার সঙ্গে বিষয়ের গন্ধ আছে। "এক দিকে যত পাপকে ভ্রম-কুসংস্কারকে দাঁড় করাও, অপর দিকে যত প্রকার ভয়ানক পাপাচার দম্ভ ও অহঙ্কার আছে, তৎসমুদায়কে দাঁড় করাও। অবশেষে এই দুইয়ের বিরুদ্ধেই স্বাধীনতার অস্ত্র নিক্ষেপ কর।" স্বাধীনতার অস্ত্রে এ দুইকে বিনাশ করিলে তাহার ফল হইল বিশুদ্ধ আত্মতন্ত্রতা। এই আত্মতন্ত্রতা হইতে পূর্ণ স্বাধীনতা

উপস্থিত হয়। পূর্ণ স্বাধীনতা উপস্থিত হইলেই জীব বলিতে থাকে, "ঈশ্বরের আমরা অধীন এজন্যই সম্পূর্ণ স্বাধীন।" ঈশ্বর ও জীব এ উভয়ের মধ্যে যে ব্যবধান ছিল, সে ব্যবধান এখন ঘুচিয়া গিয়াছে। ঈশ্বরে ও জীবে স্বরূপে ও ভাবে একতা উপস্থিত। "তিনি যেমন ভাবান তেমনি ভাবি; যেমন বলান তেমনি বলি; যেমন প্রচার করিতে বলেন তেমনি প্রচার করি" কেশবচন্দ্রে যখন এইরূপ দর্শনশ্রবণের ব্যাপার উপস্থিত হইল, তখন আত্মতন্ত্রতা ও ঈশতন্ত্রতা তাঁহাতে এক হইয়া গেল।

এ অবস্থায় হইল কি তাঁহার জীবনবেদের "স্বাধীনতা" অধ্যায় পাঠ করিলে সহজে হৃদয়ঙ্গম হয়। স্বাধীনতা অধ্যায়ের সংক্ষেপ এই *;—"আমার ইষ্টদেবতা যখন আমাকে মন্ত্র দিয়াছিলেন তন্মধ্যে স্বাধীনতা মহামন্ত্র নিবিষ্ট ছিল। বৎস, কখনও কাহারও অধীন হইও না, এই প্রধান সৎপরামর্শ।...অধীনতার শৃঙ্খলে শরীর মনকে বদ্ধ হইতে দেওয়া হইবে না; দাসত্ব স্বীকার করা হইবে না; কাহারও পদতলে পড়া হইবে না; গুরুজনের নিকট আত্মবিক্রয় করা হইবে না; পুস্তকবিশেষেরও কিঙ্কর হইয়া বন্দনা করা হইবে না; কোন সম্প্রদায়ের মধ্যে পড়িয়া দিবারাত্রি তাহারই যশোঘোষণা করা হইবে না। একদিকে যেমন এই সকল প্রতিজ্ঞা, অপর দিকে প্রতিজ্ঞা তেমনই, স্বেচ্ছাচারের অধীন হওয়া হইবে না: অহঙ্কারের অধীন হওয়া হইবে না; ঈশ্বরের নিকট যে ব্রত লওয়া উচিত তাহাও পরিত্যাগ করা হইবে না।...

* বক্তৃতাকালে যে সকল কথা ভাবতঃ উল্লিখিত হইয়াছিল, নিবন্ধনকালে সেগুলি উদ্ধৃত বাক্যে পূরণ করা গেল। এইরূপ অন্যত্রও বুঝিতে হইবে।

স্বাধীনতাকে স্বলাভ করিলাম। এই জন্ত আমার সঙ্গে যাঁহারা অবস্থান করেন, তাঁহাদিগকে আমি বন্ধু বলি, আমাকে তাঁহাদের গুরু বলি না।...বঙ্গের সামান্য কাহাকেও আমি অধীন দেখিতে পারি না।...আমার অধীন যদি কেহ হয় তাহাও আমার অত্যন্ত অসহ্য।...কাহাকেও গুরু অথবা শাসনকর্ত্তা বলিতে পারি না; ঈশ্বরকেই কেবল গুরু ও শাসনকর্ত্তা বলিয়া জানি। অধীনতা-প্রিয় কেহ যদি ঠক্ হইয়া এখানে ঢুকিয়া থাকেন, সে ঠক্‌কে বাহির করিয়া দিব; দিবই দিব। অধীনের দল এখানে নয়।... মহাত্মা ঈশা মহীয়ান্ হউন, গৌরাঙ্গকেও যথেষ্ট ভক্তি করি। কিন্তু তাঁহাদিগকে জীবনের আদর্শ করি না।...যেখানে ঈশার আলোক পৌঁছিতে পারে না, ঈশ্বর আদর্শ হইয়া নিজ আলোকে সেস্থান প্রকাশ করেন।...ব্রাহ্মধর্ম্ম আমার প্রিয়, একতারা আমার প্রিয়। এই দুইয়ের প্রতি যদি আমি আসক্ত হই, ইহাই আমার নিকটে দেবতার স্থান প্রাপ্ত হইবে। আজিকার জন্যই ইহাদিগকে আজ লই, আবার কাল ছাড়ি।...নববিধানে প্রত্যেকের সম্পূর্ণ স্বাধীনতা। কে গুরু? কে ব্রাহ্মসমাজ? কে আমার ব্রাহ্মদল? কোন বিষয়ের উপরেই আসক্তি নাই। বস্তু যাহা তাহা রাখিব। নাম পর্য্যন্তও আবশ্যক হইলে পরিত্যাগ করিতে পারি।...ঈশ্বরের আমরা অধীন এই জন্যই সম্পূর্ণ স্বাধীন।"

"বন্ধুরা বলেন এইটি কর; আমি তাহা করি না। অন্যের ভাল কথায় ভাল কাজ করিব না, ঈশ্বরের কথায় করিব। অন্যের কথায় যাহা করিলাম না, ঈশ্বরের কথায় তাহা আগ্রহের সহিত করি। যতক্ষণ না ঈশ্বরের কথা শুনিব ততক্ষণ আমি কাজ

আরম্ভ করি না।"—যে ব্যক্তির ঈদৃশ প্রতিজ্ঞা তৎপ্রতি আত্ম-তন্ত্রতার দোষারোপ কিছুই নয়। ইঁহাকে কে না আত্মতন্ত্র বলিবেন? কিন্তু এই ভাব যদি তিনি আপনার জন্য রক্ষা করিয়া অপরকে অধীনতার শৃঙ্খলে বাঁধিতেন, তাহা হইলে আত্মতন্ত্রতার যে দোষ তাহা তাঁহাতে পূর্ণ পরিমাণে উপস্থিত হইত। কেশব বলেন, "অধীন হওয়াকে আমি অত্যন্ত ঘৃণা করি। আমাতে যাহা ঘৃণা করি, অন্যের তাহা ঘৃণা করি না?...অন্য এক জন মনুষ্য আমার অধীন হইবে? পিতার নিকটে আমি কি উত্তর দিব? আমার মত আর একজনের ঘাড়ে আমি চাপাইব? আমার শাসনে অপরকে শাসিত করিব? মায়ার মোহিনী মূর্ত্তি দেখাইয়া দলে আনিবার চেষ্টা করিব? অপরকে আমি আমার অধীন করিয়া রাখিব? ইহাতে নরক আমাকে হাঁ করিয়া গিলিবে, স্বর্গও লাথি মারিয়া ফেলিয়া দিবে। আমার যদি দল না হয়, একজনও যদি কাছে না থাকে, নিজে যখন দাস নই তখন অপর-কেও দাস করিব না।...আমার দলে যদি পঞ্চাশ জন লোক থাকেন, তবে পঞ্চাশ প্রকার। সত্য সাক্ষী, চন্দ্র সূর্য্য সাক্ষী, অধীনতা এখানে নাই। একশত জন লোক যদি এখানে আসিয়া থাকেন, তবে তাঁহারা স্ব স্ব প্রধান। প্রত্যেককেই আমার সমক্ষে ইহাই স্বীকার করিতে হইবে; আমি চলিয়া গেলেও একথা প্রত্যেকে স্বীকার করিবেন। দলের কেহই অধীনতায় জীবিত নহেন, কিন্তু স্বাধীনতায়। আমি কাহাকেও দাসত্বে পেষণ করিতে মানস করি না; প্রত্যেককে স্বাধীন দেখিতে চাই।"

কেশবচন্দ্রের এ সকল কথা যে মুখের কথা ছিল না, বন্ধুগণ

তাহার সাক্ষী। তাঁহার প্রত্যেক বন্ধু আত্মতন্ত্র, কেহ কাহারও অধীন নন। যিনি যে কার্য্য করেন, সে কার্য্যে তাঁহার পূর্ণ স্বাধীনতা। অপরে তৎসম্বন্ধে কিছু বলিবে, তাহা তাঁহারা সহ্য করিতে পারেন না। অন্য কোন তন্ত্রতা তাঁহাদের জীবনে প্রতিফলিত হউক না হউক, আত্মতন্ত্রতা যে প্রতিফলিত হইয়াছে, সে বিষয়ে সংশয় নাই। অবিমিশ্র আত্মতন্ত্রতা হইতে যাহা উপস্থিত হইতে পারে, তাহা তাঁহাদের জীবনে হইয়াছে, অপরকে তজ্জন্য নিপীড়ন সহ্য করিতেও হইতেছে। "অধীনতা প্রিয় কেহ যদি ঠক্ হইয়া এখানে ঢুকিয়া থাকেন সে ঠক্‌কে বাহির করিয়া দিব : দিবই দিব।"—এ প্রতিজ্ঞা কত বার পূর্ণ হইল দেখিলাম, তাহাতেও চৈতন্য নাই। কেশবচন্দ্রের বন্ধুগণের মধ্যে কোথা হইতে এই অবিমিশ্র আত্মতন্ত্রতা আসিল? অতিরিক্ত স্বাধীনতাপ্রাপ্তি হইতে। "স্বাধীন প্রচারক তৈয়ার করিলাম, গুরু তৈয়ার করিলাম, যাঁরা অনেক শিষ্য করিতে পারেন। ..ওদিক্ উল্টে নিলে কি ভয়ানক কাল দাগ। এঁরা শান্তির উপদেশ দেন লোককে, কিন্তু নিজের মনে কত রাগ। এঁরা শিষ্যদের উপদেশ দেন কিন্তু নিজেরা কি রকমে চলেন।" কেশবচন্দ্রের এ আক্ষেপবাণীর মূল তিনি আপনি। এজন্য তিনি কেবল মানসিক দুঃখ পাইয়াছেন তাহা নহে, তাঁহাকে আর্থিক ক্লেশও পাইতে হইয়াছে। যিনি যে বিষয়ে ভারগ্রহণ করিয়াছেন তৎসম্বন্ধে তাঁহাকে পূর্ণ ক্ষমতা অর্পিত হইয়াছে। ইহাতে এক এক ভারের কার্য্যে প্রভূত অর্থব্যয় করিয়া ভারপ্রাপ্ত ঋণী হইয়াছেন, কেশবচন্দ্রকে কোন কথা না বলিয়া তাঁহার পৈতৃক অর্থ হইতে সে ঋণ পরিশোধ করিতে হইয়াছে। আলবার্টহল, ইণ্ডিয়ান মিরার, ভারতাশ্রম

এ সম্বন্ধে জলন্ত সাক্ষী। "ভারত আশ্রম এবং প্রচারক বিভাগ প্রভৃতির যে যে কার্য্যবিভাগের ভার যাঁহার যাঁহার হস্তে আছে সেই সেই বিভাগের সম্পূর্ণ ক্ষমতা ও অধিকার সেই সেই ব্যক্তির হস্তে ন্যস্ত হয় (১৭৯৭ শক, ৩ জ্যৈষ্ঠ)।"—প্রচারক সভার এই নির্দ্ধারণ কার্য্যতঃ যোল আনা রক্ষিত হইত, ইহাতে উক্ত-প্রকার বিপদ ঘটিত, কিন্তু তৎসম্বন্ধে সেই প্রচারক সভাই নির্দ্ধারণ করিয়াছেন,—"কার্য্যের জন্য বিপদে না পড়িলে পরীক্ষায় না পড়িলে উন্নতি হয় না।" বিপদে পরীক্ষায় অবশ্য বন্ধুগণ পড়িতেন, কিন্তু তাঁহারা সকলেই দরিদ্র আপনার বলিবার কিছুই নাই, সুতরাং অর্থদণ্ডভোগ করিতে হইত, কেশবচন্দ্রকে ।

কেশবচন্দ্র ও তাঁহার বন্ধুগণের মধ্যে সমান আত্মতন্ত্রতার বিষয় বলিলাম বটে, কিন্তু এ বিষয়ে প্রতিবাদহইবার বিলক্ষণ অবকাশ আছে। তিনি শরীরসম্বন্ধে পৃথিবী হইতে বিদায়গ্রহণকরিবার কতক দিন পূর্ব্বে যে সকল কথা বলিয়া গিয়াছেন, এত দিন তিনি যাই করুন তাই করুন, সে সকলেতে তিনি বন্ধুগণের অবিমিশ্র আত্মতন্ত্রতার প্রতিকূলে প্রতিবাদ করিয়াছেন, কেবল প্রতিবাদ করিয়াছেন তাহা নহে পূর্ব্ব জীবনে যেমন স্বাধীনতাকে বাড়াইয়া-ছিলেন পরজীবনে তেমনি অধীনতাকে বাড়াইয়াছেন। অধিক দূরে যাইতে হইবে না, শেষ বর্ষে জন্মদিনে তিনি যে সকল কথা বলিয়াছেন, তাহাতে মনে হয় যেন পূর্ব্বে যাহা করিয়াছিলেন তজ্জন্য তিনি অনুতপ্ত হইয়া নূতন পথ ধরিয়াছেন। "একটা মাঝে খুঁটি চাই, একটা গোড়া না হলে চলে না" "নানা মত হলো, একটা লোক চাই যে শেষ কথা সকলকে মীমাংসা করে

যেবে।" এই যদি কেশবচন্দ্রের শেষ জীবনের মত হয়, তাহা হইলে তিনি তো প্রাচীন গুরুর স্থান পোপের স্থান অধিকার-করিয়া বসিলেন। স্থানাধিকার করিলেন কোন্ ভাবে? "এক শরীরের সকলে অঙ্গ" এই ভাবে। "এ আগেকার গুরু আচার্য্য নয়, এ ভাই বলে পরস্পরকে খুব ভালবাসা দেওয়া, কোলাকুলি করা, বিশ্বাস দেওয়া।" এ ভাব কি কখন ব্রাহ্মসমাজে অবতরণ করিয়াছিল? হাঁ, করিয়াছিল। মুঙ্গেরে এই ভাবের অবতরণ হয়। বিনয়, ভক্তি, পরস্পরের প্রতি বিশ্বাস ও অনুরাগ, একটু সন্দেহ দ্বিধা নাই কথাতে, এ ভাব মুঙ্গেরে দেখা দিয়াছিল। এক শরীরের অঙ্গ না হইলে, এ ভাব কদাপি সম্ভবপর নয়। এক শরীরের অঙ্গ হওয়া যায় কখন? যখন আত্মতন্ত্রতা ও ঈশতন্ত্রতা অবিরোধী ভাবে এক হইয়া স্থিতি করে। কেশবচন্দ্রের ভাষায় বলিতে গেলে বলিতে হয়, "গোপাল, তুমি বাঁশী বাজাও আর আনন্দে সেই বাঁশীর রবে সকলে নৃত্য করুক, পরস্পরকে চিনিয়া লইয়া আনন্দ করুক।" তবে খোঁটা কেন, গোড়া কেন? শেষ কথা মীমাংসা করিবার জন্য লোক কেন? ঈশ্বরইতো খোঁটা, ঈশ্বরইতো গোড়া, ঈশ্বরের নিকটেই তো শেষ কথার মীমাংসা। যদি শুদ্ধ তাই হয়, তাহা হইলে আত্মতন্ত্রতা ও ঈশতন্ত্রতা লুপ্ত করিয়া অভিজনতন্ত্রতা ও সাধারণতন্ত্রতার অবতরণের আর অবকাশ থাকে না। ঈশ্বর গুরু হইয়া যে সর্ব্বত্র আছেন, সে মত ইহাতে কাটিয়া যায়। প্রতিব্যক্তি আপনাতে আপনি বদ্ধ হইয়া পড়েন, আপনি সব আর কেহ কিছু নয়, এই অভিমানের পথ খুলিয়া যায়। যেখানে ঈশতন্ত্রতা, আত্মতন্ত্রতা, অভিজন-তন্ত্রতা ও সাধারণতন্ত্রতা; এই চারিটি অধিকার একত্র উপস্থিত

ত্রয় নাই, সেখানে নববিধানের অধিকার নয়, প্রাচীন বিধানের অধিকার।*

পূর্ব্বে বলিয়াছি, আত্মতন্ত্রতা বিশুদ্ধ আত্মতন্ত্রতা যেখানে নাই সেখানে ঈশতন্ত্রতা উপস্থিত হইতে পারে না। প্রবৃত্তিবাসনার কুহকে পড়িয়া যে ব্যক্তি স্বাধীনতা হারাইয়াছে সে ব্যক্তি তাহাদের দাস, সে ঈশ্বরের হইবে কি প্রকারে? সম্যক্ আত্মতন্ত্র না হইলে কোন প্রকারে ঈশতন্ত্র হইতে পারা যায় না, এই জন্ম জীবনের আরম্ভ ও শেষ সর্ব্বত্র আত্মতন্ত্রতার প্রাধান্য। অভিজনতন্ত্র ও সাধারণতন্ত্র অধিকারের মূলে আত্মতন্ত্র অধিকার না থাকিলে উহারাও দাঁড়াইতে পারে না। প্রতিব্যক্তির আত্মতন্ত্র না হইলে যদি ঈশতন্ত্র হওয়া অসম্ভব হয়, এবং ঈশতন্ত্রতাই যদি অভিজনতন্ত্রতার মূল, তাহা হইলে উচ্চভূমিতে আরোহণের জন্য আত্মতন্ত্রতার যে কত দূর প্রয়োজন, তাহা সকলেই বুঝিতে পারেন। সাংখ্য ও পাতঞ্জল শুদ্ধ আত্মতন্ত্রতা কেন প্রবর্ত্তিত করিলেন, এবং বেদান্ত আত্মতন্ত্রতার ভূমিতে কেন ঈশতন্ত্রতাস্থাপন করিলেন †, তাহার কারণ এখানেই সহজে বুঝিতে পারা যায়। আত্মতন্ত্র, অভিজনতন্ত্র ও সাধারণতন্ত্র অধিকার তত দিন পৃথক্ পৃথক্ থাকে, অবি-

---

* বক্তৃতাকালে যে অংশ অস্ফুট ছিল নিবন্ধনকালে সেই অংশটি প্রস্ফুট করিয়া দেওয়া হইয়াছে। এইরূপ অন্যত্রও বুঝিতে হইবে।

† য ইমং মধ্বদং বেদ আত্মানং জীবমন্তিকাৎ।
ঈশানং ভূতভব্যস্য ন ততো বিজুগুপ্সতে॥ কঠ ৪।৫।

যদাত্মতত্ত্বেন তু ব্রহ্মতত্ত্বং দীপোপমেনেহ যুক্তঃ প্রপশ্যেৎ॥
অজং ধ্রুবং সর্ব্বতত্ত্বৈর্বিশুদ্ধং জ্ঞাত্বা দেবং মুচ্যতে সর্ব্বপাশৈঃ॥
শ্বেতাশ্বতর ২।১৫।

যোগী আবে এক হইয়া কার্য্য করে না, যত দিন না এ তিন ঈশতন্ত্র অধিকারের অন্তর্ভুক্ত হইয়া কার্য্য করে। যোগ, ভক্তি ও কর্ম্ম, ঈশ্বরের সাক্ষাৎসম্বন্ধ বিনা যে প্রকার পরস্পর অবিরোধী হয় না, সমঞ্জস হয় না, এখানেও তাহাই বুঝিতে হইবে। মিলনের মূল স্বয়ং ঈশ্বর, ঈশ্বরবৈমুখ্য অমিলনের হেতু। প্রবৃত্তিবাসনার অধীনতা হইতে ঈশ্বরবৈমুখ্য উপস্থিত হয়। ভিন্ন ভিন্ন ব্যক্তির প্রবৃত্তিবাসনা ভিন্ন প্রকার, সুতরাং উহারা মিলনের বিরোধী। ঈশ্বর সকল ভিন্নতার ঐক্যবন্ধনস্থল, তাঁহাতে প্রবিষ্ট চিত্তসকল ভিন্ন হইয়াও নিয়ত এই একত্বের ভূমিতে আরূঢ়। অভিজনগণ হউন আর সাধারণজনগণ হউন; যে পরিমাণে তাঁহারা আত্মতন্ত্র হইয়া প্রবৃত্তিবাসনার প্রভাবাতিক্রম করিয়াছেন, সেই পরিমাণে তাঁহারা ঈশতন্ত্র হইয়াছেন; এবং ঈশতন্ত্রতানিবন্ধন ভাবের একতা তাঁহাদের হৃদয়ে অবতরণ করিয়াছে; তাঁহারা একশরীর এবং ভগবানের এক লীলাভূমি হইয়াছেন। এ সময়ে "তারে কি খবর এলো বিবেকের ভিতর দিয়া" তাঁহারা শুনিতে পান। 'তার'—সেই সকল ব্যক্তি যাঁহারা ঈশতন্ত্রতাবশতঃ এক হইয়াছেন। সংবাদ আসিয়া পঁহুছায় কোথায়? প্রতি আত্মতন্ত্র ব্যক্তির বিবেকে। যে ব্যক্তি যত আত্মতন্ত্র অর্থাৎ প্রবৃত্তিবাসনার অনধীন, ততগুলি তার তাঁহার বিবেকের সহিত সংযুক্ত হইয়াছে। প্রত্যাদেশপ্রাপ্তির অল্পতা ও আধিক্যও এতদনুসারে হইয়া থাকে। তাই কেশবচন্দ্র বলিয়াছেন, "আমি প্রকাশ করিয়া বলিতেছি, আমাদের মধ্যে কয়েকটি লোক থাকিবে যাঁহাদের সাক্ষাৎ আদেশ হইবে। তাঁহারা পরীক্ষা দিয়া, আপনাদের সত্য প্রমাণ করিবেন। তাঁহারা আপনাদিগকে Infallible স্বীকার করাইবেন। নববিধানের

মধ্যে এ প্রকার লোক ৫০ জন থাকিতে পারিবে। কাহারও পাঁচ বিষয়ে কাহারও ৫০ বিষয়ে প্রত্যাদেশ থাকিবে।"

এই প্রত্যাদেশের পরিমাণানুসারে নববিধানে সাধক ও প্রচারক এই দুই শ্রেণী হইয়াছে। এই দুই শ্রেণীতে আবার সাধকমধ্যে গৃহস্থ বৈরাগী, প্রচারকমধ্যে গৃহস্থপ্রচারক সন্নিবিষ্ট। সাধারণ বিশ্বাসিগণ সাধকশ্রেণীভুক্ত। এ সম্বন্ধে কেশবচন্দ্রের কথা এই ;— "ইঙ্গিতে জানিয়া বলিতেছি, বর্ত্তমান শতাব্দীতে এই ঘোর কলিযুগে প্রত্যাদেশ হয় না, অন্ধকারের ভিতর আলোক দেখা যায় না, এ কথা থাকিবে না। জাগ্রৎ ঈশ্বরপ্রেম মনুষ্যমধ্যে বাস করিলে নিঃশ্বাসে তাহা জানা যায়। কার্য্য দর্শন করিলেই জানিতে পারা যায় ইহারা ঈশ্বরপ্রেরিত কি না? ঈশ্বর প্রেরণ করেন, ইহা বলিয়া কি হইল? ঈশ্বর কাহাকে প্রেরণ না করেন? কীট, পতঙ্গ, চাষা, রাজা, কে না প্রেরিত? সকলেই ঈশ্বরপ্রেরিত সত্য, কিন্তু বিশেষরূপে প্রেরিত আছে। বর্ত্তমান বিধানে যাঁহারা বিশেষ সাধন করিবেন, তাঁহারা বিশেষ কীর্ত্তিস্বরূপ হইবেন। ঈশ্বরের জ্যোতির প্রদীপসদৃশ ভারতের অন্ধকারের ভিতরে তাঁহারা মিট্ মিট্ করিয়া জ্বলিতেছেন, সূর্য্য না হন, চন্দ্র না হন, তারা না হন, অন্ততঃ এক একটি দীপ হইয়া সেই অন্ধকারের মধ্যে প্রকাশ পাইবেন। ইহারা ঈশ্বরপ্রেরিত, ঈশ্বরের আশীর্ব্বাদের অন্তর্গত। এই যে তোমরা দুই শত পাঁচ শত লোক একত্র হইয়া আজ পর্য্যন্ত ব্রাহ্মসমাজের উন্নতি সাধন করিয়া আসিতেছ, সত্যের জ্যোতির উপরে সকলের দৃষ্টি পড়ে ইহার উপায় করিতেছ; ইহা সামান্য ব্যাপার নহে। পুনর্ব্বার বলিতেছি, তোমরা ঈশ্বরপ্রেরিত। কেন না তোমরা সাধন করিতেছ, সংসারে সাধক হইয়াছ, অসাধ্য কার্য্য,

ধন, বিত্ত, নীচ কামনা পরিত্যাগ করিয়া জীবন উৎসর্গ করিয়াছে। কি কার্য্যে? জগতের কার্য্যে; সাধক বলিয়া পরিগণিত হইবার জন্ত জীবন পবিত্র করিবার কার্য্যে; এক জন হইতে দশ জন, দশ জন হইতে দশ সহস্র, দশ সহস্র হইতে দশ লক্ষ জন হইবে, এই কার্য্যে; অর্থকামনা ত্যাগ করিয়া ধর্ম্মের উৎসবে, ধ্যানে, সৎপ্রসঙ্গে, সচ্চিন্তায় আপন জীবন উন্নত করিবার কার্য্যে; পবিত্র স্থান, পুস্তক, নির্জ্জনচিন্তা হইতে জ্ঞানলাভ, পক্ষী বৃক্ষ লতা পল্লব নদীস্রোতে নির্ম্মল শীতল বায়ু হইতে শুদ্ধিলাভ করিয়া ধর্ম্মজীবন লাভ করিবার কার্য্যে। যাঁহারা এই সকল কার্য্যে নিযুক্ত তাঁহারাই সাধক। পাপ, অধর্ম্ম, ভীরুতা, এখন পর্য্যন্ত থাকিলেও তথাপি সাধক। অমুক নগর বা পল্লীতে অমুক লোক সংসারে ডুবিয়াছিল, সংসার হইতে একটু উঠিয়াছে; সেই বিপদের ঘোর সমুদ্র হইতে উত্তীর্ণ হইবার জন্ত সাধন করিতেছে, বাঁচিবার উপায় পাঠ করিতেছে, ইহা ঈশ্বরের কীর্ত্তি, ঈশ্বরের লীলা। ব্রাহ্মসমাজ ঈশ্বরের লীলা, আর সকলি ভ্রম।"

প্রত্যাদেশপ্রাপ্তির আধিক্যবশতঃ যাঁহারা ঈশ্বরের জন্ত সর্ব্বত্যাগী হইয়া জগতের হিতসাধনে আপনাদিগকে নিয়োগ করিয়াছেন, তাঁহারা প্রচারক। এ সম্বন্ধে কেশবচন্দ্রের উক্তি এই;—"শীঘ্র যদি অন্যূন পঞ্চাশ জন অন্য সমুদায় কাজ পরিত্যাগ করিয়া ব্রহ্মের আজ্ঞা প্রচার করেন, ব্রহ্মের দূত হইয়া আসিয়া ঈশ্বরের আজ্ঞায় জগতের হিতসাধন করেন, সেই সকল লোককে অনাদর করিয়া কেন বলিব, তাঁহারা ঈশ্বরপ্রেরিত নহেন? তাঁহারা সত্যের সমাচার গোপন করিবেন কি প্রকারে? যদি কোন সত্য শিক্ষা দিতে, কোন বেদ শাস্ত্রে দীক্ষিত করিতে আসিয়া

থাকেন, তিনি বলুন বা না বলুন, আমি সেই লোককে প্রেরিত বলিব, নিশ্চয় বুঝিব তিনি সামান্য সাংসারিক লোক নহেন।" এই প্রেরিতগণের সংখ্যা কেশবচন্দ্র বাঁধিয়া যান নাই, সময়ের উপরে উহা রাখিয়া দিয়াছেন। তিনি বলিয়াছেন, "এই প্রেরিত এক জন নয়, দুই জন নয়, পাঁচ জন নয়, দশ জন নয়, অনেক। কত জন আমি বলিতে চাই না, সময় তাহা বলিবে।" সত্য শিক্ষা দেওয়ার জন্য বেদশাস্ত্রে দীক্ষিত করিবার জন্য প্রচারক-শ্রেণীর অভ্যুদয়, ইহাই ইঁহাদের জীবনের বিশেষ কার্য্য। সুতরাং ইঁহাদের মধ্যে আত্মতত্ত্বতা ও ঈশতন্ত্রতা যে অধিক পরিমাণে লক্ষিত হইবে, তাহাতে আর সংশয় কি? সাধকগণ সাধন করিতে করিতে যখন এতল্লক্ষণাক্রান্ত হন, তখন তাঁহারা প্রচারক শ্রেণীতে নিবিষ্ট হন। সাধারণ সাধকশ্রেণীর মধ্যে যাঁহারা দৃঢ় নিষ্ঠাসহকারে আদিষ্ট বিষয় সুসিদ্ধ করিতে কৃতসঙ্কল্প, তৎকার্য্যে নিযুক্ত, তাঁহাদিগকে আমরা অভিজন বলিয়া গ্রহণ করিয়াছি। ইঁহারা সাধকশ্রেণীর প্রতিনিধি। অল্পকালের সাধনেই যাঁহার মধ্যে ঈদৃশ লক্ষণ প্রকাশ পায় আমরা তাঁহাকে অভিজন বলিয়া সম্মান করি। এ ব্যক্তি কেশবচন্দ্রের সঙ্গে এক হইয়া বলিতে পারেন :—
"আমি এক জন কল্য সাধন করিতে প্রবৃত্ত হইয়াছি। ঈশ্বর যে যে বিষয় আমার দ্বারা সাধন করিয়া লইয়াছেন, সে সকল বিষয় আমা হইতে হইতে পারে না। অন্য বিষয়ে আমার অবহেলা থাকিতে পারে কিন্তু যে বিষয়ে প্রত্যাদিষ্ট তদ্বিষয়ে আমার উপেক্ষা নাই। আমার মন দৃঢ়তা ও নিষ্ঠার সহিত সেই বিষয়ের দিকে ধাবিত হইয়াছে। বলুন, সাক্ষাৎ দেবতা ঈশ্বর হইতে এ সকল হইয়াছে, ঈশ্বরের বক্ষ হইতে মেদিনীতে আমি আসিয়াছি, অন্যথা

আমি আসিতাম না। যাহা করিতে আসিয়াছি যদি তাহা না করি জন্ম বিফল।"

প্রচারক বা ঈদৃশ অভিজনগণের মধ্য হইতে সাধকগণ সত্য-শিক্ষা-ও-বেদশাস্ত্রে-দীক্ষা-প্রাপ্তির নিমিত্ত আচার্য্য মনোনীত করিয়া থাকেন। কেশবচন্দ্র সেই মনোনীত আচার্য্য। তিনি যদি বলিয়া থাকেন "একটা মাঝে খুটি চাই, একটা গোড়া না হলে চলে না" "একটা লোক চাই যে শেষ কথা সকলকে মীমাংসা করে দেবে" একথা বলিতে কি তাঁহার অধিকার নাই? তাঁহার বন্ধুগণের মধ্যে যাঁহারা যে কার্য্য সাধন-করিতে আসিয়াছেন, তাঁহারা সে কার্য্যসম্বন্ধে যাহা বলিবেন তাহা মাথা পাতিয়া লওয়াতে যদি কোন দোষ না হয়, তাহা হইলে তিনি যে কার্য্যের জন্য আসিয়াছিলেন, সে কার্য্য করিতে গিয়া যদি অপরের বিশ্বাস-ভাজন হইতে তিনি আকাঙ্ক্ষাপ্রকাশ করিয়া থাকেন, তবে তজ্জন্য তাঁহার উপরে দোষারোপ কেন? যাঁহার সম্বন্ধে ভগবানের যাহা ইচ্ছা তৎসাধনে তাঁহাকে বাধা দেওয়া আর কণ্টকে মুষ্ট্যাঘাত-করা একই। সকলে জিজ্ঞাসা করিতে পারেন তাঁহার জীবনের কার্য্য কি? তাঁহার কথায় তাহার উত্তর এই;—"প্রেমস্বরূপ, পাঁচ কাজের ভিতর গোলমাল করে আমি চল্‌তে ভবে আসি নাই; কাপড়ে রিপু করিতে তালি দিতে আমি আসি নাই। আমি যে একখানা নূতন কাপড়ের আগাগোড়া করিতে আসিয়াছি। তবে কেন পাঁচ জনে আমার কাজের সঙ্গে গোল-মাল করিলেন। পাঁচ রকম মত মিশাইলেন? পরমেশ্বর, পবি-ত্রাত্মা সম্ভূত, এক ভাব জাত সুজাত সুকুমার নববিধানকে এনে দাও, তোমার সত্য বজায় থাকিবে, পৃথিবী জানিবে যথার্থ

বিধান কি।" তিনি যদি তবে একাই সব হইলেন তাহা হইলে প্রচারবন্ধুগণে প্রয়োজন কি? প্রয়োজন—বন্ধুগণের সঙ্গে একাত্মা হইয়া তবে তাঁহাতে বিধানের অবতরণ হইয়াছে। "এই দল ভিন্ন নববিধান হইতে পারে না, এই মণ্ডলী নববিধান আসিবার প্রণালী,...এই দল এক খানা, শব্দ শুনিবার একটি যন্ত্র, একটা দূরবীক্ষণ, এই কটা লোক এক জন লোক।" ফল কথা এই, উপাসকমণ্ডলী না থাকিলে আচার্য্য অকর্ম্মণ্য, শিশু মরিয়া গেলে মাতৃস্তনের স্তন্যও শুকাইয়া যায়। খুঁটি হওয়া, গোড়া হওয়া, শেষ কথার মীমাংসাকরা সাধকমণ্ডলীনিরপেক্ষ নয়। প্রেরিতত্ব-ঘোষণাকালে 'আমি নই আমরা' এজন্যই তিনি বলিয়াছিলেন। এরূপ স্থলে কেশবচন্দ্রের অভিমান মনে করিয়া তৎপ্রতি ঈর্ষান্বিত হওয়া আত্মবিনাশের কারণ। তিনি আচার্য্যনাম ছাড়িয়া সেবকনামগ্রহণ করিলেন কেন? সর্ব্বথা নিরভিমান ও নিরহঙ্কার হইবার জন্য। তিনি জানিতেন এবং আপনি বলিয়া গিয়াছেন "তাঁহার আচার্য্যভার থাকা না থাকা তাঁহার সেবকোচিত বিনয়ের উপরে নির্ভর করে।" তিনি "একখানা নূতন কাপড়ের আগাগোড়া করিতে" আসিয়াছিলেন, তাই আমরা যখনই নববিধানবিজ্ঞান, নববিধানদর্শন বিবৃত করিতে যাই, তখনই তাঁহার কথা ও জীবনের সঙ্গে উহা মিলাইয়া লই। এরূপ করিবার কারণ এই যে, কেশবের কথা ও জীবন সত্যমূলক। সত্যের অনন্ত প্রসারণশক্তি পবিত্রাত্মার সংস্পর্শে হৃদয়ঙ্গম হয়। নববিধানবিজ্ঞান নববিধানদর্শন তাঁহার কথা ও জীবনের সঙ্গে মিলান পবিত্রাত্মার ক্রিয়া বিনা কদাপি সম্ভবে না।

আত্মতন্ত্র ও ঈশতন্ত্র অধিকারের বিষয় এতক্ষণ বলা গেল।

যাহা বলিয়াছি, তাহাতেই সকলে বুঝিতে পারিতেছেন, ঈশতন্ত্র অধিকারের আশ্রয় বিনা কোনটিই এক অপরের সঙ্গে মিলিত হইতে পারে না। আত্মতন্ত্র যদি ঈশতন্ত্র অধিকার আশ্রয় না করে, তাহা হইলে জগৎ ও জীবের সহিত যে বিচ্ছেদ ঘটিয়াছিল সে বিচ্ছেদ থাকিয়া যায়। কি জানি বা এ উভয়ের সঙ্গে সম্বন্ধস্থাপন করিতে গিয়া পুনরায় উহাদের অধীন হইতে হয়, এই ভয়ে আত্মতন্ত্র ব্যক্তি আপনাতেই আপনি থাকিতে যত্ন করেন, জনসমাজের সহিত বিষয়সমূহের সহিত সঙ্গ বিষবৎ পরিহার করেন। ‘যখন পবিত্রাত্মা দ্বারা প্রত্যাদিষ্ট হই, তখন মাচ কথা কয়, গাছ কথা কয়, ইঁদুর ছুঁচো স্বর্গরাজ্যের সংবাদ আনে,’ এটি আর এ জীবনে সিদ্ধ হয় না। আত্মতন্ত্র অধিকার যখন ঈশতন্ত্র অধিকারে সংসৃষ্ট হয়, তখন মহাজনগণের অনুরূপ ভাব আত্মতন্ত্র ব্যক্তির হৃদয়ে পরিস্ফুট হয়, এবং সেই ভাবই মহাজনগণের সহিত তাঁহার একতা ঘটাইয়া দেয়। মহাজনগণের সহিত একতার পর বিস্তৃত জনসমাজের সহিত ও সমগ্র প্রকৃতির সহিত একতা সংঘটিত হয়। ঈশ্বরের মধ্য দিয়া এই প্রকার সকলের সঙ্গে সম্বন্ধ ঘটিলে ঈশ্বরের রাজ্য বা ঈশ্বরের পরিবার কি তাহা সাধক হৃদয়ঙ্গম করিতে সমর্থ হন। এ সময়ে আর সাধকে অভিমান বা অহঙ্কার তিষ্ঠিতে পারে না। সকলের মধ্যে ঈশ্বরকে দর্শন করিয়া তিনি প্রণত হন, কেহই তাঁহাকে শিক্ষাদানে অনুপযুক্ত ইহা আর তাঁহার মনে হয় না। তিনি শূদ্র, সকলেই ব্রহ্মতনয় ব্রাহ্মণ, সুতরাং দাসত্ব তাঁহার পক্ষে স্বাভাবিক হয়। এরূপ অবস্থায় তাঁহাতে হীনতা উপস্থিত হয় না কেন? যেখানে ঈশ্বর সেখানে তাঁহার আনুগত্য, যেখানে ঈশ্বরের সহিত বিরোধ, সেখানে তিনি পূর্ণ আত্মতন্ত্র পূর্ণ

স্বাধীন, সুতরাং তাঁহাতে হীনতা উপস্থিত হইবে কি প্রকারে? "পিতা মাতাকে মানি বলিয়াই পিতামাতার অধীন হইলাম না," "রাজ্যটাজ্য মানি না আমরা কেবল হরিকে মানি" এইরূপ ঈশ্বরের জন্য যেখানে সর্ব্ববিধ সম্বন্ধ উপস্থিত, সেখানে পুত্র হইয়াও দাস হইয়াও নীচ আনুগত্যের সম্ভাবনা কোথায়? কেশবচন্দ্রে দর্শনশাস্ত্র ও ভক্তিশাস্ত্র উভয়ের মিল ছিল, তাঁহার অনুগামিগণেতে তাহা নাই, এজন্য তাঁহাদিগের কর্ত্তৃক তিনি কতপ্রকারে অপদস্থ হইতেছেন। পিতা মাতা গুরু রাজা বন্ধু একমাত্র ঈশ্বর। তাঁহাকে প্রকাশ না করিয়া যদি পৃথিবীর পিতা মাতা প্রভৃতি তাঁহাকে আচ্ছাদিত করিয়া ফেলেন, তাহা হইলে ইঁহারা আনুগত্য পাইবেন কি প্রকারে? ঈশতন্ত্র ও আত্মতন্ত্র অধিকার সমগ্র জীবনব্যাপী। যাঁহাদের জীবনে এ উভয় যুগপৎ নিরত একত্র না থাকে তাঁহারা নববিধানের ভূমিতে স্থির হইয়া থাকিতে পারেন না, অভিজনতন্ত্র ও সাধারণতন্ত্র অধিকারের সঙ্গে যথাযথ সম্বন্ধরক্ষাও তাঁহাদের জীবনে সম্ভবে না।

ঈশতন্ত্র, আত্মতন্ত্র, অভিজনতন্ত্র ও সাধারণতন্ত্র, এ চারি প্রকারের অধিকার যে নববিধানে একত্বলাভ করিয়াছে তাহা ইহার ইতিহাস পাঠ-করিলে বিলক্ষণ হৃদয়ঙ্গম হয়। কেশবচন্দ্র স্বয়ং আত্মতন্ত্র ও ঈশতন্ত্র ছিলেন, ইহা তাঁহার জীবনে অতি প্রথম হইতে প্রকাশ পাইয়াছে। যখন নববিধানের অভ্যুদয় হইল, ঈশা মুষা প্রভৃতির সঙ্গে সম্বন্ধ ঘটিল, তখন তাঁহাদের প্রতিনিধি তত্তদ্ভাবাপন্ন অভিজনগণের সঙ্গে সম্বন্ধ উহার সঙ্গে সঙ্গে আসিল। যে কোন ব্যক্তিকে ভগবান্ নিকটে আনয়ন করেন, যাঁহাদিগেরই সঙ্গে কোন প্রকার সম্বন্ধ ঘটান, তন্মধ্যে ঈশ্বরের শাস্তৃত্ব যে দিন

হইতে মরনপথে নিপতিত হইল, সেই দিন হইতে সাধারণতন্ত্র অধিকার স্থান পাইল। সাধারণতন্ত্র একথা নূতন নহে, স্বয়ং কেশবচন্দ্র এ শব্দ ব্যবহার করিয়াছেন। অভিজনতন্ত্র এ কথাটী নূতন বটে, কিন্তু যাঁহারা জানেন কেশবচন্দ্র নববিধানের আগমনের অতি পূর্ব্ব হইতে প্রতিনিধিসভাস্থাপনে নিরত কি প্রকার যত্ন করিয়াছেন, এ নূতন শব্দ আর তাঁহাদের নিকটে নূতন নয়। ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজ স্থাপিত হইলে প্রতিনিধিসভা তৎসহ এক হইয়া যায়; উহার কার্য্যনির্ব্বাহক সভাই সে স্থান অধিকার করে। এই কার্য্যনির্ব্বাহক সভাই অভিজনতন্ত্র অধিকার নামে এখানে অভিহিত হইল। ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজের সভাপতি নাই, স্বয়ং ঈশ্বর উহার সভাপতি। "আমরা সেই ভ্রাতৃমণ্ডলী, সেই ঈশ্বরের পরিবার, সেই ঈশ্বরের রাজ্যগঠন করিব, ঈশ্বর যাহার পিতা, ঈশ্বর যাহার নেতা, ঈশ্বর যাহার চিরন্তন রাজা।" ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজ-প্রতিষ্ঠা-কালে কেশবচন্দ্র এই কথাগুলি বলিয়াছিলেন, এবং সে কথা তিনি নববিধানে কি প্রকার জীবন্ত করিয়া তুলিয়াছেন, এত ক্ষণ যাহা বলা গেল তাহাতেই তাহা ব্যক্ত হইয়াছে। প্রচারক ও অগ্রসর সাধক, এই লইয়া অভিজনতন্ত্রাধিকার, কেন না ইহারা সমগ্র সাধকমণ্ডলীর প্রতিনিধি। প্রচারকগণ বিষয়সম্বন্ধবিমুখ, অগ্রসর সাধকগণ সর্ব্বথা বিষয়সম্বন্ধপরিহার করেন নাই। এই ভিন্নভাবশতঃ অভিজনতন্ত্রাধিকার দুই ভাগে বিভক্ত। একটিতে ধর্ম্ম প্রধান, অপরটিতে কার্য্য প্রধান, তবে উভয়েই উভয়ের সহায়। সাধারণ সাধকবর্গ হইতে এ দুইয়ের উত্থান হইয়াছে, এবং এ দুইকে তাঁহারাই নেতৃত্বের ভারার্পণ করিয়াছেন। সাধারণ সাধকগণ সাধারণহিতকর কার্য্যে নিরত

নিযুক্ত, এমন কি প্রচারক ও গৃহস্থ প্রচারকগণের সাহায্যে ইহারা ধর্ম্মপ্রচার পর্য্যন্ত করিবার জন্য দলবদ্ধ। ইহারা সাধারণতন্ত্র হইলেও আত্মতন্ত্রতা ও ঈশতন্ত্রতা বিহীন নহেন, কেন না এ দুই যেখানে নাই সেখানে সাধকত্বই উপস্থিত হইতে পারে না। আত্মতন্ত্রতা ও ঈশতন্ত্রতার অধিকার এইরূপে সর্ব্বত্র থাকিলেও প্রচারকবর্গে এ দুই সর্ব্বেসর্ব্বা, অগ্রসর সাধকগণেতে বিষয়-সম্বন্ধব্যবধানবশতঃ কিঞ্চিন্ন্যূন, সাধারণ সাধকগণেতে সাধনের তারতম্যানুসারে তরতমভাবে অবস্থিত। ফলতঃ যে অধিকারদ্বয় এ চারিটির মূল কোথাও তাহার আধিক্য কোথাও তাহার অল্পতা থাকিলেও কোথাও সে দুইয়ের অত্যন্তাভাব নাই। নববিধানের সহব্যবস্থানের ইহাই বিশেষত্ব। এই এক কারণেই ইহার আরও বিশেষত্ব এই যে, ঈশতন্ত্রতা ও আত্মতন্ত্রতা বিনা সমাজশাসন অন্যত্র দেখিতে পাওয়া যায়, নববিধানে উহা একেবারে অসম্ভব, এ দুই বিনা নববিধানই থাকেন না। ঈশ্বরের কৃপায় কেশবচন্দ্রের জন্মোৎসবের অব্যবহিত পূর্ব্ব দিবসে চারিটি অধিকারের মিলনের সূত্রপাত হইয়াছে, তাঁহারই কৃপায় উহার পূর্ণতা হইবে, এই আশা করিয়া আমরা তাঁহারই শরণাপন্ন হই। কেশবচন্দ্রে যে চারি অধিকার একতালাভ করিয়াছিল, আমাদের জীবনেও উহার একতা ঘটিবে, এই আকাঙ্ক্ষায় আমরা এবার তাঁহার জন্মোৎসবে প্রবৃত্ত, ঈশ্বরকৃপায় আমাদের সে আকাঙ্ক্ষা পূর্ণ হউক।

কলিকাতা।

৩নং রমানাথ মজুমদারের ষ্ট্রীট।

"মঙ্গলগঞ্জ মিশন প্রেসে"

কে, পি, নাথ কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।